ভগবান তথাগত প্রবর্তিত আর্যধর্ম **মনোবিজ্ঞান-সম্মত** এবং **নীতি-প্রধান**। অপরদিকে একে **বিভাজ্যবাদও** বলা হয়। ত্রিপিটকের সর্বত্র ধর্মকে বৈজ্ঞানিক প্রণালিতে বিশ্লেষণ করার প্রয়াস লক্ষ করা যায়। অভিধর্মপিটকের প্রতিপাদ্য বিষয় অনুসারে যথোপযুক্ত পরিভাষা ও প্রজ্ঞপ্তি দ্বারা পরিজ্ঞেয় বিষয়ের পরিচয় প্রদান ও শ্রেণিবিভাগ করা হয়েছে। তাই সূত্রপিটকের সর্বসাধারণের উপযোগী করে পুনরায় ব্যাখ্যা করা হয়েছে। এই কারণে সূত্রপিটকের ভাষা ব্যবহারিক বা **'বোহারবচন'**। যেমন : সত্ত্ব, আত্মা, জীব, জন্ম, মৃত্যু, দেব, ব্রহ্মা, তুমি, আমি, মানুষ ইত্যাদি। অপরদিকে অভিধর্মের বিষয়বস্তু পরমার্থ সম্পর্কীয় **'পারমত্থবচন'**। যথা : স্কন্ধ, আয়তন, ইন্দ্রিয়, ধাতু, প্রতিসন্ধি, সন্ততি, আত্ম,

বল, বোধ্যঙ্গ, নির্বাণ ও প্রজ্ঞপ্তি ইত্যাদি। সূত্রপিটকে যেই ধর্ম লৌকিকভাবে দেশনা করা হয়েছে তাই অভিধর্মপিটকে অসাধারণভাবে বা পারমার্থিকভাবে বা পারমার্থিক উপায়ে আলোচিত, বিভাজিত ও ব্যাখ্যাত হয়েছে। তাই বলা চলে—*'সূত্রের ভাষা আছে, সেই ভাষার তরঙ্গ আছে, উচ্ছ্বাস আছে, উদান আছে, গাথা আছে, উৎসাহ আছে, উদ্দীপনা আছে, অপায় আছে, অপায়ের ভয় আছে, দেব-ব্রহ্মা আছে, দেব-ব্রহ্মলোকের আকর্ষণ আছে, নির্বাণের সুসমাচার আছে। কিন্তু অভিধর্ম যেন নীরব ভাষাহীন, আছে শুধু ছেদন, বিশ্লেষণ, বিভাজন, পর্যবেক্ষণ এবং নৈর্ব্যক্তিক পরম সত্য-জ্ঞানের উদ্ভাবন। সঙ্গে সঙ্গে চির চঞ্চল ব্যবহারিক জগতের নিরবশেষ বিলয় সাধন।'*

অভিধর্মপিটকে বৌদ্ধ দর্শনের সাতটি গ্রন্থ রয়েছে। যথা : ধর্মসঙ্গণী, ধাতুকথা, পুদ্‌গল-পঞ্‌ঞত্তি, কথাবত্থু, যমক ও পট্‌ঠান। সাত খণ্ডের এই অভিধর্মপিটকের মধ্যে পট্‌ঠানের স্থান সর্বশেষ। বিগত ষষ্ঠ মহাসঙ্গীতিতে সঙ্গীতিকারক ভুবন বিখ্যাত পণ্ডিত ভিক্ষুগণ পট্‌ঠানকে পঞ্চ গ্রন্থাকারে বিভাগ করেছেন। এই পট্‌ঠান গ্রন্থে রয়েছে ২৪টি প্রত্যয়ের আলোচনা। সেই প্রত্যয়সমূহ হচ্ছে : (১) হেতু-প্রত্যয়, (২) আলম্বন-প্রত্যয়, (৩) অধিপতি-প্রত্যয়, (৪) অনন্তর-প্রত্যয়, (৫) সমনন্তর-প্রত্যয়, (৬) সহজাত-প্রত্যয়, (৭) অন্যোন্য-প্রত্যয়, (৮) নিশ্রয়-প্রত্যয়, (৯) উপনিশ্রয়-প্রত্যয়, (১০) পূর্বজাত-প্রত্যয়, (১১) পশ্চাজ্জাত-প্রত্যয়, (১২) আসেবন-প্রত্যয়, (১৩) কর্ম-প্রত্যয়, (১৪) বিপাক-প্রত্যয়, (১৫) আহার-প্রত্যয়, (১৬) ইন্দ্রিয়-প্রত্যয়, (১৭) ধ্যান-প্রত্যয়, (১৮) মার্গ-প্রত্যয়, (১৯) সম্প্রযুক্ত-প্রত্যয়, (২০) বিপ্রযুক্ত-প্রত্যয়, (২১) অস্তি-প্রত্যয়, (২২) নাস্তি-প্রত্যয়, (২৩) বিগত-প্রত্যয় ও (২৪) অবিগত-প্রত্যয়।

'পট্‌ঠান' শব্দের অর্থ **'প্রধান কারণ,' 'মূল কারণ'** বা **'প্রকৃত কারণ'**। পালি অভিধর্মপিটকে এটি সবচেয়ে বৃহৎ গ্রন্থ। তাই একে **মহাপ্রকরণ**ও বলা হয়। বৌদ্ধধর্মে কার্যকারণ-নীতি (laws of causation) নির্ণয়ের ২টি রীতি। একটি **'প্রতীত্যসমুৎপাদ-রীতি,'** অপরটি **'পট্‌ঠান-রীতি'**। পট্‌ঠানকে প্রতীত্যসমুৎপাদেরই বিশ্লেষণধর্মী বিশদ ব্যাখ্যা বলা যেতে পারে। পট্‌ঠান প্রকরণে ২৪ প্রকার প্রত্যয়কে বিভিন্নভাবে বিশ্লেষণ করে কারণ ও কার্যের মধ্যে বিভিন্ন প্রকার সম্পর্ক প্রদর্শনপূর্বক প্রতীত্যসমুৎপাদ পদ্ধতিকে প্রতিষ্ঠিত করা হয়েছে। প্রতীত্যসমুৎপাদের ১২টি নিদান (factor) পট্‌ঠানে ২৪টি প্রত্যয়াকারে অতি সরলভাবে বর্ণিত হয়েছে। পট্‌ঠানে প্রথমে ২৪ প্রকার প্রত্যয়ের তালিকা দেওয়া হয়েছে যাকে বলা হয় **'প্রত্যয়-উদ্দেশ'**। এরপর **'প্রত্যয়-নির্দেশে'** প্রত্যয়গুলোর সংজ্ঞা প্রদত্ত হয়েছে। শেষে ত্রিক (ত্রিবিধ নীতিবাচক) পট্‌ঠানের

বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রত্যয়গুলোর প্রয়োগ দেখানো হয়েছে। পট্‌ঠানের বিষয়বস্তু অতি দুর্জ্ঞেয়, দুরধিগম্য। কারণ ২৪টি প্রত্যয়ের মধ্যে কোন কোনটি প্রত্যয় কোন কোন ধর্মের উৎপত্তিতে সহায় সেটা সাধারণের উপলব্ধির বাইরে। এটা একমাত্র সর্বজ্ঞ তথাগত বুদ্ধেরই উপলব্ধির বিষয়। অর্থসালিনীতে উক্ত আছে, প্রথম ছয়টি অভিধর্ম গ্রন্থ দেশনাকালে বুদ্ধের শরীর থেকে কোনো জ্যোতি বা রশ্মি নির্গত হয়নি; কিন্তু পট্‌ঠান দেশনাকালে তাঁর শরীর থেকে ষড়্‌বর্ণের দিব্যরশ্মি চতুর্দিকে বিচ্ছুরিত হয়েছিল। এতে পট্‌ঠান গ্রন্থের মাহাত্ম্য কতখানি তা বোঝা যায়।

অভিধর্ম বৌদ্ধ মননশীলতার চরম বিকাশ। সূত্রপিটকে বলা হয়েছে যে, প্রাণিহত্যা করা উচিত নয়। এটি দুঃখ অকুশলকর্ম। এর পরিণাম দুঃখজনক। কেন প্রাণিহত্যা করা অনুচিত সূত্রপিটকে এর মনস্তাত্ত্বিক বিশ্লেষণ ও প্রমাণ পাওয়া কঠিন। অভিধর্মপিটকেই এর যথাযথ কারণ ও প্রমাণ প্রদর্শিত হয়েছে। এতে কাল্পনিক কোনো বিষয়ের অবতারণা করে মূল বক্তব্যকে চাপা দেওয়ার প্রচেষ্টা নেই। সূত্রপিটকে যে ধর্ম লৌকিকভাবে দেশনা করা হয়েছে, অভিধর্মপিটকে তা অসাধারণ বা পারমার্থিক উপায়ে আলোচিত, ব্যাখ্যাত ও বিভাজিত করা হয়েছে। কার্যকারণ সম্পর্ক নির্ণয়ের সাহায্যে বক্তব্য বিষয়ের বিশ্লেষণ করাই এর প্রধান বিশেষত্ব। পূর্বেই বলা হয়েছে যে, অভিধর্মের মূল আলোচ্য বিষয় বৌদ্ধদর্শন ও পরমার্থ-সত্য। পরমার্থ মাত্রই জটিল ও সাধনালভ্য। সংস্কার, মন ও কঠোর সাধনা ব্যতীত এটি হৃদয়ঙ্গম করা কঠিন। শীলবান ব্যক্তি একনিষ্ঠ সাধনার দ্বারাই এতে বুৎপত্তি লাভ করেন। অত্যাধিক কামনা-বাসনাপরায়ণ ব্যক্তির জন্য সত্যিই এটি দুরবগাহ। দর্শন আলোচনার জন্য কিছুটা মানসিক প্রস্তুতির প্রয়োজন। সেইরূপ মানসিক প্রস্তুতি ও শীলসম্পন্ন না হয়ে পারমার্থিক বিষয়ে মনঃসংযোগ করা যায় না। এই জন্য অভিজ্ঞ বৌদ্ধাচার্যগণ প্রথমে ধর্ম-বিনয় শিক্ষা ও অনুশীলন করার পরই অভিধর্ম চর্চা করার জন্য উপদেশ প্রদান করে থাকেন।

বুদ্ধের অভিধর্ম জ্ঞান শিক্ষার উদ্দেশ্য নির্বাণ প্রত্যক্ষ করা। বৌদ্ধধর্মে একটি মাত্র স্বাদ পাওয়া যায় আর তা হচ্ছে মুক্তির স্বাদ। অভিধর্মে মূলত এই মুক্তির স্বাদকেই চূড়ান্তভাবে ব্যাখ্যা করা হয়েছে। অভিধর্ম শিক্ষার ফলে মানুষের পূর্বসংস্কার পরিবর্তন হয়ে যায় এবং আধ্যাত্মিক বিষয়াদিতে চিত্ত আকৃষ্ট হয়ে থাকে। চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ সম্বন্ধে চিত্তের পরিশুদ্ধ ধারণা জন্মিলে ভাবনাদিতে বিনা কষ্টে অগ্রসর হওয়া যায়। অভিধর্ম চর্চার প্রভাবে তারা প্রার্থনানুযায়ী প্রতিসম্ভিদাপ্রাপ্ত অর্হত্ত্বে উপনীত হয়ে থাকেন। এই কারণে অভিধর্ম শিক্ষা ও গবেষণার উপযোগিতা অত্যাধিক। তাই বুদ্ধ আভিধার্মিক ভিক্ষুদের

প্রশংসা করে বলেছেন : "আভিধার্মিক ভিক্ষুরাই ধর্মদেশনার উপযুক্ত পাত্র। তাঁরাই সত্যিকার **'ধর্মকথিক'**। অন্যরা ধর্মদেশনা করলেও 'ধর্মকথিক' আখ্যা লাভের অনুপযুক্ত"। কারণ অন্যরা কর্ম, কর্মবিপাক, রূপারূপ পরিচ্ছেদ, চিত্ত, চৈতসিক ইত্যাদি ধর্মবিষয়ে দেশনাকালে তালগোল পাকিয়ে ফেলেন, সুশৃঙ্খলভাবে ধর্মদেশনা করতে পারেন না। কিন্তু আভিধার্মিক ভিক্ষুগণ অত্যন্ত সুশৃঙ্খলভাবে ধর্মদেশনা করেন, যদ্দ্বারা শ্রোতৃমণ্ডলী উপকৃত হন। এই প্রসঙ্গে বুদ্ধ মৌদ্গল্যায়ন স্থবিরের প্রশংসায় পঞ্চমুখ হয়ে সারিপুত্রকে বলেছিলেন : **'সাধু সাধু সারিপুত্ত। যথা তং মোগ্গল্লানো চ সম্মা ব্যাকরমানো ব্যাকরেয্য, মোগ্গল্লানোহি সারিপুত্ত ধর্মকথিকো'তি।'**

'অভিধর্মের আলোচনা এক অফুরন্ত ব্যাপার। বাস্তবিক এটিই এর সৌন্দর্য, এটিই এর জাদুমন্ত্র। ঠিক জড়-বিজ্ঞানের মতো, মূলনীতির সহায়ে জ্ঞান অনুসন্ধানের জন্য নব নব পন্থা এর সর্বত্র চির বিদ্যমান।'

'এই নীতি যে যত বেশি শিখবে, কর্তব্য সম্পাদনের জন্য তত মহত্তর উপকরণ জুটবে। এই নীতি যে যত বেশি গবেষণা করবে, সে এর বক্তব্যসমূহের সুদূরপ্রসারী প্রমাণ তত বেশি পাবে।'

'বাস্তবিক পক্ষে উচ্চতর জ্ঞানকে গুপ্তবিদ্যা বলা যেতেও পারে। কিন্তু আমাদের মহাশিক্ষক গৌতম বুদ্ধ সর্বপ্রাণীর প্রতি অনুকম্পাপরবশে যে বিধানাবলি আমাদের সকলের জন্য দিয়ে গেছেন তদানুযায়ী চিত্তের অনুশীলনে যে কেউ উচ্চতর জ্ঞান অধিকার করতে পারেন।'

বিশাল ত্রিপিটক যার ধর্মগ্রন্থ, তার সাহিত্য দারিদ্র কি শোচনীয় নহে? অভিধর্মে উচ্চশ্রেণির সাহিত্যের সুস্বাদু ও পুষ্টিকর খাদ্য সঞ্চিত আছে। বুদ্ধঘোষ তাঁর অর্থসালিনী গ্রন্থে 'ধর্মসঙ্গণী'র ব্যাখ্যার আরম্ভের সময় বলেছেন : **'ইতো পট্ঠায গম্ভীরং অভিধম্মকথং ইমং। বুচ্চমানং নিসামেথ একগ্গা সাধু সাধবো'তি'**। অভিধর্মের প্রতিপাদ্য বিষয়বস্তু অতিশয় সূক্ষ্ম ও গুরুগম্ভীর। সকলের পক্ষে তা সহজভাবে বুঝা বা উপলব্ধি করা সম্ভব নহে। তারপরেও বলতে হয়, **'অভিধর্মের প্রতিপাদ্য বিষয়বস্তু অনধিগম্য নহে দুরধিগম্য, অনবগাহ নহে দুরবগাহ, অবোধ্য নহে দুর্বোধ্য।'**

'পট্ঠানে' সমস্ত পরমার্থ-সত্যসমূহকে চারটি প্রণালিতে ব্যাখ্যা করা হয়েছে; যেমন : (১) অনুলোম-নয় (প্রণালি বা ধারা), (২) প্রতিলোম-নয়, (৩) অনুলোম-প্রতিলোম-নয়, (৪) প্রতিলোম-অনুলোম-নয়। উক্ত চারটি নয় হচ্ছে পট্ঠানের চারটি প্রধান বিভাগ। প্রত্যেকটি নয়কে আবার ছয় প্রকার অনুবিভাগে ভাগ করা হয়েছে; যেমন : (১) ত্রিক (ত্রিবিধ নীতিবাচক), (২) দ্বিক (যুগ্ম বা জোড়া), (৩) দ্বিক-ত্রিক সমন্বয়, (৪) ত্রিক-দ্বিক সমন্বয়, (৫) ত্রিক-ত্রিক

সমন্বয়, (৬) দ্বিক-দ্বিক সমন্বয়। এভাবে দেখা যায় পট্‌ঠানের ২৪টি (৪×৬) বিভাগ রয়েছে।

প্রত্যেকটি ত্রিক, দ্বিক এবং এদের সমন্বয়কে আবার ৭টি বার বা অধ্যায়ে ভাগ করা হয়েছে; যেমন : (১) প্রতীত্য অধ্যায়, (২) সহজাত অধ্যায়, (৩) প্রত্যয় অধ্যায়, (৪) নিশ্রয় অধ্যায়, (৫) সংশ্লিষ্ট অধ্যায়, (৬) সম্প্রযুক্ত অধ্যায়, (৭) প্রশ্ন অধ্যায়। উক্ত ৭টি অধ্যায়ের প্রত্যেকটিতে চারটি ভাগ রয়েছে; যেমন : (১) অনুলোম-প্রত্যয়, (২) প্রতিলোম-প্রত্যয়, (৩) অনুলোম-প্রতিলোম-প্রত্যয়, (৪) প্রতিলোম-অনুলোম-প্রত্যয়। আবার অনুলোম-প্রত্যয় বর্ণনায় এবং প্রতিলোম-প্রত্যয় বর্ণনায় বিভঙ্গ অধ্যায় ও গণনা অধ্যায় এই দ্বিবিধ অধ্যায়ের আলোচনা করা হয়েছে। **'পট্‌ঠান'** এর সমস্ত অধ্যায়ের আলোচনা **'প্রতিলোম উদ্ধার বা সংগ্রহ'** এর বর্ণনার মাধ্যমে শেষ করা হয়েছে।

বর্তমান গ্রন্থে আলোচনা বিষয়বস্তু হিসেবে যে সমস্ত বিষয়বস্তু রয়েছে। তা হচ্ছে—(ক) দ্বিক ১. হেতুগুচ্ছ; যথা : ১. হেতুদ্বিক—হেতু, না-হেতু; ২. সহেতুকদ্বিকে—সহেতুক, অহেতুক; ৩. হেতু-সম্প্রযুক্তদ্বিকে—হেতু-সম্প্রযুক্ত, হেতু-বিপ্রযুক্ত; ৪. হেতু অথচ সহেতুকদ্বিকে—হেতু অথচ সহেতুক, সহেতুক অথচ না-হেতু; ৫. হেতু অথচ হেতু-সম্প্রযুক্তদ্বিকে—হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত, হেতু-সম্প্রযুক্ত না-হেতু; ৬. না-হেতু সহেতুকদ্বিকে—না-হেতু সহেতুক, না-হেতু অহেতুক। (খ) ক্ষুদ্রান্তরদ্বিক; যথা : ১. সপ্রত্যয়দ্বিকে—সপ্রত্যয়, অপ্রত্যয়; ২. সংস্কৃতদ্বিকে—সংস্কৃত, অসংস্কৃত; ৩. সনিদর্শনদ্বিকে—সনিদর্শন, অনিদর্শন; ৪. সপ্রতিঘদ্বিক—সপ্রতিঘ, অপ্রতিঘ; ৫. রূপীদ্বিকে—রূপী, অরূপী; ৬. লোকীয়দ্বিকে—লোকীয়, লোকোত্তর; ৭. (চক্ষুবিজ্ঞানাদির) কোনো প্রকারে বিজ্ঞেয়দ্বিকে—কোনো প্রকারে বিজ্ঞেয়, কোনো প্রকারে না-বিজ্ঞেয়। (গ) আসবগুচ্ছ; যথা : ১. না-আসবদ্বিকে—আস্রব, না-আসব; ২. সাসবদ্বিকে—সাসব, আসব; ৩. আসব-সম্প্রযুক্তদ্বিকে—আসব-সম্প্রযুক্ত, আসব-বিপ্রযুক্ত; ৪. আসব অথচ সাসবদ্বিকে—আসব অথচ সাসব, সাসব অথচ না-আসব; ৫. আসব অথচ আসব-সম্প্রযুক্তদ্বিকে—আসব অথচ আসব-সম্প্রযুক্ত, আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব; ৬. আসব-বিপ্রযুক্ত সাসবদ্বিকে—আসব-বিপ্রযুক্ত সাসব, আসব-বিপ্রযুক্ত অনাসব। (ঘ) সংযোজনগুচ্ছ; যথা : ১. সংযোজনদ্বিকে—সংযোজন, না-সংযোজন; ২. সংযাজনীয়দ্বিকে—সংযোজনীয়, অসংযোজনীয়; ৩. সংযোজন-সম্প্রযুক্তদ্বিকে—সংযোজন-সম্প্রযুক্ত, সংযোজন-বিপ্রযুক্ত; ৪. সংযোজন অথচ সংযোজনীয়দ্বিকে—সংযোজন অথচ সংযোজনীয়, সংযোজন অথচ না-সংযোজন; ৫. সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্তদ্বিকে—সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত, সংযোজন অথচ না-সংযোজন-সম্প্রযুক্ত;

৬. সংযোজন-বিপ্রযুক্ত সংযোজনীয়দ্বিকে—সংযোজন-বিপ্রযুক্ত সংযোজনীয়, সংযোজন-বিপ্রযুক্ত না-সংযোজন। (ঘ) গ্রন্থিগুচ্ছ; যথা : গ্রন্থিদ্বিকে—গ্রন্থি, না-গ্রন্থি; ২. গ্রন্থির-উপযুক্ত (গ্রন্থিনীয়) দ্বিকে—গ্রন্থির-উপযুক্ত, গ্রন্থির-অনুপযুক্ত (অগ্রন্থিনীয়); ৩. গ্রন্থি-সম্প্রযুক্তদ্বিকে—গ্রন্থি-সম্প্রযুক্ত, গ্রন্থি-বিপ্রযুক্ত; ৪. গ্রন্থি অথচ গ্রন্থির-উপযুক্তদ্বিকে—গ্রন্থি অথচ গ্রন্থির-উপযুক্ত, গ্রন্থি-উপযুক্ত অথচ না-গ্রন্থির ৫. গ্রন্থি অথচ গ্রন্থি-সম্প্রযুক্তদ্বিকে—গ্রন্থি অথচ গ্রন্থি-সম্প্রযুক্ত, গ্রন্থি অথচ না-গ্রন্থি-সম্প্রযুক্ত ৬. গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থির-উপযুক্তদ্বিকে—গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থির-উপযুক্ত, গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থির-অনুপযুক্ত। (ঙ) ওঘগুচ্ছ (গ্রন্থিগুচ্ছের ন্যায় জানতে হবে)। (চ) যোগগুচ্ছ (গ্রন্থিগুচ্ছের ন্যায় জানতে হবে)। (ছ) নীবরণগুচ্ছ; যথা : ১. নীবরণদ্বিকে—নীবরণ, না-নীবরণ; ২. নীবরণীয়দ্বিকে—নীবরণীয়, অনীবরণীয়; ৩. নীবরণ-সম্প্রযুক্তদ্বিকে—নীবরণ-সম্প্রযুক্ত, নীবরণ-বিপ্রযুক্ত; ৪. নীবরণ অথচ নীবরণীয়দ্বিকে—নীবরণ অথচ নীবরণীয়, নীবরণীয় অথচ না-নীবরণ; ৫. নীবরণ অথচ নীবরণ-সম্প্রযুক্তদ্বিকে—নীবরণ অথচ নীবরণ-সম্প্রযুক্ত, নীবরণ-সম্প্রযুক্ত অথচ না-নীবরণ; ৬. নীবরণ-সম্প্রযুক্ত নীবরণীয়দ্বিকে—নীবরণ-সম্প্রযুক্ত নীবরণীয়, নিবরণ-বিপ্রযুক্ত না-নীবরণীয়। (জ) পরামাসগুচ্ছ; যথা : ১. পরামাসদ্বিকে—পরামাস, না-পরামাস; ২. পরামৃষ্টদ্বিকে—পরামৃষ্ট (বিকৃত বিশিষ্ট), না-পরামাস; ৩. পরামাস-সম্প্রযুক্তদ্বিকে—পরামাস-সম্প্রযুক্ত, পরামাস-বিপ্রযুক্ত; ৪. পরামাস অথচ পরামৃষ্টদ্বিকে—পরামাস অথচ পরামৃষ্ট, পরামৃষ্ট অথচ না-পরামাস; ৫. পরামাস-বিপ্রযুক্ত পরামৃষ্টদ্বিকে—পরামাস-বিপ্রযুক্ত পরামৃষ্ট, পরামাস-বিপ্রযুক্ত অপরামৃষ্ট। (ঝ) মহত্তরগুচ্ছ; যথা : ১. সালম্বনদ্বিকে—সালম্বন, অনালম্বন; ২. চিত্তদ্বিকে—চিত্ত, না-চিত্ত; ৩. চৈতসিকদ্বিকে—চৈতসিক, অচৈতসিক; ৪. চিত্ত-সম্প্রযুক্তদ্বিকে—চিত্ত-সম্প্রযুক্ত, চিত্ত-বিপ্রযুক্ত; ৫. চিত্ত-সংযুক্তদ্বিকে—চিত্ত-সংযুক্ত, না-চিত্ত-সংযুক্ত; ৬. চিত্ত-সমুত্থিতদ্বিকে—চিত্ত-সমুত্থিত, না-চিত্ত-সমুত্থিত; ৭. চিত্ত-সহজাতদ্বিকে—চিত্ত-সহজাত, না-চিত্ত-সহজাত; ৮. চিত্ত-অনুপরিবর্তীদ্বিকে—চিত্ত-অনুপরিবর্তী, না-চিত্ত-অনুপরিবর্তী; ৯. চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিতদ্বিকে—চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত, না-চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত; ১০. চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-সহজাতদ্বিকে—চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত, না-চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত; ১১. চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তীদ্বিকে—চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী, না-চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী; ১২. অভ্যন্তরীণদ্বিকে—অভ্যন্তরীণ, বাহ্যিক; ১৩. উপাদাদ্বিকে—উপাদা, না-উপাদা; ১৪. উপাদিন্নদ্বিকে—উপাদিন্ন, না-উপাদিন্ন। (ঙ) উপাদানগুচ্ছ; যথা : ১. উপাদানদ্বিকে—উপাদান, না-উপাদান; ২. উপাদানীয়দ্বিকে—উপাদানীয়, না-

উপাদানীয়; ৩. উপাদান-সম্প্রযুক্তদ্বিকে—উপাদান-সম্প্রযুক্ত, উপাদান-বিপ্রযুক্ত; ৪. উপাদান-অথচ উপাদানীয়দ্বিকে—উপাদান অথচ উপাদানীয়, উপাদানীয় অথচ না-উপাদান; ৫. উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্তদ্বিকে—উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত, উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান; ৬. উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয়দ্বিকে—উপাদান-সম্প্রযুক্ত উপাদানীয়, উপাদান-বিপ্রযুক্ত না-উপাদান।

'পট্ঠান' গ্রন্থের আলোচনার কোনো কূল-কিনারা যে নেই; মহাসমুদ্রের মতো। তা বোঝাবার জন্য বুদ্ধঘোষ একটি ঘটনার উল্লেখ করেছেন। একবার শ্রীলংকাবাসী মহাগতিম্বতিস্স দত্ত স্থবির বোধিবৃক্ষকে পূজা করার মানসে শ্রীলংকা থেকে জাহাজে করে ভারতে আসছিলেন। তিনি জাহাজে বসে চতুর্দিকের মহাসমুদ্রকে দেখছিলেন। তিনি দেখলেন সমুদ্রের এপার-ওপার দেখা যাচ্ছে না। অনন্ত ঊর্মিমালা ও জলরাশি ভিন্ন কিছুই দেখা যাচ্ছে না। শুধু জল আর জল। তখন তিনি ভাবলেন : 'এই মহাসমুদ্রের ঊর্মিবেগই বলবান না চতুর্বিংশতি প্রত্যয় সমন্বিত পট্ঠান বলবান?' তারপর তিনি দেখলেন যে, এই মহাসমুদ্র অসীম নয়! এই মহাসমুদ্রের নীচে পৃথিবী, উপরে আকাশ, একদিকে চক্রবাল পর্বত, অন্যদিকে বেলাভূমি। কিন্তু পট্ঠানের তো কোনো সীমা-পরিসীমা নেই। এটি অনন্ত, অসীম। এইভাবে গূঢ় ও সূক্ষ্মধর্ম প্রত্যবেক্ষণ করতে করতে তাঁর প্রীতি বলবতী হলো। কিন্তু তিনি প্রীতিকে সংযত করে বিপস্সনা বাড়াতে বাড়াতে ওই আসনেই সমস্ত চিত্তক্লেশ দূর করে অর্হত্ত্বরূপ অগ্রফলে প্রতিষ্ঠিত হয়েছিলেন।

বুদ্ধশাসনের পঞ্চ অন্তর্ধানের মধ্যে ত্রিপিটক অন্তর্ধানে এই পট্ঠানই সর্বপ্রথম অন্তর্হিত হবে। আমাদের পরম সৌভাগ্য যে এই **'পট্ঠান'** গ্রন্থাকারে আজো আমাদের মধ্যে বিদ্যমান রয়েছে। সম্যকভাবে পট্ঠান অধ্যয়নে বুদ্ধভাষিত সদ্ধর্ম সম্পূর্ণরূপে অবগত হওয়া যায়। ত্রিপিটকের যেকোনো বিষয়াবলি অনায়াসেই হৃদয়ঙ্গম করতে পারা যায়। বৌদ্ধধর্মের রসাস্বাদনে আকাঙ্ক্ষী শ্রদ্ধাবান উপাসক-উপাসিকাদের ভগবান তথাগত ভাষিত পট্ঠান গ্রন্থ একবার পাঠ করা নিতান্তই দরকার। অভিধর্ম সম্পর্কে যাদের কিঞ্চিৎ পরিমাণও জ্ঞান রয়েছে তারাও পট্ঠান পাঠ করে নিরামিষ প্রীতিতে সিক্ত হতে পারেন বলে মনে করি। যে ধর্মের বাণী 'অত্তাহি অত্তনো নাথো কোহি নাথো পরো সিযা?' সে ধর্মের অনুগামীর পক্ষে পারমার্থ জ্ঞান অনুশীলনের আবশ্যকতা কত বেশি তা বলার অপেক্ষা রাখে না। সুতরাং ধর্মপ্রাণ ভিক্ষু-শ্রামণের এবং উপাসক-উপাসিকারা যৎকিঞ্চিৎ অভিধর্ম আলোচনা বা শিক্ষা করে উত্তরোত্তর বিশুদ্ধ জ্ঞানের অধিকারী হবার চেষ্টা করুন।

সাধারণত ত্রিপিটকের মধ্যে বিনয় ও সূত্রপিটকের বিষয়বস্তু পাঠে অনেক বিষয় সম্পর্কে অবগত হওয়া যায় অতিসহজে; কিন্তু অভিধর্মপিটকের বিষয়বস্তু হলো অত্যন্ত জটিল, দুর্বোধ্য। সে কারণে সাধারণ পাঠক এই জটিল ও দুর্বোধ্য বিষয় পাঠ করে আনন্দ অনুভব করেন না। কিন্তু পালি ত্রিপিটক থেকে পট্ঠানের অনুবাদ করাই একমাত্রই সহজ। পাঁচ মাস সময়ের মধ্যে পাঁচ খণ্ড পট্ঠানের অনুবাদ সমাপ্ত করলেও প্রকাশকের অভাবে তা প্রকাশ করতে আমাকে দীর্ঘসময় অতিবাহিত করতে হয়েছে। পাঠকের হাতে গ্রন্থ পৌঁছে দিতে বিলম্বিত হওয়ায় আমি আন্তরিকভাবে ক্ষমা চেয়ে নিচ্ছি। অনুবাদের ভাষা যাতে সহজ, সরল ও প্রাঞ্জল হয় সেদিকেও বিশেষভাবে লক্ষ রাখা হয়েছে। প্রতিটি গ্রন্থে প্রতিপাদ্য স্কন্ধ, আয়তন, ধাতু, ইন্দ্রিয়, হেতু, আলম্বন, বাস্তু, কুশল, অকুশল, অব্যাকৃত, অহেতুক, প্রতিসন্ধি, ২৪ প্রত্যয়, বিশুদ্ধি, বিমোক্ষ, পুদ্গল, সমাপত্তি, ধ্যান, বিদর্শন, চিত্ত, চৈতসিক, রূপ, ও নির্বাণ প্রভৃতি কঠিন, দুরূহ শব্দের টীকা, ব্যাখ্যা ও তুলনামূলক বিশ্লেষণ দিতে গেলে গ্রন্থের ব্যয়ভার বেড়ে যায় প্রায় ধরা-ছোঁয়ার বাইরে। তাই সেদিক বিবেচনা করে বারবার প্রতিটি গ্রন্থের একি বিষয়ের প্রতিপাদ্য কঠিন, দুরূহ শব্দের টীকা, ব্যাখ্যা ও তুলনামূলক বিশ্লেষণ দেয়া হয়নি। ‘ভুল মানুষ মাত্রেই হয়, কেউ ভুলের বাইরে নয় একমাত্র সম্যকসম্বুদ্ধ ব্যতীত’ তাই এতো বড়ো বইয়ে ভুল থাকা অসম্ভব নয়, কারো চোখের পরিষ্কার রেটিনায় কিংবা আইকিউতে অনুবাদের গহীন বনে লুকিয়ে থাকা কোনো প্রকার ভুল-ত্রুটি যদি ধরা পড়লে পরে অনিচ্ছাকৃত ভুল-ত্রুটি গ্রহণ না করে, সংশোধন করে নিলে সুখী হবো।

বর্তমান গ্রন্থটি অনুবাদ করতে গিয়ে আমি অভিধর্মার্থ-সংগ্রহ ও ধাতুকথা সহ অন্যান্য যেসব গ্রন্থের সহায়তা নিয়েছি সেসব গ্রন্থের প্রাজ্ঞ লেখকদের কাছে আমি কৃতজ্ঞতা না জানিয়ে আমি অকৃতজ্ঞ হতে চাই না। সত্যিই উঁনাদের প্রতি আমি শতভাগ কৃতজ্ঞ। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পালি বিভাগের চেয়ারম্যান, বরেণ্য সাংঘিক ব্যক্তিত্ব, বহুমুখী প্রতিভার অধিকারী, শাস্ত্রজ্ঞ, বৌদ্ধরত্ন, পরম পূজ্য পণ্ডিত শ্রদ্ধেয় জ্ঞানরত্ন মহাথের মহোদয় পাণ্ডিত্যপূর্ণ ভূমিকায় গ্রন্থের মান বৃদ্ধি করেছে। এই অকৃত্রিম অবদানের জন্য আমি ড. ভন্তে মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। আমি কামনা করি ড. ভন্তে মহোদয় যেন নিরোগ দীর্ঘ জীবন লাভ করে অজর-অমর নির্বাণ সাক্ষাৎ করুক। পূজ্য বনভন্তের সেবক, গুণোত্তম সংঘপুরুষ, বৌদ্ধরত্ন, প্রিয়শীলী শ্রদ্ধেয় বিধুর মহাস্থবির ভন্তের মহোদয় পট্ঠান গ্রন্থের জন্য তত্ত্বপূর্ণ অভিমত লিখে দিয়ে আমাকে কৃতার্থ করেছেন। আমি ভন্তে মহোদয়ের নিরোগ দীর্ঘ জীবন লাভ করে অজর-অমর নির্বাণ সাক্ষাৎ করুক, এই কামনা করছি। আমার শিক্ষাগুরু, বহু গ্রন্থের

অনুবাদক, অতুলনীয় প্রতিভাধর, পালি ও ত্রিপিটক শাস্ত্রে সুপণ্ডিত, বৌদ্ধরত্ন, পরম পূজ্য পণ্ডিত করুণাবংশ স্থবির ভন্তে মহোদয় আমাকে পট্ঠান অনুবাদে নিয়োজিত করেছেন এবং উঁনার মূল্যবান সময় ব্যয় করে গ্রন্থের পাণ্ডুলিপি দেখে দিয়ে এবং মুদ্রণের যাবতীয় বিষয়াবলী সমাধা করে দিয়ে আমাকে যারপরনাই বাধিত করেছেন। শ্রদ্ধেয় ভন্তে মহোদয়ের এই অকৃত্রিম অবদান আমি অসীম কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। পূজ্য বনভন্তের শিষ্য খুবই দ্রুত ও নির্ভুল কম্পোজে পারদর্শী শ্রদ্ধেয় বিপুলানন্দ ভন্তে মহোদয় কম্পিউটার কম্পোজের মতো কঠোর পরিশ্রমের কাজটি সম্পাদন করে দিয়েছেন। উঁনার প্রতি রইল আমার অশেষ ধন্যবাদ ও সাধুবাদ। আমি হর্ষোৎফুল্ল অন্তরে দিচ্ছি পুণ্যদান—শ্রদ্ধাভাজনের ভবিষ্যৎ হয় যেন গৌরবোজ্জ্বল।

মহাকবি অশ্বঘোষ প্রমুখ সুপ্রসিদ্ধ বৌদ্ধ পণ্ডিতবর্গের মতে 'ত্রিপিটক শাস্ত্রের এক একটি অক্ষর এক একটি বুদ্ধমূর্তির মতো। যিনি ত্রিপিটকের বাণী লিখেন কিংবা অপরের দ্বারা লিপিবদ্ধ করে প্রকাশ করেন, তিনি বুদ্ধমূর্তি প্রতিষ্ঠার ন্যায় পুণ্য সঞ্চয় করেন এবং তিনি জন্মান্তরে আর্যমিত্র বুদ্ধের শিষ্য হবেন।' এই মহান বাণীতে উদ্বুদ্ধ হয়ে পূজ্য বনভন্তের শিষ্য, খাগড়াছড়ি আর্যবন বিহারের আবাসিক ভিক্ষু স্নেহাভাজন ধর্মভাই শ্রীমৎ সমাধিনন্দ ভিক্ষু ত্রিলোকগুরু বুদ্ধ ভগবানের ২৫৬০তম জন্মদিবস, বুদ্ধত্ব লাভ ও পরিনির্বাণ দিবস—এই ত্রি-স্মৃতি বিজড়িত বৌদ্ধদের জন্য অত্যন্ত স্মরণীয় দিন শুভ বৈশাখী পূর্ণিমা বা বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে পট্ঠানের ১ম, ২য়, ৩য় ও ৫ম খণ্ডগুলো প্রকাশ প্রকাশনার জন্য গভীর সংকল্পবদ্ধ হয়েছেন। অনন্ত গুণসমৃদ্ধ এই পট্ঠান ছাপিয়ে সে পরম পূজ্য বনভন্তের শিষ্যমণ্ডলী ও ধর্মপিপাসু উপাসক-উপাসিকাদেরকে বিনামূল্যে বিতরণ করবে এটিই তার স্বপ্ন। তারই প্রভাবে আজ আমার অনূদিত বহু গুণোসমৃদ্ধ পট্ঠান হলো ফল-পুষ্পে সুশোভিত। আসলে সে এই গ্রন্থগুলো ছাপিয়ে দিয়ে আমার অনন্ত উপকার সাধন করেছে। আমি তাকে অকাতরে দান করছি আমার ব্রহ্মচর্য জীবনের সমস্ত পুণ্যরাশি। এই মহতী পুণ্যকর্মের মধ্য দিয়ে সে সকলের মনোমন্দিরে ভালবাসার, শ্রদ্ধার ও স্নেহের পাত্র হিসেবে স্থান পাবেন এতে কোনো সন্দেহ নেই। আমি কামনা করি সে নানা পুণ্যকর্মের মধ্য দিয়ে জীবন অতিবাহিত করত অবিলম্বে নির্বাণসুখের ভাগী হোক। এবং এই গ্রন্থ প্রকাশনায় রাঙামাটিস্থ নানিয়ারচর উপজেলাধীন মহাসতিপট্ঠান ধুতাঙ্গ অরণ্য সাধনাকেন্দ্রের পক্ষ হতে ২০০০ টাকা দান করে এই পুণ্যকর্মে অংশ গ্রহণ করেছেন। সর্বোপরি এ গ্রন্থ প্রকাশনার জন্য যাঁরা সার্বিকভাবে সাহায্য-সহযোগিতা করেছেন, তাঁরা সকলে বিপুল পুণ্যের অংশীদার হয়ে নির্বাণের দুয়ার উন্মুক্ত করতে সক্ষম হয়েছেন। তাঁরা সকলে সমগ্র বৌদ্ধ জাতির অন্তরে

স্থান করে নিয়ে সকলের ভালবাসা, ধন্যবাদ, সাধুবাদ ও মৈত্রী প্রাপ্ত হওয়ার পরম সৌভাগ্য লাভ করেছেন। তাঁদের সকলকে আমি আমার দানময়, শীলময় ও ভাবনাময় পুণ্যকর্মের পুণ্যরাশি অকাতরে দান করছি।

২৪ প্রকার প্রত্যয়ের পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ করে আলোচনা করা হয়েছে এই পট্ঠান গ্রন্থে। এতে প্রতীত্যসমুৎপাদ বা কার্যকারণনীতি, নির্বাণ, জন্মজন্মান্তর ইত্যাদি অভিধর্মের সুকঠিন তত্ত্ব রয়েছে। পট্ঠানের বিষয়বস্তু অধ্যায়, বিভাগ, উপবিভাগ, শাখা-প্রশাখা প্রশ্নোত্তর এতো বিশাল, ব্যাপক, অনন্ত, অপরিমেয় এবং যথার্থ সূক্ষ্ম অতিগভীর এবং জটিল যে সাধারণ মানুষের বোধগম্য হওয়া অত্যন্ত কঠিন। সেজন্য বলা হয়েছে 'পট্ঠান' কেবলমাত্র সর্বজ্ঞ বুদ্ধদের গোচর, অন্য কারো গোচরীভূত হতে পারে না।

ত্রিলোকগুরু ভগবান বুদ্ধ কর্তৃক প্রদর্শিত অভিধর্মনীতি পট্ঠানের আলোচ্য বিষয় অপার সমুদ্র-সদৃশ অনন্ত, অপরিমেয়, অতিসূক্ষ্ম, অতিগভীর। এজন্য পট্ঠানকে 'মহাপ্রকরণ' আখ্যা দেওয়া হয়েছে। ভগবান বুদ্ধের বোধিজ্ঞান যে কতো গভীর ছিলো তা কেবলমাত্র 'পট্ঠান' হতেই প্রমাণ পাওয়া যায়। যদি কোনো বিদগ্ধ পণ্ডিত যথার্থভাবে এই পট্ঠানের বিষয়বস্তু আয়ত্ত ও উপলব্ধি করতে সক্ষম হন, কেবল তিনিই স্বীকার করবেন যে বাস্তবিকই বুদ্ধের জ্ঞানের সীমা অনন্ত, অচিন্তনীয় এবং অপ্রমেয়। ভগবান বুদ্ধের ধর্মসেনাপতি অর্হৎ সারিপুত্র স্থবির হতে আরম্ভ করে আচার্য পরম্পরায় কীভাবে এই পট্ঠান মহাপ্রকরণ সুরক্ষিত হয়েছে তা অচিন্তনীয়।

আমাদের জন্য পরম দুর্লভ সৌভাগ্য যে ওই 'পট্ঠান' গ্রন্থাকারে আজো আমাদের মাঝে বিদ্যমান। কিন্তু এর বিষয় অনুধাবন, ভাবন, চিন্তন করা এবং এর গভীরে বিন্দুমাত্রও প্রবেশ করা আমাদের কারো পক্ষে সম্ভব কি? আমরা কি পট্ঠান গ্রন্থের নাম শুনেছি, এর পাতা উলটায়ে দেখেছি এর মধ্যে কী আছে তা তাত্ত্বিক এবং ব্যবহারিকভাবে মিলায়ে দেখেছি বা এর মধ্যে আদৌ প্রবেশ করার চেষ্টা করেছি? জগতে মনুষ্য জন্ম লাভ কারা বড়োই দুর্লভ। তার চেয়েও অত্যন্ত দুর্লভ পট্ঠান বিষয়ে অধিগত হওয়া।

সবাই বলেন পট্ঠান বুঝার লোক বাংলাদেশে নেই, সূত্র ও বিনয়পিটক বুঝার সাধ্য নেই এর মধ্যে অভিধর্মের সূক্ষ্মাতিসূক্ষ্ম পট্ঠান। কথিত আছে যে, পট্ঠান পাঠ যখন করে ব্রহ্মলোক থেকে ব্রহ্মারা নাকি নেমে আসেন, স্বর্গ থেকে দেবতারা নেমে আসেন এ পট্ঠান শোনার জন্য। কারণ ভগবান বুদ্ধ এবং অর্হৎদের অতি প্রিয় এ পট্ঠান। তাই সকলের জীবনকে ভয়মুক্ত, দোষমুক্ত, ব্যধিমুক্ত, শত্রুমুক্ত, অপদেবতামুক্ত ও অন্তরায়মুক্ত করতে চান তাইলে পট্ঠান পাঠ করুন। পুণ্য লাভ হবে, সব অন্তরায় দূর হবে। পাঁচ হাজার বছর গৌতম

বুদ্ধের শাসনকালের মধ্যে অর্ধেকের চেয়ে বেশি সময় গত হয়েছে। তা ছাড়া মানুষের স্মৃতিশক্তি, মেধা লোপ পেয়েছে এবং বিজ্ঞানের জয়যাত্রার কালে ও ধর্মজ্ঞানে উদাসীন এমনটি সময়ের মধ্যে পট্‌ঠান গ্রন্থ পাঠকের ধর্মজ্ঞান লাভে সহায়ক হোক, মানব মনের যাবতীয় অজ্ঞান-অন্ধকার দূর করুক, বুদ্ধপ্রশংসিত নির্বাণ লাভের পরম মিত্র হোক।

সর্বশেষে গ্রন্থ বা ধর্মদানের সকল পুণ্যাংশ সম্যকদৃষ্টিকামী, নির্বাণকামী সকল প্রাণীকে অর্থাৎ মনুষ্য, দেব, ব্রহ্মাসহ সকল সত্ত্বকে অকাতরে দান করছি—'নিব্বানস্‌স পচ্চযো হোতু।'

"কতই-বা কহিব আর অভিধর্ম তথা পট্‌ঠান-এর গুণ-মহিমা যে অপার,
পট্‌ঠান-এর শ্রেষ্ঠ তত্ত্ব ভাবিবে যতনে, বুদ্ধধর্মের রসাস্বাদ ইচ্ছিলে শাসনে।"

প্রণত

অনুবাদক

ভদন্ত রাহুল ভিক্ষু

“ত্রিলোকশাস্তা সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে নমস্কার”

অভিধর্মপিটকে

পট্ঠান

(তৃতীয় খণ্ড)

ধর্মানুলোমে দ্বিক পট্ঠান

১. হেতুগুচ্ছ—১. হেতুদ্বিক

১. প্রতীত্য বার (অধ্যায়)—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১. (১) হেতু ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) অলোভকে ভিত্তি করে অদ্বেষ ও অমোহ উৎপন্ন হয়। অদ্বেষকে ভিত্তি করে অলোভ ও অমোহ উৎপন্ন হয়। অমোহকে ভিত্তি করে অলোভ ও অদ্বেষ উৎপন্ন হয়। লোভকে ভিত্তি করে মোহ উৎপন্ন হয়। মোহকে ভিত্তি করে লোভ উৎপন্ন হয়। দ্বেষকে ভিত্তি করে মোহ উৎপন্ন হয়। মোহকে ভিত্তি করে দ্বেষ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে (পুনর্জন্ম গ্রহণের সময়)...।

(২) হেতু ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু ধর্মকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ (চিত্ত হতে উৎপন্ন রূপ) উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে হেতু ধর্মকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কর্ম-সমুত্থিত-রূপ (পূর্বজন্মকৃত কর্মদ্বারা উৎপন্ন রূপ) উৎপন্ন হয়।

(৩) হেতু ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু এবং না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। অলোভকে ভিত্তি করে অদ্বেষ-অমোহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয় (চক্রবন্ধন বা বার বার উচ্চারণের দ্বারা প্রদর্শন করতে হবে)। লোভকে ভিত্তি করে মোহ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... আবার প্রতিসন্ধিক্ষণে অলোভকে ভিত্তি করে অদ্বেষ-

অমোহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয় (চক্রবন্ধন বা বার বার উচ্চারণের দ্বারা প্রদর্শন করতে হবে)। লোভকে ভিত্তি করে মোহ, সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়...।

২. (৪) না-হেতু[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়। না-হেতু এক প্রকার স্কন্ধকে (ভাগ, অংশ, রাশি বা সমষ্টি) ভিত্তি করে তিন প্রকার (না-হেতু) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। তিন প্রকার (না-হেতু) স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার (না-হেতু) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে না-হেতু এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। তিন প্রকার স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু (চিত্ত-চৈতসিকের বাসস্থান), (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। এক প্রকার মহাভূতকে ভিত্তি করে তিন প্রকার মহাভূত, তিন প্রকার মহাভূতকে ভিত্তি করে এক প্রকার মহাভূত, দুই প্রকার মহাভূতকে ভিত্তি করে দুই প্রকার মহাভূত, মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ (চারি মহাভূত সমুত্থিত ২৪ প্রকার রূপ) উৎপন্ন হয়।

(৫) না-হেতু ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু ধর্ম উৎপন্ন হয়। না-হেতু স্কন্ধসমূহকে ভিত্তি করে হেতুসমূহ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে হেতুসমূহ উৎপন্ন হয়।

(৬) না-হেতু ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু এবং না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। না-হেতু এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ, হেতু এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ, হেতু এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ, হেতু এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে না-হেতু এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ, হেতু এবং কর্ম-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ, হেতু এবং কর্ম-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ, হেতু এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে

---

[১]। ৮৯ প্রকার চিত্ত, ৬ কুশলাকুশল হেতু ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ৪৬ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-হেতু বা হেতু নয় এমন ধর্ম।

হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

৩. (৭) হেতু এবং না-হেতু ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু ধর্ম উৎপন্ন হয়। অলোভ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে অদ্বেষ এবং অমোহ উৎপন্ন হয় (চক্রবন্ধন[১] করতে হবে)। লোভ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে মোহ উৎপন্ন হয়। দ্বেষ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে মোহ উৎপন্ন হয়... প্রতিসন্ধিক্ষণে... অলোভ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে অদ্বেষ এবং অমোহ উৎপন্ন হয়...।

(৮) হেতু এবং না-হেতু ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়। না-হেতু এক প্রকার স্কন্ধ এবং হেতুকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধ এবং হেতুকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধ এবং হেতুকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে না-হেতু এক প্রকার স্কন্ধ এবং হেতুকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধ এবং হেতুকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধ এবং হেতুকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু এবং হেতুকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) হেতু এবং না-হেতু ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু এবং না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। না-হেতু এক প্রকার স্কন্ধ এবং অলোভকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ, অদ্বেষ, অমোহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধ এবং অলোভকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ, অদ্বেষ, অমোহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধ এবং অলোভকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ, অদ্বেষ, অমোহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। (চক্রের ন্যায় তৈরি করে জানতে হবে)। না-হেতু এক প্রকার স্কন্ধ এবং লোভকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ মোহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধ এবং লোভকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ মোহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধ এবং লোভকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ মোহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তু এবং অলোভকে ভিত্তি করে অদ্বেষ, অমোহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

---

[১]। এখানে চক্র বলতে শব্দচক্রকে বুঝায় অর্থাৎ শব্দসমূহ চক্রাকারে ঘুরে ফিরে বার বার উচ্চারণ করে প্রদর্শন করতে হবে।

আলম্বন-প্রত্যয় ইত্যাদি

৪. হেতু ধর্মকে ভিত্তি করে হেতু ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা (রূপ ব্যতীত অরূপেতে নয়টি প্রশ্ন করতে হবে)... অধিপতি-প্রত্যয় দ্বারা (প্রতিসন্ধি নাই, পরিপূর্ণ করণীয়) এক প্রকার মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ (চারি মহাভূতোৎপন্ন রূপ)... (এটাই অসাদৃশ্য) অনন্তর-প্রত্যয় দ্বারা, সমনন্তর-প্রত্যয় দ্বারা, সহজাত-প্রত্যয় দ্বারা (সমস্ত মহাভূত অসংজ্ঞসত্ত্বগণ (একস্কন্ধবিশিষ্ট ভবে) পর্যন্ত জ্ঞাতব্য), অন্যোন্য-প্রত্যয় দ্বারা, নিশ্রয়-প্রত্যয় দ্বারা, উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা, পূর্বজাত-প্রত্যয় দ্বারা, আসেবন-প্রত্যয় দ্বারা (এই দুই প্রকারে প্রতিসন্ধি নেই), কর্ম-প্রত্যয় দ্বারা, বিপাক-প্রত্যয় দ্বারা (সংক্ষিপ্ত), অবিগত-প্রত্যয় দ্বারা ।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৫. হেতু-প্রত্যয়ে নয়, আলম্বন-প্রত্যয়ে নয় (সবক্ষেত্রে নয়), অবিগত-প্রত্যয়ে নয়। (অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২)

৬. (১) না-হেতু ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়। না-হেতু এক প্রকার অহেতুক (হেতু-প্রত্যয় বিরহিত) স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

অহেতুক (৬ হেতুবিহীন) প্রতিসন্ধির সময় না-হেতু এক প্রকার অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

এক প্রকার মহাভূতকে ভিত্তি করে তিন প্রকার মহাভূত উৎপন্ন হয়। তিন প্রকার মহাভূতকে ভিত্তি করে এক প্রকার মহাভূত উৎপন্ন হয়। দুই প্রকার মহাভূতকে ভিত্তি করে দুই প্রকার মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

বাহ্যিক (বাইরের) এক প্রকার মহাভূতকে ভিত্তি করে তিন প্রকার মহাভূত,

তিন প্রকার মহাভূতকে ভিত্তি করে এক প্রকার মহাভূত, দুই প্রকার মহাভূতকে ভিত্তি করে দুই প্রকার মহাভূত, মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা-রূপ উৎপন্ন হয়।

আহার-সমুত্থান (আহারজ) এক প্রকার মহাভূতকে ভিত্তি করে তিন প্রকার, তিন প্রকার মহাভূতকে ভিত্তি করে এক প্রকার মহাভূত, দুই প্রকার মহাভূতকে ভিত্তি করে দুই প্রকার মহাভূত, মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা-রূপ উৎপন্ন হয়।

ঋতু-সমুত্থান (ঋতুজ) এক প্রকার মহাভূতকে ভিত্তি করে তিন প্রকার মহাভূত, তিন প্রকার মহাভূতকে ভিত্তি করে এক প্রকার মহাভূত, দুই প্রকার মহাভূতকে ভিত্তি করে দুই প্রকার মহাভূত, মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

অসংজ্ঞসত্ত্বগণের (একস্কন্ধবিশিষ্ট ভবে) এক প্রকার মহাভূতকে ভিত্তি করে তিন প্রকার মহাভূত, তিন প্রকার মহাভূতকে ভিত্তি করে এক প্রকার মহাভূত, দুই প্রকার মহাভূতকে ভিত্তি করে দুই প্রকার মহাভূত, মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) না-হেতু ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা হেতু ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা বা সংশয়-সহগত অথবা ঔদ্ধত্য বা চঞ্চলতা-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় ইত্যাদি

৭. (১) হেতু ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতুকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে হেতুকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(২) না-হেতু ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়। না-হেতু স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে না-হেতু স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... (সমস্ত মহাভূত বিশ্লেষণ করণীয়)...।

(৩) হেতু এবং না-হেতু ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু এবং না-হেতু স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে হেতু এবং না-হেতু স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... না-অধিপতি-প্রত্যয় দ্বারা (পরিপূর্ণ করা উচিত), না-অনন্তর-প্রত্যয় দ্বারা, না-সমনন্তর-প্রত্যয় দ্বারা, না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা, না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা...।

না-পূর্বজাত-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৮. (১) হেতু ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা হেতু ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে (নিরাকার ব্রহ্মলোকে) অলোভকে ভিত্তি করে অদ্বেষ ও অমোহ উৎপন্ন হয় (চক্রাকারে জানতে হবে)। লোভকে ভিত্তি করে মোহ উৎপন্ন হয়। মোহকে ভিত্তি করে লোভ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(২) হেতু ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে হেতুকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। হেতুকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৩) হেতু ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা হেতু এবং না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। অরূপলোকে অলোভকে ভিত্তি করে অদ্বেষ, অমোহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (চক্রাকারে বিশ্লষণ করতে হবে)। লোভকে ভিত্তি করে মোহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (চক্রাকারে বিশ্লষণ করতে হবে)। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

৯. (৪) না-হেতু ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে না-হেতু এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ... না-হেতু স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে... এক প্রকার মহাভূতকে...।

(৫) না-হেতু ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা হেতু ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে না-হেতু স্কন্ধসমূহকে ভিত্তি করে হেতুসমূহ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৬) না-হেতু ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা হেতু এবং না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। অরূপলোকে না-হেতু এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ, হেতু এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

১০. (৭) হেতু এবং না-হেতু ধর্মকে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা ভিত্তি করে হেতু ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে অলোভ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে অদ্বেষ ও অমোহ উৎপন্ন হয় (চক্রবন্ধনের মাধ্যমে বিশ্লষণ করতে হবে)। অরূপলোকে লোভ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে মোহ উৎপন্ন হয় (চক্রবন্ধনের মাধ্যমে বিশ্লষণ করতে হবে)। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৮) হেতু এবং না-হেতু ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে না-হেতু এক প্রকার স্কন্ধ এবং হেতুকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ, হেতু এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধ এবং হেতুকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ, হেতু এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধ এবং

হেতুকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ, হেতু এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। না-হেতু স্কন্ধসমূহ এবং হেতুকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। হেতু এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৯) হেতু এবং না-হেতু ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা হেতু এবং না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। অরূপলোকে না-হেতু এক প্রকার স্কন্ধ এবং অলোভকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ, অলোভ, অমোহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধ... (চক্রবন্ধনের মাধ্যমে উল্লেখ করতে হবে)। না-হেতু এক প্রকার স্কন্ধ এবং লোভকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং মোহ উৎপন্ন হয় (চক্রবন্ধনের মাধ্যমে উল্লেখ করতে হবে)। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

না-পশ্চাজ্জাত-প্রত্যয় ইত্যাদি

১১. হেতু ধর্মকে ভিত্তি করে না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... না-আসেবন-প্রত্যয় দ্বারা হেতু ধর্ম উৎপন্ন হয়...।

না-কর্ম-প্রত্যয় ইত্যাদি

১২. (১) হেতু ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতুকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা (মনোবৃত্তি বা চিন্তাশক্তি) উৎপন্ন হয়।

(২) না-হেতু ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়। না-হেতু স্কন্ধসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত...।

(৩) হেতু এবং না-হেতু ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়।

(১-৯) হেতু ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা হেতু ধর্ম উৎপন্ন হয়... (নয়)।

না-আহার-প্রত্যয় ইত্যাদি

১৩. না-হেতু ধর্মকে ভিত্তি করে না-আহার-প্রত্যয় দ্বারা না-হেতু ধর্ম উৎপন্ন হয়... বাহ্যিক, ঋতু-সমুত্থিত, অসংজ্ঞসত্ত্বগণের, না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা...। বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত, অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহকে ভিত্তি করে রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপকায়ের প্রাণ) উৎপন্ন হয়। না-ধ্যান-প্রত্যয় দ্বারা...। পঞ্চবিজ্ঞান... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত, অসংজ্ঞসত্ত্বগণের... না-মার্গ-প্রত্যয় দ্বারা...। না-হেতু এক প্রকার অহেতুক

স্কন্ধকে ভিত্তি করে... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত, অসংজ্ঞসত্ত্বগণের... না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... (না-পূর্বজাত সদৃশ জানতে হবে, অরূপলোকের প্রশ্নও তদ্রূপ করণীয়) না-নাস্তি-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৪. না-হেতু-প্রত্যয়ে দুই, না-আলম্বন-প্রত্যয়ে তিন, না-অধিপতি-প্রত্যয়ে নয়, না-অনন্তর-প্রত্যয়ে তিন, না-সমনন্তর-প্রত্যয়ে তিন, না-অন্যোন্য-প্রত্যয়ে তিন, না-উপনিশ্রয়-প্রত্যয়ে তিন, না-পূর্বজাত-প্রত্যয়ে নয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয়ে নয়, না-আসেবন-প্রত্যয়ে নয়, না-কর্ম-প্রত্যয়ে তিন, না-বিপাক-প্রত্যয়ে নয়, না-আহার-প্রত্যয়ে এক, না-ইন্দ্রিয়-প্রত্যয়ে এক, না-ধ্যান-প্রত্যয়ে এক, না-মার্গ-প্রত্যয়ে এক, না-সম্প্রযুক্ত-প্রত্যয়ে তিন, না-বিপ্রযুক্ত-প্রত্যয়ে নয়, না-নাস্তি-প্রত্যয়ে তিন, না-বিগত-প্রত্যয়ে তিন। (অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১৫. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বন-প্রত্যয়ে তিন, না-অধিপতি-প্রত্যয়ে নয়, না-অনন্তর-প্রত্যয়ে তিন... না-উপনিশ্রয়-প্রত্যয়ে তিন, না-পূর্বজাত-প্রত্যয়ে নয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয়ে নয়, না-আসেবন-প্রত্যয়ে নয়, না-কর্ম-প্রত্যয়ে তিন, না-বিপাক-প্রত্যয়ে নয়, না-সম্প্রযুক্ত-প্রত্যয়ে তিন, না-বিপ্রযুক্ত-প্রত্যয়ে নয়, না-নাস্তি-প্রত্যয়ে তিন, না-বিগত-প্রত্যয়ে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বন-প্রত্যয়ে দুই, অনন্তর-প্রত্যয়ে দুই... কর্মে দুই, বিপাক-প্রত্যয়ে এক, আহার-প্রত্যয়ে দুই, ইন্দ্রিয়-প্রত্যয়ে দুই, ধ্যান-প্রত্যয়ে দুই, মার্গ-প্রত্যয়ে এক, সম্প্রযুক্ত-প্রত্যয়ে দুই... অবিগত-প্রত্যয়ে দুই।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার ও প্রতীত্যবার সদৃশ প্রশ্ন করণীয়।

মহাভূতসমূহের শেষের দিকে '(হৃদয়) বাস্তুকে ভিত্তি করে' করণীয়। পঞ্চায়তনসমূহ অনুলোমে ও প্রতিলোমে যা লাভ হয় তা করণীয়। সংশ্লিষ্টবার ও সম্প্রযুক্তবার পরিপূর্ণ করতে হবে, রূপ হয় না, অরূপেও অনুরূপভাবে বিস্তার করণীয়)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

১৭. (১) হেতু ধর্ম হেতু ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অলোভ অদ্বেষ ও অমোহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রাকারে উল্লেখ করতে হবে)। লোভ মোহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বেষ মোহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...।

(২) হেতু ধর্ম না-হেতু ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...।

(৩) হেতু ধর্ম হেতু এবং না-হেতু ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অলোভ অদ্বেষের, অমোহের, সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)। লোভ মোহের... অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১৮. (১) হেতু ধর্ম হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। হেতুকে ভিত্তি করে হেতুসমূহ উৎপন্ন হয়।

(২) হেতু ধর্ম না-হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। হেতুকে ভিত্তি করে না-হেতু স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) হেতু ধর্ম হেতু এবং না-হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। হেতুকে ভিত্তি করে হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১৯. (৪) না-হেতু ধর্ম না-হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ধার্মিক ব্যক্তি) দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। অতঃপর একে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ (জ্ঞানপূর্বক যাচাই-বাছাই করেন) করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। ধ্যান (চিত্তের একাগ্রতার দ্বারা চিত্তশুদ্ধির প্রণালী) হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ (মার্গলাভী ব্যক্তিরা) মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন।

নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ না-হেতু এমন প্রহীন ক্লেশসমূহকে (চিত্তের মালিন্য বা ময়লা) স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। (শৈক্ষ্যগণ বা পৃথগ্জনেরা) চক্ষু, শ্রোত্র (কর্ণ), ঘ্রাণ (নাসিকা), জিহ্বা, কায়, রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য (ত্বগ-ইন্দ্রিয় গ্রাহ্য বা জড়গুণের), (হৃদয়) বাস্তু, না-হেতু স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। একে ভিত্তি করে রাগ (লোভ বা অনুরাগ) উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়, দৌর্মনস্য (মানসিক অশান্তি) উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন, চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা না-হেতু চিত্তসমন্বিত পুদ্গলের চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন (আকাশের অনন্ত পরিমাণ আয়তন বা স্থান) বিজ্ঞান-অনন্ত-আয়তনের (বিজ্ঞানের বা চেতনাময় জীবের অনন্ত পরিমাণ আয়তন বা স্থানের) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন (শূন্যতার অনন্ত পরিমাণ আয়তন বা স্থান) নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের (সংজ্ঞা বা চেতনাশক্তি আছেও নহে না-সংজ্ঞা নেইও নহে এমন অবস্থার আয়তন বা স্থানের) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-আয়তন (আয়তন হচ্ছে উৎপত্তিস্থান) চক্ষু-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রস-আয়তন জিহ্বা-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-হেতু স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের (নানাবিধ অলৌকিকশক্তির), চিত্তপর্যায়জ্ঞানের (পরচিত্তবিজাননজ্ঞানের), পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের (জাতিস্মরজ্ঞানের), যথাকর্মোপগজ্ঞানের (জীবের চ্যুতি-উৎপত্তিজ্ঞানের), অনাগতভবজ্ঞানের (পুনর্জন্ম বিষয়কজ্ঞানের), আবর্তন-চিত্তের (পঞ্চদ্বারাবর্তন বা মনোদ্বারাবর্তন চিত্তের) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-হেতু ধর্ম হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি) দান দেন (প্রথম প্রশ্নের ন্যায় জ্ঞাতব্য, আবর্তন-চিত্তের হয় না। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ইত্যাদি হয় না)।

(৬) না-হেতু ধর্ম হেতু এবং না-হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি) দান দেন, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে সেগুলো স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। একে ভিত্তি করে হেতুসমূহ এবং

সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (এই প্রশ্নটি দ্বিতীয় প্রণালির মতো করণীয়)।

২০. (৭) হেতু এবং না-হেতু ধর্মসমূহ হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে হেতুসমূহ উৎপন্ন হয়।

(৮) হেতু এবং না-হেতু ধর্মসমূহ না-হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে না-হেতু স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) হেতু এবং না-হেতু ধর্মসমূহ হেতু এবং না-হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

২১. (১) হেতু ধর্ম হেতু ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** হেতুকে গুরুত্ব দিয়ে হেতুসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** হেতু-অধিপতি সম্প্রযুক্ত হেতুসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) হেতু ধর্ম না-হেতু ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** হেতুকে গুরুত্ব দিয়ে না-হেতু স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** হেতু-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) হেতু ধর্ম হেতু এবং না-হেতু ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** হেতুকে গুরুত্ব দিয়ে হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** হেতু-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, হেতুসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২২. (৪) না-হেতু ধর্ম না-হেতু ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে (না-হেতু স্কন্ধসমূহ পর্যন্ত বিস্তৃত করণীয়)। **সহজাত-অধিপতি :** না-হেতু-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-হেতু ধর্ম হেতু ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-**

অধিপতি : দান দিয়ে (সংক্ষিপ্ত। (হৃদয়) বাস্তু না-হেতু স্কন্ধসমূহ পর্যন্ত করণীয়)। **সহজাত-অধিপতি :** না-হেতু-অধিপতি সম্প্রযুক্ত হেতুসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-হেতু ধর্ম হেতু এবং না-হেতু ধর্মের অধিপতি-প্রত্যয়ো দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। একে গুরুত্ব দিয়ে না-হেতু স্কন্ধসমূহ এবং হেতুসমূহ উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন (হৃদয়) বাস্তু এবং না-হেতু স্কন্ধসমূহ পর্যন্ত করণীয়)। **সহজাত-অধিপতি :** না-হেতু-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, হেতুসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৩. (৭) হেতু এবং না-হেতু ধর্মসমূহ হেতু ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে হেতুসমূহ উৎপন্ন হয়।

(৮) হেতু এবং না-হেতু ধর্মসমূহ না-হেতু ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে না-হেতু স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) হেতু এবং না-হেতু ধর্মসমূহ হেতু এবং না-হেতু ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

২৪. (১) হেতু ধর্ম হেতু ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব হেতুসমূহ পরবর্তী পরবর্তী হেতুসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) হেতু ধর্ম না-হেতু ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব হেতুসমূহ পরবর্তী পরবর্তী না-হেতু স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) হেতু ধর্ম হেতু এবং না-হেতু ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব হেতুসমূহ পরবর্তী পরবর্তী হেতুসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৫. (৪) না-হেতু ধর্ম না-হেতু ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-হেতু স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-হেতু স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম (অর্পনা জবনের তৃতীয় জবন) গোত্রভূর (যা পৃথগ্‌জন গোত্র পরাভূত করে) (সংক্ষিপ্ত) নিরোধসমাপত্তি ধ্যান হতে

উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-হেতু ধর্ম হেতু ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৬) না-হেতু ধর্ম হেতু এবং না-হেতু ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (না-হেতুমূলক তিন ও একের মতো জ্ঞাতব্য)।

২৬. (৭) হেতু এবং না-হেতু ধর্মসমূহ হেতু ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী হেতুসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) হেতু এবং না-হেতু ধর্মসমূহ না-হেতু ধর্মের অনন্তর-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-হেতু স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) হেতুসমূহ এবং না-হেতু ধর্মসমূহ হেতু এবং না-হেতু ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয় ইত্যাদি

২৭. হেতু ধর্ম হেতু ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অনন্তর-প্রত্যয়ের মতো জানতে হবে)... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (এই দুই প্রকার প্রতীত্য সদৃশ হবে। নিশ্রয়-প্রত্যয় প্রত্যয়বারের নিশ্রয়-প্রত্যয় সদৃশ জানতে হবে)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

২৮. (১) হেতু ধর্ম হেতু ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় তিন প্রকার)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...।[১] **প্রকৃতি-উপনিশ্রয় :** হেতুসমূহ হেতুসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) হেতু ধর্ম না-হেতু ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** হেতুসমূহ না-হেতু স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১]। আলম্বন ও অনন্তর-উপনিশ্রয়-প্রত্যয় সমগ্র পট্‌ঠানের মধ্যে প্রথম খণ্ডে একবার মাত্র বিশ্লেষণ করা হয়েছে তাই প্রথম খণ্ডে বিশ্লেষিত আলম্বন ও অনন্তর-উপনিশ্রয়-প্রত্যয়ের মতো জানতে হবে।

(৩) হেতু ধর্ম হেতু এবং না-হেতু ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** হেতুসমূহ হেতুসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৯. (৪) না-হেতু ধর্ম না-হেতু ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম (অষ্টশীলাদি) সম্পাদন করেন, ধ্যান-সুখ (চিত্তের উৎকর্ষতা সাধন করেন), বিদর্শন-জ্ঞান (যথাভূতদর্শন বা সত্যদর্শন), মার্গ-জ্ঞান, অভিজ্ঞা (পঞ্চ আধ্যাত্মিক শক্তি), সমাপত্তি-ধ্যান (ধ্যানের সুখময় স্তর) উৎপন্ন করেন... মিথ্যাদৃষ্টি (৪ দৃষ্টি-সম্প্রযুক্ত চিত্ত) উৎপন্ন করেন। (একইভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম করেন, ধ্যান-সুখ, বিদর্শন-জ্ঞান, মার্গ-জ্ঞান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন... সংঘভেদ করেন (ভিক্ষুসংঙ্ঘের মধ্যে মতানৈক্য সৃষ্টি করেন)। যার কারণে শ্রদ্ধা... শয্যাসন, শ্রদ্ধার... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-হেতু ধর্ম হেতু ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধা... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। যার কারণে শ্রদ্ধা... শয্যাসন, শ্রদ্ধার... প্রার্থনা (ভোগেচ্ছাজনিত তৃষ্ণা), মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-হেতু ধর্ম হেতু এবং না-হেতু ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** (দ্বিতীয় উপনিশ্রয় সদৃশ জানতে হবে)।

৩০. (৭) হেতু এবং না-হেতু ধর্মসমূহ হেতু ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ হেতুসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) হেতু এবং না-হেতু ধর্মসমূহ না-হেতু ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ না-হেতু স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৯০. (১) সহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় অনন্তর-প্রত্যয় দ্বারা, সমনন্তর-প্রত্যয় দ্বারা, সহজাত-প্রত্যয় দ্বারা, বিপাক-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক বিপাক (ফলদান) স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) অহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় বিপাক-প্রত্যয় দ্বারা। এক প্রকার অহেতুক বিপাক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... ধ্যান-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯১. হেতুতে তিন, আলম্বনে ছয়, অধিপতিতে এক, অনন্তরে ছয়, সমনন্তরে ছয়, সহজাতে ছয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে ছয়, উপনিশ্রয়ে ছয়, পূর্বজাতে ছয়... বিপাকে দুই, আহারে ছয়, ইন্দ্রিয়ে ছয়, ধ্যানে ছয়, মার্গে পাঁচ... অবিগতে ছয়। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২)

৯২. (১) সহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) অহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। এক প্রকার অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯৩. না-হেতুতে দুই, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে ছয়, না-আসেবনে ছয়, না-কর্মে চার, না-বিপাকে ছয়, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে ছয়। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৯৪. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৯৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই... কর্মে দুই, বিপাকে এক, আহারে দুই... মার্গে এক... অবিগতে দুই। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(সম্প্রযুক্তবার সংশ্লিষ্টবার সদৃশ তাই সংশ্লিষ্টবার সদৃশ জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৬)

৯৬. (১) সহেতুক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়।

সহেতুক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) সহেতুক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। সহেতুক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

(৩) সহেতুক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। সহেতুক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

৯৭. (৪) অহেতুক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ হেতু-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৫) অহেতুক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৬) অহেতুক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৯৮. (১) সহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (পুণ্যকামী ব্যক্তি) দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যেসমস্ত পুণ্যময় সুকর্ম সম্পাদন করেছিলেন সেসমস্ত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। প্রহীন ক্লেশসমূহকে (চিত্তের ময়লা বা ক্লেদসমূহকে) স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, সহেতুক স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, একে প্রত্যয় করে রাগ (লোভ বা অনুরাগ), মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য (মানসিক অশান্তি) উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনের আশু বিপাক স্বরূপ) সহেতুক বিপাক তদালম্বনতা (জবন গৃহীত আলম্বনের পুনরালোচনা) উৎপন্ন হয়। চিত্তপর্যায়জ্ঞানের (পরচিত্তবিজাননজ্ঞানের) দ্বারা সহেতুক চিত্তসমন্বিত (৭১

প্রকার সহেতুক চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন (প্রথম অরূপ ধ্যানচিত্ত) আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিজ্ঞান-অনন্ত-আয়তনের (দ্বিতীয় অরূপ ধ্যানচিত্তের)... আকিঞ্চন-আয়তন (তৃতীয় অরূপ ধ্যানচিত্ত) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের (চতুর্থ অরূপ ধ্যানচিত্তের)... সহেতুক স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিবিধ ঋদ্ধিজ্ঞানের (নানাপ্রকার অলৌকিকশক্তির), চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের (জাতিস্মরজ্ঞানের), যথাকর্মোপগজ্ঞানের (জীবের চ্যুতি-উৎপত্তিজ্ঞানের), অনাগতভবজ্ঞানের (অনাগতজন্ম সম্পকীয়জ্ঞানের) প্রত্যয় হয়। সহেতুক স্কন্ধসমূহকে নির্ভর করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) সহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। সহেতুক স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে অবলোকন করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনের আশু বিপাক স্বরূপ) অহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। সহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে অহেতুক স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

(৩) সহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। সহেতুক স্কন্ধসমূহকে নির্ভর করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৯৯. (৪) অহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। (ব্যক্তি) চক্ষু... (হৃদয়) বাস্তু, অহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে অবলোকন করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে অহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... অহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে প্রত্যয় করে অহেতুক স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

(৫) অহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। আর্যগণ নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। তদ্ধেতু আলম্বন-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের প্রত্যয় হয়। আর্যগণ অহেতুক প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যেসমস্ত ক্লেশতে অভ্যস্ত ছিলেন সেসব ক্লেশসমূহ স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, অহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে

অবলোকন করেন, একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (কামলোকচিত্তে, কামজবনাবসানে, কামলোকস্থসত্ত্বগণের আশু বিপাক স্বরূপ) সহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন (কাছের বা দূরের দেব-মনুষ্যের শব্দ শুনেন), চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা অহেতুক চিত্তসম্পন্ন (১৮ প্রকার অহেতুক চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। অহেতুক স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের প্রত্যয় হয়। অহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে প্রত্যয় করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। চক্ষুকে অবলম্বন করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়। (অনুরূপভাবে) শ্রোত্র... (হৃদয়) বাস্তু, অহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে অবলম্বন করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

১০০. (৭) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে অবলম্বন করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে অবলম্বন করে অহেতুক স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

(৯) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে অবলম্বন করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

১০১. (১) সহেতুক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দুই প্রকার)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীলময় বিশুদ্ধ জীবন যাপন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। সহেতুক স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন

হয়। **সহজাত-অধিপতি :** সহেতুক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সহেতুক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সহেতুক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) সহেতুক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সহেতুক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) অহেতুক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ নির্বাণকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। তদ্ধেতু নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অহেতুক স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১০২. (১) সহেতুক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সহেতুক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনুলোম অনন্তর-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর প্রত্যয় হয়। অনুলোম অনন্তর-প্রত্যয়ের দ্বারা বিশুদ্ধির প্রত্যয় হয়। গোত্রভূ অনন্তর-প্রত্যয়ের দ্বারা মার্গের প্রত্যয় হয়। বিশুদ্ধি (পরিশুদ্ধিতার) অনন্তর-প্রত্যয়ের দ্বারা (লোকোত্তর) মার্গের প্রত্যয় হয়। মার্গ অনন্তর-প্রত্যয়ের দ্বারা ফলের প্রত্যয় হয়। (মার্গ) ফল অনন্তর-প্রত্যয়ের দ্বারা ফলের প্রত্যয় হয়। অনুলোম অনন্তর-প্রত্যয়ের দ্বারা ফল-সমাপত্তির প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি ধ্যান হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন অনন্তর-প্রত্যয়ের দ্বারা ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(২) সহেতুক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহের প্রত্যয় হয়। সহেতুক চ্যুতি-চিত্ত (জীবনের শেষ চিত্তক্ষণ) অনন্তর-প্রত্যয়ের দ্বারা অহেতুক প্রতিসন্ধি-চিত্তের (জীবনের প্রথম চিত্তক্ষণ) প্রত্যয় হয়। সহেতুক ভবাঙ্গ (ভবের অঙ্গ বা কারণ) অনন্তর-প্রত্যয়ের দ্বারা আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। সহেতুক-ভবাঙ্গ অনন্তর-প্রত্যয়ের দ্বারা অহেতুক-ভবাঙ্গের প্রত্যয় হয়। সহেতুক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা অহেতুক উত্থানের প্রত্যয় হয়।

(৩) সহেতুক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের প্রত্যয় হয়।

১০৩. (৪) অহেতুক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অহেতুক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী অহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা পঞ্চবিজ্ঞানের (চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা ও কায়-বিজ্ঞানের) প্রত্যয় হয়।

(৫) অহেতুক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অহেতুক-চ্যুতি-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা সহেতুক-প্রতিসন্ধি-চিত্তের প্রত্যয় হয়। অহেতুক-ভবাঙ্গ অনন্তর-প্রত্যয়ের দ্বারা সহেতুক-ভবাঙ্গের প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অহেতুক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা সহেতুক উত্থানের প্রত্যয় হয়।

(৬) অহেতুক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের প্রত্যয় হয়।

১০৪. (৭) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৮) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা অহেতুক উত্থানের প্রত্যয় হয়।

(৯) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং

অহেতুক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের প্রত্যয় হয়।

সহজাত-প্রত্যয় ইত্যাদি

১০৫. সহেতুক ধর্ম সহেতুক ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা (প্রতীত্যবারে সহজাত সদৃশ হবে, এখানে ঘটনা হয় না), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা (প্রতীত্যবার সদৃশ বিস্তার করণীয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা (প্রতীত্যবারে নিশ্রয়-প্রত্যয় সদৃশ হবে, এখানে ঘটনা হয় না) সহেতুক ধর্মের প্রত্যয় হয়।

উপনিশ্রয়-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১০৬. (১) সহেতুক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয়, প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃত উপনিশ্রয় :** সহেতুক স্কন্ধসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সহেতুক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** সহেতুক স্কন্ধসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অহেতুক স্কন্ধসমূহের এবং মোহের প্রত্যয় হয়।

(৩) সহেতুক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** সহেতুক স্কন্ধসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের প্রত্যয় হয়।

১০৭. (৪) অহেতুক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক (শারীরিক) সুখ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা কায়িক সুখের, কায়িক দুঃখের এবং মোহের প্রত্যয় হয়। (তদ্রূপভাবে) কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা কায়িক সুখের, কায়িক দুঃখের এবং মোহের প্রত্যয় হয়। মোহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা কায়িক সুখের, কায়িক দুঃখের এবং মোহের প্রত্যয় হয়। এই কারণবশত কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসন এবং মোহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা কায়িক সুখের, কায়িক দুঃখের এবং মোহের প্রত্যয় হয়।

(৫) অহেতুক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-

উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** (ব্যক্তি) কায়িক সুখকে উপনিশ্রয় করে (অর্থাৎ কায়িক সুখবশে) দান দেন... সংঘভেদ ঘটান। (তদ্রূপভাবে) কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসন, মোহকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ ঘটান। এই কারণে কায়িক সুখ... এবং মোহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধার... প্রজ্ঞার, রাগের... প্রার্থনার, মার্গের, ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৬) অহেতুক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক সুখ এবং মোহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের প্রত্যয় হয়।

১০৮. (৭) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৮) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অহেতুক স্কন্ধসমূহের এবং মোহের প্রত্যয় হয়।

(৯) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

১০৯. (১) অহেতুক ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দুই প্রকার)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ কিংবা পৃথ্‌গজনেরা) চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে অবলোকন করেন, একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনের আশু প্রতিক্রিয়া হিসেবে) অহেতুক বিপাক (কামাবচর বিপাক) তদালম্বনতা উৎপন্ন হয়। রূপ-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-

বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের, পূর্বজাত (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অহেতুক স্কন্ধসমূহের এবং মোহের প্রত্যয় হয়।

(২) অহেতুক ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে সহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) অহেতুক ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় ইত্যাদি

১১০. (১) সহেতুক ধর্ম পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত সহেতুক স্কন্ধসমূহ পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের (শরীরের) প্রত্যয় হয়।

(২) অহেতুক ধর্ম পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অহেতুক স্কন্ধসমূহ এবং মোহ পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

(৩) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

(১) সহেতুক ধর্ম আসেবন-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয় (অনন্তর সদৃশ হবে। আবর্তন-চিত্ত ও ভবাঙ্গ লাভ হয় না, আসেবন-প্রত্যয়ে নয়টি প্রশ্নই তা বর্জন করণীয়)।

কর্ম-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

১১১. (১) সহেতুক ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়।

(দ্বিবিধ কর্ম-প্রত্যয়)—সহজাত (কর্ম-প্রত্যয়) এবং নানাক্ষণিক (কর্ম-প্রত্যয়)। **সহজাত :** সহেতুক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** সহেতুক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সহেতুক বিপাক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সহেতুক ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** সহেতুক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** সহেতুক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সহেতুক বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) সহেতুক ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ কম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** সহেতুক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** সহেতুক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সহেতুক বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) অহেতুক ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। অহেতুক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধির সময়...।

বিপাক-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

১১২. (১) সহেতুক ধর্ম বিপাক-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। এক প্রকার সহেতুক বিপাক স্কন্ধ তিন প্রকার স্কন্ধের... দুই প্রকার স্কন্ধ... অপরদিকে প্রতিসন্ধির সময়...।

(২) সহেতুক ধর্ম বিপাক-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। সহেতুক বিপাক স্কন্ধসমূহ বিপাক-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধির সময়...।

(৩) সহেতুক ধর্ম বিপাক-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। এক প্রকার সহেতুক বিপাক স্কন্ধ বিপাক-প্রত্যয়ের দ্বারা তিন প্রকার স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়... দুই প্রকার স্কন্ধ... অপরদিকে প্রতিসন্ধির সময়...।

(৪) অহেতুক ধর্ম বিপাক-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। এক প্রকার অহেতুক বিপাক স্কন্ধ বিপাক-প্রত্যয়ের দ্বারা তিন প্রকার (অহেতুক) স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের... দুই প্রকার স্কন্ধ... অপরদিকে প্রতিসন্ধির সময়... স্কন্ধসমূহ বিপাক-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তুর প্রত্যয় হয়।

আহার-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

১১৩. (১) সহেতুক ধর্ম আহার-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়...।

(২) সহেতুক ধর্ম আহার-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়...।

(৩) সহেতুক ধর্ম আহার-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়...।

(৪) অহেতুক ধর্ম আহার-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। অহেতুক আহারসমূহ আহার-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়... অপরদিকে প্রতিসন্ধির সময়... কবলীকৃত আহার আহার-প্রত্যয়ের দ্বারা এই কায়ের (চারি মহাভৌতিক কায়ের) প্রত্যয় হয়।

ইন্দ্রিয়-প্রত্যয় ইত্যাদি

১১৪. (১-৩) সহেতুক ধর্ম ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪) অহেতুক ধর্ম ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। অহেতুক ইন্দ্রিয়সমূহ ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়... অপরদিকে প্রতিসন্ধির সময়... চক্ষু-ইন্দ্রিয় ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয়। শ্রোত্র-ইন্দ্রিয় ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা শ্রোত্র-বিজ্ঞানের প্রত্যয় হয়। ঘ্রাণ-ইন্দ্রিয় ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা ঘ্রাণ-বিজ্ঞানের প্রত্যয় হয়। জিহ্বা-ইন্দ্রিয় ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা জিহ্বা-বিজ্ঞানের প্রত্যয় হয়। কায়-ইন্দ্রিয় ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়। রূপ-জীবিত-ইন্দ্রিয় ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(১-৩) সহেতুক ধর্ম ধ্যান-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪) অহেতুক ধর্ম ধ্যান-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। অহেতুক ধ্যানাঙ্গসমূহ (ধ্যান চিত্ত গঠনের অন্যতম উপকরণভূত চৈতসিকসমূহ) ধ্যান-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়... প্রতিসন্ধির সময়...।

(১-৩) সহেতুক ধর্ম মার্গ-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(১) সহেতুক ধর্ম সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয় (প্রতীত্যবারে সম্প্রযুক্ত সদৃশ ছয়টি প্রশ্ন জানতে হবে)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

১১৫. (১) সহেতুক ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** সহেতুক স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে সহেতুক স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** সহেতুক স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

(২) অহেতুক ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অহেতুক স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অহেতুক স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তুর প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অহেতুক স্কন্ধসমূহ এবং মোহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অহেতুক স্কন্ধসমূহ এবং মোহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

(৩) অহেতুক ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৪) অহেতুক ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের প্রত্যয় হয়।

(৫) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১১৬. (১) সহেতুক ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। সহেতুক এক প্রকার স্কন্ধ অস্তি-প্রত্যয়ের দ্বারা তিন প্রকার স্কন্ধের... দুই প্রকার

স্কন্ধ... প্রতিসন্ধির সময়...।

(২) সহেতুক ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** সহেতুক স্কন্ধসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা মোহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধির সময়...। **পশ্চাজ্জাত :** সহেতুক স্কন্ধসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

(৩) সহেতুক ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। এক প্রকার সহেতুক স্কন্ধ অস্তি-প্রত্যয়ের দ্বারা তিন প্রকার স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ অস্তি-প্রত্যয়ের দ্বারা তিন প্রকার স্কন্ধের এবং মোহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়... দুই প্রকার স্কন্ধ... আবার প্রতিসন্ধির সময় সহেতুক...।

১১৭. (৪) অহেতুক ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পাঁচ প্রকার)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** এক প্রকার অহেতুক স্কন্ধ অস্তি-প্রত্যয়ের দ্বারা তিন প্রকার স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়... দুই প্রকার স্কন্ধ... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়)। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (কামলোকচিত্তে, কামজবনাবসানে, কামলোকস্থসত্ত্বগণের জন্য) অহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। রূপ-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের... চক্ষু-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা অহেতুক স্কন্ধসমূহ এবং মোহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অহেতুক স্কন্ধসমূহ এবং মোহ অস্তি-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়। **আহার :** কবলীকৃত আহার অস্তি-প্রত্যয়ের দ্বারা এই কায়ের প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপকায়ের জীবনীশক্তি) অস্তি-প্রত্যয়ের দ্বারা কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৫) অহেতুক ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ অস্তি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে সহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। দিব্যচক্ষুর মাধ্যমে রূপ দর্শন করেন, দিব্যকর্ণের মাধ্যমে শব্দ শ্রবণ করেন। (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৬) অহেতুক ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ অস্তি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের প্রত্যয় হয়।

১১৮. (৭) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহ অস্তি-প্রত্যয়ের দ্বারা তিন প্রকার স্কন্ধের প্রত্যয় হয়... দুই প্রকার স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে এক প্রকার সহেতুক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা তিন প্রকার স্কন্ধের প্রত্যয় হয়... দুই প্রকার স্কন্ধ এবং...। **সহজাত এবং পূর্বজাত :** এক প্রকার সহেতুক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা তিন প্রকার স্কন্ধের প্রত্যয় হয়... দুই প্রকার স্কন্ধ এবং...।

(৮) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। **সহজাত এবং পূর্বজাত :** বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা মোহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ অস্তি-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** সহেতুক স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার অস্তি-প্রত্যয়ের দ্বারা এই কায়ের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** সহেতুক স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় অস্তি-প্রত্যয়ের দ্বারা কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৯) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহ অস্তি-প্রত্যয়ের দ্বারা তিন প্রকার স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়...। **সহজাত এবং পূর্বজাত :** বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা তিন প্রকার স্কন্ধের এবং মোহের প্রত্যয় হয়... দুই প্রকার স্কন্ধ এবং...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১১৯. হেতুতে ছয়, আলম্বনে নয়, অধিপতিতে চার, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে চার, বিপাকে চার, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে তিন, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

১২০. (১) সহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা ... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়।

(২) সহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা ... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়।

(৩) সহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়।

১২১. (৪) অহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়।

(৫) অহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়।

(৬) অহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক

ধর্মের প্রত্যয় হয়।

১২২. (৭) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা... উপনিশ্রয় প্রত্যয় দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়।

(৮) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়।

(৯) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১২৩. না-হেতুতে নয়... (সর্বত্র নয়), না-অবিগতে নয়। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১২৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে ছয়, না-অধিপতিতে ছয়, না-অনন্তরে ছয়, না-সমনন্তরে ছয়, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে ছয়... না-মার্গে ছয়, না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে ছয়, না-বিগতে ছয়। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম]

৪. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

না-হেতুমূলক—দ্বিক

১২৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে চার, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে চার, বিপাকে চার, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে তিন, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[সহেতুকদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

৩. হেতু-সম্প্রযুক্তদ্বিক

১. প্রতীত্যবার—হেতু-প্রত্যয়

১২৬. (১) হেতু-সম্প্রযুক্ত[১] ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। হেতু-সম্প্রযুক্ত এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার (হেতু-সম্প্রযুক্ত) স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) হেতু-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু-বিপ্রযুক্ত[২] ধর্ম উৎপন্ন হয়। হেতু-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...। (সহেতুকদ্বিক সদৃশ হেতু-সম্প্রযুক্তদ্বিক বিস্তৃত করণীয়, নির্ণয় না-না-করণীয়)।

[হেতু-সম্প্রযুক্তদ্বিক (এখানে) সমাপ্ত]

৪. হেতু অথচ সহেতুকদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১২৭. (১) হেতু অথচ সহেতুক[৩] ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম উৎপন্ন হয়। অলোভকে প্রত্যয় করে অদ্বেষ ও অমোহ উৎপন্ন হয় (বার বার উচ্চারণের দ্বারা জানতে হবে)। লোভকে প্রত্যয় করে মোহ উৎপন্ন হয় (বার বার উচ্চারণের দ্বারা জানতে হবে)। প্রতিসন্ধিক্ষণে অলোভকে প্রত্যয় করে অদ্বেষ ও অমোহ উৎপন্ন হয় (বার বার উচ্চারণের দ্বারা জানতে হবে)।

(২) হেতু অথচ সহেতুক ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা সহেতুক অথচ না-হেতু[৪] ধর্ম উৎপন্ন হয়। হেতুকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) হেতু অথচ সহেতুক ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু অথচ

---

[১]। ৭১ প্রকার হেতু-সম্প্রযুক্ত চিত্ত, দুই মোহ চিত্তে মোহ ব্যতীত (৫২-১) = ৫১ প্রকার চৈতসিক হেতু-সম্প্রযুক্ত ধর্ম।

[২]। ১৮ প্রকার হেতু ব্যতীত চিত্ত, সর্বচিত্ত সাধারণ চৈতসিক ৭ এবং ৬ প্রকীর্ণ চৈতসিক (৭+৬) = ১৩ চৈতসিক, দুই মোহমূলক চিত্তে মোহ, ২৮ প্রকার রূপ ও নির্বাণ হেতু-বিপ্রযুক্ত ধর্ম।

[৩]। মোহমূলক চিত্তে মোহ ব্যতীত ৬ কুশল-অকুশলমূল হেতু অথচ সহেতুক ধর্ম।

[৪]। ৭১ প্রকার হেতু সম্প্রযুক্ত বা সহেতুক চিত্ত ৬ কুশল কুশলমূল ব্যতীত (৫২-৬) = ৪৬ প্রকার চৈতসিক সহেতুক অথচ না-হেতু ধর্ম।

সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। অলোভকে প্রত্যয় করে অদ্বেষ, অমোহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (শব্দ)-চক্র করতে হবে)। লোভকে প্রত্যয় করে মোহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)। প্রতিসন্ধিক্ষণে...।

১২৮. (৪) সহেতুক অথচ না-হেতু ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম উৎপন্ন হয়। সহেতুক অথচ না-হেতু এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার (সহেতুক অথচ না-হেতু) স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) সহেতুক অথচ না-হেতু ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম উৎপন্ন হয়। সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহকে প্রত্যয় করে হেতুসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৬) সহেতুক অথচ না-হেতু ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। সহেতুক অথচ না-হেতু এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং হেতু উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

১২৯. (৭) হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম উৎপন্ন হয়। অলোভ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে অদ্বেষ ও অমোহ উৎপন্ন হয় (শব্দ)-চক্রাকারে করতে হবে)। লোভ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে মোহ উৎপন্ন হয় (শব্দ)-চক্রাকারে করতে হবে)। প্রতিসন্ধিক্ষণে...।

(৮) হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম উৎপন্ন হয়। সহেতুক অথচ না-হেতু এক প্রকার স্কন্ধ এবং হেতুকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৯) হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। সহেতুক অথচ না-হেতু এক প্রকার স্কন্ধ এবং অলোভকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ, অদ্বেষ এবং অমোহ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...। (সংক্ষিপ্ত। অনুরূপভাবে বিস্তৃত করণীয়)

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৩০. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়... (সর্বত্র নয়), অবিগতে নয়। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-অধিপতি-প্রত্যয় ইত্যাদি

১৩১. (১) হেতু অথচ সহেতুক ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম উৎপন্ন হয়। অলোভকে ভিত্তি করে অদ্বেষ ও অমোহ উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)। প্রতিসন্ধিক্ষণে... (নয়টি প্রশ্ন পরিপূর্ণ করতে হবে), না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা... (নয়), না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... (নয়), না-আসেবন-প্রত্যয় দ্বারা... (নয়)।

না-কর্ম-প্রত্যয় ইত্যাদি

১৩২. (১) হেতু অথচ সহেতুক ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতুকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়।

(২) সহেতুক অথচ না-হেতু ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম উৎপন্ন হয়। সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়... না-বিপাক-প্রত্যয় দ্বারা... না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৩৩. না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-বিপ্রযুক্তে নয়। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১৩৪. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-বিপ্রযুক্তে নয়। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-অধিপতিমূলক—দ্বিক

১৩৫. না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতুতে নয়, আলম্বনে নয়, অনন্তরে নয়... অবিগতে নয়। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

১৩৬. (১) হেতু-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম হেতু অথচ সহেতুক ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা অলোভ অদ্বেষের ও অমোহের প্রত্যয় হয় (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) হেতু-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) হেতু-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা অলোভ অদ্বেষের, অমোহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। (বিস্তৃত করে জানতে হবে)।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১৩৭. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম হেতু অথচ সহেতুক ধর্মের প্রত্যয় হয়। হেতুকে ভিত্তি করে হেতুসমূহ উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। হেতুকে ভিত্তি করে সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। হেতুকে ভিত্তি করে হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। (পুণ্যাকাঙ্ক্ষী ব্যক্তি) দান দিয়ে, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করে তা স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে

তিনি যেসমস্ত পুণ্যময় সুকর্ম সম্পাদন করেছিলেন সেসমস্ত পুণ্যময় সুকর্মকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে অবলোকন করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা সহেতুক অথচ না-হেতু চিত্তসমন্বিত (অর্থাৎ ৭১ প্রকার সহেতুক অথচ না-হেতু চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আলম্বন-প্রত্যয়ের দ্বারা আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের (অন্যের চিত্তের অবস্থা সম্পর্কে জানার), পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের (পূর্বজন্ম সম্বন্ধে জানার), যথাকর্মোপগজ্ঞানের (জীবের জন্ম-মৃত্যু সম্বন্ধে জানার), অনাগতভবজ্ঞানের (পুনর্ভব সম্বন্ধে জানার) প্রত্যয় হয়।

(৫) আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম হেতু অথচ সহেতুক ধর্মের প্রত্যয় হয়। দান দেন... (সহেতুক অথচ না-হেতু প্রথম প্রশ্নে ন্যায় হবে, নির্ণয় না-না-করণীয়)।

(৬) আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম হেতু অথচ সহেতুক সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। দান দেন... (সহেতুক অথচ না-হেতু প্রথম প্রশ্নের ন্যায় হবে, নির্ণয় না-না-করণীয়)।

১৩৮. (৭) আলম্বন-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মসমূহ হেতু অথচ সহেতুক ধর্মের প্রত্যয় হয়। হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে হেতুসমূহ উৎপন্ন হয়।

(৮) আলম্বন-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মসমূহ সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) আলম্বন-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মসমূহ হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১৩৯. (১) অধিপতি-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম হেতু অথচ সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** হেতুকে গুরুত্ব দিয়ে হেতুসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক-অধিপতি সম্প্রযুক্ত হেতুসমূহের প্রত্যয় হয়।

(২) অধিপতি-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** হেতুকে গুরুত্ব দিয়ে সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) অধিপতি-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** হেতুকে গুরুত্ব দিয়ে হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং হেতুসমূহের প্রত্যয় হয়।

১৪০. (৪) অধিপতি-প্রত্যয়ের দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মসমূহকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা সহেতুক অথচ না-হেতু অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৫) অধিপতি-প্রত্যয়ের দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম হেতু অথচ সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে... (সহেতুক অথচ না-হেতু প্রথম গমনের ন্যায় জানতে হবে)। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা সহেতুক অথচ না-হেতু-অধিপতি সম্প্রযুক্ত হেতুসমূহের প্রত্যয় হয়।

(৬) অধিপতি-প্রত্যয়ের দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে... (প্রথম প্রশ্নের ন্যায় জানতে হবে)। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা সহেতুক অথচ না-হেতু-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং হেতুসমূহের প্রত্যয় হয়।

১৪১. (৭) অধিপতি-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মসমূহ হেতু অথচ সহেতুক ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে হেতুসমূহ উৎপন্ন হয়।

(৮) অধিপতি-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মসমূহ সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** হেতু এবং সহেতুক স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) অধিপতি-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মসমূহ হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** হেতু এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১৪২. (১) অনন্তর-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম হেতু অথচ সহেতুক ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ববর্তী পূর্ববর্তী হেতুসমূহ পরবর্তী পরবর্তী হেতুসমূহের প্রত্যয় হয়।

(২) অনন্তর-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ববর্তী পূর্ববর্তী হেতুসমূহ পরবর্তী পরবর্তী সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) অনন্তর-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ববর্তী পূর্ববর্তী হেতুসমূহ পরবর্তী পরবর্তী হেতুসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

১৪৩. (৪) অনন্তর-প্রত্যয়ের দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ববর্তী পূর্ববর্তী সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনুলোম (যা আনুপূর্বিক ও

পূর্বাপর) গোত্রভূর (যা পৃথ্‌গজনগোত্র পরাভূত করে)... অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনুলোম বিশুদ্ধির (বিশুদ্ধতার)... অনন্তর-প্রত্যয়ের দ্বারা নিরোধসমাপত্তি (নিরোধসমাধি) ধ্যান হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন (চতুর্থ অরূপাবচর ধ্যানচিত্ত) ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৫) অনন্তর-প্রত্যয়ের দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম হেতু অথচ সহেতুক ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ববর্তী পূর্ববর্তী সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী হেতুসমূহের প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... (সংক্ষিপ্ত)।

(৬) অনন্তর-প্রত্যয়ের দ্বারা সহেতুক অথচ না-হেতু ধর্ম হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ববর্তী পূর্ববর্তী সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী হেতুসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনুলোম গোত্রভূর...। (সহেতুক অথচ না-হেতুমূলক তিনও এক সদৃশ জানতে হবে)।

১৪৪. (৭) অনন্তর-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্ম হেতু অথচ সহেতুক ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ববর্তী পূর্ববর্তী হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী হেতুসমূহের প্রত্যয় হয়।

(৮) অনন্তর-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মসমূহ সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ববর্তী পূর্ববর্তী হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৯) অনন্তর-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মসমূহ হেতু অথচ সহেতুক এবং সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ববর্তী পূর্ববর্তী হেতুসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী হেতুসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

সহজাত-প্রত্যয় ইত্যাদি

১৪৫. সহজাত-প্রত্যয়ের দ্বারা, অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা, নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম হেতু অথচ সহেতুক ধর্মের প্রত্যয় হয় (এই তিন প্রত্যয়সমূহও প্রতীত্যবার হেতু সদৃশ জানতে হবে)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

১৪৬. (১) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম হেতু অথচ সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়,

অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা হেতুসমূহ হেতুসমূহের প্রত্যয় হয়।

(২) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা হেতু অথচ সহেতুক ধর্ম সহেতুক অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা হেতুসমূহ সহেতুক অথচ না-হেতু স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) সহজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

৮৮. (৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা ... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

(৫) সহজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

(৬) সহজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

৮৯. (৭) সহজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

(৮) সহজাত-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

(৯) সহজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯০. না-হেতুতে নয়... না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয়, না-সহজাতে চার, না-অন্যোন্যে নয়, না-নিশ্রয়ে চার, না-উপনিশ্রয়ে নয়, না-পূর্বজাতে নয়... না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে নয়, না-অস্তিতে চার, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়, না-অবিগতে নয়।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

হেতুমূলক—দ্বিক

৯১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন... না-অনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন... না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৯২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অধিপতিতে চার (অনুরূপভাবে মাতিকা (তালিকা) গণনা করতে হবে), অবিগতে নয়।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[সপ্রতিঘদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

১১. রূপীদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৯৩. (১) রূপী[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী ধর্ম উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত, তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত, দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত, মহাভূতকে ভিত্তি করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) রূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে অরূপী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) রূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী এবং অরূপী ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে অরূপী স্কন্ধসমূহ উৎপন্ন

---

[১]। রূপ : 'রূপী' বলতে রূপস্কন্ধই বুঝায়। √ রূপ ধাতু নিষ্পন্ন; যার অর্থ পরিবর্তন হওয়া, ধ্বংস হওয়া। ওটার মূলগত অর্থ হলো : 'সীতুণহাদিবসেন বণ্ণবিকারমপজ্জতী'তি রূপং' অর্থাৎ 'যা উষ্ণতা এবং শীতলতা ইত্যাদি দ্বারা পরিবর্তিত হয় তা-ই রূপ।' রূপ সাধারণ অর্থে জড় পদার্থ; লৌকিক অর্থে বর্ণ বা আকার; আভিধার্মিক অর্থে জড় পদার্থের গুণাবলিকে বুঝায়। বিভাবনীর টীকায় বলা হয়েছে : 'বণ্ণবিকারং আপজ্জমানা রূপায়িত হৃদযঙ্গভাব পকাসেতী'তি রূপং' অর্থাৎ 'বর্ণ বিকার প্রাপ্ত হয়ে যা প্রবর্তিত হয় এবং হৃদয়ে প্রবেশ করার অবস্থা প্রকাশ করে তা-ই রূপ।' অভিধর্মে ২৮ প্রকার রূপের ব্যাখ্যা করা হয়েছে।

হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

৯৪. (৪) অরূপী[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। একটি অরূপী স্কন্ধকে ভিত্তি করে তিনটি (অরূপী) স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) অরূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী ধর্ম উৎপন্ন হয়। অরূপী স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৬) অরূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী এবং অরূপী ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অরূপী স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

৯৫. (৭) রূপী এবং অরূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী ধর্ম উৎপন্ন হয়। অরূপী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৮) রূপী এবং অরূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি অরূপী স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৯) রূপী এবং অরূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী এবং অরূপী ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে অরূপী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... অরূপী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯৬. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে পাঁচ, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে এক, আসেবনে এক, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

---

[১]। ৮৯ প্রকার চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক ও নির্বাণ অরূপী (নিরাকার বা অশরীরী) ধর্ম।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

৯৭. (১) রূপী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা রূপী ধর্ম উৎপন্ন হয়...।

(২) রূপী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়...।

(৩) রূপী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা রূপী এবং অরূপী ধর্ম উৎপন্ন হয়...।

(৪) অরূপী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক অরূপী স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... সংশয়-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে সংশয়-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (না-হেতু প্রত্যয়ে নয়টি প্রশ্ন হবে, অহেতুক এই উপায়ে জানতে হবে)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯৮. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে দুই, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৯৯. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে এক, না-বিপাকে পাঁচ, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১০০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে এক, আসেবনে এক, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়,

মার্গে এক, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয়।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১০১. (১) রূপী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী ধর্ম উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (প্রতীত্যবার সদৃশ হবে)।

(২) রূপী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অরূপী স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) রূপী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী এবং অরূপী ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অরূপী স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে... (অনুরূপভাবে অবশিষ্ট প্রশ্নসমূহ জ্ঞাতব্য, প্রবর্তনকাল-প্রতিসন্ধিকাল বিভাজন করা উচিত)।

আলম্বন-প্রত্যয় (৩)

১০২. (১) রূপী ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান, শ্রোত্র-আয়তনকে আশ্রয় করে শ্রোত্র-বিজ্ঞান, ঘ্রাণ-আয়তনকে আশ্রয় করে ঘ্রাণ-বিজ্ঞান, জিহ্বা-আয়তনকে আশ্রয় করে জিহ্বা-বিজ্ঞান, কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অরূপী স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) অরূপী ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। একটি অরূপী স্কন্ধকে... দুটি স্কন্ধকে...।

(৩) রূপী এবং অরূপী ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। একটি চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... কায়-বিজ্ঞান-সহগত... অরূপী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১০৩. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন,

পূর্বজাতে তিন, আসেবনে তিন, কর্মে নয়... মার্গে নয়, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

১০৪. (১) রূপী ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা রূপী ধর্ম উৎপন্ন হয়। একটি মহাভূতকে... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(২) রূপী ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান, শ্রোত্র-আয়তনকে আশ্রয় করে শ্রোত্র-বিজ্ঞান, ঘ্রাণ-আয়তনকে আশ্রয় করে ঘ্রাণ-বিজ্ঞান, জিহ্বা-আয়তনকে আশ্রয় করে জিহ্বা-বিজ্ঞান, কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক অরূপী স্কন্ধসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সংশয়-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) রূপী ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা রূপী এবং অরূপী ধর্মসমূহ উৎপন্ন হয়। (প্রবর্তনকাল-প্রতিসন্ধি করতে হবে)।

১০৫. (৪) অরূপী ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক অরূপী স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... সংশয়-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে আশ্রয় করে সংশয়-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) অরূপী ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা রূপী ধর্ম উৎপন্ন হয়। অহেতুক অরূপী স্কন্ধসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৬) অরূপী ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা রূপী এবং অরূপী ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অহেতুক অরূপী স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

১০৬. (৭) রূপী এবং অরূপী ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা রূপী ধর্ম উৎপন্ন হয়। অহেতুক অরূপী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৮) রূপী এবং অরূপী ধর্মকে আশ্রয়ে করে না-হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। একটি চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... কায়-বিজ্ঞান-সহগত... একটি অরূপী স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... সংশয়-

সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সংশয়-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৯) রূপী এবং অরূপী ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা রূপী এবং অরূপী ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অহেতুক অরূপী স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... অরূপী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১০৭. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে চার, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১০৮. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত, সবক্ষেত্রে তদ্রূপভাবে করণীয়), না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১০৯. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন (সবক্ষেত্রে তদ্রূপভাবে করণীয়)... ধ্যানে নয়, মার্গে তিন... অবিগতে নয়।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

১১০. (১) অরূপী ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। একটি অরূপী স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...

প্রতিসন্ধিক্ষণে...।

(অনুলোম গণনায়)—হেতুতে এক... অবিগতে এক। (অনুরূপভাবে প্রতিলোমাদি গণনার ন্যায় সম্প্রযুক্ত বারেও সবক্ষেত্রে করা উচিত। একটি প্রশ্ন হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

১১১. (১) অরূপী ধর্ম অরূপী ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরূপী হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

(২) অরূপী ধর্ম রূপী ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরূপী হেতুসমূহ চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

(৩) অরূপী ধর্ম রূপী এবং অরূপী ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরূপী হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (২)

১১২. (১) রূপী ধর্ম অরূপী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (শৈক্ষ্যগণ বা প্রাকৃতজনেরা) চক্ষু, (হৃদয়) বাস্তু, স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষ-ইন্দ্রিয়, জীবিত-ইন্দ্রিয়, আপ-ধাতু, কবলীকৃত আহারকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপী স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১১৩. (২) অরূপী ধর্ম অরূপী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি) দান করেন, শীল পালনে নিয়োজিত থাকেন, উপোসথকর্ম সম্পাদন করেন। অতঃপর একে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যেসমস্ত সুকর্ম সম্পাদন করেছিলেন সেসমস্ত সুকর্মসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন।

নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অভ্যস্ত ক্লেশসমূহকে জানেন, অরূপী স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়, চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা অরূপী চিত্তসমন্বিত (৮৯ প্রকার চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন, আকাশ-অনন্ত-আয়তন... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... অরূপী স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৪)

১১৪. (১) রূপী ধর্ম অরূপী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** চক্ষুকে... কবলীকৃত আহারকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এটির ফলে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপ্নন হয়।

(২) অরূপী ধর্ম অরূপী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... (সংক্ষিপ্ত) নির্বাণ মার্গের এবং ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরূপী স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন... রাগ উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। **সহজাত-অধিপতি :** অরূপী-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অরূপী ধর্ম রূপী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অরূপী-অধিপতি চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অরূপী ধর্ম রূপী এবং অরূপী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অরূপী-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয়াদি

১১৫. (১) অরূপী ধর্ম অরূপী ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অরূপী স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অরূপী স্কন্ধসমূহের... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সহজাত-প্রত্যয়ে সাত, এখানে ঘটনা নেই। অন্যোন্য-প্রত্যয়ে ছয়, নিশ্রয়-প্রত্যয়ে সাতটি প্রশ্ন, এখানে ঘটনা নাই)।

উপনিশ্রয়-প্রত্যয় (২)

১১৬. (১) রূপী ধর্ম অরূপী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। সেই কারণে ঋতু, ভোজন, শয্যাসন শ্রদ্ধার... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অরূপী ধর্ম অরূপী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... (তদ্রূপভাবে) শীল... কায়িক দুঃখকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। শ্রদ্ধা... কায়িক দুঃখ... শ্রদ্ধার... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (১)

১১৭. (১) রূপী ধর্ম অরূপী ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষুকে... (হৃদয়) বাস্তু... কবলীকৃত আহারকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু অরূপী স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (১)

১১৮. (১) অরূপী ধর্ম রূপী ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অরূপী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (১)

১১৮. (১) অরূপী ধর্ম অরূপী ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অরূপী স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অরূপী স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কর্ম-প্রত্যয় (৩)

১২০. (১) অরূপী ধর্ম অরূপী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অরূপী চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** অরূপী চেতনা বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অরূপী ধর্ম রূপী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অরূপী চেতনা চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** অরূপী চেতনা কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অরূপী ধর্ম রূপী এবং অরূপী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অরূপী চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** অরূপী চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (৩), আহার-প্রত্যয় (৪)

১২১. (১) অরূপী ধর্ম অরূপী ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(২) অরূপী ধর্ম রূপী ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৩) অরূপী ধর্ম রূপী এবং অরূপী ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(১) রূপী ধর্ম রূপী ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কবলীকৃত আহার এই কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২-৪) অরূপী ধর্ম অরূপী ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

ইন্দ্রিয়-প্রত্যয় (৬)

১২২. (১) রূপী ধর্ম রূপী ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) রূপী ধর্ম অরূপী ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-ইন্দ্রিয়... কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩-৫) অরূপী ধর্ম অরূপী ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৬) রূপী এবং অরূপী ধর্মসমূহ অরূপী ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-ইন্দ্রিয় এবং চক্ষু-বিজ্ঞান চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-ইন্দ্রিয় এবং...।

ধ্যান-প্রত্যয়াদি

১২৩. অরূপী ধর্ম অরূপী ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (২)

১২৪. (১) রূপী ধর্ম অরূপী ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু অরূপী স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু অরূপী স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অরূপী ধর্ম রূপী ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অরূপী স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অরূপী স্কন্ধসমূহ কর্মজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরূপী স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অরূপী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয়াদি

১২৫. (১) রূপী ধর্ম রূপী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ অস্তি)—সহজাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)। **আহার :** কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) রূপী ধর্ম অরূপী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু অরূপী স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষুকে... কবলীকৃত আহারকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু অরূপী স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১২৬. (৩) অরূপী ধর্ম অরূপী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরূপী একটি স্কন্ধ তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে...।

(৪) অরূপী ধর্ম রূপী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অরূপী স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত :** অরূপী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অরূপী ধর্ম রূপী এবং অরূপী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অরূপী একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে...।

১২৭. (৬) রূপী এবং অরূপী ধর্মসমূহ রূপী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অরূপী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত এবং আহার :** অরূপী স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** অরূপী স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) রূপী এবং অরূপী ধর্মসমূহ অরূপী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** একটি চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধ এবং চক্ষু-আয়তন তিনটি স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... কায়-বিজ্ঞান-সহগত... অরূপী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে অরূপী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ এবং...। নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১২৮. হেতুতে তিন, আলম্বনে দুই, অধিপতিতে চার, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে সাত, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে এক, পশ্চাজ্জাতে এক, আসেবনে এক, কর্মে তিন, বিপাকে তিন, আহারে চার, ইন্দ্রিয়ে ছয়, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে দুই, অস্তিতে সাত, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে সাত।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৭)

১২৯. (১) রূপী ধর্ম রূপী ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) রূপী ধর্ম অরূপী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অরূপী ধর্ম অরূপী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...

সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়েরর দ্বারা প্রত্যয় হয়।

(৪) অরূপী ধর্ম রূপী ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অরূপী ধর্ম রূপী এবং অরূপী ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) রূপী এবং অরূপী ধর্মসমূহ রূপী ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

(৭) রূপী এবং অরূপী ধর্মসমূহ অরূপী ধর্মের সহজাত, পূর্বজাত।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৩০. না-হেতুতে সাত, না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে সাত, না-সমনন্তরে সাত, না-সহজাতে ছয়, না-অন্যোন্যে ছয়, না-নিশ্রয়ে ছয়, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে সাত... না-মার্গে সাত, না-সম্প্রযুক্তে ছয়, না-বিপ্রযুক্তে পাঁচ, না-অস্তিতে চার, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে চার।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১৩১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে এক, না-উপনিশ্রয়ে তিন (সবক্ষেত্রে তিন), না-সম্প্রযুক্তে এক, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১৩২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অধিপতিতে চার (অনুলোম মাতিকা (তালিকা) করতে হবে), অবিগতে সাত।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[রূপীদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

১২. লৌকিকদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

১৩৩. (১) লৌকিক[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা লৌকিক ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনসময়ে) একটি লৌকিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি (লৌকিক) স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহের ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

১৩৪. (২) লোকোত্তর[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা লোকোত্তর ধর্ম উৎপন্ন হয়। একটি লোকোত্তর স্কন্ধকে ভিত্তি করে তিনটি (লোকোত্তর) স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৩) লোকোত্তর ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা লৌকিক ধর্ম উৎপন্ন হয়। লোকোত্তর স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৪) লোকোত্তর ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা লৌকিক এবং লোকোত্তর ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি লোকোত্তর স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে...।

(৫) লৌকিক এবং লোকোত্তর ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা লৌকিক

---

[১]। ৮১ প্রকার লৌকিক চিত্ত, ৫২ প্রকার চৈতসিক ও ২৮ প্রকার রূপ লৌকিক ধর্ম। কামাবচর, রূপাবচর, অরূপাবচর-চিত্তের সাধারণ নাম লৌকিক চিত্ত। কারণ এরা সংস্কার ও বর্হিজগতের (লোকের) প্রভাবে প্রভাবান্বিত আলম্বন গ্রহণে উৎপন্ন হয়। কামাবচর, রূপাবচর ও অরূপাবচর এই তিন ভূমির কুশল কর্ম চ্যুতি-প্রতিসন্ধির আকারে অনিত্য ও অনিশ্চিত জীবন প্রবাহকে দীর্ঘ করে থাকে। কারণ, কুশল কর্ম বলে এটি জন্ম-মরণশীল জীবন সঞ্চয়। ত্রিলোকের অন্তর্গত বলে এক লৌকিক ধর্ম বলে। তন্মধ্যে রূপাবচর চিত্ত ও অরূপাবচর চিত্ত ধ্যান চিত্ত।

[২]। ৮ প্রকার লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ প্রকার চৈতসিক ও নির্বাণ লোকোত্তর ধর্ম। লোক + উত্তর = লোকোত্তর। এক্ষেত্রে 'লোক' হলো পঞ্চস্কন্ধ এবং উত্তর অর্থ ঊর্ধ, অতীত বা দূরে অথবা উত্তরণ করে। এই লোকোত্তর চিত্ত ব্যক্তিকে ত্রিলোকের নাম-রূপ থেকে উত্তোলন বা ঊর্ধ্বে উত্তোলন করে। লোকোত্তর কিন্তু জন্ম-মরণশীল জীবন সঞ্চয়ের অপচয় করে, অর্থাৎ পৌনঃপুনিক জন্ম-মৃত্যুকে নিরোধ করে। কামাবচর চিত্ত উপাচার সমাধির মধ্য দিয়ে যেই প্রণালিতে রূপাবচর ধ্যান চিত্তে উন্নীত হয়, সেই প্রণালিতেই এটি লোকোত্তর মার্গ-চিত্তে বা ফল-চিত্তে উন্নীত হয়। সুতরা এটিও ধ্যান চিত্ত। ত্রিলোকের প্রভান্বিত আলম্বন পরিত্যাগ করে চিত্ত যখন নির্বাণকে আলম্বন করে উৎপন্ন হয় তখন এটি লোকোত্তর চিত্ত। মার্গ ও ফলভেদে লোকোত্তর চিত্ত দ্বিবিধ।

ধর্ম উৎপন্ন হয়। লোকোত্তর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৩৫. হেতুতে পাঁচ, আলম্বনে দুই, অধিপতিতে পাঁচ, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে দুই, কর্মে পাঁচ, বিপাকে পাঁচ, আহারে পাঁচ, ইন্দ্রিয়ে পাঁচ, ধ্যানে পাঁচ, মার্গে পাঁচ, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে পাঁচ, নাস্তিতে দুই, বিগতে দুই, অবিগতে পাঁচ।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

১৩৬. (১) লৌকিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা লৌকিক ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক লৌকিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত পাঠ করতে হবে) সংশয়-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে সংশয়-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৩৭. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে দুই, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ (না-আসেবনমূলক লোকোত্তরে কেবল বিপাক এই উপায়ে জ্ঞাতব্য, অবশিষ্টগুলো অনুরূপভাবে জ্ঞাতব্য), না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১৩৮. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে দুই (না-অনন্তরপদাদি প্রতিলোম সদৃশ জ্ঞাতব্য)... না-বিপাকে পাঁচ, না-সম্প্রযুক্তে তিন,

না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১৩৯. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক... অবিগতে এক।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ সুতরাং সহজাতবার প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১৪০. (১) লৌকিক ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা লৌকিক ধর্ম উৎপন্ন হয়। একটি লৌকিক স্কন্ধকে নির্ভর করে... একটি মহাভূতকে... মহাভূতসমূহকে নির্ভর করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে লৌকিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) লৌকিক ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা লোকোত্তর ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে লোকোত্তর স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) লৌকিক ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা লৌকিক এবং লোকোত্তর ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে লোকোত্তর স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে নির্ভর করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

১৪১. (৪) লোকোত্তর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা লোকোত্তর ধর্ম উৎপন্ন হয়...।

(৫) লোকোত্তর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা লৌকিক ধর্ম উৎপন্ন হয়...।

(৬) লোকোত্তর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা লৌকিক এবং লোকোত্তর ধর্ম উৎপন্ন হয়...।

(৭) লৌকিক এবং লোকোত্তর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা লৌকিক ধর্ম উৎপন্ন হয়। লোকোত্তর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে নির্ভর করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৮) লৌকিক এবং লোকোত্তর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা লোকোত্তর ধর্ম উৎপন্ন হয়। একটি লোকোত্তর স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৯) লৌকিক এবং লোকোত্তর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা লৌকিক এবং লোকোত্তর ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি লোকোত্তর স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... লোকোত্তর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে নির্ভর করে চিত্তজ-রূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৪২. হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে নয়, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে নয়, অন্যোন্যে চার, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে চার, আসেবনে চার, কর্মে নয়, বিপাকে নয়... মার্গে নয়, সম্প্রযুক্তে চার, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

২. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

১৪৩. (১) লৌকিক ধর্মকে নির্ভর করে না-হেতু-প্রত্যয় দ্বারা লৌকিক ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক লৌকিক স্কন্ধকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়) চক্ষু-আয়তনকে নির্ভর করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে নির্ভর করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অহেতুক লৌকিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। সংশয়-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে সংশয়-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৪৪. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে চার, না-অনন্তরে তিন... না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয় (লোকোত্তরে অরূপ বিপাক প্রদর্শন করতে হবে), না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১৪৫. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে চার, না-অনন্তরে তিন (না-সমনন্তরপদাদি প্রতিলোম সদৃশ জানতে হবে), না-বিপাকে

নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১৪৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক... অবিগতে এক।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (২)

১৪৭. (১) লৌকিক ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা লৌকিক ধর্ম উৎপন্ন হয়। একটি লৌকিক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) লোকোত্তর ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা লোকোত্তর ধর্ম উৎপন্ন হয়। একটি লোকোত্তর স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...। (সংশ্লিষ্টবার অনুরূপভাবে বিস্তৃত করতে হবে, গণনাসহ দুটি প্রশ্ন করণীয়)।

৬. সম্প্রযুক্তবার

(সম্প্রযুক্তবার সংশ্লিষ্টবার সদৃশ জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

১৪৮. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। লৌকিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

(২) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৩) লোকোত্তর ধর্ম লৌকিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৪) লোকোত্তর ধর্ম লৌকিক এবং লোকোত্তর ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

আলম্বন-প্রত্যয় (৩)

১৪৯. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি) দান করেন, শীল পালনে নিয়োজিত থাকেন, উপোসথকর্ম করেন।

অতঃপর একে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যকর্মসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ গোত্রভূকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যেসমস্ত ক্লেশতে আসক্ত ছিলেন তা বিদ্যমান আছে কিনা স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, লৌকিক স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন, চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা লৌকিক চিত্তসম্পন্ন (৮১ প্রকার লোকীয় চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। লৌকিক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৫০. (২) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নির্বাণ মার্গের, ফলের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) লোকোত্তর ধর্ম লৌকিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা লোকোত্তর চিত্তসম্পন্ন (৮ প্রকার লোকোত্তর চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন, লোকোত্তর স্কন্ধসমূহ চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৪)

১৫১. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দেন, শীল পালনে নিয়োজিত থাকেন, উপোসথকর্ম করেন। অতঃপর একে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত পুণ্যকর্মসমূহকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, শৈক্ষ্যগণ (শিক্ষাব্রতী বা শিশিক্ষু) গোত্রভূকে

গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে, লৌকিক স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন। একে গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** লৌকিক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৫২. (২) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** নির্বাণ মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** লোকোত্তর-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) লোকোত্তর ধর্ম লৌকিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** লোকোত্তর-অধিপতি চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) লোকোত্তর ধর্ম লৌকিক এবং লোকোত্তর ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** লোকোত্তর-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয় (৪)

১৫৩. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব লৌকিক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী লৌকিক স্কন্ধসমূহের... অনুলোম গোত্রভূর, অনুলোম বিশুদ্ধির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) লৌকিক ধর্ম লোকোত্তর ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের, বিশুদ্ধি মার্গের, অনুলোম ফল-সমাপত্তির, নিরোধসমাপত্তি ধ্যান হতে উত্থানরত ধ্যানীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৫৪. (৩) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব লোকোত্তর স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী লোকোত্তর স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফলের, ফল ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) লোকোত্তর ধর্ম লৌকিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল

উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয়াদি

১৫৫. লৌকিক ধর্ম লৌকিক ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (পাঁচটি প্রশ্ন হবে, ঘটনা লাভ হয় না)... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

উপনিশ্রয়-প্রত্যয় (৪)

১৫৬. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** লৌকিক শ্রদ্ধাকে (কর্ম ও কর্মফল এবং ইহকাল-পরকাল বিশ্বাসই লৌকিক শ্রদ্ধা) উপনিশ্রয় করে দান দেন... বিদর্শন-জ্ঞান উৎপন্ন করেন, অভিজ্ঞা উৎপন্ন করেন, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) লৌকিক শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। লৌকিক শ্রদ্ধা... শয্যাসন লৌকিক শ্রদ্ধার... কায়িক দুঃখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল-অকুশল কর্ম (কুশল-অকুশল) বিপাকের (ফলাফলের) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) লৌকিক ধর্ম লোকোত্তর ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় দ্বিবিধ)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গের (স্রোতাপত্তির) পরিকর্ম (ধ্যান-চিত্ত উৎপত্তির পূর্বাবস্থা বা প্রস্তুতি) প্রথম মার্গের (স্রোতাপত্তির) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বিতীয় মার্গের (সকৃদাগামীর) পরিকর্ম দ্বিতীয় মার্গের (সকৃদাগামীর) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তৃতীয় মার্গের (অনাগামীর) পরিকর্ম তৃতীয় মার্গের (অনাগামীর) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) পরিকর্ম চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৫৭. (৩) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ (স্রোতাপত্তির) দ্বিতীয় মার্গের (সকৃদাগামীর) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বিতীয় মার্গ (সকৃদাগামীর) তৃতীয় মার্গের (অনাগামীর) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তৃতীয় মার্গ (অনাগামীর) চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) লোকোত্তর ধর্ম লৌকিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আর্যগণ মার্গ-জ্ঞানকে উপনিশ্রয় করে অনুৎপন্ন সমাপত্তি-ধ্যান উৎপন্ন করে, উৎপন্ন (সমাপত্তি-ধ্যানে) অধিষ্ঠিত থাকেন, সমস্ত সংস্কারকে অনিত্য, দুঃখ, অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে অবলোকন করেন, আর্যগণের মার্গ-জ্ঞান অর্থ-প্রতিসম্ভিদার (অর্থের বিশ্লেষণাত্মক জ্ঞানের), ধর্ম-প্রতিসম্ভিদার (ধর্মের বিশ্লেষণাত্মক জ্ঞানের), নিরুক্তি-প্রতিসম্ভিদার (ভাষার বিশ্লেষণাত্মক জ্ঞানের), প্রতিভান-প্রতিসম্ভিদার (বিভিন্ন বিষয় সম্বন্ধে বিশ্লেষণাত্মক জ্ঞানের), দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল-সমাপত্তি কায়িক সুখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (২)

১৫৮. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ, অনাত্মাকারে বিশেষভাবে অবলোকন করেন... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু লৌকিক স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) লৌকিক ধর্ম লোকোত্তর ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু লোকোত্তর স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (২)

১৫৯. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত লৌকিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) লোকোত্তর ধর্ম লৌকিক ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত লোকোত্তর স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (২)

১৬০. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী লৌকিক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী লৌকিক স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর (আর্যগোত্রে উৎপত্তির পূর্বক্ষণ), অনুলোম বিশুদ্ধির (মার্গচিত্ত উৎপত্তির বিশুদ্ধিতার) আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) লৌকিক ধর্ম লোকোত্তর ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের, বিশুদ্ধি মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কর্ম-প্রত্যয় (৪)

১৬১. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** লৌকিক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** লৌকিক চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** লোকোত্তর চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** লোকোত্তর চেতনা বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) লোকোত্তর ধর্ম লৌকিক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। লোকোত্তর চেতনা চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) লোকোত্তর ধর্ম লৌকিক এবং লোকোত্তর ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। লোকোত্তর চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (৪)

১৬২. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি লৌকিক বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে...।

(২-৪) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

আহার-প্রত্যয় (৪)

১৬৩. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। লৌকিক আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের আহার-

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... কবলীকৃত আহার এই কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২-৪) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

ইন্দ্রিয়-প্রত্যয় (৪)

১৬৪. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতিসন্ধি করণীয়)। চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের... কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের, রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২-৪) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

ধ্যান-প্রত্যয়াদি

১৬৫. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), (১-৩) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), (১-৩) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), (১-৩) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৩)

১৬৬. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** লৌকিক স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর, (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায় বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু লৌকিক স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** লৌকিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) লৌকিক ধর্ম লোকোত্তর ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু লোকোত্তর স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) লোকোত্তর ধর্ম লৌকিক ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** লোকোত্তর স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** লোকোত্তর স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয়াদি

১৬৭. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** একটি লৌকিক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে... (পূর্বজাত-প্রত্যয় সদৃশ করণীয়)। (হৃদয়) বাস্তু লৌকিক স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** লৌকিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) লৌকিক ধর্ম লোকোত্তর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু লোকোত্তর স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৬৮. (৩) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি লোকোত্তর স্কন্ধ তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

(৪) লোকোত্তর ধর্ম লৌকিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** লোকোত্তর স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** লোকোত্তর স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) লোকোত্তর ধর্ম লৌকিক এবং লোকোত্তর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি লোকোত্তর স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

১৬৯. (৬) লৌকিক এবং লোকোত্তর ধর্মসমূহ লৌকিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** লোকোত্তর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** লোকোত্তর স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** লোকোত্তর স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) লৌকিক এবং লোকোত্তর ধর্মসমূহ লোকোত্তর ধর্মের অস্তি-প্রত্যয়ের

দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত এবং পশ্চাজ্জাত :** লোকোত্তর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৭০. হেতুতে চার, আলম্বনে তিন, অধিপতিতে চার, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে দুই, কর্মে চার, বিপাকে চার, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে সাত।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৭)

১৭১. (১) লৌকিক ধর্ম লৌকিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) লৌকিক ধর্ম লোকোত্তর ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৭২. (৩) লোকোত্তর ধর্ম লোকোত্তর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) লোকোত্তর ধর্ম লৌকিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) লোকোত্তর ধর্ম লৌকিক এবং লোকোত্তর ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) লৌকিক এবং লোকোত্তর ধর্মসমূহ লৌকিক ধর্মের সহজাত... পশ্চাজ্জাত... আহার... ইন্দ্রিয়।

(৭) লৌকিক এবং লোকোত্তর ধর্মসমূহ লোকোত্তর ধর্মের সহজাত... পূর্বজাত।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬৬. (১) আসব-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৪) আসব-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত

ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-বিপ্রযুক্ত স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে আশ্রয় করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৌর্মনস্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৬৭. (৭) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... একটি দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৮) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৌর্মনস্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৯) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি আসব-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন

হয়। একটি দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ... একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং মোহ... দুটি স্কন্ধ...।

আলম্বন-প্রত্যয়াদি

৬৮. (১-৩) আসব-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (তিন) (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৪) আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-বিপ্রযুক্ত স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধির সময়... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তন আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত এবং সংশয়-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৬৯. (৭) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ...।

(৮) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৯) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং মোহ... দুটি স্কন্ধ... অধিপতি-প্রত্যয় দ্বারা...

অনন্তর-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৭০. হেতুতে নয়, আলম্বনে নয় (সবক্ষেত্রে নয়), কর্মে নয়, বিপাকে এক... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৩)

৭১. (১) আসব-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে আশ্রয় করে সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক (হেতু-প্রত্যয় বিরহিত) আসব-বিপ্রযুক্ত স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধি গ্রহণকালে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত হবে) চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৭২. না-হেতুতে তিন, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন (অনুরূপভাবে অপর দুটিও গণনা করতে হবে)।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ পঠিতব্য)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

৭৩. (১) আসব-সম্প্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে ছয়, অধিপতিতে ছয় (সবক্ষেত্রে ছয়), বিপাকে এক... অবিগতে ছয়।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) আসব-বিপ্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়...।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে দুই, না-অধিপতিতে ছয়, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে ছয়, না-আসেবনে ছয়, না-কর্মে চার, না-বিপাকে ছয়, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে ছয় (অনুরূপভাবে অপর দুটিও গণনা করতে হবে)।

৬. সম্প্রযুক্তবার

(সম্প্রযুক্তবার সংশ্লিষ্টবার সদৃশ পঠিতব্য)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৭৪. (১) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত হেতুসমূহ চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বেষ মোহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বেষ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং মোহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৫. (৪) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-বিপ্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৬. (৭) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বেষ এবং মোহ আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বেষ এবং মোহ চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বেষ এবং মোহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

৭৭. (১) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৭৮. (৪) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা

প্রত্যয় হয়। দান দিয়ে, শীল অনুশীলন করে, উপোসথকর্ম সম্পাদন করে এটিকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত পুণ্যকর্মসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গকে হতে উত্থানপূর্বক মার্গকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ আসব-বিপ্রযুক্ত এমন বিদূরিত ক্লেশসমূহকে (লোভ, দৃষ্টি, মোহ ব্যতীত অপর ৭ ক্লেশকে) স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অবিদূরিত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অভ্যস্ত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ, অনাত্মদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দেখেন। (এখানে আস্বাদনসমূহ লাভ হয় না) দিব্যচক্ষুর মাধ্যমে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের মাধ্যমে শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা আসব-বিপ্রযুক্ত চিত্তসম্পন্ন (২১ কুশলচিত্ত, ৩৬ বিপাকচিত্ত, ২০ ক্রিয়া চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের, মোহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল অনুশীলন করে, উপোসথকর্ম সম্পাদন করে একে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। সেই কারণে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যকর্মসমূহকে... ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকে... চক্ষু... (হৃদয়) বাস্তু, আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। সেই কারণে (আস্বাদনকারীর) রাগ, (নিত্য, সুখ, শুভ, আত্মা ধারণাকারীর) মিথ্যাদৃষ্টি, (অনুতাপকারীর) দৌর্মনস্য, (সন্ধিগ্ধব্যক্তির) বিচিকিৎসা, (চিত্তবিক্ষেপকারীর) ঔদ্ধত্য উৎপন্ন হয়।

(৬) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৭৯. (৭) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত

ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে ভিত্তি করে আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে ভিত্তি করে আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

(৯) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে ভিত্তি করে দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৫)

৮০. (১) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** আসব-সম্প্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** আসব-সম্প্রযুক্ত-অধিপতি চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত-অধিপতি মোহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** আসব-সম্প্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮১. (৪) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একেই গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যকর্মসমূহকে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ

গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** আসব-বিপ্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একে গুরুত্ব সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। সেই কারণে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যকর্মসমূহকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। সেই কারণে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (৯)

৮২. (১) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের পরবর্তী পরবর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৩. (৪) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ পরবর্তী পরবর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা

প্রত্যয় হয়। পূর্ব পূর্ব দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ পরবর্তী পরবর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ পরবর্তী পরবর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৪. (৭) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পরবর্তী পরবর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পরবর্তী পরবর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পরবর্তী পরবর্তী দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয়াদি

৮৫. (১-৯) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অন্যোন্যে প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

৮৬. (১) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের

দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৭. (৪) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... (তদ্রূপভাবে) শীল... প্রজ্ঞা... কায়িক সুখ... শয্যাসন... মোহকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। এই কারণে শ্রদ্ধা... প্রজ্ঞা... কায়িক সুখ, কায়িক দুঃখ এবং মোহ শ্রদ্ধার... এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল... প্রজ্ঞা... কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসন, মোহকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এই কারণবশত শ্রদ্ধা... এবং মোহ রাগের... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধা... শীল... মোহ দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৮. (৭) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-

উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়... **প্রকৃতি-উপনিশ্রয় :** দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (৩)

৮৯. (১) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ বা প্রাকৃতজনেরা) চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ, অনাত্মাদৃষ্টিতে প্রকৃষ্টরূপে অবলোকন করেন। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের এবং মোহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য একে নির্ভর করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে

দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩)

৯০. (১) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং মোহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-বিপ্রযুক্ত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (৯)

৯১. (১-৯) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (আবর্তন-চিত্ত ও উত্থান নেই)।

কর্ম-প্রত্যয় (৪)

৯২. (১) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** আসব-সম্প্রযুক্ত চেতনা চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত চেতনা মোহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** আসব-সম্প্রযুক্ত চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, মোহের এবং চিত্তজ-

রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** আসব-বিপ্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** আসব-বিপ্রযুক্ত চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (১)

৯৩. (১) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)।

আহার-প্রত্যয় (৪)

৯৪. (১) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত আহারসমূহ (পরিপোষকসমূহ) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত আহারসমূহ চিত্তজ-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত আহারসমূহ মোহের এবং চিত্তজ-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, মোহের এবং চিত্তজ-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৯৫. (৪) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-বিপ্রযুক্ত আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... কবলীকৃত আহার এই কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ইন্দ্রিয়-প্রত্যয়াদি

৯৬. (১-৪) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...

(ছয়)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৯৭. (১) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত। অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

৯৮. (৩) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের, মোহের এবং বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-বিপ্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (৯)

৯৯. (১) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ চিত্তজসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ মোহের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সহজাত সদৃশ জ্ঞাতব্য)।

১০০. (৪) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পাঁচ প্রকার)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত, অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। সেই কারণে রাগ, মিথ্যাদৃষ্টি, সংশয়, ঔদ্ধত্য, দৌর্মনস্য (মানসিক নিরানন্দতা) উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

১০১. (৭) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** আসব-সম্প্রযুক্ত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত একটি স্কন্ধ এবং মোহ তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং...।

(৮) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়।

সহজাত : আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু মোহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের

দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত একটি স্কন্ধ এবং মোহ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...। **সহজাত এবং পূর্বজাত :** দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের এবং মোহের... দুটি স্কন্ধ এবং...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১০২. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে পাঁচ, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে চার, বিপাকে এক, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

১০৩. (১) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১০৪. (৪) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) আসব-বিপ্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১০৫. (৭) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১০৬. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয় (সবক্ষেত্রে নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১০৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়... না-সমনন্তরে নয়, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে নয়... না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১০৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে পাঁচ... অবিগতে নয়।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[আসব-সম্প্রযুক্তদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

১৭. আসব অথচ সাসবদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১০৯. (১) আসব অথচ সাসব[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব অথচ সাসব ধর্ম উৎপন্ন হয়। কাম-আসবকে (ইন্দ্রিয়পরায়ণতা, ভোগানুসক্তি, কামুকতা) ভিত্তি করে দৃষ্টি-আসব (পঞ্চস্কন্ধকে নিত্য, সুখ, শুভ, আত্মামূলক আসক্তি) ও অবিদ্যা-আসব (চারি আর্যসত্যজনিত জ্ঞানাভাব) উৎপন্ন হয় (চক্রের আকারে করতে হবে)। ভব-আসবকে (পুনর্বার জন্মগ্রহণের জন্য অনুরাগ) ভিত্তি করে অবিদ্যা-আসব উৎপন্ন হয় (চক্রের আকারে করতে হবে)। দৃষ্টি-আসবকে ভিত্তি করে অবিদ্যা-আসব উৎপন্ন হয়।

(২) আসব অথচ সাসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সাসব অথচ না-আসব[২] ধর্ম উৎপন্ন হয়। আসবসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) আসব অথচ সাসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব অথচ সাসব এবং সাসব অথচ না-আসব ধর্মসমূহ উৎপন্ন হয়। কাম-আসবকে ভিত্তি করে দৃষ্টি-আসব, অবিদ্যা-আসব, সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। ভব-আসবকে ভিত্তি করে (চক্রবন্ধন করে জানতে হবে)।

১১০. (৪) সাসব অথচ না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সাসব অথচ না-আসব ধর্ম উৎপন্ন হয়। একটি সাসব অথচ না-আসব স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে...।

(৫) সাসব অথচ না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব অথচ সাসব ধর্ম উৎপন্ন হয়। সাসব অথচ না-আসব স্কন্ধসমূহকে ভিত্তি করে আসবসমূহ উৎপন্ন হয়।

(৬) সাসব অথচ না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব অথচ সাসব এবং সাসব অথচ না-আসব ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি সাসব

---

[১]। আসবের তিন অবস্থা; যথা : লোভ, মিথ্যাদৃষ্টি ও মোহ আসব অথচ সাসব ধর্ম। মোহ আলম্বনের যথার্থ স্বভাব ঢেকে রেখে অযথার্থ স্বভাব প্রদর্শন করে। লোভ সেই অযথার্থ স্বভাবের দিকে চিত্তকে আকর্ষণ করে। দৃষ্টি তা গ্রহণ করে।

[২]। ৮১ প্রকার লৌকিক চিত্ত, ৩ আসব চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৩) = ৪৯ প্রকার চৈতসিক ও ২৮ প্রকার রূপ সাসব অথচ না আসব ধর্ম।

অথচ না-আসব স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, আসবসমূহ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে...।

১১১. (৭) আসব অথচ সাসব এবং সাসব অথচ না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব অথচ সাসব ধর্ম উৎপন্ন হয়। কাম-আসব এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে দৃষ্টি-আসব ও অবিদ্যা-আসব উৎপন্ন হয় (অনুরূপভাবে চক্রবন্ধন করতে হবে)।

(৮) আসব অথচ সাসব এবং সাসব অথচ না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সাসব অথচ না-আসব ধর্ম উৎপন্ন হয়। একটি সাসব অথচ না-আসব স্কন্ধ এবং আসবসমূহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ এবং...।

(৯) আসব অথচ সাসব এবং সাসব অথচ না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব অথচ সাসব এবং সাসব অথচ না-আসব ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি সাসব অথচ না-আসব স্কন্ধ এবং কাম-আসবকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, দৃষ্টি-আসব, অবিদ্যা-আসব ও চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ এবং... (চক্রবন্ধন করতে হবে। সংক্ষিপ্ত করা হয়েছে)।

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে প্রতীত্যবার, সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার যেমন আসবদ্বিকও অনুরূপভাবে কোনো পার্থক্য নেই।)

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়

(প্রশ্নবারে, হেতু-প্রত্যয়ে ও আলম্বন-প্রত্যয়ে লোকোত্তর না-করণীয়, শৈক্ষ্যগণ গোত্রভূকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন মাত্রই করণীয়। অধিপতি-প্রত্যয়ও সবক্ষেত্রে জেনে করণীয়)।

অনন্তর-প্রত্যয় (৯)

১১২. (১) আসব অথচ সাসব ধর্ম আসব অথচ সাসব ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আসবসমূহ পরবর্তী পরবর্তী আসবসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আসব অথচ সাসব ধর্ম সাসব অথচ না-আসব ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আসবসমূহ পরবর্তী পরবর্তী সাসব অথচ না-আসব স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসবসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আসব অথচ সাসব ধর্ম আসব অথচ সাসব এবং সাসব অথচ না-আসব ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আসবসমূহ পরবর্তী পরবর্তী আসবসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১১৩. (৪) সাসব অথচ না-আসব ধর্ম সাসব অথচ না-আসব ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরবর্তী পরবর্তী সাসব অথচ না-আসব স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সাসব অথচ না-আসব স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর, অনুলোম বিশুদ্ধির, আবর্তন-চিত্তের, সাসব অথচ না-আসব স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সাসব অথচ না-আসব ধর্ম আসব অথচ সাসব ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সাসব অথচ না-আসব স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী আসবসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত আসবসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সাসব অথচ না-আসব ধর্ম আসব অথচ সাসব এবং সাসব অথচ না-আসব ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সাসব অথচ না-আসব স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্তের আসবসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১১৪. (৭) আসব অথচ সাসব এবং সাসব অথচ না-আসব ধর্মসমূহ আসব অথচ সাসব ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী আসবসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) আসব অথচ সাসব এবং সাসব অথচ না-আসব ধর্মসমূহ সাসব অথচ না-আসব ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সাসব অথচ না-আসব স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) আসব অথচ সাসব এবং সাসব অথচ না-আসব ধর্মসমূহ আসব অথচ সাসব এবং সাসব অথচ না-আসব ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী আসবসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অনুরূপভাবে সকল প্রত্যয় বিস্তারিত জ্ঞাতব্য)। আসবদ্বিকে অবশিষ্টাংশ অনন্তর-প্রত্যয়ের শেষের অংশের সদৃশ করা উচিত। আবর্তন-চিত্ত ও উত্থান প্রদর্শন করতে হবে, সংক্ষিপ্ত। সর্বত্রই পরিপূর্ণ করণীয়। আসবদ্বিক সদৃশ করা উচিত, কোনো পার্থক্য

নেই)।

[আসব অথচ সাসবদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

১৮. আসব অথচ আসব-সম্প্রযুক্তদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১১৫. (১) আসব অথচ আসব-সম্প্রযুক্ত[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। কাম-আসবকে ভিত্তি করে দৃষ্টাসব ও অবিদ্যা-আসব উৎপন্ন হয় (ক্রমান্বয়ে বিস্তার করতে হবে)। ভব-আসবকে ভিত্তি করে অবিদ্যা-আসব উৎপন্ন হয় (ক্রমান্বয়ে বিস্তার করতে হবে)। দৃষ্টাসবকে ভিত্তি করে অবিদ্যা-আসব উৎপন্ন হয়।

(২) আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব[২] ধর্ম উৎপন্ন হয়। আসবসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মসমূহ উৎপন্ন হয়। আসব-সম্প্রযুক্ত কাম-আসবকে ভিত্তি করে দৃষ্টি-আসব, অবিদ্যা-আসব এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (সবগুলো ক্রমান্বয়ে বিস্তার করতে হবে)।

১১৬. (৪) আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৫) আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব স্কন্ধসমূহকে ভিত্তি করে আসবসমূহ উৎপন্ন হয়।

(৬) আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব স্কন্ধকে ভিত্তি করে তিনটি

---

[১]। ৮ লোভমূলক চিত্তে তিনটি আসব লোভ, মিথ্যাদৃষ্টি ও মোহ আসব অথচ আসব সম্প্রযুক্ত ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত, তিনটি আসব ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-৩) = ২৪ প্রকার চৈতসিক আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্ম।

স্কন্ধ এবং আসবসমূহ... দুটি স্কন্ধকে...।

১১৭. (৭) আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। কাম-আসব এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে দৃষ্টি-আসব ও অবিদ্যা-আসব উৎপন্ন হয় (সবগুলো ক্রমান্বয়ে বিস্তার করতে হবে)।

(৮) আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মকে ভিত্তি করে আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব স্কন্ধ এবং আসবসমূহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৯) আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব স্কন্ধ এবং কাম-আসবকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, দৃষ্টি-আসব ও অবিদ্যা-আসব... দুটি স্কন্ধকে...। (ক্রমান্বয়ে বিস্তার করতে হবে। অনুরূপভাবে সকল প্রত্যয় তৈরি করতে হবে)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১১৮. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সর্বত্র নয়, সংক্ষিপ্ত), কর্মে নয় (বিপাক হয় না), আহারে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-অধিপতি-প্রত্যয়াদি

১১৯. আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় (না-হেতুমূলক নেই), না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা... না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১২০. না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-বিপ্রযুক্তে নয়। (অনুরূপভাবে অপর দুটি গণনাও সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার পরিপূর্ণ করা উচিত, প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

১২১. (১) আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(২) আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৩) আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৪) আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্ম আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয়াদি

১২২. (১-৩) আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪) আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্ম আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব স্কন্ধসমূহকে ভিত্তি করে আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্ম আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব স্কন্ধসমূহকে ভিত্তি করে আসবসমূহ উৎপন্ন হয়।

(৬) আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্ম আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব স্কন্ধসমূহকে ভিত্তি করে আসব অথচ আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭) আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মসমূহ আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৮) আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৯) আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মসমূহ আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

হয়... (আলম্বন সদৃশ জ্ঞাতব্য, গৌরবযোগ্য আলম্বনসমূহ করা উচিত) অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (আলম্বন সদৃশ পূর্ব পূর্ব এরূপ করণীয়)। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (আলম্বন সদৃশ জ্ঞাতব্য, বিভাজন নাই... (তিন)। উপনিশ্রয়ে সবগুলো করণীয়)।

কর্ম-প্রত্যয়াদি

১২৩. আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্ম আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১২৪. হেতুতে চার, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, আসেবনে নয়, কর্মে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৯)

১২৫. (১) আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্ম আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১২৬. (৪) আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্ম আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা

প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্ম আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্ম আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১২৭. (৭) আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মসমূহ আসব অথচ আসব-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মসমূহ আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মসমূহ আসব অথচ আসব-সম্প্রযুক্ত এবং আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১২৮. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্র নয়) অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১২৯. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার... না-সমনন্তরে চার, না-উপনিশ্রয়ে চার... না-মার্গে চার... না-বিপ্রযুক্তে চার, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

১৩০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম পদসমূহ গণনা করণীয়)... অবিগতে নয়।

[আসব অথচ আসব-সম্প্রযুক্তদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

১৯. আসব-বিপ্রযুক্ত–সাসবদ্বিক

১. প্রতীত্যবার—হেতু-প্রত্যয় (৫)

(৬) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-

উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...।

প্রকৃতি-উপনিশ্রয় : শ্রদ্ধা... প্রজ্ঞা... কায়িক সুখ... শয্যাসন এবং মোহ ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৯. (৭) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (৩)

৮০. (১) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ বা প্রাকৃতজনেরা) চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে দর্শন করেন। দিব্যচক্ষুর দ্বারা রূপ দেখেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের এবং মোহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩)

৮১. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং মোহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (৯)

৮২. (১-৯) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (আবর্তন-চিত্ত ও উত্থান লাভ হয় না)।

কর্ম-প্রত্যয় (৪)

৮৩. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন-সম্প্রযুক্ত চেতনা সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দুই প্রকার)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** সংযোজন-সম্প্রযুক্ত চেতনা চিত্তজসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঔদ্ধত্য-সহগত চেতনা মোহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** সংযোজন-সম্প্রযুক্ত চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন-সম্প্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত

স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঔদ্ধত্য-সহগত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, মোহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** সংযোজন-বিপ্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** সংযোজন-বিপ্রযুক্ত চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (১)

৮৪. (১) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)।

আহার-প্রত্যয়াদি

৮৫. সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৮৬. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত-প্রত্যয়)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় তিন প্রকার)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত

এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

অস্তি-প্রত্যয়াদি

৮৭. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ হবে)।

(২) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ মোহের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... একটি ঔদ্ধত্য-সহগত স্কন্ধ তিনটি স্কন্ধের, মোহের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

৮৮. (৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত। বিস্তৃত করণীয়)।

(৫) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** ঔদ্ধত্য-সহগত মোহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** ঔদ্ধত্য-সহগত মোহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৯. (৭) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** সংযোজন-সম্প্রযুক্ত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি

স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... ঔদ্ধত্য-সহগত একটি স্কন্ধ এবং মোহ তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...।

(৮) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মোহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঔদ্ধত্য-স্কন্ধসমূহ এবং মোহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত–ইন্দ্রিয় (দেহের জীবনীশক্তি) কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** ঔদ্ধত্য-সহগত একটি স্কন্ধ এবং মোহ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...। **সহজাত এবং পূর্বজাত :** ঔদ্ধত্য-সহগত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের এবং মোহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯০. হেতুতে ছয়, আলম্বনে নয়, অধিপতিতে পাঁচ, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে চার, বিপাকে এক, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

৯১. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৯২. (৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৯৩. (৭) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৯৪. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্র নয়), না-বিগতে নয়, না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৯৫. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে ছয়... না-সমনন্তরে ছয়, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে ছয়... না-মার্গে ছয়, না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে ছয়, না-বিগতে ছয়।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৯৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে পাঁচ (অনুলোম পদসমূহ গণনা করতে হবে), অবিগতে নয়।

[সংযোজন-সম্প্রযুক্তদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

২৩. সংযোজন অথচ সংযোজনীয়দ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৯৭. (১) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজনীয়[১] (সংযোজনের বিষয় বা আলম্বন তাদৃশ) ধর্মকে প্রত্যয় (ভিত্তি বা অবলম্বন) করে সংযোজন অথচ সংযোজনীয় ধর্ম উৎপন্ন হয়। কামরাগ-সংযোজনকে ভিত্তি করে দৃষ্টি-সংযোজন ও অবিদ্যা-সংযোজন উৎপন্ন হয় (ক্রমান্বয়ে বিস্তার করে প্রদর্শন করতে হবে)।

(২) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজনীয় ধর্মকে প্রত্যয় করে সংযোজনীয় অথচ না-সংযোজন[২] ধর্ম উৎপন্ন হয়। সংযোজনসমূহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজনীয় ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ সংযোজনীয় অথচ না-সংযোজন ধর্মসমূহ উৎপন্ন হয়। কামরাগ-সংযোজনকে প্রত্যয় করে দৃষ্টি-সংযোজন, অবিদ্যা-সংযোজন, সম্প্রযুক্ত

---

[১]। ৮ প্রকার সংযোজন ধর্ম সংযোজন অথচ সংযোজনীয় ধর্ম।

[২]। ৮১ প্রকার লৌকিক চিত্ত, ৮ প্রকার সংযোজন ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৮) = ৪৪ প্রকার চৈতসিক ও ২৮ প্রকার রূপ সংযোজনীয় অথচ না-সংযোজন ধর্ম।

স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয় (ক্রমান্বয়ে বিস্তার করতে হবে)।

৯৮. (৪) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজনীয় অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজনীয় অথচ না-সংযোজন ধর্ম উৎপন্ন হয়। একটি সংযোজনীয় অথচ না-সংযোজন স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (মহাভূতসমূহ পর্যন্ত করণীয়)।

(৫) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজনীয় অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ সংযোজনীয় ধর্ম উৎপন্ন হয়। সংযোজনীয় অথচ না-সংযোজন স্কন্ধসমূহকে প্রত্যয় করে সংযোজনসমূহ উৎপন্ন হয়।

(৬) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজনীয় অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ না-সংযোজন এবং সংযোজনীয় অথচ না-সংযোজন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি সংযোজনীয় অথচ না-সংযোজন স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ, সংযোজনসমূহ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে...।

৯৯. (৭) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজনীয় এবং সংযোজনীয় অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ সংযোজনীয় ধর্ম উৎপন্ন হয়। কামরাগ-সংযোজন এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে দৃষ্টি-সংযোজন এবং অবিদ্যা-সংযোজন উৎপন্ন হয় (ক্রমান্বয়ে বিস্তার করতে হবে)।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজনীয় এবং সংযোজনীয় অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজনীয় অথচ না-সংযোজন ধর্ম উৎপন্ন হয়। সংযোজনীয় অথচ না-সংযোজন একটি স্কন্ধ এবং সংযোজনসমূহকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ...।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজনীয় এবং সংযোজনীয় অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ সংযোজনীয় এবং সংযোজনীয় অথচ না-সংযোজন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি সংযোজনীয় অথচ না-সংযোজন স্কন্ধ এবং কামরাগ-সংযোজনকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ, দৃষ্টি-সংযোজন, অবিদ্যা-সংযোজন এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ এবং... (চক্রবন্ধন করতে হবে)। (সংযোজনগুচ্ছে প্রথমদ্বিক সদৃশ জানতে হবে। অনুরূপভাবে এই সংযোজন অথচ সংযোজনীয়দ্বিক বিস্তৃত করতে হবে, নির্ণয় না-না-করণীয় বাদে বাদবাকী লোকোত্তর করণীয়)।

[সংযোজন অথচ সংযোজনীয়দ্বিক (এখানে) সমাপ্ত হলো]

২৪. সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্তদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১০০. (১) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত[১] ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। কামরাগ-সংযোজনকে প্রত্যয় করে দৃষ্টি-সংযোজন এবং অবিদ্যা-সংযোজন উৎপন্ন হয় (পর্যায়ক্রমে তৈরি করে প্রদর্শন করতে হবে)।

(২) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন[২] ধর্ম উৎপন্ন হয়। সংযোজনসমূহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মসমূহ উৎপন্ন হয়। কামরাগ-সংযোজনকে প্রত্যয় করে দৃষ্টি-সংযোজন, অবিদ্যা-সংযোজন এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (চক্রাকারে প্রদর্শন করতে হবে)।

১০১. (৪) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্ম উৎপন্ন হয়। একটি সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন) স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৫) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন স্কন্ধসমূহকে প্রত্যয় করে সংযোজনসমূহ উৎপন্ন হয়।

(৬) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-সম্প্রযুক্ত না-সংযোজন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং সংযোজনসমূহ... দুটি স্কন্ধকে...।

১০২. (৭) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ

---

[১]। ঔদ্ধত্য চিত্তে মোহ ব্যতীত ৮ সংযোজন ধর্ম সংযোজন অথচ সংযোজন সম্প্রযুক্ত ধর্ম।

[২]। ১২ প্রকার অকুশল চিত্ত, ৮ সংযোজন ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-৮) = ১৯ প্রকার চৈতসিক সংযোজন সম্প্রযুক্ত না-সংযোজন ধর্ম।

সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। কামরাগ-সংযোজন এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে দৃষ্টি-সংযোজন এবং অবিদ্যা-সংযোজন উৎপন্ন হয় (পর্যায়ক্রমে তৈরি করতে হবে)।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্ম উৎপন্ন হয়। একটি সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন স্কন্ধ এবং সংযোজনসমূহকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন স্কন্ধ এবং কামরাগ-সংযোজনকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ, দৃষ্টি-সংযোজন এবং অবিদ্যা-সংযোজন... দুটি স্কন্ধ এবং... (পর্যায়ক্রমে তৈরি করতে হবে)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১০৩. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সর্বত্র নয়), কর্মে নয়, আহারে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৩)

১০৪. (১) না-হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সংযোজনকে প্রত্যয় করে অবিদ্যা-সংযোজন উৎপন্ন হয়।

(২) না-হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) না-হেতু-প্রত্যয়ের কারণে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সংযোজন এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে অবিদ্যা-সংযোজন উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১০৫. না-হেতুতে তিন, না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-বিপ্রযুক্তে নয়।

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(অপর দুটি গণনা ও সহজাতবার তৈরি করা উচিত। প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার ও সম্প্রযুক্তবার প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

১০৬. (১) সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কামরাগ-সংযোজন দৃষ্টি-সংযোজনের এবং অবিদ্যা-সংযোজনের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রাকারে প্রদর্শন করতে হবে)।

(২) সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কামরাগ-সংযোজন দৃষ্টি-সংযোজনের, অবিদ্যা-সংযোজনের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংযোজন অথচ সংযোজনীয় করতে হবে)।

আলম্বন-প্রত্যয় (৯)

১০৭. (১) সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজনসমূহকে প্রত্যয় করে সংযোজনসমূহ উৎপন্ন হয়।

(২) সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজনসমূহকে প্রত্যয় করে সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজনসমূহকে প্রত্যয় করে সংযোজনসমূহ এবং

সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন স্কন্ধসমূহকে প্রত্যয় করে সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্ম সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন স্কন্ধসমূহকে প্রত্যয় করে সংযোজনসমূহ উৎপন্ন হয়।

(৬) সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্ম সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-সম্প্রযুক্ত এবং না-সংযোজন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন স্কন্ধসমূহকে প্রত্যয় করে সংযোজনসমূহ এবং সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭-৯) সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মসমূহ সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

অধিপতি-প্রত্যয় (৯)

১০৮. (১) সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :...** ।

(২) সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :...** ।

(৩) সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :...** ।

(৪-৬) সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি :...** (তিন)। (এই তিনটি প্রশ্নের মধ্যে আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি উভয়েই করা উচিত)।

(৭-৯) সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মসমূহ সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :...** (তিন)।

অনন্তর-প্রত্যয়াদি

১০৯. (১-৯) সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (নির্ণয় না-না-করণীয়, বিভাগ হয় না। আলম্বন-প্রত্যয় সদৃশ হবে), সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (আলম্বন-প্রত্যয়ের ন্যায় করণীয়), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয়াদি

১১০. (১-৩) সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত অথচ না-সংযোজন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১১১. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, আসেবনে নয়, কর্মে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

১১২. (১) সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। (সংক্ষিপ্ত করা হয়েছে। অনুরূপভাবে নয়টি প্রশ্ন করতে হবে। এই তিনটি পদের মধ্যে পরিবর্তন করা উচিত, কোনো ভিন্নতা নেই)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১১৩. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্র নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১১৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন... না-সমনন্তরে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে তিন... না-মার্গে তিন, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

১১৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম পদসমূহ করে দেখাতে হবে)... অবিগতে নয়।

[সংযোজন–সংযোজন-সম্প্রযুক্তদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

২৫. সংযোজন-বিপ্রযুক্ত সংযোজনীয়দ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

১১৬. (১) সংযোজন-বিপ্রযুক্ত সংযোজনীয়[১] (বন্ধনবিরহিত–বন্ধনের বিষয় বা আলম্বন তাদৃশ) ধর্মকে প্রত্যয় করে সংযোজন-বিপ্রযুক্ত সংযোজনীয় ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। একটি সংযোজন-বিপ্রযুক্ত সংযোজনীয় স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (সংযোজন-বিপ্রযুক্ত সংযোজনীয়) স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ, মহাভূতসমূহ পর্যন্ত করণীয়)।

(২) সংযোজন-বিপ্রযুক্ত অসংযোজনীয়[২] (বন্ধনের বিষয় বা আলম্বন নহে তাদৃশ) ধর্মকে প্রত্যয় করে সংযোজন-বিপ্রযুক্ত অসংযোজনীয় ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। একটি সংযোজন-বিপ্রযুক্ত অসংযোজনীয় স্কন্ধকে প্রত্যয়

---

[১]। ১৭ লৌকিক কুশল চিত্ত, ৩২ লৌকিক বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ প্রকার চৈতসিক, ঔদ্ধত্য-চিত্তে মোহ এবং ২৮ প্রকার রূপ সংযোজন বিপ্রযুক্ত সংযোজনীয় ধর্ম।

[২]। ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ সংযোজন বিপ্রযুক্ত অসংযোজনীয় ধর্ম।

করে তিনটি (সংযোজন-বিপ্রযুক্ত অসংযোজনীয়) স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৩-৪) সংযোজন-বিপ্রযুক্ত অসংযোজনীয় ধর্মকে... (দুটি প্রশ্ন করণীয়)। (সংযোজন-বিপ্রযুক্ত সংযোজনীয়দ্বিক ক্ষুদ্রান্তরদ্বিকে লৌকিকদ্বিক সদৃশ হবে, নির্ণয় না-না-করণীয়)।

[সংযোজন-বিপ্রযুক্ত সংযোজনীয়দ্বিক সমাপ্ত হলো]

[সংযোজনগুচ্ছ (এখানে) সমাপ্ত হলো]

৫. গ্রন্থিগুচ্ছ

২৬. গ্রন্থিদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১. (১) গ্রন্থি[১] ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থিকে প্রত্যয় করে অভিধ্যা কায়-গ্রন্থি উৎপন্ন হয়। অভিধ্যা কায়-গ্রন্থিকে প্রত্যয় করে শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থি উৎপন্ন হয়। এটিই সত্যাভিনিবেশ কায়-গ্রন্থিকে প্রত্যয় করে অভিধ্যা কায়-গ্রন্থি উৎপন্ন হয়। অভিধ্যা কায়- গ্রন্থিকে প্রত্যয় করে এটিই সত্যাভিনিবেশ কায়-গ্রন্থি উৎপন্ন হয়।

(২) গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে না-গ্রন্থি[২] ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। গ্রন্থিসমূহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থিকে প্রত্যয় করে অভিধ্যা কায়-গ্রন্থি, সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)।

২. (৪) না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে না-গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয়

---

[১]। লোভ, দ্বেষ, দৃষ্টি এই তিন চৈতসিকই গ্রন্থি ধর্ম। গ্রন্থি অর্থ গিরা; যা মানুষকে সংসার বন্ধনে আবদ্ধ করে রাখে। গ্রন্থি চার প্রকার : অভিধ্যা কায়-গ্রন্থি, ব্যাপাদ কায়-গ্রন্থি, শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থি এবং এটিই সত্যাভিনিবেশ কায়-গ্রন্থি। 'অভিধ্যা' লোভ চৈতসিক। এটি নাম-কায়ের সাথে রূপ-কায়ের সংযোগ সম্পাদনে গ্রন্থিস্বরূপ। শুধু এটি নয়, অতীত কায়ের সাথে বর্তমান কায়ের এবং বর্তমান কায়ের সাথে ভাবী কায়ের গ্রন্থিস্বরূপ। রূপ-রাগ, অরূপ-রাগও এখানে অভিপ্রেত। 'ব্যাপাদ' এখানে সর্ববিধ দ্বেষ। দ্বেষ পাপের সঙ্গে চিত্তকে বন্ধ করে। 'শীলব্রত-পরামর্শ' ও 'এটিই সত্যাভিনিবেশ' দৃষ্টি চৈতসিকেরই আলম্বনভেদে দ্বিবিধ বিকাশ। যাগ-যজ্ঞাদি দ্বারা চিত্ত-শুদ্ধি বিশ্বাসে এটিরা চিত্তকে আবদ্ধ রাখতে গ্রন্থি স্বরূপ।

[২]। ৮৯ প্রকার চিত্ত, ৩ গ্রন্থি ধর্ম ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৩) = ৪৯ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-গ্রন্থি ধর্ম।

দ্বারা। একটি না-গ্রন্থি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে...।

(৫) না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-গ্রন্থি স্কন্ধসমূহকে প্রত্যয় করে গ্রন্থিসমূহ উৎপন্ন হয়।

(৬) না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। একটি না-গ্রন্থি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ, গ্রন্থিসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

৩. (৭) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থি এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে অভিধ্যা কায়-গ্রন্থি উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)।

(৮) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে না-গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। একটি না-গ্রন্থি স্কন্ধ এবং গ্রন্থিসমূহকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং... গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৯) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। একটি না-গ্রন্থি স্কন্ধ এবং শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থিকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ, অভিধ্যা কায়-গ্রন্থি এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং...। (চক্রবন্ধন করতে হবে। সংক্ষিপ্ত)। আলম্বন-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা...।

১.প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সর্বত্র নয়), বিপাকে এক, আহারে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

৫. (১) না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে না-গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। একটি অহেতুক না-গ্রন্থি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়) বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় প্রভৃতি

৬. (১) গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে না-গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। গ্রন্থিসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(২) না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে না-গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। না-গ্রন্থি স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত হবে)।

(৩) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে না-গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)। না-অধিপতি-প্রত্যয় দ্বারা... (নয়), না-অনন্তর-প্রত্যয় দ্বারা... (তিন), না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... (তিন), না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা... (তিন), না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... (তিন)।

না-পূর্বজাত-প্রত্যয় প্রভৃতি

৭. (১) গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে এটিই সত্যাভিনিবেশ (নিজের আলম্বিত ভ্রান্ত মতই একান্ত সত্য বলে অটল বিশ্বাস) কায়-গ্রন্থিকে প্রত্যয় করে অভিধ্যা কায়-গ্রন্থি এবং অভিধ্যা কায়-গ্রন্থিকে প্রত্যয় করে এটিই সত্যাভিনিবেশ কায়-গ্রন্থি উৎপন্ন হয় (অরূপলোকে শীলব্রত-পরামর্শ নেই)। (অনুরূপভাবে নয়টি প্রশ্ন করণীয়)। না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... (নয়), না-আসেবন-প্রত্যয় দ্বারা... (নয়), না-কর্ম-প্রত্যয় দ্বারা... (তিন), না-বিপাক-প্রত্যয় দ্বারা... (নয়), না-আহার-প্রত্যয় দ্বারা... (এক), না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... (এক), না-ধ্যান-প্রত্যয় দ্বারা... (এক), না-মার্গ-প্রত্যয় দ্বারা... (এক), না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... (তিন), না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... (নয়), না-নাস্তি-প্রত্যয় দ্বারা... (তিন), না-বিগত-প্রত্যয় দ্বারা... (তিন)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৮. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে নয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

৯. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত, অনুরূপভাবে গণনা করণীয়)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

১০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক... অনন্তরে এক... অবিগতে এক।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ পঠিতব্য)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১১. (১) গ্রন্থি (সংযোগ বা গাঁট) ধর্মবশত গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (প্রতীত্যবার সদৃশ করণীয়)।

(২) গ্রন্থি ধর্মবশত না-গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (প্রতীত্যবার সদৃশ করণীয়)।

(৩) গ্রন্থি ধর্মবশত গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (প্রতীত্যবার সদৃশ করণীয়)।

(৪) না-গ্রন্থি ধর্মবশত না-গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। একটি না-গ্রন্থি স্কন্ধবশত তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহবশত (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুবশত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (হৃদয়) বাস্তুবশত না-গ্রন্থি স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) না-গ্রন্থি ধর্মবশত গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-গ্রন্থি স্কন্ধসমূহবশত গ্রন্থিসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত গ্রন্থিসমূহ উৎপন্ন হয়।

(৬) না-গ্রন্থি ধর্মবশত গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। একটি না-গ্রন্থি স্কন্ধবশত তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... (হৃদয়) বাস্তুবশত গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১২. (৭) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মবশত গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থি এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহবশত অভিধ্যা কায়-গ্রন্থি উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)। শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থি এবং (হৃদয়) বাস্তুবশত অভিধ্যা কায়-গ্রন্থি উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)।

(৮) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মবশত না-গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয়

দ্বারা। একটি না-গ্রন্থি স্কন্ধ এবং গ্রন্থিসমূহবশত তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... গ্রন্থিসমূহ এবং (হৃদয়) বাস্তুকে না-গ্রন্থি স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মবশত গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। একটি না-গ্রন্থি স্কন্ধ এবং শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থিবশত তিনটি স্কন্ধ এবং অভিধ্যা কায়-গ্রন্থি এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... (চক্রবন্ধন করতে হবে)। শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থি এবং (হৃদয়) বাস্তুবশত অভিধ্যা কায়-গ্রন্থি এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১৩. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

১৪. (১) না-গ্রন্থি ধর্মবশত না-গ্রন্থি ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। একটি অহেতুক না-গ্রন্থি স্কন্ধবশত তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত হবে), চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনবশত কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুবশত অহেতুক না-গ্রন্থি স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুবশত বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১৫. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয় (অনুরূপভাবে গণনা করণীয়)।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

১৬. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়... না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

১৭. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক... অবিগতে এক।

৪-৬. নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ হবে। সংশ্লিষ্টবারে ও সম্প্রযুক্তবারে নয়টি করে প্রশ্ন করণীয়, রূপ হয় না)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১৮. (১) গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) গ্রন্থি ধর্ম গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, গ্রন্থিসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৯. (৪) না-গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৫) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, গ্রন্থিসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২০. (৭) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি এবং না-গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ না-গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি এবং না-গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি এবং না-গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের,

গ্রন্থিসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

২১. (১) গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থিসমূহকে প্রত্যয় করে গ্রন্থিসমূহ উৎপন্ন হয়।

(২) গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থিসমূহকে প্রত্যয় করে না-গ্রন্থি স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) গ্রন্থি ধর্ম গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থিসমূহকে প্রত্যয় করে গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

২২. (৪) না-গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করে সেগুলো স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মাদিকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ না-গ্রন্থি এমন বিদূরিত ক্লেশসমূহকে (৩ গ্রন্থি ব্যতীত অপর ৭ ক্লেশ) স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অবিদূরিত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আসক্ত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-গ্রন্থি স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের (পরচিত্তবিজাননজ্ঞানের) দ্বারা না-গ্রন্থি চিত্তসম্পন্ন (৮৯ প্রকার চিত্ত সম্পন্ন। এর সম্প্রযুক্ত চৈতসিকে ৩ গ্রন্থি চৈতসিক বর্জিত হবে) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন (প্রথম অরূপ ধ্যান স্তর) বিজ্ঞান-অনন্ত-আয়তনের (দ্বিতীয় অরূপ ধ্যান স্তরের)... আকিঞ্চন-আয়তন (তৃতীয় অরূপ ধ্যান স্তর) নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের (চতুর্থ অরূপ ধ্যান স্তরের)... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... না-গ্রন্থি স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একে আস্বাদন করেন (স্বাদ গ্রহণ করেন), অভিনন্দিত করেন (আনন্দের সাথে অনুমোদন করেন)। একে প্রত্যয় করে রাগ (অনুরাগ) উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়, দৌর্মনস্য (মানসিক দুঃখ

বা নিরানন্দতা) উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-গ্রন্থি স্কন্ধসমূহকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়।

(৬) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল... উপোসথকর্ম সম্পাদন করে সেগুলো আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহ... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-গ্রন্থি স্কন্ধসমূহকে আস্বাদন করেন, আস্বাদন করেন। একে প্রত্যয় করে গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭-৯) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (প্রত্যয় করে করণীয়)।

অধিপতি-প্রত্যয় (৯)

২৩. (১-৩) গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (আলম্বন সদৃশ হবে, গৌরবময় আলম্বনসমূহ করণীয়)।

(৪) না-গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... শীল... উপোসথকর্ম... পূর্ব... ধ্যান হতে... আর্যগণ মার্গ হতে... ফলকে... নির্বাণকে... নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-গ্রন্থি স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-গ্রন্থি-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... শীল... উপোসথকর্ম... পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-গ্রন্থি স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে একে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-গ্রন্থি-অধিপতি গ্রন্থিসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... না-গ্রন্থি স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং

অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-গ্রন্থি-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, গ্রন্থিসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৪. (৭-৯) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ গ্রন্থি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :...** (তিন)।

অনন্তর-প্রত্যয় (৯)

২৫. (১) গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব গ্রন্থিসমূহ পরবর্তী পরবর্তী গ্রন্থিসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব গ্রন্থিসমূহ পরবর্তী পরবর্তী না-গ্রন্থি স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থিসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) গ্রন্থি ধর্ম গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব গ্রন্থিসমূহ পরবর্তী পরবর্তী গ্রন্থিসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৬. (৪-৬) না-গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... তিন (শেষের দুটিতে আবর্তন-চিত্ত করণীয়, প্রথমটিতে হয় না)।

(৭-৯) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ গ্রন্থি ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (মধ্যেরটিতে উত্থান করণীয়)।

সমনন্তর-প্রত্যয় প্রভৃতি

২৭. গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

২৮. (১-৩) গ্রন্থি (সংসারাবর্তে বন্ধন করার গাঁট বা গিরা তাদৃশ) ধর্ম গ্রন্থি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** গ্রন্থিসমূহ গ্রন্থিসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

২৯. (৪) না-গ্রন্থি (সংসারাবর্তে বন্ধন করার গাঁট বা গিরা নহে তাদৃশ) ধর্ম না-গ্রন্থি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন...

সংঘভেদ করেন। এই কারণে শ্রদ্ধা... শয্যাসন শ্রদ্ধার... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এ'হেতুতে শ্রদ্ধা... শয্যাসন রাগের... প্রার্থনার (তৃষ্ণা) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এ'হেতুতে শ্রদ্ধা... শয্যাসন গ্রন্থিসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭-৯) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ গ্রন্থি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :**... (তিন) (আলম্বন-প্রত্যয়ের নিয়মে জানতে হবে)।

পূর্বজাত-প্রত্যয় প্রভৃতি

৩০. (১) না-গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ বা প্রাকৃতজনেরা) চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রের দ্বারা সাহায্যে দর্শন করেন, দিব্যশ্রোত্রের সাহায্যে শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন (দৃশ্যমান জড়বস্তু) চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন (স্পৃশ্য বা স্পর্শযোগ্য বস্তু) কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু না-গ্রন্থি স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়, দৌর্মনস্য উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু গ্রন্থিসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু গ্রন্থিসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয় (৩)

৩১. (১) না-গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-গ্রন্থি চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** না-গ্রন্থি চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-গ্রন্থি চেতনা সম্প্রযুক্ত গ্রন্থিসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-গ্রন্থি চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় প্রভৃতি

৩২. না-গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের বিপাক প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৩৩. (১) গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) না-গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু গ্রন্থিসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু গ্রন্থিসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ না-গ্রন্থি ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

অস্তি-প্রত্যয় (৯)

৩৪. (১) গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ হবে)।

(২) গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** গ্রন্থিসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** গ্রন্থিসমূহ পূর্বজাত এই কায়ের (শরীরের) অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-চিত্ত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। দান দিয়ে... (প্রথম প্রশ্ন সদৃশ হবে, নির্ণয় না-না-করণীয়, এটিই অসাদৃশ্য), রূপ-আয়তন আলম্বন-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... স্প্রষ্টব্য-আয়তন আলম্বন-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... না-চিত্ত স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিবিধ ঋদ্ধিজ্ঞানের... আবর্তন-চিত্তের প্রত্যয় হয়।

(৭-৯) চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়। চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়... (তিন)।

---

[১]। না-চিত্ত এমন ক্লেশ বলতে ১০ প্রকার ক্লেশকে বুঝায়।

অধিপতি-প্রত্যয় (৯)

৭৩. (১) চিত্ত ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** চিত্তকে গুরুত্ব দিয়ে চিত্ত উৎপন্ন হয়।

(২) চিত্ত ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** চিত্তকে গুরুত্ব দিয়ে না-চিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** চিত্ত-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৩) চিত্ত ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** চিত্তকে গুরুত্ব দিয়ে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

৭৪. (৪) না-চিত্ত ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় লোভ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মাদিকে গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকে গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকেই গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করেন। ফলকে গুরুত্ব দিয়ে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করেন। নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, মার্গের, ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-চিত্ত স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় লোভ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-চিত্ত-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৫-৬) না-চিত্ত ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয় (এই দুই গণনা প্রথম প্রশ্ন সদৃশ জ্ঞাতব্য, নির্ণয় না-না-করণীয়। আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি করণীয়)।

(৭-৯) চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ অধিপতি-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়... আলম্বন-অধিপতি (আলম্বন-অধিপতির ন্যায় তিনটি গৌরবময় আলম্বনসমূহ করণীয়)।

অনন্তর-প্রত্যয় প্রভৃতি

৭৫. (১) চিত্ত ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব

চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী চিত্তের প্রত্যয় হয়।

(২) চিত্ত ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী না-চিত্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা উত্থানের প্রত্যয় হয়।

(৩) চিত্ত ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

৭৬. (৪-৬) না-চিত্ত ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-চিত্ত স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা... ফল-সমাপত্তির প্রত্যয় হয় (এই দুটি প্রশ্ন পরিপূর্ণ করতে পূর্ব প্রশ্ন সদৃশ করণীয়)।

(৭) চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী চিত্তের প্রত্যয় হয়।

(৮) চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী না-চিত্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা উত্থানের প্রত্যয় হয়।

(৯) চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ) (প্রত্যয়বার সদৃশ জ্ঞাতব্য)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

৭৭. (১-৩) চিত্ত ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** চিত্ত উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চিত্তের প্রত্যয় হয়... (তিন)।

(৪) না-চিত্ত ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... অহংকারে ঈপ্সিত হন, মিথ্যা ধারণা বা বিশ্বাসের বশবর্তী হন। (অনুরূপভাবে) শীলকে... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। এই কারণবশত শ্রদ্ধা... শয্যাসন

উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধার... মার্গের, ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৫-৬) না-চিত্ত ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয় (এই দুটি প্রম।ন পূর্ণ করতে হলে সর্বত্র প্রথম গমন সদৃশ করণীয়, নির্ণয় না-না-করণীয়)।

(৭-৯) চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চিত্তের প্রত্যয় হয়... (তিন)।

পূর্বজাত-প্রত্যয় (৩)

৭৮. (১) না-চিত্ত ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রধাতুর দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... স্প্রষ্টব্য-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... কায়-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের, (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) না-চিত্ত ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রধাতুর দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চিত্তের প্রত্যয় হয়।

(৩) না-চিত্ত ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রধাতুর দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... স্প্রষ্টব্য-আয়তন...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-

বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়... কায়-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩), আসেবন-প্রত্যয় (৯)

৭৯. (১) চিত্ত ধর্ম পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(২) না-চিত্ত ধর্ম পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(৩) চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(১-৯) চিত্ত ধর্ম আসেবন-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয় (৩)

৮০. (১) না-চিত্ত ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-চিত্ত চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** না-চিত্ত চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(২) না-চিত্ত ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-চিত্ত চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা চিত্তের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** না-চিত্ত চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা বিপাক চিত্তের প্রত্যয় হয়।

(৩) না-চিত্ত ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-চিত্ত চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** না-চিত্ত চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা বিপাক স্কন্ধসমূহের, চিত্তের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় প্রভৃতি

৮১. চিত্ত ধর্ম বিপাক-প্রত্যয়ের দ্বারা... (পাঁচ), আহার-প্রত্যয়ের দ্বারা... (পাঁচ), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়... (পাঁচ)।

না-চিত্ত ধর্ম ধ্যান-প্রত্যয়ের দ্বারা... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা... (তিন), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়... (পাঁচ)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৮২. (১) চিত্ত ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত (সংক্ষিপ্ত)।

(২) না-চিত্ত ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** না-চিত্ত স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে না-চিত্ত স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কর্ম-সমুত্থানরূপসমূহের... না-চিত্ত স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তুর, (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... কায়-আয়তন বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের, (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** না-চিত্ত স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই শরীরের প্রত্যয় হয়।

(৩) না-চিত্ত ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত ।

সহজাত : প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্তের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্তের প্রত্যয় হয়।

(৪) না-চিত্ত ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়... কায়-আয়তন বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৫) চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

অস্তি-প্রত্যয় (৫)

৮৩. (১) চিত্ত ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) না-চিত্ত ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৩) না-চিত্ত ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** না-চিত্ত স্কন্ধসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্তের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্তের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য... (পূর্বজাত সদৃশ, সংক্ষিপ্ত)।

(৪) না-চিত্ত ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** না-চিত্ত একটি স্কন্ধ অস্তি-প্রত্যয়ের দ্বারা দুটি স্কন্ধের, চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে না-চিত্ত একটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষুকে... (হৃদয়) বাস্তু... (পূর্বজাত সদৃশ হবে, সংক্ষিপ্ত)।

৮৪. (৫) চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** না-চিত্ত একটি স্কন্ধ এবং চিত্ত অস্তি-প্রত্যয়ের দ্বারা দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং...। **সহজাত এবং পূর্বজাত :** চিত্ত এবং (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয় (প্রতিসন্ধিক্ষণে দুটি)। **সহজাত :** চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। **সহজাত :** চিত্ত এবং মহাভূতসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয় (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন হবে)। **পশ্চাজ্জাত :** চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার অস্তি-প্রত্যয়ের দ্বারা এই কায়ের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় অস্তি-প্রত্যয়ের দ্বারা কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৮৫. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে পাঁচ, অন্যোন্যে পাঁচ, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে পাঁচ, আহারে পাঁচ, ইন্দ্রিয়ে পাঁচ, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে পাঁচ, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে পাঁচ, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে পাঁচ।

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

৮৬. (১) চিত্ত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়।

(২) চিত্ত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়।

(৩) চিত্ত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়।

৮৭. (৪) না-চিত্ত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়।

(৫) না-চিত্ত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়।

(৬) না-চিত্ত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়।

৮৮. (৭) চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চিত্ত ধর্মের প্রত্যয় হয়।

(৮) চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা ... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়।

(৯) চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মের প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৮৯. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সবক্ষেত্রে নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৯০. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন... না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে এক, না-উপনিশ্রয়ে তিন (সবক্ষেত্রে তিন), না-মার্গে তিন, না-

সম্প্রযুক্তে এক, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

৯১. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম মাতিকা করণীয়)।

[চিত্তদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

৫৭. চৈতসিকদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৯২. (১) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক[১] ধর্মকে ভিত্তি করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। একটি চৈতসিক স্কন্ধকে ভিত্তি করে দুটি (চৈতসিক) স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধি গ্রহণকালে...।

(২) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে ভিত্তি করে অচৈতসিক[২] ধর্ম উৎপন্ন হয়। চৈতসিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে চৈতসিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি চৈতসিক স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

৯৩. (৪) হেতু-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে ভিত্তি করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ, কর্ম-সমুত্থানরূপ

---

[১]। যা চিত্তের সাথে এক সাথে উৎপন্ন হয় ও নিরোধ হয় এবং এক আলম্বন ও এক বাস্তু গ্রহণ করে তাকে চৈতসিক বলে। চৈতসিক চিত্ত গঠনের উপাদান। চৈতসিক বা চিত্ত-বৃত্তির সংখ্যা ৫২টি। তন্মধ্যে ৭টি সর্বচিত্ত সাধারণ চৈতসিক, ৬টি প্রকীর্ণ চৈতসিক, ১৪টি অকুশল চৈতসিক, ১৯টি শোভন সাধারণ চৈতসিক, ৩টি বিরতি চৈতসিক, ২টি অপ্রমেয় চৈতসিক, ১টি প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিক।

[২]। ৮৯ প্রকার চিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অচৈতসিক বা চৈতসিক নহে ধর্ম।

এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) হেতু-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চৈতসিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) হেতু-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত... প্রতিসন্ধি গ্রহণের সময় (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

৯৪. (৭) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। একটি চৈতসিক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে একটি চৈতসিক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে একটি চৈতসিক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং...।

(৮) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে ভিত্তি করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চৈতসিক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধি গ্রহণের সময় চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে চৈতসিক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চৈতসিক স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৯) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি চৈতসিক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে একটি চৈতসিক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে একটি চৈতসিক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

৯৫. (১) আলম্বন-প্রত্যয় দ্বারা চৈতসিক (চিত্তবৃত্তি বা চিত্তের উপকরণ) ধর্মকে ভিত্তি করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। একটি চৈতসিক স্কন্ধকে ভিত্তি করে

দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) আলম্বন-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে ভিত্তি করে অচৈতসিক (চৈতসিক নহে এমন) ধর্ম উৎপন্ন হয়। চৈতসিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) আলম্বন-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি চৈতসিক স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

৯৬. (৪) আলম্বন-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে ভিত্তি করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৫) আলম্বন-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চৈতসিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) আলম্বন-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক এবং অচৈতসিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭) আলম্বন-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। একটি চৈতসিক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে একটি চৈতসিক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে একটি চৈতসিক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং...।

(৮) আলম্বন-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে ভিত্তি করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চৈতসিক স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৯) আলম্বন-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি চৈতসিক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং...।

অধিপতি-প্রত্যয় (৯)

৯৭. (১) অধিপতি-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত করা হয়েছে)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯৮. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে পাঁচ, আসেবনে পাঁচ, কর্মে নয় (সর্বত্র নয়), অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৯৯. (১) না-হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক চৈতসিক স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) না-হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে ভিত্তি করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চৈতসিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

(৩) না-হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অহেতুক চৈতসিক স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

১০০. (৪) না-হেতু-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে ভিত্তি করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। একটি মহাভূতকে... অসংজ্ঞসত্ত্বগণের (সংজ্ঞাহীনভবে) একটি মহাভূতকে...।

(৫) না-হেতু-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চৈতসিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত চিত্তকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৬) না-হেতু-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়। অহেতুক চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত

স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১০১. (৭) না-হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক চৈতসিক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... অহেতুক প্রতিসন্ধিক্ষণে একটি চৈতসিক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... অহেতুক প্রতিসন্ধিক্ষণে একটি চৈতসিক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৮) না-হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে ভিত্তি করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক চৈতসিক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চৈতসিক স্কন্ধসমূহ[১] এবং চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চৈতসিক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চৈতসিক স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৯) না-হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে ভিত্তি করে চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অহেতুক চৈতসিক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে একটি চৈতসিক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে একটি চৈতসিক স্কন্ধ এবং হৃদয় (বাস্তুকে) ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং...।

না-আলম্বন-প্রত্যয় (৩)

১০২. (১) না-আলম্বন-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে ভিত্তি করে অচৈতসিক

---

[১]। অহেতুক প্রতিসন্ধি নামক কুশলবিপাক 'উপেক্ষা-সহগত সন্তীরণ' এবং অকুশল বিপাক 'উপেক্ষা-সহগত সন্তীরণ' চিত্তদ্বয়ে ছন্দ-প্রীতি-বীর্য বর্জিত অন্যসমান দশ (স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, একাগ্রতা, জীবিতেন্দ্রিয়, মনস্কার, বিতর্ক, বিচার ও অধিমোক্ষ) চৈতসিক যুক্ত হয়।

ধর্ম উৎপন্ন হয়। চৈতসিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) না-আলম্বন-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে ভিত্তি করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানা উচিত)।

(৩) না-আলম্বন-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে ভিত্তি করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চৈতসিক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণেও দুটি প্রশ্ন করণীয়, সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১০৩. না-হেতুতে তিন, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে ছয়, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

১০৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

১০৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অনন্তরে নয়... পূর্বজাতে পাঁচ, আসেবনে পাঁচ, কর্মে নয় (সবটিতে নয়), মার্গে তিন... অবিগতে নয়।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১০৬. (১) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে আশ্রয় করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ হবে)।

(২) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে আশ্রয় করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ হবে)।

(৩) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে আশ্রয় করে চৈতসিক এবং অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ হবে)।

(৪) হেতু-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে আশ্রয় করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। (ছয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে আশ্রয় করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্তকে আশ্রয় করে (ছয়) বাস্তু উৎপন্ন হয়। (ছয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত উৎপন্ন হয়। একটি মহাভূতকে...।

(৫) হেতু-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে আশ্রয় করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (ছয়) বাস্তুকে আশ্রয় করে চৈতসিক স্কন্ধসমূহ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণেও দুটি প্রশ্ন করণীয়)।

(৬) হেতু-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে আশ্রয় করে চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্তকে আশ্রয় করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। (ছয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণেও দুটি প্রশ্ন করণীয়)।

১০৭. (৭) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে আশ্রয় করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। একটি চৈতসিক স্কন্ধ এবং চিত্তকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... একটি চৈতসিক স্কন্ধ এবং (ছয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

(৮) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে আশ্রয় করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্তকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চৈতসিক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চৈতসিক স্কন্ধসমূহ এবং (ছয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে তিনটি প্রশ্ন করণীয়)।

(৯) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে আশ্রয় করে চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি চৈতসিক স্কন্ধ এবং চিত্তকে আশ্রয় করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... একটি চৈতসিক স্কন্ধ এবং (ছয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

আলম্বন-প্রত্যয় (৯)

১০৮. (১-৩) আলম্বন-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে আশ্রয় করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়... (তিন) (প্রতীত্যবার সদৃশ হবে)।

(৪) আলম্বন-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে আশ্রয় করে অচৈতসিক ধর্ম

উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

(৫) আলম্বন-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে আশ্রয় করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ... কায়-আয়তনকে আশ্রয় করে... চিত্তকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং (ছয়) বাস্তুকে (চিত্ত-চৈতসিকের নিবাসস্থানকে) আশ্রয় করে চৈতসিক স্কন্ধসমূহ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

(৬) আলম্বন-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে আশ্রয় করে চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে একটি প্রশ্ন করণীয়)।

১০৯. (৭) আলম্বন-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে আশ্রয় করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-বিজ্ঞানকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... কায়-বিজ্ঞান-সহগত... চৈতসিক একটি স্কন্ধ এবং চিত্তকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... চৈতসিক একটি স্কন্ধ এবং বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

(৮) আলম্বন-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে আশ্রয় করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-বিজ্ঞান-সহগত... চৈতসিক স্কন্ধসমূহ, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে একটি প্রশ্ন করণীয়)।

(৯) আলম্বন-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে আশ্রয় করে চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে দুটি স্কন্ধ এবং চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... চৈতসিক একটি স্কন্ধ এবং (ছয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... (প্রতিসন্ধিক্ষণে একটি প্রশ্ন করণীয়, সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১১০. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সর্বত্র নয়), পূর্বজাতে নয়, আসেবনে নয়... অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

১১১. (১) না-হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে আশ্রয় করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চৈতসিক... (সংক্ষিপ্ত)।

(নয়টি প্রশ্নে পঞ্চবিজ্ঞান যথা আলম্বন-প্রত্যয় অনুরূপভাবে করতে হবে, তিনটিতে মোহ করণীয়। সকল প্রশ্নে প্রবর্তনকাল-প্রতিসন্ধিকাল নির্ভূলভাবে করতে হবে)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১১২. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে নয়, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

১১৩. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

১১৪. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অনন্তরে নয় (সর্বত্র নয়), মার্গে তিন... অবিগতে নয়।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ বুঝতে হবে)।

৫. সংশ্লিষ্টবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

১১৫. (১) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে সংশ্লিষ্ট করে চৈতসিক ধর্ম

উৎপন্ন হয়। চৈতসিক একটি স্কন্ধকে (ভাগ বা অংশকে) সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে সংশ্লিষ্ট করে অচৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চৈতসিক স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে সংশ্লিষ্ট করে চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়। চৈতসিক একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৪) হেতু-প্রত্যয় দ্বারা অচৈতসিক ধর্মকে সংশ্লিষ্ট করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে সংশ্লিষ্ট করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৫) হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক এবং অচৈতসিক ধর্মকে সংশ্লিষ্ট করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। চৈতসিক একটি স্কন্ধ এবং চিত্তকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে...। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১১৬. হেতুতে পাঁচ, আলম্বনে পাঁচ, অধিপতিতে পাঁচ (সর্বত্র পাঁচ), অবিগতে পাঁচ।

২. প্রত্যয় : প্রতিলোম

১.বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৫)

১১৭. (১) না-হেতু-প্রত্যয় দ্বারা চৈতসিক ধর্মকে সংশ্লিষ্ট করে চৈতসিক ধর্ম উৎপন্ন হয় (অনুরূপভাবে পাঁচটি প্রশ্ন করতে হবে, তিনটিতে মোহ করণীয়। সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১১৮. না-হেতুতে পাঁচ, না-অধিপতিতে পাঁচ, না-পূর্বজাতে পাঁচ, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে পাঁচ, না-ধ্যানে পাঁচ, না-মার্গে পাঁচ, না-বিপ্রযুক্তে পাঁচ।

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

১১৯. (১) চৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(প্রবর্তনসময়ে) চৈতসিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...।

(২) চৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চৈতসিক হেতুসমূহ চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...।

(৩) চৈতসিক ধর্ম চৈতসিক এবং অচৈতসিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চৈতসিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে চৈতসিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

১২০. (১) চৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চৈতসিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চৈতসিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) চৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চৈতসিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৩) চৈতসিক ধর্ম চৈতসিক এবয় অচৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চৈতসিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্ত উৎপন্ন হয়।

১২১. (৪) অচৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ (মার্গলাভী ব্যক্তিরা) মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, (হৃদয়) বাস্তুকে, অচৈতসিক স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মারূপে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা অচৈতসিক চিত্তসম্পন্ন (৮৯ প্রকার চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন... আকিঞ্চন-আয়তন... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... অচৈতসিক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অচৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে... নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করে (প্রথম প্রশ্ন সদৃশ জানতে হবে)। চক্ষু... (হৃদয়) বাস্তু, অচৈতসিক স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের মাধ্যমে অচৈতসিক চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... অচৈতসিক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অচৈতসিক ধর্ম চৈতসিক এবং অচৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন... (প্রথম প্রশ্ন সদৃশ জানতে হবে)। চক্ষু... (হৃদয়) বাস্তু, অচৈতসিক স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... অচৈতসিক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের (নানাবিধ অলৌকিকশক্তির), চিত্তপর্যায়জ্ঞানের (পরচিত্তবিজাননজ্ঞানের), পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের (জাতিস্মরজ্ঞানের), অনাগতভবজ্ঞানের (ভবিষ্যৎ জন্ম বিষয়ক জ্ঞানের) এবং আবর্তন-চিত্তের (পঞ্চদ্বারাবর্তন ও মনোদ্বারাবর্তন-চিত্তের) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১২২. (৭) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ চৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে চৈতসিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ অচৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৯) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ চৈতসিক এবং অচৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্ত উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৯)

১২৩. (১) চৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** চৈতসিক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে চৈতসিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** চৈতসিক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** চৈতসিক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে চিত্ত উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** চৈতসিক-অধিপতি চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চৈতসিক ধর্ম চৈতসিক এবং অচৈতসিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি।

আলম্বন-অধিপতি : চৈতসিক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্ত উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** চৈতসিক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১২৪. (৪) অচৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, ফলকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অচৈতসিক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দিয়ে চিত্ত উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অচৈতসিক-অধিপতি চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অচৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, ফলকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে... (প্রথম প্রশ্ন সদৃশ জানতে হবে)। চক্ষু... (হৃদয়) বাস্তু, অচৈতসিক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে লোভ উৎপন্ন হয় এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অচৈতসিক-

অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অচৈতসিক ধর্ম চৈতসিক এবং অচৈতসিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, ফলকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে... (প্রথম প্রশ্নের ন্যায় জানতে হবে) অচৈতসিক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন, একে প্রাধান্য দিয়ে চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্ত উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অচৈতসিক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭-৯) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ চৈতসিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আলম্বন-অধিপতি... (তিন) (আলম্বন-অধিপতির অনুরূপ জ্ঞাতব্য)।

অনন্তর-প্রত্যয়াদি

১২৫. (১) চৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী চৈতসিক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী চৈতসিক স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী চৈতসিক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চৈতসিক ধর্ম চৈতসিক এবং অচৈতসিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী চৈতসিক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী চৈতসিক স্কন্ধসমূহের এবং চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১২৬. (৪) অচৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী চিত্ত পরবর্তী পরবর্তী চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫-৬) অচৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অনুরূপভাবে তিনটি প্রশ্ন করণীয়, প্রথম প্রশ্ন সদৃশ পরিপূর্ণ করা উচিত, নির্ণয় না-না-করণীয়)।

(৭-৯) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ চৈতসিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (আবর্তন-চিত্ত ও উত্থান লাভ হয় না)। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (প্রতীত্যবার সদৃশ বুঝতে হবে), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

হয়... (নয়) (প্রতীত্যবার সদৃশ বুঝতে হবে), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (প্রত্যয়বার সদৃশ বুঝতে হবে)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

১২৭. (১) চৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** চৈতসিক স্কন্ধসমূহ চৈতসিক স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** চৈতসিক স্কন্ধসমূহ চিত্তের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চৈতসিক ধর্ম চৈতসিক এবং অচৈতসিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** চৈতসিক স্কন্ধসমূহ চৈতসিক স্কন্ধসমূহের এবং চিত্তের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১২৮. (৪) অচৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঋতু (তাপ বা শীত-উষ্ণতা), ভোজন (আহার), শয্যাসন, চিত্তকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। এই কারণবশত ঋতু, ভোজন, শয্যাসন, চিত্ত শ্রদ্ধার... প্রজ্ঞার... রাগের... প্রার্থনার (কামনা-বাসনা), কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫-৬) অচৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঋতু, ভোজন, শয্যাসন, চিত্তকে উপনিশ্রয় করে দান দেন... (তিন, প্রথম প্রশ্ন সদৃশ বুঝতে হবে, নির্ণয় না-না-করণীয়)।

(৭) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ চৈতসিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৮) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ অচৈতসিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৯) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ চৈতসিক এবং অচৈতসিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

পূর্বজাত-প্রত্যয় (৩)

১২৯. (১) অচৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ বা প্রাকৃতজনেরা) চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য (কায়ার বিষয়কে), (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে চিত্ত উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু চিত্তের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অচৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... কায়-আয়তন কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের, (হৃদয়) বাস্তু চৈতসিক স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অচৈতসিক ধর্ম চৈতসিক এবং অচৈতসিক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকাওে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... স্প্রষ্টব্য-আয়তন...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, (হৃদয়) বাস্তু চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩), আসেবন-প্রত্যয় (৯)

১৩০. (১) চৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(২) অচৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়

(সংক্ষিপ্ত)।

(৩) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ অচৈতসিক ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(১-৯) চৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

কর্ম-প্রত্যয় (৩)

১৩১. (১) চৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** চেতনা চৈতসিক সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে চেতনা চৈতসিক সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** চেতনা চৈতসিক বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** চেতনা চৈতসিক চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে চেতনা চৈতসিক চিত্তের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় । **নানাক্ষণিক :** চেতনা চৈতসিক বিপাক চিত্তের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চৈতসিক ধর্ম চৈতসিক এবং অচৈতসিক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** চেতনা চৈতসিক সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে চেতনা চৈতসিক সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় । **নানাক্ষণিক :** চেতনা চৈতসিক বিপাক স্কন্ধসমূহের, চিত্তের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয়াদি

১৩২. চৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

১৩৩. (১) চৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) অচৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** চিত্ত চিত্ত-সমুত্থানরূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত কর্ম-সমুত্থানরূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত (হৃদয়) বাস্তুর বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু চিত্তের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-আয়তন কায়-বিজ্ঞানের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু চিত্তের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** চিত্ত পূর্বজাত এই শরীরের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অচৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু চৈতসিক স্কন্ধসমূহের... কায়-আয়তন কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের, (হৃদয়) বাস্তু চৈতসিক স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অচৈতসিক ধর্ম চৈতসিক এবং অচৈতসিক ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু চৈতসিক স্কন্ধসমূহের এবং চিত্তের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, (হৃদয়) বাস্তু চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ অচৈতসিক ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

অস্তি-প্রত্যয় (৯)

১৩৪. (১) চৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) চৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) চৈতসিক ধর্ম চৈতসিক এবং অচৈতসিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

১৩৫. (৪) অচৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়

(সংক্ষিপ্ত)।

(৫) অচৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত এবং পূর্বজাত :** চিত্ত চৈতসিক স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু চৈতসিক স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... (পূর্বজাত সদৃশ নির্ণয় না-না-করণীয়)।

(৬) অচৈতসিক ধর্ম চৈতসিক এবং অচৈতসিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত এবং পূর্বজাত :** চিত্ত সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু চৈতসিক স্কন্ধসমূহের এবং চিত্তের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... (পূর্বজাত সদৃশ করণীয়, নির্ণয় না-না-করণীয়)।

১৩৬. (৭) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ চৈতসিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন দুটি স্কন্ধকে... কায়-বিজ্ঞান-সহগত... চৈতসিক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং...। **সহজাত :** চৈতসিক একটি স্কন্ধ এবং চিত্ত দুটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করতে হবে।

(৮) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ অচৈতসিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় । **সহজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-বিজ্ঞানের... চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্ত চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্ত এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত এবং পূর্বজাত :** চৈতসিক স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু চিত্তের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতিসন্ধিক্ষণে তিনটি প্রশ্ন করণীয়)। **পশ্চাজ্জাত :** চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্ত পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্ত এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** চৈতসিক স্কন্ধসমূহ এবং চিত্ত এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপসন্ততির অনুপালক) কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ চৈতসিক এবং অচৈতসিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন দুটি স্কন্ধের এবং চক্ষু-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং কায়-আয়তন দুটি স্কন্ধের এবং কায়-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং...। **সহজাত এবং পূর্বজাত :** চৈতসিক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের এবং চিত্তের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং... (প্রতিসন্ধিতে দুটি প্রশ্ন করণীয়)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৩৭. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে পাঁচ, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

১৩৮. (১) চৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চৈতসিক ধর্ম চৈতসিক এবং অচৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৩৯. (৪) অচৈতসিক ধর্ম অচৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অচৈতসিক ধর্ম চৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...

পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অচৈতসিক ধর্ম চৈতসিক এবং অচৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৪০. (৭) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ চৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ অচৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) চৈতসিক এবং অচৈতসিক ধর্মসমূহ চৈতসিক এবং অচৈতসিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১৪১. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্র নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

১৪২. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে এক, না-উপনিশ্রয়ে তিন (সর্বত্র তিন), না-মার্গে তিন, না-সম্প্রযুক্তে এক, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

১৪৩. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম মাতিকা করণীয়)... অবিগতে নয়।

[চৈতসিকদ্বিক সমাপ্ত]

৫৮. চিত্ত-সম্প্রযুক্তদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১৪৪. (১) চিত্ত-সম্প্রযুক্ত[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সম্প্রযুক্ত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি (চিত্ত-সম্প্রযুক্ত) স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) চিত্ত-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-বিপ্রযুক্ত[২] ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) চিত্ত-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্ত-সম্প্রযুক্ত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

১৪৫. (৪) চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ... প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

১৪৬. (৭) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সম্প্রযুক্ত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং...।

(৮) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ

---

[১]। ৫২ প্রকার চৈতসিক চিত্ত-সম্প্রযুক্ত বা সংযুক্ত ধর্ম।

[২]। ২৮ প্রকার রূপ ও নির্বাণ চিত্ত-বিপ্রযুক্ত বা বিরহিত ধর্ম।

এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৯) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সম্প্রযুক্ত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (৩)

১৪৭. (১) চিত্ত-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সম্প্রযুক্ত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সম্প্রযুক্ত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৪৮. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে পাঁচ, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে এক, আসেবনে এক, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

১৪৯. (১) চিত্ত-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চিত্ত-সম্প্রযুক্ত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (অনুরূপভাবে নয়টি প্রশ্ন তৈরি করতে হবে। অহেতুকসমূহ সর্বত্র এই নিয়মেই জ্ঞাতব্য, মূল পদে একটি মাত্র মোহ হবে)।

না-আলম্বন-প্রত্যয় (৩)

১৫০. (১) চিত্ত-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৩) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি... (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৫১. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে দুই, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

১৫২. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়... না-কর্মে এক, না-বিপাকে পাঁচ, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(হেতুমূলক—দ্বিক)

১৫৩. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, অনন্তরে তিন, সমনন্তরে তিন... অন্যোন্যে ছয়... পূর্বজাতে এক, আসেবনে এক, কর্মে নয়... মার্গে এক... অবিগতে নয়।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ বুঝতে হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১৫৪. (১-৩) চিত্ত-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (তিন) (প্রতীত্যবার সদৃশ বুঝতে হবে)।

(৪) চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ বুঝতে হবে)।

(৫) চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৬) চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

১৫৫. (৭) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সম্প্রযুক্ত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে...।

(৮) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৯) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্ত-সম্প্রযুক্ত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ এবং... চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (৩)

১৫৬. (১) চিত্ত-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ বুঝতে হবে)।

(২) চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয়

দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ... কায়-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং কায়-আয়তনকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... চিত্ত-সম্প্রযুক্ত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৫৭. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে তিন, কর্মে নয়... অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

১৫৮. (১-৩) চিত্ত-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (তিন) (প্রতীত্যবার সদৃশ বুঝতে হবে)।

(৪) চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৫) চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৬) চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৭) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... কায়-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং কায় আয়তনকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে এবং... অহেতুক চিত্ত-সম্প্রযুক্ত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... অহেতুক প্রতিসন্ধিক্ষণে...

বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (অনুরূপভাবে অপর দুটি প্রশ্ন ও এতে প্রবর্তনকাল-প্রতিসন্ধিকাল করণীয়। সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৫৯. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে চার, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

১৬০. হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন... না-কর্মে তিন... না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

১৬১. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন... মার্গে তিন... অবিগতে নয়।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ বুঝতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

১৬২. (১) চিত্ত-সম্প্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সম্প্রযুক্ত একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(অনুলোম গণনায়)—হেতুতে এক, আলম্বনে এক, অধিপতিতে এক (সর্বত্র এক), অবিগতে এক।

(প্রতিলোম গণনায়)—না-হেতুতে এক, না-অধিপতিতে এক, না-পূর্বজাতে এক, না-পশ্চাজ্জাতে এক, না-আসেবনে এক, না-কর্মে এক, না-বিপাকে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে এক।

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এদুটি গণনা ও সম্প্রযুক্তবার বুঝতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

১৬৩. (১) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

(২) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সম্প্রযুক্ত হেতুসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

(৩) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (২)

১৬৪. চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ধার্মিক ব্যক্তি) দান দেন, শীল বিশুদ্ধি সম্পন্ন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) তা স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যকর্মাদিকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন। পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা চিত্ত-সম্প্রযুক্ত (অর্থাৎ চৈতসিকযুক্ত) চিত্তসমন্বিত পুদ্গলের চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৬৫. (২) চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তুকে চিত্ত-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রের সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রধাতুর সাহায্যে শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... স্প্রষ্টব্য-আয়তন... চিত্ত-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৪)

১৬৬. (১) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** (ব্যক্তি) দান দেন, শীল বিশুদ্ধি সাধন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) একে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মাদিকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন। ফলকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** চিত্ত-সম্প্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** চিত্ত-সম্প্রযুক্ত-অধিপতি চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** চিত্ত-সম্প্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৬৭. (৪) চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ নির্বাণকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, চিত্ত-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে

আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দিয়ে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয়াদি

১৬৮. চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত) (প্রতীত্যবার সদৃশ, প্রশ্ন ঘটনা নাই), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়) (প্রতীত্যবার সদৃশ করণীয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত) (প্রত্যয়বার সদৃশ, প্রশ্ন ঘটনা নাই)।

উপনিশ্রয়-প্রত্যয় (২)

১৬৯. (১) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল... প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখকে উপনিশ্রয় করে দান দেন... প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এই কারণে শ্রদ্ধা... কায়িক দুঃখ শ্রদ্ধার... মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। এই কারণে ঋতু, ভোজন, শয্যাসন শ্রদ্ধার... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (১)

১৭০. (১) চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য (মানসিক অশান্তি) উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... স্প্রষ্টব্য-আয়তন...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... কায়-আয়তন কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের, (হৃদয়) বাস্তু চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (১), আসেবন-প্রত্যয় (১)

১৭১. (১) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত) (এক), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)।

কর্ম-প্রত্যয় (৩)

১৭২. চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** চিত্ত-সম্প্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** চিত্ত-সম্প্রযুক্ত চেতনা বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** চিত্ত-সম্প্রযুক্ত চেতনা চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** চিত্ত-সম্প্রযুক্ত চেতনা কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মে কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** চিত্ত-সম্প্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** চিত্ত-সম্প্রযুক্ত চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (৩), আহার-প্রত্যয় (৪)

১৭৩. (১-৩) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(১-৩) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪) চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কবলীকৃত আহার এই কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ইন্দ্রিয়-প্রত্যয়াদি

১৭৪. (১-৩) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪) চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থানরূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

হয়।

(৫) চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-ইন্দ্রিয়...।

(৬) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মসমূহ চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-ইন্দ্রিয় এবং উপেক্ষা-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-ইন্দ্রিয় এবং সুখ-ইন্দ্রিয়... কায়-ইন্দ্রিয় এবং দুঃখ-ইন্দ্রিয় কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (২)

১৭৫. (১) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ সম্প্রযুক্ত)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-আয়তন... (হৃদয়) বাস্তু চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (৭)

১৭৬. (১) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ বুঝতে হবে)।

(২) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্য সদৃশ বুঝতে হবে)।

১৭৭. (৪) চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ অস্তি)—সহজাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত : চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... (পূর্বজাত সদৃশ বুঝতে হবে)।

১৭৮. (৬) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মসমূহ চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত এবং পূর্বজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন দুটি স্কন্ধের... কায়-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং কায়-আয়তন দুটি স্কন্ধের... চিত্ত-সম্প্রযুক্ত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের... দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে...।

(৭) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মসমূহ চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত এবং আহার :** চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** চিত্ত-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৭৯. হেতুতে তিন, আলম্বনে দুই, অধিপতিতে চার, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে সাত, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে এক, পশ্চাজ্জাতে এক, আসেবনে এক, কর্মে তিন, বিপাকে তিন, আহারে চার, ইন্দ্রিয়ে ছয়, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে দুই, অস্তিতে সাত, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে সাত।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৭)

১৮০. (১) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চিত্ত-সম্প্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৮১. (৪) চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা

প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) চিত্ত-বিপ্রযুক্ত ধর্ম চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মসমূহ চিত্ত-সম্প্রযুক্ত ধর্মের সহজাত এবং পূর্বজাত।

(৭) চিত্ত-সম্প্রযুক্ত এবং চিত্ত-বিপ্রযুক্ত ধর্মসমূহ চিত্ত-বিপ্রযুক্ত ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৮২. না-হেতুতে সাত, না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে সাত, না-সমনন্তরে সাত, না-সহজাতে ছয়, না-অন্যোন্যে ছয়, না-নিশ্রয়ে ছয়, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে সাত (সর্বত্র সাত), না-সম্প্রযুক্তে ছয়, না-বিপ্রযুক্তে পাঁচ, না-নাস্তিতে চার, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

১৮৩. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে এক, না-উপনিশ্রয়ে তিন (সর্বত্র তিন), না-সম্প্রযুক্তে এক, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

১৮৪. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অধিপতিতে চার (অনুলোম মাতিকা করণীয়)... অবিগতে সাত।

[চিত্ত-সম্প্রযুক্তদ্বিক সমাপ্ত]

৫৯. চিত্ত-সংশ্লিষ্টদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১৮৫. (১) চিত্ত-সংশ্লিষ্ট[১] (চিত্তের সাথে সংযুক্ত তাদৃশ) ধর্মকে ভিত্তি করে চিত্ত-সংশ্লিষ্ট ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সংশ্লিষ্ট একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি (চিত্ত-সংশ্লিষ্ট) স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) চিত্ত-সংশ্লিষ্ট ধর্মকে ভিত্তি করে চিত্ত-বিসংশ্লিষ্ট[২] (চিত্তের সাথে সংযুক্ত নহে তাদৃশ) ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সংশ্লিষ্ট স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...। (চিত্ত-সংশ্লিষ্টদ্বিকের ন্যায় চিত্ত-সম্প্রযুক্তদ্বিক পড়তে হবে, নির্ণয় না-না-করণীয়)।

[চিত্ত-সংশ্লিষ্টদ্বিক সমাপ্ত]

৬০. চিত্ত-সমুত্থিতদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১৮৬. (১) চিত্ত-সমুত্থিত[৩] (চিত্তের সাথে একসঙ্গে উৎপন্ন তাদৃশ) ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি (চিত্ত-সমুত্থিত) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত-সমুত্থিত[৪] (চিত্তের সাথে একসঙ্গে উৎপন্ন নহে তাদৃশ) ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত

---

[১]। ৫২ প্রকার চৈতসিক চিত্ত-সংশ্লিষ্ট বা সংযুক্ত ধর্ম।

[২]। ২৮ প্রকার রূপ ও নির্বাণ চিত্ত-বিসংশ্লিষ্ট বা সংযুক্ত নহে ধর্ম।

[৩]। ৫২ প্রকার চৈতসিক ও ১৭ চিত্তজ-রূপ চিত্ত-সমুত্থান ধর্ম।

[৪]। ৮৯ প্রকার চিত্ত, ১৮ কর্মজ-রূপ, ১৩ ঋতুজ-রূপ, ১২ আহারজ-রূপ ও নির্বাণ না-চিত্ত-সমুত্থান বা চিত্ত-সমুত্থান নহে ধর্ম।

ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে...।

১৮৭. (৪) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে (ছয়) বাস্তু, (ছয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (ছয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১৮৮. (৭) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং (ছয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং...।

(৮) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং (ছয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি

করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং...।

আলম্বন-প্রত্যয় (৯)

১৮৯. (১) চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

১৯০. (৪) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে (ছয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (ছয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১৯১. (৭) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং (ছয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে...।

(৮) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং (ছয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং (ছয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত

উৎপন্ন হয়। দুটি স্কন্ধ...।

২. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৯২. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে পাঁচ, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে পাঁচ, আসেবনে পাঁচ, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে নয় (সর্বত্র নয়), অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

১৯৩. (১) চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিকালে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... চিত্ত-সমুত্থিত একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত অহেতুক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

১৯৪. (৪) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। অহেতুক প্রতিসন্ধিকালে চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে (ছয়) বাস্তু, (ছয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়)।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-

হেতু-প্রত্যয় দ্বারা। অহেতুক চিত্তকে[১] ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে (ছয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৬) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। অহেতুক প্রতিসন্ধিকালে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিকালে (ছয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১৯৫. (৭) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি অহেতুক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিকালে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিকালে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং (ছয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৮) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। অহেতুক প্রতিসন্ধিকালে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিকালে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিকালে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং (ছয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। অহেতুক প্রতিসন্ধিকালে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... অহেতুক প্রতিসন্ধিকালে চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং (ছয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি

---

[১]। অহেতুক চিত্ত : যে সমস্ত চিত্তোৎপত্তিতে লোভাদি অথবা অলোভাদি কোনো কুশল বা অকুশল হেতু অবিদ্যমান, সেগুলোই অহেতুক চিত্ত নামে কথিত হয়। সাত অহেতুক অকুশল বিপাক চিত্ত, আট অহেতুক কুশল বিপাক চিত্ত এবং তিন অহেতুক ক্রিয়া চিত্ত এই আঠারোটি চিত্ত অহেতুক চিত্ত নামে অভিহিত।

স্কন্ধ...।

না-আলম্বন-প্রত্যয় (৯)

১৯৬. (১) চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্ত-সমুত্থিত একটি মহাভূতকে... মহাভূতসমূহকে (পৃথিবী, আপ, তেজ ও বায়ুকে) ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

১৯৭. (৩) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে (ছয়) বাস্তু উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়)।

(৪) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৫) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৬) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত করা হয়েছে)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৯৮. না-হেতুতে নয়, না-আলম্বনে ছয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে ছয়, না-সমনন্তরে ছয়, না-অন্যোন্যে ছয়, না-উপনিশ্রয়ে ছয়, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে ছয়, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে ছয়, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে ছয়, না-বিগতে ছয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

১৯৯. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে ছয়, না-অধিপতিতে নয়... না-কর্মে তিন, না-বিপাকে পাঁচ, না-সম্প্রযুক্তে ছয়, না-বিপ্রযুক্তে পাঁচ, না-নাস্তিতে ছয়, না-বিগতে ছয়।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

২০০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়... পূর্বজাতে পাঁচ, আসেবনে পাঁচ... ধ্যানে নয়, মার্গে তিন... অবিগতে নয়।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

২০১. (১) চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)

(৪) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (ছয়) বাস্তুকে অবলম্বন করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্তকে অবলম্বন করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। (ছয়) বাস্তুকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করতে হবে)।

(৬) না-চিত্ত ধর্মকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (ছয়) বাস্তুকে অবলম্বন করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

২০২. (৭) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং

চিত্তকে অবলম্বন করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৮) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং (ছয়) বাস্তুকে অবলম্বন করে চিত্ত উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে তিনটি প্রশ্ন প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং (ছয়) বাস্তুকে অবলম্বন করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

আলম্বন-প্রত্যয় (৯)

২০৩. (১-৩) চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা... (তিন) (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। চক্ষু-আয়তনকে অবলম্বন করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে অবলম্বন করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে চিত্ত উৎপন্ন হয়।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। চক্ষু-আয়তনকে অবলম্বন করে চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ... কায়-আয়তনকে অবলম্বন করে কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চিত্তকে অবলম্বন করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন হবে)।

(৬) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। চক্ষু-আয়তনকে অবলম্বন করে চক্ষু-বিজ্ঞান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ... কায়-আয়তনকে... (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

২০৪. (৭) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে অবলম্বন করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

(৮) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ এবং চক্ষু-আয়তনকে অবলম্বন করে চক্ষু-বিজ্ঞান... কায়-বিজ্ঞান-সহগত... চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তনকে অবলম্বন করে দুটি স্কন্ধ এবং চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... কায়-বিজ্ঞান-সহগত... চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে...। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

২০৫. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সর্বত্র নয়), অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

২০৬. চিত্ত-সমুত্থিত ধর্মকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। (সর্বমোট নয়টি প্রশ্ন করণীয়, প্রতীত্যবার সদৃশ জানতে হবে। পঞ্চবিজ্ঞান করণীয়। তিনটিতে মোহ করণীয়)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২০৭. না-হেতুতে নয়, না-আলম্বনে ছয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে ছয়, না-সমনন্তরে ছয়, না-অন্যোন্যে ছয়, না-উপনিশ্রয়ে ছয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে নয়, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে ছয়, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে ছয়, না-বিগতে ছয়।

৪. নিশ্রয়বার

(অনুরূপভাবে অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এদুটি গণনা ও নিশ্রয়বার জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

২০৮. (১) চিত্ত-সমুত্থিত ধর্মকে সংশ্লিষ্ট করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) চিত্ত-সমুত্থিত ধর্মকে সংশ্লিষ্ট করে না-চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্মকে সংশ্লিষ্ট করে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

২০৯. (৪) না-চিত্ত-সমুত্থিত ধর্মকে সংশ্লিষ্ট করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্তকে সংশ্লিষ্ট করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৫) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মকে সংশ্লিষ্ট করে চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। চিত্ত-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনায়)—হেতুতে পাঁচ, আলম্বনে পাঁচ (সর্বত্র পাঁচ), অবিগতে পাঁচ।

(প্রতিলোম-প্রত্যয়)—চিত্ত-সমুত্থিত ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা (পাঁচটি প্রশ্ন করণীয়। তিনটিতে মোহ করণীয়)।

(প্রতিলোম গণনায়)—না-হেতুতে পাঁচ, না-অধিপতিতে পাঁচ, না-পূর্বজাতে পাঁচ, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে পাঁচ, না-ধ্যানে পাঁচ, না-মার্গে পাঁচ, না-বিপ্রযুক্তে পাঁচ।

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এদুটি গণনা ও সম্প্রযুক্তবার জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

২১০. (১) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সমুত্থিত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত

স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সমুত্থিত হেতুসমূহ চিত্তের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত হেতুসমূহ চিত্তের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সমুত্থিত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (৯)

২১১. (১) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত (মন, মানস, বা বিজ্ঞান) উৎপন্ন হয়।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্ত উৎপন্ন হয়।

২১২. (৪) না-চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে চিত্ত উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা না-চিত্ত-সমুত্থিত (৮৯ প্রকার চিত্ত) চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন... আকিঞ্চন-আয়তন... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন... না-চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা

প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন (প্রথম প্রশ্ন সদৃশ বুঝতে হবে)। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... স্প্রষ্টব্য-আয়তন... না-চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন (প্রথম প্রশ্ন সদৃশ বুঝতে হবে), না-চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... স্প্রষ্টব্য-আয়তন... না-চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ভিত্তি করে করণীয়)।

(৮) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ না-চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ভিত্তি করে করণীয়)।

(৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ভিত্তি করে করণীয়)।

অধিপতি-প্রত্যয় (৯)

২১৩. (১-৩) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** চিত্ত-সমুত্থিত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (তিন, আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি করণীয়)।

(৪) না-চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা

প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, ফলকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে... না-চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ায় চিত্ত উৎপন্ন হয়।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে মার্গকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, ফলকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন... না-চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-চিত্ত-সমুত্থিত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে মার্গকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, ফলকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে পর্যবেক্ষণ করেন... না-চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে... চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭-৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আলম্বন-অধিপতি... (তিন) (আলম্বন-অধিপতি পূর্বোক্ত প্রকারে জ্ঞাতব্য)।

অনন্তর-প্রত্যয় (৯), সমনন্তর-প্রত্যয় (৯)

২১৪. (১-৩) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (উত্থান লাভ হয় না)।

(৪-৬) না-চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী চিত্ত পরবর্তী পরবর্তী... নিরোধসমাপত্তি ধ্যান হতে উত্থিত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অপর দুটি গণনা এর সদৃশই বুঝতে হবে)।

(৭-৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (তিনটি প্রশ্ন করণীয়, উত্থান লাভ হয় না)... সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সহজাত-প্রত্যয়াদি

২১৫. চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

হয় (প্রতীত্যবার সদৃশ হবে), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্যবার সদৃশ হবে), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রত্যয়বার সদৃশ হবে)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

২১৬. (১-৩) চিত্ত-সমুত্থিত (চিত্তজ বা চিত্ত হতে উৎপন্ন তাদৃশ) ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :**... (তিনটি প্রশ্ন করণীয়)।

(৪) না-চিত্ত-সমুত্থিত (চিত্তজ বা চিত্ত হতে উৎপন্ন নহে তাদৃশ) ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-ত্রিবিধ ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঋতু, ভোজন, শয্যাসন, চিত্তকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। সেই কারণে ঋতু, ভোজন, শয্যাসন, চিত্ত চিত্তের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঋতু, ভোজন, শয্যাসন, চিত্তকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। সেই কারণে ঋতু, ভোজন, শয্যাসন, চিত্ত শ্রদ্ধার... মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঋতু, ভোজন, শয্যাসন, চিত্তকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। সেই কারণে ঋতু, ভোজন, শয্যাসন এবং চিত্ত চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহের এবং চিত্তের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭-৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :**... (তিন)।

পূর্বজাত-প্রত্যয় (৯)

২১৭. (১) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-পূর্বজাত :** চিত্ত-সমুত্থানরূপকে... স্প্রষ্টব্যকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্যদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন... দৌর্মনস্য উৎপন্ন হয়।

দিব্যনেত্রের মাধ্যমে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের মাধ্যমে শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-পূর্বজাত :** চিত্ত-সমুত্থানরূপসমূহকে... স্প্রষ্টব্যকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্যদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। দিব্যনেত্রের মাধ্যমে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের মাধ্যমে শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-পূর্বজাত :** চিত্ত-সমুত্থানরূপকে... স্প্রষ্টব্যকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্যদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। দিব্যনেত্রের মাধ্যমে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের মাধ্যমে শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... স্প্রষ্টব্য-আয়তন...।

২১৮. (৪) না-চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... কায়, রূপ... স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্যদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। দিব্যনেত্রের মাধ্যমে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের মাধ্যমে শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন... (হৃদয়) বাস্তু চিত্তের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্যদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রের মাধ্যমে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের মাধ্যমে শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... স্প্রষ্টব্য-আয়তন...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত

স্কন্ধসমূহের... কায়-আয়তন... (হৃদয়) বাস্তু চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... একে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। দিব্যনেত্রের মাধ্যমে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের মাধ্যমে শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... স্প্রষ্টব্য-আয়তন...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... কায়-আয়তন... (হৃদয়) বাস্তু চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২১৯. (৭) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন ও বাস্তু-পূর্বজাত :** চিত্ত-সমুত্থিত রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... চিত্ত-সমুত্থিত স্প্রষ্টব্য-আয়তন এবং কায়-আয়তন কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সমুত্থিত রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... চিত্ত-সমুত্থিত স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু...।

(৮) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ না-চিত্ত-সমুত্থিত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন ও বাস্তু-পূর্বজাত :** চিত্ত-সমুত্থিত রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... চিত্ত-সমুত্থিত স্প্রষ্টব্য-আয়তন এবং কায়-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সমুত্থিত রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু চিত্তের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... চিত্ত-সমুত্থিত স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু...।

(৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন ও বাস্তু-পূর্বজাত :** চিত্ত-সমুত্থিত রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... চিত্ত-সমুত্থিত স্প্রষ্টব্য-আয়তন এবং... চিত্ত-সমুত্থিত রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... চিত্ত-সমুত্থিত স্প্রষ্টব্য-আয়তন এবং

(হৃদয়) বাস্তু...।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৯), আসেবন-প্রত্যয় (৯)

২২০. চিত্ত-সমুত্থিত বা চিত্তজ ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত (পশ্চাদোৎপন্ন) চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ পূর্বজাত (পূর্বোৎপন্ন) এই কায়ের চিত্ত-সমুত্থিত কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (এই প্রণালিতে পশ্চাজ্জাত বিস্তৃত করতে হবে)... আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয় (৩), বিপাক-প্রত্যয় (৯)

২২১. (১) চিত্ত-সমুত্থিত চিত্ত-সমুত্থিত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** চিত্ত-সমুত্থিত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** চিত্ত-সমুত্থিত চেতনা বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** চিত্ত-সমুত্থিত চেতনা চিত্তের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** চিত্ত-সমুত্থিত চেতনা বিপাক চিত্তের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** চিত্ত-সমুত্থিত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে...। **নানাক্ষণিক :** চিত্ত-সমুত্থিত চেতনা বিপাক স্কন্ধসমূহের, চিত্তের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১-৯) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

আহার-প্রত্যয় (৯)

২২২. (১) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সমুত্থিত আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপ সমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিকালে...।

(২) চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

হয়। চিত্ত-সমুত্থিত আহারসমূহ চিত্তের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিকালে... চিত্ত-সমুত্থিত কবলীকৃত আহার এই না-চিত্ত-সমুত্থিত কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সমুত্থিত আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিকালে...।

২২৩. (৪) না-চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে না-চিত্ত-সমুত্থিত আহারসমূহ কর্ম-সমুত্থানরূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-চিত্ত-সমুত্থিত কবলীকৃত আহার এই না-চিত্ত-সমুত্থিত কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-চিত্ত-সমুত্থিত আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিকালে...।

(৬) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে না-চিত্ত-সমুত্থিত আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২২৪. (৭) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিকালে...।

(৮) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ না-চিত্ত-সমুত্থিত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত আহারসমূহ কর্ম-সমুত্থানরূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সমুত্থিত এবং চিত্ত-সমুত্থিত কবলীকৃত আহার এই না-চিত্ত-সমুত্থিত কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ইন্দ্রিয়-প্রত্যয়াদি

২২৫. (১) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(২) চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৪) না-চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে না-চিত্ত-সমুত্থিত ইন্দ্রিয়সমূহ কর্ম-সমুত্থানরূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের... কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের... রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থানরূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-চিত্ত-সমুত্থিত ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... কায়-ইন্দ্রিয়...।

(৬) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে না-চিত্ত-সমুত্থিত ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের এবং চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... কায়-ইন্দ্রিয়...।

২২৬. (৭) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... চক্ষু-ইন্দ্রিয় এবং উপেক্ষা-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... কায়-ইন্দ্রিয় এবং সুখ-ইন্দ্রিয়... কায়-ইন্দ্রিয় এবং দুঃখ-ইন্দ্রিয় কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ না-চিত্ত-সমুত্থিত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ইন্দ্রিয়সমূহ কর্ম-সমুত্থানরূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-ইন্দ্রিয় এবং উপেক্ষা-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের... কায়-ইন্দ্রিয়...।

(৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-

সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-ইন্দ্রিয় এবং উপেক্ষা-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কায়-ইন্দ্রিয় এবং...। ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৯)

২২৭. (১) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

২২৮. (৪) না-চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে চিত্ত কর্ম-সমুত্থানরূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত (হৃদয়) বাস্তুর বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু চিত্তের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু চিত্তের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** না-চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ পূর্বজাত এই না-চিত্ত-সমুত্থিত কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৬) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

২২৯. (৭) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৮) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ না-চিত্ত-সমুত্থিত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত

(সংক্ষিপ্ত)।

(৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

অস্তি-প্রত্যয় (৯)

২৩০. (১) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি চতুর্বিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত এবং আহার (সংক্ষিপ্ত)।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৪) না-চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৬) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি চতুর্বিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত এবং আহার (সংক্ষিপ্ত)।

২৩১. (৭) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ... (সংক্ষিপ্ত)।

(৮) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ না-চিত্ত-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় । **সহজাত এবং পূর্বজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-বিজ্ঞান-সহগত...। **সহজাত :** চিত্ত-সমুত্থিত... (প্রত্যয়বার সদৃশ সকল প্রশ্নসমূহের প্রতিসন্ধিকাল ও প্রবর্তনকাল করণীয়)। **পশ্চাজ্জাত :** চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্ত পূর্বজাত এই না-চিত্ত-সমুত্থিত কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ, চিত্ত এবং কবলীকৃত আহার এই না-চিত্ত-সমুত্থিত কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় : চিত্ত-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্ত এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত... (সংক্ষিপ্ত)। নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২৩২. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে নয়, পশ্চাজ্জাতে নয়, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে নয় (সর্বত্র নয়), ইন্দ্রিয়ে নয়, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে পাঁচ, বিপ্রযুক্তে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম সংগ্রহ (৯)

২৩৩. (১) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৩৪. (৪) না-চিত্ত-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের

দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-চিত্ত-সমুত্থিত ধর্ম চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৩৫. (৭) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ না-চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সমুত্থিত এবং না-চিত্ত-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২৩৬. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্র নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

২৩৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে তিন... না-মার্গে তিন, না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

২৩৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম গণনা করতে হবে)... অবিগতে নয়।

[চিত্ত-সমুত্থিতদ্বিক সমাপ্ত]

৬১. চিত্ত-সহজাতদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

২৩৯. (১) চিত্ত-সহজাত[১] (চিত্তের সাথে একসঙ্গে উৎপন্ন তাদৃশ) ধর্মকে ভিত্তি করে চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) চিত্ত-সহজাত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি (চিত্ত-সহজাত) স্কন্ধ, চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ (কায় ও বাক্-বিজ্ঞপ্তি) উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সহজাত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে...।

(২) চিত্ত-সহজাত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সহজাত[২] (চিত্তের সাথে একসঙ্গে উৎপন্ন নহে তাদৃশ) ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সহজাত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত, চিত্ত-সহজাত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সহজাত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৩) চিত্ত-সহজাত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্ত-সহজাত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত, এবং চিত্ত-সহজাত ও না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সহজাত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে...।

২৪০. (৪) না-চিত্ত-সহজাত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ, কর্ম-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

---

[১]। ৫২ প্রকার চৈতসিক এবং ২ প্রকার বিজ্ঞপ্তি রূপ চিত্ত-সহজাত ধর্ম।

[২]। ৮৯ প্রকার চিত্ত, দুই বিজ্ঞপ্তি ব্যতীত (২৮-২) = ২৬ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্ত-সহজাত ধর্ম।

(৫) না-চিত্ত-সহজাত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সহজাত সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত-সহজাত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৬) না-চিত্ত-সহজাত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সহজাত ও না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সহজাত ও না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

২৪১. (৭) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সহজাত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি (চিত্ত-সহজাত) স্কন্ধ এবং চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সহজাত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সহজাত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৮) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ, কর্ম-সমুত্থানরূপ, উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৯) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্ত-সহজাত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সহজাত ও না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সহজাত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সহজাত একটি স্কন্ধ এবং

(হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

২৪২. হেতুতে নয়, আলম্বনে নয় (অরূপ উদ্ধারিতব্য। চিত্ত-সমুত্থানদ্বিক সদৃশ জানতে হবে)। অধিপতিতে নয় (মহাভূতসমূহ ছয় প্রশ্নে করণীয়, তিনটিতে অধিপতি নাই)। অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে নয়, আসেবনে পাঁচ, কর্মে নয় (সর্বত্র নয়), অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

২৪৩. (১) চিত্ত-সহজাত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চিত্ত-সহজাত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সহজাত ও চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয় উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ (মিথ্যাজ্ঞান বা কুপ্রজ্ঞা) উৎপন্ন হয়। (অনুরূপভাবে নয়টি প্রশ্ন করণীয়। 'অহেতুক' এই নিয়মেই করা উচিত। যথা অনুলোমে লাভ হয় তা অনুরূপভাবে করণীয়। তিন মোহ যথা চিত্ত-সহজাতদ্বিকে বর্ণিত হয়েছে এস্থলেও অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

না-কর্ম-প্রত্যয় (৪)

২৪৪. (১) চিত্ত-সহজাত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সহজাত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সহজাত চেতনা উৎপন্ন হয়।

(২) না-চিত্ত-সহজাত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থান, ঋতু-সমুত্থান...।

(৩) না-চিত্ত-সহজাত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়।

(৪) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়।

না-ধ্যান-প্রত্যয় (৬)

২৪৫. (১) চিত্ত-সহজাত (চিত্ত-সহাবস্থানকারী) ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। পঞ্চবিজ্ঞান-সহগত...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২৪৬. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয়, না-অন্যোন্যে নয়, না-উপনিশ্রয়ে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে ছয়, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে নয়, না-বিগতে নয় (অনুরূপভাবে অপর দুটি গণনা করণীয়)।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

২৪৭. (১) চিত্ত-সহজাত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(২) চিত্ত-সহজাত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৩) চিত্ত-সহজাত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৪) না-চিত্ত-সহজাত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত উৎপন্ন হয়। চিত্তকে আশ্রয় করে না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (প্রতীত্যবার সদৃশ করণীয়, সকল মহাভূতসমূহ জ্ঞাতব্য)।

(৫) না-চিত্ত-সহজাত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত-সহজাত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (সকল মহাভূতসমূহ প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৬) না-চিত্ত-সহজাত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্তকে আশ্রয় করে সম্প্রযুক্ত

স্কন্ধসমূহ এবং চিত্ত-সহজাত ও না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (সকল মহাভূতসমূহ প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

২৪৮. (৭) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সহজাত একটি স্কন্ধ এবং চিত্তকে আশ্রয় করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... চিত্ত-সহজাত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে... (সকল মহাভূতসমূহ প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৮) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং চিত্তকে আশ্রয় করে না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত উৎপন্ন হয়। চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (সকল মহাভূতসমূহ প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৯) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্ত-সহজাত একটি স্কন্ধ এবং চিত্তকে আশ্রয় করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সহজাত ও না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্ত-সহজাত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে... (সকল মহাভূতসমূহ প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

আলম্বন-প্রত্যয় (৯)

২৪৯. (১-৩) চিত্ত-সহজাত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়... (তিন) (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৪) না-চিত্ত-সহজাত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়... চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে...। (এটি চিত্ত-সহজাতদ্বিকে প্রত্যয়বারে আলম্বন সদৃশ জ্ঞাতব্য। ছয়টি প্রশ্নেই পঞ্চবিজ্ঞান প্রত্যয়মূল তৈরি করতে হবে। সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

২৫০. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সর্বত্র নয়), অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

২৫১. (১) চিত্ত-সহজাত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চিত্ত-সহজাত একটি স্কন্ধকে... (সংক্ষিপ্ত। সমস্তই করণীয়। প্রত্যয়বারে পঞ্চবিজ্ঞান ও ছয় প্রত্যয়মূল করণীয়। সকল মহাভূতসমূহে একইভাবে তিন মোহ জ্ঞাতব্য। সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২৫২. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয়, না-অন্যোন্যে নয়, না-উপনিশ্রয়ে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে নয়, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

২৫৩. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে নয় (সর্বত্র নয়), না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে পাঁচ, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

২৫৪. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অনন্তরে নয় (সর্বত্র নয়), মার্গে তিন... অবিগতে নয়।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

২৫৫. (১) চিত্ত-সহজাত (চিত্ত-সহাবস্থানকারী তাদৃশ) ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সহজাত একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি (চিত্ত-সহজাত) স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) চিত্ত-সহজাত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সহজাত

(চিত্ত-সহাবস্থানকারী নহে তাদৃশ) ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সহজাত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) চিত্ত-সহজাত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্ত-সহজাত একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

২৫৬. (৪) না-চিত্ত-সহজাত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে সংশ্লিষ্ট করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৫) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মকে সংশ্লিষ্ট করে চিত্ত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সহজাত একটি স্কন্ধ এবং চিত্তকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে পাঁচ (সর্বত্র পাঁচ), অবিগতে পাঁচ।

[অনুলোম সমাপ্ত]

(প্রতিলোম গণনা)—না-হেতুতে পাঁচ (তিন, মোহ), না-অধিপতিতে পাঁচ, না-পূর্বজাতে পাঁচ, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে পাঁচ, না-ধ্যানে পাঁচ, না-মার্গে পাঁচ, না-বিপ্রযুক্তে পাঁচ।

৬. সম্প্রযুক্তবার

(অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার সমস্তই করণীয়)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

২৫৭. (১) চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সহজাত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) চিত্ত-সহজাত ধর্ম না-চিত্ত-সহজাত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সহজাত হেতুসমূহ চিত্তের এবং না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সহজাত হেতুসমূহ চিত্তের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সহজাত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং চিত্ত-সহজাত ও না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

২৫৮. (১-৯) চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (চিত্ত-সহজাত দ্বিক সদৃশ জ্ঞাতব্য, নির্ণয় না-না-করণীয়)।

অধিপতি-প্রত্যয় (৯)

২৫৯. (১-৩) চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি করণীয়)।

(৪-৬) না-চিত্ত-সহজাত ধর্ম না-চিত্ত-সহজাত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... তিন (আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি এই তিনটি প্রশ্নেই করণীয়। নয়টি প্রশ্নই চিত্ত-সহজাতদ্বিক সদৃশ পড়তে হবে। শেষের তিনটি প্রশ্নে আলম্বন-অধিপতিই মাত্র বুঝতে হবে)।

অনন্তর-প্রত্যয়াদি

২৬০. চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (চিত্ত-সহজাত দ্বিক সদৃশ জ্ঞাতব্য, নির্ণয় না-না-করণীয়), সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (প্রতীত্য সদৃশ জানতে হবে), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (প্রতীত্য সদৃশ জ্ঞাতব্য), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (প্রতীত্য সদৃশ পড়তে হবে), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (প্রতীত্য সদৃশ জ্ঞাতব্য), উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (চিত্ত-সহজাত দ্বিক সদৃশ জ্ঞাতব্য)।

পূর্বজাত-প্রত্যয় (৩)

২৬১. (১-৩) না-চিত্ত-সহজাত ধর্ম না-চিত্ত-সহজাত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আলম্বন-পূর্বজাত ও বাস্তু-পূর্বজাত... (তিন) (না-চিত্ত-সহজাত প্রত্যয়মূল যা লাভ হয়, চিত্ত-সহজাতদ্বিক সদৃশ তা জ্ঞাতব্য। তিনটি প্রশ্ন হবে, নির্ণয় না-না-করণীয়)।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩), আসেবন-প্রত্যয় (৯)

২৬২. (১) চিত্ত-সহজাত ধর্ম না-চিত্ত-সহজাত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত চিত্ত-সহজাত স্কন্ধসমূহ পূর্বজাত এই না-চিত্ত-সহজাত কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-চিত্ত-সহজাত ধর্ম না-চিত্ত-সহজাত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৩) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ না-চিত্ত-সহজাত ধর্মের

পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)... ।

(১-৯)... আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয় (৩)

২৬৩. (১) চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** চিত্ত-সহজাত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** চিত্ত-সহজাত চেতনা বিপাক চিত্ত-সহজাত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চিত্ত-সহজাত ধর্ম না-চিত্ত-সহজাত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** চিত্ত-সহজাত চেতনা চিত্তের এবং না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** চিত্ত-সহজাত চেতনা বিপাক চিত্তের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** চিত্ত-সহজাত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং চিত্ত-সহজাত ও না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** চিত্ত-সহজাত চেতনা বিপাক স্কন্ধসমূহের, চিত্তের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয়াদি

২৬৪. চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় হয় (চিত্ত-সহজাতদ্বিক সদৃশ জ্ঞাতব্য)... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (চিত্ত-সহজাতদ্বিক সদৃশ জ্ঞাতব্য। এর মধ্যে একটি কবলীকৃত আহার করতে হবে)।

চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (চিত্ত-সহজাতদ্বিক সদৃশ পাঠ করতে হবে, নির্ণয় না-না-করণীয়), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৯)

২৬৫. (১) চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত :** চিত্ত-সহজাত স্কন্ধসমূহ চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চিত্ত-সহজাত ধর্ম না-চিত্ত-সহজাত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** চিত্ত-সহজাত স্কন্ধসমূহ না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত :** চিত্ত-সহজাত স্কন্ধসমূহ পূর্বজাত এই না-চিত্ত-সহজাত কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত :** চিত্ত-সহজাত স্কন্ধসমূহ চিত্ত-সহজাত ও না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৬৬. (৪) না-চিত্ত-সহজাত ধর্ম না-চিত্ত-সহজাত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** চিত্ত না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত কর্ম-সমুত্থানরূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত (হৃদয়) বাস্তুর বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তুর চিত্তের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-আয়তন... (হৃদয়) বাস্তু চিত্তের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** চিত্ত পূর্বজাত এই না-চিত্ত-সহজাত কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** চিত্ত চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-আয়তন... (হৃদয়) বাস্তু চিত্ত-সহজাত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** চিত্ত চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-আয়তন... (হৃদয়) বাস্তু চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের

বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৬৭. (৭) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ চিত্ত-সহজাত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত :** চিত্ত-সহজাত স্কন্ধসমূহ চিত্ত এবং চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ না-চিত্ত-সহজাত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং চিত্ত না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত :** চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং চিত্ত পূর্বজাত এই না-চিত্ত-সহজাত কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সহজাত স্কন্ধসমূহ, চিত্ত এবং চিত্ত-সহজাত ও না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (৯)

২৬৮. (১) চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সহজাত একটি স্কন্ধ (ভাগ বা অংশ)... (প্রতীত্যবার সদৃশ পাঠ করতে হবে)।

(২) চিত্ত-সহজাত ধর্ম না-চিত্ত-সহজাত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সহজাত একটি স্কন্ধ... (প্রতীত্যবারের মতো করে পাঠ করতে হবে)।

(৪) না-চিত্ত-সহজাত ধর্ম না-চিত্ত-সহজাত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়।

(৫) না-চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত (সংক্ষিপ্ত)।

(৬) না-চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত ।

২৬৯. (৭) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ চিত্ত-সহজাত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত

। **সহজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন এবং চক্ষু-বিজ্ঞান একটি স্কন্ধের... দুটি স্কন্ধ এবং... (সবগুলোতে প্রতিসন্ধিক্ষণে করতে হবে, সহজাত ও পূর্বজাত করতে হবে)।

(৮) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ না-চিত্ত-সহজাত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় । **সহজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-বিজ্ঞান-সহগত... চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং চিত্ত না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত এবং পূর্বজাত :** চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু চিত্তের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত :** চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ না-চিত্ত-সহজাত চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতিসন্ধিক্ষণে তিনটি প্রশ্ন করণীয়)। **পশ্চাজ্জাত :** চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং চিত্ত পূর্বজাত এই না-চিত্ত-সহজাত কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এবং এই না-চিত্ত-সহজাত কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** চিত্ত-সহজাত স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত এবং পূর্বজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন... (প্রত্যয়বার সদৃশ জ্ঞাতব্য)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২৭০. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে পাঁচ, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম সংগ্রহ (৯)

২৭১. (১) চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা

প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চিত্ত-সহজাত ধর্ম না-চিত্ত-সহজাত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৭২. (৪) না-চিত্ত-সহজাত ধর্ম না-চিত্ত-সহজাত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-চিত্ত-সহজাত ধর্ম চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৭৩. (৭) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ চিত্ত-সহজাত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ না-চিত্ত-সহজাত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মসমূহ চিত্ত-সহজাত এবং না-চিত্ত-সহজাত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২৭৪. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সবক্ষেত্রে নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

২৭৫. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন (সবক্ষেত্রে তিন), না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

২৭৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম মাতিকা তৈরি করতে হবে)।

[চিত্ত-সহজাত দ্বিক সমাপ্ত]

৬২. চিত্ত-অনুপরিবর্তীদ্বিক

১. প্রতীত্যবার

২৭৭. চিত্ত-অনুপরিবর্তী[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-অনুপরিবর্তী ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-অনুপরিবর্তী একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি (চিত্ত-অনুপরিবর্তী) স্কন্ধ এবং চিত্ত-অনুপরিবর্তী চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (চিত্ত-সমুত্থিতদ্বিক যেভাবে আলোচিত হয়েছে অনুরূপভাবে চিত্ত-অনুপরিবর্তীদ্বিকও বুঝতে হবে, নির্ণয় না-না-করণীয়)।

[চিত্ত-অনুপরিবর্তীদ্বিক সমাপ্ত]

৬৩. চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিতদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১৭৮. (১) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি (চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত) স্কন্ধ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধকে

---

[১]। চিত্ত-অনুপরিবর্তী অর্থে চিত্তের সাথে সাথে পরিবর্তন হওয়াকে বুঝায়। যেমন : ৫২ প্রকার চৈতসিক ও ২ প্রকার বিজ্ঞপ্তি-রূপ এবং ৮৯ প্রকার চিত্ত, ২ বিজ্ঞপ্তি-রূপ ব্যতীত (২৮-২) = ২৬ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্ত-অনুপরিবর্তী ধর্ম।

[২]। যা চিত্তের সাথে সংযুক্ত ও সমুত্থিত বা একসাথে উৎপন্ন। যেমন : ৫২ প্রকার চৈতসিক।

ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত[১] ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি (চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত) স্কন্ধ, চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে...।

২৭৯. (৪) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ, কর্ম-সমুত্থান এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

২৮০. (৭) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে

---

[১]। যা চিত্তের সাথে সংযুক্ত ও সমুত্থিত বা একসাথে উৎপন্ন নহে। যেমন : ৮৯ প্রকার চিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ।

ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ...।

(৮) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৯) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২৮১. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে পাঁচ, আসেবনে পাঁচ, কর্মে নয়, বিপাকে নয় (সর্বত্র নয়), অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

২৮২. (১) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি

করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ বা অজ্ঞানতা উৎপন্ন হয়।

(২) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত অহেতুক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

(৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ... অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

২৮৩. (৪) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চিত্তকে (অহেতুক চিত্ত ১৮টি) ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৫) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। অনুরূপভাবে অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত চিত্তকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৬) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয়। অহেতুক চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

২৮৪. (৭) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি অহেতুক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধকে...

বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৮) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত অহেতুক স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত অহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৯) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি অহেতুক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ... (অহেতুক প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

না-আলম্বন-প্রত্যয় (৩)

২৮৫. (১) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয় উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়, সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২৮৬. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয়, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে ছয়, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

২৮৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

২৮৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অনন্তরে নয় (সংক্ষিপ্ত)।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

২৮৯. (১-৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়... (তিন)। (সংক্ষিপ্ত)। (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৪) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (মহাভূতসমূহ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৫-৬) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)... (তিন)।

২৯০. (৭) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

আবার দুটি স্কন্ধ এবং... চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

(৮) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্তকে আশ্রয় করে না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-রূপ (অর্থাৎ ২ বিজ্ঞপ্তি ব্যতীত ২৬ প্রকার রূপ) উৎপন্ন হয়। আবার চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

(৯) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে আশ্রয় করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-রূপ (অর্থাৎ ২ বিজ্ঞপ্তি রূপ) উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ... চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

আলম্বন-প্রত্যয় (৯)

২৯১. (১-৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়... (তিন) (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৪) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৫) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ... কায়-আয়তনকে... চিত্তকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

(৬) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ... কায়-আয়তনকে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন

হয় (প্রতিসন্ধিক্ষণে একটি প্রশ্ন করণীয়)।

২৯২. (৭) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ, চক্ষু-আয়তন এবং চক্ষু-বিজ্ঞানকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ... কায়-বিজ্ঞান-সহগত... চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

(৮) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-বিজ্ঞান-সহগত... চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে চিত্ত উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে একটি প্রশ্ন করণীয়)।

(৯) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ... (প্রতিসন্ধিক্ষণে একটি প্রশ্ন করণীয়, সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম
২. গণনা অধ্যায় (একক)

২৯৩. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সর্বত্র নয়), অবিগতে নয়।

১. প্রত্যয় : অনুলোম
২. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

২৯৪. (১) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। (অনুরূপভাবে নয়টি প্রশ্ন করণীয়। প্রত্যয়বারে পঞ্চবিজ্ঞানও করণীয়। একইভাবে তিনটি মোহ করণীয়)।

২. প্রত্যয় : প্রতিলোম
২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২৯৫. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-

আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে নয়, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. নিশ্রয়বার

(অনুরূপভাবে অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এদুটি গণনা ও নিশ্রয়বার বিস্তারিত জ্ঞাতব্য)।

৫. সংশ্লিষ্টবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

২৯৬. (১) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৪) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে সংশ্লিষ্ট করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৫) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্তকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

২৯৭. হেতুতে পাঁচ, আলম্বনে পাঁচ, অধিপতিতে পাঁচ (সবটিতে পাঁচ), অবিগতে পাঁচ।

২. প্রত্যয় : প্রতিলোম—২. বিভঙ্গ অধ্যায়

২৯৮. (১) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত। একইভাবে তিনটি মোহ

জ্ঞাতব্য)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২৯৯. না-হেতুতে পাঁচ, না-অধিপতিতে পাঁচ, না-পূর্বজাতে পাঁচ, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে পাঁচ, না-ধ্যানে পাঁচ, না-মার্গে পাঁচ, না-বিপ্রযুক্তে পাঁচ।

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এদুটি গণনা ও সম্প্রযুক্তবার বিস্তারিত জ্ঞাতব্য)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

৩০০. (১) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত (চিত্তের সাথে সংযুক্ত ও একত্রে উৎপন্ন তাদৃশ) ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত (চিত্তের সাথে সংযুক্ত ও একত্রে উৎপন্ন নহে তাদৃশ) ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত হেতুসমূহ চিত্তের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (৯)

৩০১. (১) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-

সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন... নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর... (সংক্ষিপ্ত। চিত্ত-সমুত্থিতদ্বিকের আলম্বনের ন্যায় এস্থলেও অনুরূপভাবে করণীয়। নির্ণয় না-না-করণীয়। নয়টি প্রশ্ন জানতে হবে)।

অধিপতি-প্রত্যয় (৯)

৩০২. (১-৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি... (তিন) (দ্বিবিধ অধিপতিই করণীয়)।

(৪-৬) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি... (তিন) (দ্বিবিধ অধিপতিই করণীয়)।

(৭) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি একবিধ)—আলম্বন-অধিপতি। (একইভাবে একবিধ অধিপতিই করণীয়। নয়টি প্রশ্ন জানতে হবে। যথা চিত্ত-সমুত্থিতদ্বিক এস্থলেও অনুরূপভাবে করণীয়, নির্ণয় না-না-করণীয়)।

অনন্তর-প্রত্যয়াদি

৩০৩. চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (নয়টি প্রশ্ন হবে, চিত্ত-সমুত্থিতদ্বিক সদৃশ করণীয়), সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (প্রতীত্যবার সদৃশ করণীয়), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (প্রতীত্যবার সদৃশ করণীয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (প্রতীত্য সদৃশ করণীয়), উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (নয়টি প্রশ্ন হবে, চিত্ত-সমুত্থিতদ্বিক সদৃশ করণীয়, নির্ণয় না-না-করণীয়)।

পূর্বজাত-প্রত্যয়াদি

৩০৪. (১-৩) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত... (তিন) (চিত্ত-সমুত্থিতদ্বিক সদৃশ করণীয়, নির্ণয় না-না-করণীয়)।

চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চিত্ত-সমুত্থিতদ্বিক সদৃশ করণীয়, নির্ণয় না-না-করণীয়। তিনটিতেই পশ্চাজ্জাত হবে। দুই ও একমূলে একটি ঘটনা হবে)... আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয়াদি

৩০৫. চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (চিত্ত-সমুত্থিত সদৃশ করণীয়, নির্ণয় না-না-করণীয়। তিনটিতে সহজাত (কর্ম) ও নানাক্ষণিক (কর্ম) হবে... বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (চিত্ত-সমুত্থিত প্রশ্ন সদৃশ হবে, একটি কবলীকৃত আহার হবে), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৩০৬. (১) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-আয়তন... (হৃদয়) বাস্তু চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-আয়তন... (হৃদয়) বাস্তু চিত্তের এবং সম্প্রযুক্ত

স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

অস্তি-প্রত্যয় (৯)

৩০৭. (১) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(২) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৪) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (পূর্বজাত সদৃশ পূর্বজাত করণীয়। সমস্তই সংক্ষিপ্ত। বিস্তার করণীয়)।

(৫) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** চিত্ত সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (পূর্বজাত-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য, নির্ণয় না-না-করণীয়)।

(৬) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** চিত্ত সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (পূর্বজাত-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)।

৩০৮. (৭) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত এবং পূর্বজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-বিজ্ঞান একটি স্কন্ধের... দুটি স্কন্ধ এবং... চক্ষু-বিজ্ঞান-সহগত

একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন দুটি স্কন্ধের... দুটি স্কন্ধ এবং... কায়-বিজ্ঞান-সহগত... চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্ত দুটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং... চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

(৮) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় । **সহজাত এবং পূর্বজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-বিজ্ঞান-সহগত... চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্ত চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু চিত্তের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতিসন্ধিক্ষণে তিনটি প্রশ্ন করণীয়)। **পশ্চাজ্জাত :** চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ এবং চিত্ত পূর্বজাত এই না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ, চিত্ত এবং কবলীকৃত আহার এই না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত স্কন্ধসমূহ, চিত্ত এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন দুটি (চক্ষু-বিজ্ঞান-সহগত) স্কন্ধের এবং চক্ষু-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার দুটি স্কন্ধ এবং... কায়-বিজ্ঞান-সহগত...। **সহজাত এবং পূর্বজাত :** চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং চিত্ত দুটি (চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত) স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার দুটি স্কন্ধ এবং... চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের এবং চিত্তের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩০৯. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে পাঁচ, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (৯)

৩১০. (১) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩১১. (৪) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্ম চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩১২. (৭) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ

চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মসমূহ চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত এবং না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৩১৩. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্র নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৩১৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে এক, না-উপনিশ্রয়ে তিন (সর্বত্র তিন), না-সম্প্রযুক্তে এক, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৩১৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (সর্বত্র নয়, অনুলোম মাতিকা তৈরি করতে হবে)।

[চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিতদ্বিক সমাপ্ত]

৬৪. চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাতদ্বিক

১. প্রতীত্যবার—হেতু-প্রত্যয় (৯)

৩১৬. (১) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-

---

[১]। যা চিত্তের সাথে সংযুক্ত, সমুত্থিত এবং একসাথে উৎপন্ন এমন। যেমন : ৫২ চৈতসিক এবং ৮৯ প্রকার চিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ চিত্তের সাথে সংযুক্ত, সমুত্থিত এবং একসাথে উৎপন্ন নহে।

সহজাত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি (চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত) স্কন্ধ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিতদ্বিক যেভাবে বর্ণিত হয়েছে, অনুরূপভাবে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাতদ্বিকও বর্ণনা করতে হবে, নির্ণয় না-না-করণীয়)।

[চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাতদ্বিক সমাপ্ত]

৬৫. চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তীদ্বিক

১. প্রতীত্যবার—হেতু-প্রত্যয় (৯)

৩১৭. (১) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী ধর্ম উৎপন্ন হয়। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি (চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী) স্কন্ধ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিতদ্বিক যেভাবে বর্ণিত হয়েছে চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তীদ্বিকও অনুরূপভাবে বর্ণনা করতে হবে, নির্ণয় না-না-করণীয়)।

[চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তীদ্বিক সমাপ্ত]

৬৬. অভ্যন্তরীণদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৩১৮. (১) অভ্যন্তরীণ[২] (অন্তঃস্থিত, ভিতরের বা আধ্যাত্মিক) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ (অর্থাৎ পঞ্চপ্রসাদ রূপ) উৎপন্ন হয়।

(২) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক[৩] ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ (অর্থাৎ পঞ্চপ্রসাদ ব্যতীত অপর ১৩ প্রকার কর্মজ-রূপ) উৎপন্ন হয়।

---

[১]। যা চিত্তের সাথে সংযুক্ত, সমুত্থিত এবং সঙ্গে সঙ্গে পরিবর্তনশীল এমন। যেমন : ৫২ প্রকার চৈতসিক এবং ৮৯ প্রকার চিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী ধর্ম।

[২]। ৮৯ প্রকার চিত্ত ও ৫ প্রসাদরূপ অভ্যন্তরীণ ধর্ম।

[৩]। পঞ্চ প্রসাদরূপ ব্যতীত (২৮-৫) = ২৬ প্রকার রূপ, ৫২ প্রকার চৈতসিক ও নির্বাণই বাহ্যিক ধর্ম।

(৩) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

৩১৯. (৪) বাহ্যিক (বহিঃস্থিত বা বাইরের) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি (বাহ্যিক) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ, কর্ম-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত এবং অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৬) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

৩২০. (৭) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৮) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ এবং... চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ এবং... চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বাহ্যিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা

অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং...।

আলম্বন-প্রত্যয় (৫)

৩২১. (১) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৪) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩২২. হেতুতে নয়, আলম্বনে পাঁচ, অধিপতিতে পাঁচ, অনন্তরে পাঁচ, সমনন্তরে পাঁচ, সহজাতে নয়, অন্যোন্যে পাঁচ, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে পাঁচ, পূর্বজাতে পাঁচ, আসেবনে পাঁচ, কর্মে নয়, বিপাকে নয় (সর্বত্র নয়), সম্প্রযুক্তে পাঁচ, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে পাঁচ, অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

৩২৩. (১) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(২) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত চিত্তকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

৩২৪. (৪) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য) বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। অহেতুক বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত এবং অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৬) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ... অহেতুক প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

৩২৫. (৭) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৮) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি অহেতুক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ... অহেতুক চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং বাহ্যিক চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বাহ্যিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৯) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ এবং...।

না-আলম্বন-প্রত্যয় (৯)

৩২৬. (১) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(২) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৩) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

৩৭৭. (১) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। না-উপাদা স্কন্ধসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থান, ঋতু-সমুত্থান একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়।

(২) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা উপাদা ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থান, ঋতু-সমুত্থান মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৩) না-উপাদা ধর্মকে ভিত্তি করে উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ উৎপন্ন

হয় না-কর্ম প্রত্যয়। বাহ্যিক, আহার-সমুত্থান, ঋতু-সমুত্থান একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত এবং উপাদা-রূপ উৎপন্ন হয়... দুটি মহাভূতকে...।

না-বিপাক-প্রত্যয় (৩)

৩৭৮. (১) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-বিপাক প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। না-উপাদা একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং না-উপাদা চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য, অনুরূপভাবে না-উপাদামূলকে তিনটি প্রশ্ন হবে)।

না-আহার-প্রত্যয় (৩)

৩৭৯. (১) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-আহার-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, ঋতু-সমুত্থান এবং অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়।

(২) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-আহার-প্রত্যয় দ্বারা উপাদা ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, ঋতু-সমুত্থান এবং অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৩) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-আহার-প্রত্যয় দ্বারা উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক, ঋতু-সমুত্থান এবং অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত এবং উপাদা-রূপ, তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত এবং উপাদা-রূপ, দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

না-ইন্দ্রিয়-প্রত্যয় (৩)

৩৮০. (১) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত এবং ঋতু-সমুত্থিত একটি মহাভূতকে...।

(২) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা উপাদা ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত এবং অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহকে ভিত্তি করে রূপ-জীবিত-ইন্দ্রিয় উৎপন্ন হয়।

(৩) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত এবং ঋতু-সমুত্থিত একটি মহাভূতকে...।

না-ধ্যান-প্রত্যয়াদি

৩৮১. (১) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। পঞ্চবিজ্ঞান-সহগত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত এবং অসংজ্ঞসত্ত্বগণের... দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়।

(২) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা উপাদা ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত এবং অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত এবং অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত, তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত, দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত, মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

উপাদা ধর্মকে ভিত্তি করে না-মার্গ-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়... (পাঁচ)... না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... (তিন)।

না-বিপ্রযুক্ত-প্রত্যয়াদি

৩৮২. (১) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে না-উপাদা একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত এবং অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(২) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা উপাদা ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত এবং অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৩) না-উপাদা ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত এবং ঋতু-সমুত্থিত একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত এবং উপাদা-রূপ, তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত এবং উপাদা-রূপ, দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ, তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ, দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন

হয়... না-নাস্তি-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৮৩. না-হেতুতে পাঁচ, না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে পাঁচ, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-আহারে তিন, না-ইন্দ্রিয়ে তিন, না-ধ্যানে তিন, না-মার্গে পাঁচ, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৩৮৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ... না-কর্মে এক, না-বিপাকে তিন... না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৩৮৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে পাঁচ, অন্যোন্যে পাঁচ, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে এক, আসেবনে এক... মার্গে এক... অবিগতে পাঁচ।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

৩৮৬. (১) উপাদা (চারি মহাভূত-সমুত্থিত তাদৃশ) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদা ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-উপাদা স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২-৪) না-উপাদা ধর্মকে আশ্রয় করে না-উপাদা ধর্ম উৎপন্ন হয়... (তিন) (না-উপাদা প্রত্যয়মূলকে তিন, প্রতীত্যবার সদৃশ জানতে হবে, নির্ণয় না-না-করণীয়)।

(৫) উপাদা এবং না-উপাদা ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। না-উপাদা একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (৩)

৩৮৭. (১) উপাদা ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-উপাদা স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) না-উপাদা ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৩) উপাদা এবং না-উপাদা ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং... কায়-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং কায়-আয়তনকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। না-উপাদা একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৮৮. হেতুতে পাঁচ, আলম্বনে তিন, অধিপতিতে পাঁচ, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে পাঁচ, অন্যোন্যে পাঁচ, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে তিন, কর্মে পাঁচ... অবিগতে পাঁচ (অনুরূপভাবে গণনা করতে হবে)।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয়াদি

৩৮৯. (১) উপাদা ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক না-উপাদা স্কন্ধসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২-৪) না-উপাদা ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। অহেতুক না-উপাদা একটি স্কন্ধ আশ্রয় করে তিনটি স্কন্ধ, না-উপাদা এবং চিত্ত-সমুত্থানরূপ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত তৈরি করতে হবে) বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয় (তিনটি প্রশ্ন করণীয়, বিস্তারিত প্রতীত্য

সদৃশ জানতে হবে, নির্ণয় না-না-করণীয়)।

(৫) উপাদা এবং না-উপাদা ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... কায়-বিজ্ঞান-সহগত... অহেতুক না-উপাদা একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। না-আলম্বন-প্রত্যয় দ্বারা... (তিন), না-আসেবন-প্রত্যয় দ্বারা... (পাঁচ)।

না-কর্ম-প্রত্যয়াদি

৩৯০. (১) উপাদা ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-উপাদা চেতনা উৎপন্ন হয়।

(২) না-উপাদা ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। না-উপাদা স্কন্ধসমূহকে আশ্রয় করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত এবং ঋতু-সমুত্থিত... দুটি মহাভূতকে আশ্রয় করে দুটি মহাভূত উৎপন্ন হয়।

(৩) না-উপাদা ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা উপাদা ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত এবং ঋতু-সমুত্থিত মহাভূতসমূহকে আশ্রয় করে উপাদা রূপ উৎপন্ন হয়।

(৪) না-উপাদা ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত এবং ঋতু-সমুত্থিত একটি মহাভূতকে আশ্রয় করে তিনটি মহাভূত এবং উপাদা-রূপ উৎপন্ন হয়... দুটি মহাভূতকে...।

(৫) উপাদা এবং না-উপাদা ধর্মসমূহকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। না-উপাদা স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-উপাদা চেতনা উৎপন্ন হয়। না-বিপাক-প্রত্যয় দ্বারা... (পাঁচ), না-আহার-প্রত্যয় দ্বারা... (তিন), না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... (তিন)।

না-ধ্যান-প্রত্যয়াদি

৩৯১. (১) উপাদা ধর্মকে আশ্রয় করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়।

(২) না-উপাদা ধর্মকে আশ্রয় করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম

উৎপন্ন হয়। পঞ্চবিজ্ঞান-সহগত একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত এবং অসংজ্ঞসত্ত্বগণের... দুটি মহাভূতকে আশ্রয় করে দুটি মহাভূত উৎপন্ন হয়।

(৩) না-উপাদা ধর্মকে আশ্রয় করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা উপাদা ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত এবং অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহকে আশ্রয় করে উপাদা কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৪) না-উপাদা ধর্মকে আশ্রয় করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত এবং অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে আশ্রয় করে তিনটি মহাভূত এবং উপাদা কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি...।

(৫) উপাদা এবং না-উপাদা ধর্মকে আশ্রয় করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং...। না-মার্গ-প্রত্যয় দ্বারা... (পাঁচ), না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... (তিন), না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... (তিন), না-নাস্তি-প্রত্যয় দ্বারা... (তিন), না-বিগত-প্রত্যয় দ্বারা... (তিন)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৯২. না-হেতুতে পাঁচ, না-আসেবনে তিন, না-অধিপতিতে পাঁচ... না-কর্মে পাঁচ, না-বিপাকে পাঁচ, না-আহারে তিন, না-ইন্দ্রিয় তিন, না-ধ্যানে পাঁচ, না-মার্গে পাঁচ, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. নিশ্রয়বার

(অনুরূপভাবে অপর দুটি গণনা ও নিশ্রয়বার জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

৩৯৩. (১) না-উপাদা ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম উৎপন্ন হয়। না-উপাদা একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক, অধিপতিতে এক (সর্বত্র এক), অবিগতে এক।

[অনুলোম সমাপ্ত]

(১) না-উপাদা ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদা ধর্ম

উৎপন্ন হয়। না-উপাদা একটি অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-অধিপতিতে এক, না-পূর্বজাতে এক, না-পশ্চাজ্জাতে এক, না-আসেবনে এক, না-কর্মে এক, না-বিপাকে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে এক।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার তৈরি করে পাঠ করতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৩৯৪. (১) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপাদা হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং না-উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের[১] হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) না-উপাদা ধর্ম উপাদা ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপাদা হেতুসমূহ উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের[২] হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) না-উপাদা ধর্ম উপাদা এবং না-উপাদা ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপাদা হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, উপাদা ও না-উপাদা চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২)

৩৯৫. (১) উপাদা (চারি মহাভূত উৎপন্ন তাদৃশ) ধর্ম না-উপাদা ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (শৈক্ষ্যগণ বা পৃথ্‌গজনেরা) চক্ষু... কায়... রূপ... রস... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন। দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... রস-আয়তন জিহ্বা-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১]। পৃথিবী, আপ, তেজ ও বায়ু এই মহাভূত রূপ না-উপাদা বা চারি মহাভূতোৎপন্ন নহে এমন চিত্ত-সমুত্থিত-রূপ।

[২]। কায়-বিজ্ঞপ্তি, বাক্-বিজ্ঞপ্তি, শব্দ, লঘুতা, মৃদুতা, কর্মণ্যতা, আকাশ বর্ণ, গন্ধ, রস ও ওজ, এই ১১ প্রকার উপাদা বা চারি মহাভূতোৎপন্ন চিত্ত-সমুত্থিত-রূপ।

উপাদা স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম করে সেগুলো স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে রাগ বা অনুরাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত সুকৃত্যাদিকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ বিগত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, অবিগত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন। স্প্রষ্টব্য... না-উপাদা স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা না-উপাদা চিত্তসম্পন্ন (৮৯ প্রকার চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপাদা স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকমোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৩৯৬. (১) উপাদা ধর্ম না-উপাদা ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** চক্ষু... কায়... রূপ... রস, (হৃদয়) বাস্তুকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ার ফলে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

(২) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম করেন। অতঃপর একে গুরুত্ব দিয়ে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ার ফলে রাগ উৎপন্ন হয় এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে গুরুত্ব দিয়ে পর্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকে গুরুত্ব দিয়ে পর্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে গুরুত্ব দিয়ে পর্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্ব দিয়ে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে গুরুত্ব দিয়ে

পর্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্প্রষ্টব্য (স্পর্শযোগ্য বিষয়) এবং না-উপাদা স্কন্ধসমূহকে গুরুত্বের সাথে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ার ফলে রাগ উৎপন্ন হয় এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-উপাদা-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং না-উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-উপাদা ধর্ম উপাদা ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** না-উপাদা-অধিপতি উপাদা চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-উপাদা ধর্ম উপাদা এবং না-উপাদা ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** না-উপাদা-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং উপাদা ও না-উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয়াদি

৩৯৭. (১) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী না-উপাদা স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-উপাদা স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রত্যয়বারে নিশ্রয় সদৃশ জানতে হবে)।

উপনিশ্রয়-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২)

৩৯৮. (১) উপাদা ধর্ম না-উপাদা ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** চক্ষু-সম্পদ... কায়-সম্পদ... বর্ণ-সম্পদ... শ্রদ্ধা-সম্পদ... গন্ধ-সম্পদ... রস-সম্পদ... ভোজনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। এ'হেতুতে চক্ষু-সম্পদ... কায়-সম্পদ... বর্ণ-সম্পদ... গন্ধ-সম্পদ... রস-সম্পদ... ভোজন শ্রদ্ধার... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-

উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন, মান বা অহমিকা উৎপন্ন করেন এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল... প্রজ্ঞা... রাগ... তৃষ্ণা (প্রার্থনা)... কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাকে উপনিশ্রয় করে দান দেন... ভিক্ষুসংঘের মধ্যে বিভেদ সৃষ্টি করেন। এ'হেতুতে শ্রদ্ধা... শয্যা শ্রদ্ধার... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৩৯৯. উপাদা ধর্ম না-উপাদা ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... রস-আয়তন জিহ্বা-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন... (হৃদয়) বাস্তু না-উপাদা স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-পূর্বজাত :** স্প্রষ্টব্য-আয়তনকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ না-উপাদা ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত :** স্প্রষ্টব্য-আয়তন এবং কায়-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু না-উপাদা স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩), আসেবন-প্রত্যয় (১)

৪০০. (১) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত না-উপাদা স্কন্ধসমূহের পূর্বজাত এই না-উপাদা (চারি মহাভূতোৎপন্ন নহে তাদৃশ) কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-উপাদা ধর্ম উপাদা ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত না-উপাদা স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদা (চারি মহাভূতোৎপন্ন তাদৃশ) কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-উপাদা ধর্ম উপাদা এবং না-উপাদা ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত না-উপাদা স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদা কায়ের ও না-উপাদা কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আসেবন-প্রত্যয়ের দ্বারা

প্রত্যয় হয়... (এক)।

কর্ম-প্রত্যয় (৩)

৪০১. (১) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-উপাদা চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং না-উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** না-উপাদা চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং না-উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-উপাদা ধর্ম উপাদা ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-উপাদা চেতনা উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** না-উপাদা চেতনা উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-উপাদা ধর্ম উপাদা এবং না-উপাদা ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-উপাদা চেতনা স্কন্ধসমূহের উপাদা ও না-উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** না-উপাদা চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং উপাদা ও না-উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (৩)

৪০২. (১-৩) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক না-উপাদা একটি স্কন্ধ তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... (তিন)।

আহার-প্রত্যয় (৬)

৪০৩. (১) উপাদা ধর্ম উপাদা ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কবলীকৃত আহার এই উপাদা কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদা ধর্ম না-উপাদা ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কবলীকৃত আহার এই না-উপাদা কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদা ধর্ম উপাদা এবং না-উপাদা ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কবলীকৃত আহার এই উপাদা কায়ের ও না-উপাদা কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪-৬) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

না-উপাদা আহার সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং না-উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... (না-উপাদামূলকে তিনটি প্রশ্ন হবে, প্রতিসন্ধিক্ষণে তিনটি প্রশ্ন করণীয়)।

ইন্দ্রিয়-প্রত্যয় (৭)

৪০৪. (১) উপাদা ধর্ম উপাদা ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপসন্ততির অনুপালক) উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদা ধর্ম না-উপাদা ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের... কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় না-উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদা ধর্ম উপাদা এবং না-উপাদা ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-জীবিত-ইন্দ্রিয় উপাদা ও না-উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪-৬) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) প্রতিসন্ধিক্ষণে...।

(৭) উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ না-উপাদা ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-ইন্দ্রিয় এবং চক্ষু-বিজ্ঞান চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-ইন্দ্রিয় এবং...।

ধ্যান-প্রত্যয়াদি

৪০৫. না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)। প্রতিসন্ধিক্ষণে... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৪)

৪০৬. (১) উপাদা ধর্ম না-উপাদা ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু না-উপাদা স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন... (হৃদয়) বাস্তু না-উপাদা স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** না-উপাদা স্কন্ধসমূহ না-উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে না-উপাদা স্কন্ধসমূহ না-উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের

বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** না-উপাদা স্কন্ধসমূহ পূর্বজাত এই না-উপাদা কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-উপাদা ধর্ম উপাদা ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** না-উপাদা স্কন্ধসমূহ উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত :** না-উপাদা স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদা কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-উপাদা ধর্ম উপাদা ধর্মের এবং না-উপাদা ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** না-উপাদা স্কন্ধসমূহ উপাদা ও না-উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত :** না-উপাদা স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদা কায়ের ও না-উপাদা কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (৯)

৪০৭. (১) উপাদা ধর্ম উপাদা ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আহার এবং ইন্দ্রিয় । **আহার :** কবলীকৃত আহার এই উপাদা কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদা ধর্ম না-উপাদা ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি চতুর্বিধ)—সহজাত, পূর্বজাত, আহার এবং ইন্দ্রিয় । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু না-উপাদা স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষুকে অনিত্য... (সংক্ষিপ্ত। পূর্বজাত সদৃশ করণীয়, নির্ণয় না-না-করণীয়)। **আহার :** কবলীকৃত আহার এই না-উপাদা কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় না-উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদা ধর্ম উপাদা এবং না-উপাদা ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আহার এবং ইন্দ্রিয় । **আহার :** কবলীকৃত আহার এই উপাদা কায়ের ও না-উপাদা কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় উপাদা ও না-উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪০৮. (৪) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** না-উপাদা একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং না-উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের

অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূত দুটি মহাভূতের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বিস্তৃত করতে হবে)। **পূর্বজাত :** স্প্রষ্টব্যকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** না-উপাদা স্কন্ধসমূহ পূর্বজাত এই না-উপাদা কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-উপাদা ধর্ম উপাদা ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** না-উপাদা স্কন্ধসমূহ উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে না-উপাদা স্কন্ধসমূহ উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** না-উপাদা স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদা কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-উপাদা ধর্ম উপাদা এবং না-উপাদা ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** না-উপাদা একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং উপাদা ও না-উপাদা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত :** না-উপাদা স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদা কায়ের ও না-উপাদা কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪০৯. (৭) উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ উপাদা ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় । **পশ্চাজ্জাত এবং আহার :** না-উপাদা স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই উপাদা কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** না-উপাদা স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ না-উপাদা ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... না-উপাদা একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে না-উপাদা একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...। **পূর্বজাত :** স্প্রষ্টব্য-আয়তন এবং কায়-আয়তন কায়-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু না-উপাদা স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের

দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** না-উপাদা স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই না-উপাদা কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** না-উপাদা স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় না-উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ উপাদা এবং না-উপাদা ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **পশ্চাজ্জাত এবং আহার :** না-উপাদা স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই উপাদা কায়ের ও না-উপাদা কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** না-উপাদা স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় উপাদা ও না-উপাদা কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪১০. হেতুতে তিন, আলম্বনে দুই, অধিপতিতে চার, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে পাঁচ, অন্যোন্যে পাঁচ, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে এক, কর্মে তিন, বিপাকে তিন, আহারে ছয়, ইন্দ্রিয়ে সাত, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে চার, অস্তিতে নয়, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৯)

৪১১. (১) উপাদা ধর্ম উপাদা ধর্মের আহার প্রতয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদা ধর্ম না-উপাদা ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদা ধর্ম উপাদা এবং না-উপাদা ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪১২. (৪) না-উপাদা ধর্ম না-উপাদা ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-উপাদা ধর্ম উপাদা ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...

পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-উপাদা ধর্ম উপাদা এবং না-উপাদা ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ উপাদা ধর্মের পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় হয়।

(৮) উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ না-উপাদা ধর্মের সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় হয়।

(৯) উপাদা এবং না-উপাদা ধর্মসমূহ উপাদা এবং না-উপাদা ধর্মের পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪১৩. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্র নয়), না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে ছয়, না-অস্তিতে চার, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়, না-অবিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৪১৪. হেতু প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন (সর্বত্র তিন), না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৪১৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অধিপতিতে চার... (অনুলোম মাতিকা হতে বিস্তারিত জ্ঞাতব্য)... অবিগতে নয়।

[উপাদাদ্বিক সমাপ্ত]

৬৮. উপাদিন্নদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

৪১৬. (১) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন (তৃষ্ণা-মিথ্যাদৃষ্টি-মান দ্বারা দৃঢ়ভাবে গৃহীত)[১] ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনসময়ে) উপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (উপাদিন্ন) স্কন্ধ... দুটি স্কন্ধকে... আবার প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন[২] (তৃষ্ণা-মিথ্যাদৃষ্টি-মান দ্বারা অগৃহীত) ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপর... দুটি স্কন্ধকে...।

(৪) হেতু-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (অনুপাদিন্ন) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (২)

৪১৭. (১) আলম্বন-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি

---

[১]। চারি মহাভূত, আট ইন্দ্রিয়, চারি বিষয়, হৃদয় ও জীবিত—এই ১৮টি কর্মজ-রূপ, ৩২ লোকীয় বিপাক চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক। এরা তৃষ্ণা-দৃষ্টি-মান দ্বারা দৃঢ়ভাবে গৃহীত হয় বলে 'উপাদিন্ন' বা গৃহীত ধর্ম বলা হয়।

[২]। ১২ অকুশল চিত্ত, ২১ কুশল চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, 8 ফলচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ১৫ চিত্তজ-রূপ, ১৩ ঋতুজ-রূপ, ১২ আহারজ-রূপ ও নির্বাণ। তৃষ্ণা-দৃষ্টি-মান দ্বারা অগৃহীত বলে এরা 'অনুপাদিন্ন' বা 'অগৃহীত' ধর্ম।

স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

অধিপতি-প্রত্যয় (১)

৪১৮. (১) অধিপতি-প্রত্যয়ের দ্বারা অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪১৯. হেতুতে পাঁচ, আলম্বনে দুই, অধিপতিতে এক, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে এক, কর্মে পাঁচ, বিপাকে পাঁচ, আহারে পাঁচ, ইন্দ্রিয়ে পাঁচ, ধ্যানে পাঁচ, মার্গে পাঁচ, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে পাঁচ, অস্তি পাঁচ, নাস্তিতে দুই, বিগতে দুই, অবিগতে পাঁচ।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৫)

৪২০. (১) না-হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) না-হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন অহেতুক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) না-হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদিন্ন একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে...।

৪২১. (৪) না-হেতু-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। বাহ্যিক, আহারজ, ঋতুজ একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন অহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় (৪)

৪২২. (১) না-আলম্বন-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) না-আলম্বন-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) না-আলম্বন-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। আবার একটি মহাভূতকে... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৪) না-আলম্বন-প্রত্যয়ের কারণে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-অধিপতি-প্রত্যয়াদি

৪২৩. না-অধিপতি-প্রত্যয়ের কারণে, না-অনন্তর-প্রত্যয়ের কারণে, না-সমনন্তর-প্রত্যয়ের কারণে, না-অন্যোন্য-প্রত্যয়ের কারণে, না-উপনিশ্রয়-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়।

না-পূর্বজাত-প্রত্যয়াদি

৪২৪. (১) না-পূর্বজাত-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে

উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে উপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(২) না-পূর্বজাত-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) না-পূর্বজাত-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে অনুপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অনুপাদিন্ন স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৪) না-পূর্বজাত-প্রত্যয়ের কারণে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা... না-আসেবন-প্রত্যয় দ্বারা।

না-কর্ম-প্রত্যয় (১)

৪২৫. (১) না-কর্ম-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন স্কন্ধসমূহকে ভিত্তি করে অনুপাদিন্ন চেতনা... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত... মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা-রূপ উৎপন্ন হয়।

না-বিপাক-প্রত্যয় (২)

৪২৬. (১) না-বিপাক-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) না-বিপাক-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে... (ঋতু-সমুত্থিত পর্যন্ত জ্ঞাতব্য)।

না-আহার-প্রত্যয় (২)

৪২৭. (১) না-আহার-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(২) না-আহার-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, ঋতু-সমুত্থিত...।

না-ইন্দ্রিয়-প্রত্যয় (২)

৪২৮. (১) না-ইন্দ্রিয়-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহকে ভিত্তি করে রূপ-জীবিত-ইন্দ্রিয় উৎপন্ন হয়।

(২) না-ইন্দ্রিয়-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, ঋতু-সমুত্থিত...।

না-ধ্যান-প্রত্যয়াদি

৪২৯. (১) না-ধ্যান-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। পঞ্চবিজ্ঞান-সহগত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অসংজ্ঞসত্ত্বগণের...।

(২) না-ধ্যান-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত...।

না-মার্গ-প্রত্যয়ের কারণে (না-হেতু-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য, মোহ লাভ হয় না)... না-সম্প্রযুক্ত-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয় ।

না-বিপ্রযুক্ত-প্রত্যয়াদি

৪৩০. (১) না-বিপ্রযুক্ত-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে উপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে...।

(২) না-বিপ্রযুক্ত-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে অনুপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত... না-নাস্তি প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৩১. না-হেতুতে পাঁচ, না-আলম্বনে চার, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে চার, না-সমনন্তরে চার, না-অন্যোন্যে চার, না-উপনিশ্রয়ে চার, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে এক, না-বিপাকে দুই, না-আহারে দুই, না-ইন্দ্রিয়ে দুই, না-ধ্যানে দুই, না-মার্গে পাঁচ, না-সম্প্রযুক্তে চার, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

৪৩২. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে পাঁচ... না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে এক, না-বিপাকে এক... না-সম্প্রযুক্তে চার, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

৪৩৩. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে এক, কর্মে পাঁচ, বিপাকে পাঁচ... মার্গে এক, সম্প্রযুক্তে দুই... অবিগতে পাঁচ।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

৪৩৪. (১) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন (গৃহীত) ধর্মকে নির্ভর করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে নির্ভর করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে নির্ভর করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে নির্ভর করে কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে উপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন স্কন্ধসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অনুপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে...।

(৪) হেতু-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন (অগৃহীত) ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে... মহাভূতসমূহকে

নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

আলম্বন-প্রত্যয় (৪)

৪৩৫. (১) আলম্বন-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে নির্ভর করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে নির্ভর করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে... (হৃদয়) বাস্তুকে নির্ভর করে উপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অনুপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৪) আলম্বন-প্রত্যয়ের কারণে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

অধিপতি-প্রত্যয় (৩)

৪৩৬. (১) অধিপতি-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অনুপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) অধিপতি-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে... মহাভূতসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৩) অধিপতি-প্রত্যয়ের কারণে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৩৭. হেতুতে পাঁচ, আলম্বনে চার, অধিপতিতে তিন, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে পাঁচ, অন্যোন্যে চার, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে চার, আসেবনে তিন, কর্মে পাঁচ, বিপাকে পাঁচ... অবিগতে পাঁচ।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৫)

৪৩৮. (১) না-হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন একটি অহেতুক স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে নির্ভর করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে নির্ভর করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। আবার একটি মহাভূতকে... মহাভূতসমূহকে নির্ভর করে কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... চক্ষু-আয়তনকে নির্ভর করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তন... (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অহেতুক উপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) না-হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন অহেতুক স্কন্ধসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অহেতুক অনুপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) না-হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদিন্ন একটি অহেতুক স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে...।

৪৩৯. (৪) না-হেতু-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি অহেতুক স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে... বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে নির্ভর করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) না-হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন অহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি অহেতুক স্কন্ধ

এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৪০. না-হেতুতে পাঁচ, না-আলম্বনে চার, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে চার, না-সমনন্তরে চার, না-অন্যোন্যে চার, না-উপনিশ্রয়ে চার, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে চার, না-আহারে দুই, না-ইন্দ্রিয়ে দুই, না-ধ্যানে দুই, না-মার্গে পাঁচ, না-সম্প্রযুক্তে চার, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৪৪১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে পাঁচ... না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে তিন... না-সম্প্রযুক্তে চার, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৪৪২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অনন্তরে চার... মার্গে তিন... অবিগতে পাঁচ।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ বিস্তারিত পাঠ করতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

৪৪৩. (১) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে সংশ্লিষ্ট করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) হেতু-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে সংশ্লিষ্ট করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই, অধিপতিতে এক, অনন্তরে

দুই, সমনন্তরে দুই, সহজাতে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে এক, কর্মে দুই, বিপাকে দুই... অবিগতে দুই।

[অনুলোম সমাপ্ত]

৪৪৪. (১) না-হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে সংশ্লিষ্ট করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন একটি অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

(২) না-হেতু-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে সংশ্লিষ্ট করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে দুই, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে দুই, না-আসেবনে দুই, না-কর্মে এক, না-বিপাকে এক, না-ধ্যানে এক, না-মার্গে দুই, না-বিপ্রযুক্তে দুই।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার বিস্তারিত জ্ঞাতব্য)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

৪৪৫. (১) উপাদিন্ন (তৃষ্ণা-মিথ্যাদৃষ্টি-মান দ্বারা দৃঢ়ভাবে আঁকড়িয়ে ধরা) ধর্ম উপাদিন্ন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন (তৃষ্ণা-মিথ্যাদৃষ্টি-মান দ্বারা দৃঢ়ভাবে আঁকড়িয়ে না ধরা) ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন হেতুসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

(৮) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

(৯) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম
২. গণনা অধ্যায় (একক)

৯২. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয় (সবটিতে নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

৯৩. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয়, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে নয় (সবটিতে নয়), না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

৯৪. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম মাতিকা করণীয়)... অবিগতে নয়।

[উপাদান-সম্প্রযুক্তদ্বিক সমাপ্ত]

৭২. উপাদান অথচ উপাদানীয়দ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৯৫. (১) উপাদান অথচ উপাদানীয়[১] (আসক্তি অথচ আসক্তির বিষয় তাদৃশ) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান অথচ উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টি-উপাদানকে ভিত্তি করে কাম-উপাদান উৎপন্ন হয়। কাম-

---

[১]। চারি উপাদানে লোভ ও মিথ্যাদৃষ্টি এই দুই চৈতসিক উপাদান অথচ উপাদানীয় বা উপাদানযোগ্য ধর্ম।

উপাদানকে ভিত্তি করে দৃষ্টি-উপাদান উৎপন্ন হয় (চক্রবন্ধনের মাধ্যমে বিস্তার করতে হবে)।

(২) উপাদান অথচ উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদানীয় অথচ না-উপাদান[১] (আসক্তির বিষয় অথচ আসক্তিহীন তাদৃশ) ধর্ম উৎপন্ন হয়। উপাদানসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) উপাদান এবং উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান অথচ উপাদানীয় এবং উপাদানীয় অথচ না-উপাদান ধর্মসমূহ উৎপন্ন হয়। দৃষ্টি-উপাদানকে ভিত্তি করে কাম-উপাদান, সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয় (চক্রবন্ধনের মাধ্যমে বিস্তার করতে হবে)।

৯৬. (৪) উপাদানীয় অথচ না-উপাদান ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদানীয় অথচ না-উপাদান ধর্ম উৎপন্ন হয়। উপাদানীয় অথচ না-উপাদান একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (উপাদানীয় অথচ না-উপাদান) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৫) উপাদানীয় অথচ না-উপাদান ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান অথচ উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদানীয় অথচ না-উপাদান স্কন্ধসমূহকে ভিত্তি করে উপাদানসমূহ উৎপন্ন হয়।

(৬) উপাদানীয় অথচ না-উপাদান ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান অথচ উপাদানীয় এবং উপাদানীয় অথচ না-উপাদান ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদানীয় অথচ না-উপাদান ধর্মকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং উপাদানসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

৯৭. (৭) উপাদান অথচ উপাদানীয় এবং উপাদানীয় অথচ না-উপাদান ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান অথচ উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টি উপাদান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে কাম-উপাদান উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)।

(৮) উপাদান অথচ উপাদানীয় এবং উপাদানীয় অথচ না-উপাদান ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদানীয় অথচ না-উপাদান ধর্ম উৎপন্ন হয়। উপাদানীয় অথচ না-উপাদান একটি স্কন্ধ এবং উপাদানসমূহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং...

---

[১]। ৮১ প্রকার লোকীয় চিত্ত, মিথ্যাদৃষ্টি ও লোভ উপাদান ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-২) = ৫০ চৈতসিক ও ২৮ প্রকার রূপ উপাদানীয় অথচ না-উপাদান বা উপাদানহীন ধর্ম।

উপাদানসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৯) উপাদান অথচ উপাদানীয় এবং উপাদানীয় অথচ না-উপাদান ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান অথচ উপাদানীয় এবং উপাদানীয় অথচ না-উপাদান ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদানীয় অথচ না-উপাদান একটি স্কন্ধ এবং দৃষ্টি-উপাদানকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কাম-উপাদান এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং... (চক্রবন্ধনের মাধ্যমে বিস্তার করতে হবে)।

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(যথা উপাদানদ্বিক অনুরূপভাবে উপাদান অথচ উপাদানীয়দ্বিকে প্রতীত্যবার, সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার করণীয়, নির্ণয় না-না-করণীয়, শুধু আমসনে বিভিন্নতা হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৯৮. (১) উপাদান অথচ উপাদানীয় ধর্ম উপাদান অথচ উপাদানীয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান অথচ উপাদানীয় হেতুসমূহ সম্প্রযুক্ত উপাদান স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদান অথচ উপাদানীয় ধর্ম উপাদানীয় অথচ না-উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান অথচ উপাদানীয় হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (উপাদানদ্বিক সদৃশ হবে, কোনো ভিন্নতা নেই, নয়টি প্রশ্ন বিস্তার করা উচিত)।

আলম্বন-প্রত্যয় (৯)

৯৯. (১-৩) উপাদান অথচ উপাদানীয় ধর্ম উপাদান অথচ উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদানসমূহকে ভিত্তি করে উপাদানসমূহ উৎপন্ন হয়... (তিন)।

(৪) উপাদানীয় অথচ না-উপাদান ধর্ম উপাদানীয় অথচ না-উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান... ধ্যান হতে উঠে ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। আর্যগণ গোত্রভূকে (লোকোত্তর মার্গের পূর্বক্ষণ) স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে

পর্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তুকে... (সংক্ষিপ্ত) অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪-৬) উপাদানীয় অথচ না-উপাদান ধর্ম উপাদান অথচ উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত, অপর দুটি প্রশ্ন উপাদানদ্বিক সদৃশ হবে)।

(৭-৯) উপাদান অথচ উপাদানীয় এবং উপাদানীয় অথচ না-উপাদান ধর্মসমূহ উপাদান অথচ উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (নিম্নাংশের তিনটিতে অধিপতি করণীয়, উপাদানদ্বিক সদৃশ হবে)।

অধিপতি-প্রত্যয়

১০০. (১-৩) উপাদানীয় অথচ উপাদান ধর্ম উপাদানীয় অথচ না-উপাদান ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... ধ্যান হতে উঠে ধ্যানকেই গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একেই গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। শৈক্ষ্যগণ গোত্রভূকে গুরুত্ব দিয়ে... বিশুদ্ধিকে... চক্ষু... (হৃদয়) বাস্তু, উপাদানীয় অথচ না-উপাদান স্কন্ধসমূহকে গুরুত্ব দেওয়ায় উপাদানীয় অথচ না-উপাদান স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** উপাদানীয় অথচ না-উপাদান-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অবশিষ্ট দুটি প্রশ্নে আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি করণীয়। উপাদানদ্বিক সদৃশ পাঠ করতে হবে)। (ঘটনা অধিপতি তিন, উপাদানদ্বিক সদৃশ হবে। সমস্ত প্রত্যয় উপাদানদ্বিক সদৃশ জানতে হবে। উপাদানীয়ে লোকোত্তর হয় না, প্রতিলোমও অপর দুটি গণনা উপাদানদ্বিক সদৃশ করণীয়)।

[উপাদান-উপাদানীয়দ্বিক সমাপ্ত]

৭৩. উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্তদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয়

১০১. (১) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টি-উপাদানকে ভিত্তি করে কাম-উপাদান উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)।

(২) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান[২] ধর্ম উৎপন্ন হয়। উপাদানসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মসমূহ উৎপন্ন হয়। দৃষ্টি-উপাদানকে ভিত্তি করে কাম-উপাদান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (চক্রবন্ধনের মাধ্যমে বিস্তার করতে হবে)।

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মকে ভিত্তি করে...। (সংক্ষিপ্ত। আমসন নানাপ্রকার এবং উপাদানদ্বিক সদৃশ নয়টি প্রশ্ন জ্ঞাতব্য। রূপলোকে হয় না। অনুরূপভাবে সকলবার বিস্তারিত জ্ঞাতব্য। তদনুরূপ অরূপলোকে জ্ঞাতব্য)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১০২. (১) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত উপাদানসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত

---

[১]। মিথ্যাদৃষ্টি-সহগত ৪ চিত্তে দুই উপাদান লোভ ও মিথ্যাদৃষ্টি উপাদান অথচ উপাদান সম্প্রযুক্ত ধর্ম।

[২]। ৮ প্রকার লোভমূলক চিত্ত, দুই উপাদান ব্যতীত (২২-২) = ২০ চৈতসিক উপাদান সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্ম।

এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং উপাদানসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১০৩. (৪) উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্ম উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত উপাদানসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং উপাদানসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১০৪. (৭) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মসমূহ উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত উপাদানসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মসমূহ উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মসমূহ উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং উপাদানসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

১০৫. (১) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদানসমূহকে ভিত্তি করে উপাদানসমূহ উৎপন্ন হয়।

(২) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান-সম্প্রযুক্ত অথচ না-

উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদানসমূহকে ভিত্তি করে উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদানসমূহকে ভিত্তি করে উপাদানসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্ম উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান স্কন্ধসমূহকে ভিত্তি করে উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান স্কন্ধসমূহ উৎপন্ন হয় (অনুরূপভাবে তিনটি প্রশ্ন করণীয়, পরবর্তী ঘটনায়ও তিনটি প্রশ্ন করণীয়)।

অধিপতি-প্রত্যয় (৯)

১০৬. (১) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(২) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৩) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৪) উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্ম উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। (তিন, তিনটি প্রশ্নের মধ্যেই দুটি অধিপতি করণীয়, ঘটনা-অধিপতিতে তিনটি প্রশ্ন করণীয়)।

অনন্তর-প্রত্যয় (৯)

১০৭. (১) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী উপাদানসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অনুরূপভাবে নয়টি প্রশ্ন করণীয়, আবর্তন-চিত্ত ও উত্থান লাভ হয় না)।

সমনন্তরাদি-প্রত্যয়

১০৮. উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সহজাত-প্রত্যয়ের

দ্বারা প্রত্যয় হয়... (নয়), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

১০৯. (১) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(২) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৩) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৪) উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্ম উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান স্কন্ধসমূহ উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (তিন, ঘটনা উপনিশ্রয়েও তিনটি প্রশ্ন করণীয়)... আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

কর্মাদি-প্রত্যয়

১১০. উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্ম উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১১১. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অনোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, আসেবনে নয়, কর্মে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৯)

১১২. (১) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অনুরূপভাবে নয়টি প্রশ্ন করণীয়, একটি প্রত্যয়মূলে তিনটি তিনটি করে প্রশ্ন করণীয়)।

২. প্রত্যয় : প্রতিলোম
২. গণনা অধ্যায়
(একক)

১১৩. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয় (সর্বত্র নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

১১৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয়, না-উপনিশ্রয়ে নয় (সর্বত্র নয়), না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে নয়, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

১১৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয়... (অনুলোম মাতিকা তৈরি করতে হবে)।

[উপাদান-উপাদান-সম্প্রযুক্তদ্বিক সমাপ্ত]

৭৪. উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয়দ্বিক

১. প্রতীত্যবার—১-৪. প্রত্যয় : অনুলোমাদি

হেতু-প্রত্যয় (৫)

১১৬. (১) উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয়[১] (উপাদানহীন উপাদানের বিষয় বা আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয়) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ (চারি মহাভূত-সমুত্থিত-রূপ) উৎপন্ন হয়।

(২) উপাদান-বিপ্রযুক্ত অনুপাদানীয়[২] (উপাদানহীন উপাদানের বিষয় বা আলম্বন নহে) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদান-বিপ্রযুক্ত অনুপাদানীয় এক স্কন্ধকে ভিত্তি করে তিনটি (উপাদান-বিপ্রযুক্ত অনুপাদানীয়) স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৩) উপাদান-বিপ্রযুক্ত অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদান-বিপ্রযুক্ত অনুপাদানীয় স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৪) উপাদান-বিপ্রযুক্ত অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয় এবং উপাদান-বিপ্রযুক্ত অনুপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদান-বিপ্রযুক্ত অনুপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৫) উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয় এবং উপাদান-বিপ্রযুক্ত অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদান-বিপ্রযুক্ত অনুপাদানীয় স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে

---

[১]। ২ দ্বেষমূলক চিত্ত, ২ মোহমূলক চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, লোভ, মিথ্যাদৃষ্টি ও মান ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৩) = ৪৯ প্রকার চৈতসিক, দৃষ্টি-বিপ্রযুক্ত ৪ চিত্তে লোভ ও ২৮ প্রকার রূপ উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয় (উপাদানের আলম্বন নহে কিন্তু উপাদানযোগ্য)।

[২]। ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ উপাদান-বিপ্রযুক্ত অনুপাদানীয় (উপাদানও নহে উপাদানযোগ্যও নহে) ধর্ম।

চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে দুই... অবিগতে পাঁচ।

(উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয়দ্বিক ক্ষুদ্রান্তরদ্বিকে লৌকিকদ্বিক সদৃশ জানতে হবে, নির্ণয় না-না-করণীয়)।

[উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয়দ্বিক সমাপ্ত]

[উপাদানগুচ্ছ সমাপ্ত]

[তৃতীয় ভাগ সমাপ্ত]

[সাধু...সাধু...সাধু]

[জগতের সকল প্রাণি সুখী হোক]

[ইদং নো পুঞ্ঞং পঞ্ঞালাভায সংবত্ততু
নিব্বানস্স পচ্চযো হোতু'তি]

****

****

****

****

অভিধর্মপিটকে

পট্‌ঠান

(চতুর্থ খণ্ড)

শ্রীমৎ রাহুল ভিক্ষু
কর্তৃক অনূদিত

অভিধর্মপিটকে পট্‌ঠান (চতুর্থ খণ্ড)

অনুবাদ : শ্রীমৎ রাহুল ভিক্ষু
গ্রন্থস্বত্ব : শ্রীমৎ রাহুল ভিক্ষু
প্রথম প্রকাশ : ৮ ফেব্রুয়ারি ২০১৬
(পূজ্য প্রজ্ঞালংকার মহাস্থবির মহোদয়ের ৬৫তম জন্মদিন উপলক্ষে)
প্রকাশক : শ্রীমৎ সাধনামিত্র ভিক্ষু
পরিবেশক : কল্পতরু, রাঙামাটি ৪৫০০, বাংলাদেশ
কম্পিউটার কম্পোজ : শ্রীমৎ বিপুলানন্দ ভিক্ষু
প্রচ্ছদ ডিজাইন : শ্রীমৎ সুভাবিতো ভিক্ষু
মুদ্রণ : রাজবন অফসেট প্রেস
রাজবন বিহার, রাঙামাটি

Abhidhamma Pitake Patthan (Vol-4)

Translated into Bengli by Ven. Rahul Bhikkhu
Published by : Ven. Sadhanamitra Bhikkhu
First Published : 8 February 2016
Distributor : KALPATARU
Rangamati 4500, Bangladesh
e-mail : kbangsharg@gmail.com

অনুবাদকের উৎসর্গ

****

সর্বজনপূজ্য মহান আর্যপুরুষ, পঞ্চমারবিজয়ী, মদীয় উপাধ্যায়গুরু, দুর্লভ কল্যাণমিত্র, ধর্মপিতা শ্রাবকবুদ্ধ ষড়ভিজ্ঞ অর্হৎ ভদন্ত সাধনানন্দ মহাস্থবির (বনভন্তে) মহোদয় ও পরমপূজ্য বনভন্তের গুণোত্তম শিষ্য, বরেণ্য সাংঘিক ব্যক্তিত্ব, বৌদ্ধরত্ন, পণ্ডিত মদীয় দীক্ষাগুরু শ্রদ্ধেয় ভদন্ত সত্যপ্রেম মহাস্থবির মহোদয় ও পরম পূজ্য বনভন্তের গুণোত্তম শিষ্য, ত্রিপিটকশাস্ত্র বিশারদ, অনুবাদক, বৌদ্ধরত্ন, মদীয় পালি-অভিধর্মাচার্য পণ্ডিত ভদন্ত করুণাবংশ স্থবির মহোদয়ের শ্রীকরকমলে পরম কৃতজ্ঞতা ও পরম পূজার্ঘ্যস্বরূপ অভিধর্মপিটকের ‘পট্‌ঠান’-এর ৪র্থ খণ্ড গ্রন্থটি উৎসর্গ করছি।

ইতি

গুণমুগ্ধ ও ঋদ্ধ সেবক

ভদন্ত রাহুল ভিক্ষু

সূচিপত্র

অভিধর্মপিটকে পট্‌ঠান (চতুর্থ খণ্ড)

প্রকাশকের শ্রদ্ধাঞ্জলি

চার দশকের অধিক সময় ধরে চট্টগ্রাম পার্বত্য চট্টগ্রাম তথা সমগ্র বাংলাদেশের অপামর বৌদ্ধ সমাজে ‘সাধকশ্রেষ্ঠ, অর্হৎ, শ্রাবকবুদ্ধ’ হিসেবে যিনি অবতীর্ণ হয়েছেন তিনি মহানগুরু সাধনানন্দ মহাস্থবির (বনভান্তে) মহোদয়। ভন্তের পবিত্র চরণতলে জানাই আমার ভক্তিপূর্ণ বন্দনা। মহামানব ত্রিলোকপূজ্য তথাগত ভগবান সম্যকসম্বুদ্ধের প্রচারিত ধর্মের মর্মবাণী সম্যকভাবে উপলব্ধি করে পরম গুরুভন্তে বৌদ্ধজনগণ তথা সর্বস্তরের মানুষের মাঝে ধর্মদান করে যে আলোড়ন সৃষ্টি করেছেন তা শুধু অতুলনীয়ই নয় বিরল। পরম পূজ্য বনভান্তে জীবদ্দশায় ধর্মদেশনা দেবার সময় প্রায়ই বলতেন ত্রিপিটক গ্রন্থ অনুবাদ ও প্রকাশনার কথা। পূজ্য ভন্তেরই উপদেশে অনুপ্রাণিত হয়ে অনেক ধর্মীয় গ্রন্থ বাংলায় প্রকাশিত হয়েছে এবং সমগ্র ত্রিপিটক গ্রন্থের অনুবাদ সমাপ্ত হতে চলেছে। পূজ্য ভন্তে এখন পর্যন্ত জীবিত থাকলে কতোই না খুশি হতেন। পূজ্য ভন্তের প্রতি শ্রদ্ধায় আপ্লুত হয়ে বলতে হয়, ‘ঠাঁই নেই ঠাঁই নেই, ছোট সেই তরী তোমারি সোনার ধানে গিয়েছে ভরী।’

এরই ধারাবাহিকতায় পরম পূজ্য বনভন্তেরই প্রাণপ্রিয় শিষ্য শ্রদ্ধেয় ভদন্ত রাহুল ভন্তে অভিধর্মপিটকের অন্তর্গত পাঁচ খণ্ডবিশিষ্ট পট্‌ঠান, খুদ্দকনিকায়ের অন্তর্গত প্রেতকাহিনি ও বিমানকাহিনি অর্থকথা অনুবাদ করেছেন। আমার ভ্রাতৃপ্রতীম অগ্রজের রকেট গতিতে ত্রিপিটক গ্রন্থের অনুবাদের মতো এমন মহান কুশলকর্ম দেখে আমি প্রতিনিয়ত আনন্দিত ও পুলকিত হয়েছি। আমি পরম প্রীতিসৌমনস্য লাভ করে ভন্তের জন্য কিছু একটা না করে মনে শান্তি পাচ্ছিলাম না। আমি ২০১৫ সালের বর্ষাবাস যাপন উপলক্ষে খাগড়াছড়িস্থ ধর্মপুর আর্যবন বিহারে গেলে পরে চিন্তা করলাম অন্ততপক্ষে একটি গ্রন্থ হলেও প্রকাশ করে দেবো এবং এই গ্রন্থ প্রকাশনার মধ্য দিয়ে পরম পূজ্য বনভন্তের প্রধান শিষ্য, সদ্ধর্মরত্ন, মৈত্রীলাভী, ভিক্ষুকুল গৌরবরবি আমার পরম উপধ্যায়গুরু ধর্মপিতা পরম পুজনীয় প্রজ্ঞালংকার মহাস্থবির ভন্তে মহোদয়ের ৮ই ফেব্রুয়ারি ২০১৬ইং ৬৫তম জন্মদিন উপলক্ষে ওঁনার পূজার্চনাও করবো। এরি মধ্য দিয়ে একি সাথে দুটি কাজই আমি সম্পন্ন করতে পারবো। তাই অমূল্য এই ত্রিপিটক গ্রন্থটি প্রকাশকের পক্ষ হতে আমি শ্রদ্ধেয় ভন্তের প্রতি শ্রদ্ধাঞ্জলি ও পূজাস্বরূপ উৎসর্গ করছি। অভিধর্মপিটকের পট্‌ঠান ৪র্থ খণ্ডটি

এটিই বাংলা ভাষায় প্রথম অনুবাদ ও প্রকাশনা তদ্রূপ অন্যগুলোও। তিনি এতগুলো গ্রন্থ অনুবাদ করে বুদ্ধের শাসনকে উপহার দিয়েছেন তাই আমাদের পক্ষ হতে ভন্তে মহোদয়কে শ্রদ্ধা, বন্দনা ও পুণ্যদান করছি। ভন্তে ওঁনার কৃতকর্মের মধ্যে দিয়ে সবার অন্তরে অন্তরে চির অম্লান হয়ে থাকুক। ওঁনি আরও ধর্মগ্রন্থ অনুবাদ করে বুদ্ধের শাসনকে সমৃদ্ধ করুক এই কামনা করছি।

এই গ্রন্থটির মুদ্রণের যাবতীয় কার্যাবলি সুচারুরূপে সমাধা করে দিয়ে আমাকে যারপরনাই কৃতজ্ঞতার পাশে আবদ্ধ করেছেন শ্রাবকবুদ্ধ বনভন্তের প্রাণপ্রিয় শিষ্য, বহু গ্রন্থের অনুবাদক, অভিধর্মাচর্য পরম পুজনীয় করুণাবংশ ভন্তে মহোদয়। এরূপ মহতো মহান উদারতা জন্য আমি ভন্তেকে অশেষ কৃতজ্ঞতা জানাচ্ছি। এ পর্যায়ে যাদের প্রশংসার সুরে কৃতজ্ঞতা জানাতে হয় যারা আমাকে শ্রদ্ধাদান সংগ্রহ করে দিয়েছেন তাদের। ওঁনারা হলেন খাগড়াছড়িস্থ পুণ্যশীলা শ্রদ্ধাবান উপাসিকা সারথি চাকমা (তত্ত্ব মা), চিত্রানী চাকমা (জুনি মা) ও চৈতালী চাকমা (কচি মা)। ওঁনাদের এমন ত্যাগদীপ্ত মন-মানসিকতাকে আমি সাধুবাদ জানাই এবং মৈত্রীময় আশীর্বাদ নিবেদন করছি। ত্রিপিটক গ্রন্থ প্রকাশনার মতো মহতী পুণ্যকর্মে যারা অংশগ্রহণ করেছেন তারা অনন্ত পুণ্যে সিক্ত হবেন এতে কোনো সন্দেহ নেই। তারা জন্মে জন্মে প্রজ্ঞাবান হয়ে কোনো এক জন্মে নির্বাণ প্রত্যক্ষ করুক এই আশা রাখছি এবং যারা আমাকে বিন্দুমাত্রও সাহায্য-সহযোগিতা করেছেন তারা থাকুক হৃদয়ে সবার, লাভ করুক অনাবিল সুখ অপার।

শ্রদ্ধাঞ্জলি অর্পণে—
শ্রীমৎ সাধনামিত্র ভিক্ষু
রাজবন বিহার রাঙামাটি
১১ জানুয়ারি ২০১৬

অবতরণিকা

লেখার প্রারম্ভে ত্রিলোকশাস্তা সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে বন্দনা নিবেদন করছি। বন্দনা নিবেদন করছি বাংলাদেশের বৌদ্ধধর্মের প্রাণপুরুষ, আমার উপাধ্যায়গুরু শ্রাবকবুদ্ধ অর্হৎ বনভন্তের চরণতলে। বিংশ শতাব্দীর বঙ্গীয় বৌদ্ধদের ধর্মীয় জীবনের এক ক্রমবর্ধমান অবক্ষয় লগ্নে বর্তমানকালের জাতি-ধর্ম-নির্বিশেষে সর্বজনপূজ্য পরম শ্রদ্ধেয় বনভন্তের আবির্ভাব হলে 'বনভন্তে' নামটি বাংলাদেশের সকল বৌদ্ধদের নিকট একটি পরিচিত ও অত্যন্ত গৌরবের একটি নাম হয়ে ওঠে। গৃহীজীবনে যখন পরম শ্রদ্ধেয় বনভন্তের সাথে সামনাসামনি সাক্ষাৎ লাভ করি তখন তিনি আমাদের উদ্দেশ্য করে বলেছিলেন, 'তোমরা নাম, রূপ, চিত্ত, চৈতসিক বুঝ কি না?' কিন্তু সে সময় আমি সেই কথাটির অর্থ ঠিক বুঝতে না পারলেও শ্রদ্ধেয় ভন্তের কথাটি আমার মনে জায়গা করে নিয়েছিল। এরপর ২০১০ সালের ২২শে জুন রাজবন বিহারে আমার প্রব্রজ্যা লাভের পর থেকে সেই অভিধর্মের আলোচ্য বিষয়গুলো জানার জন্য তীব্র বাসনা জাগে। অবশেষে পূজ্য বনভন্তের সেবাদি বিবিধ পুণ্যকর্মেরত থেকে ২০১২ সালের ৭ই জানুয়ারি শুভ উপসম্পদা লাভ করি। ২০১২-২০১৩ সালে খাগড়াছড়িস্থ শান্তিগিরি বন ভাবনাকেন্দ্রে অবস্থানের সময় আমি শ্রদ্ধেয় করুণাবংশ ভন্তের নিকট পালি ও অভিধর্ম শিক্ষা করে ২০১৪ সালে বর্ষাবাসের আগে রাঙামাটিস্থ জগনাতলী বন ভাবনাকেন্দ্রে অবস্থানের সময় আমি নামরূপের ব্যাখ্যা-সম্বলিত অভিধর্মপিটকের পট্ঠানের ৫ম খণ্ড অনুবাদ করি। এর মধ্যে দিয়ে আমার অনুবাদ কর্মের শুরু হয় এবং সেখানে অবস্থানের সময়ই আমার পট্ঠানের ৪র্থ খণ্ডও অনুবাদ সম্পন্ন হয়। ২০১৪ সালে বর্ষাবাস আমি রাঙামাটিস্থ নির্বাণরত্ন বন ভাবনা কুটিরে অবস্থানের সময় আমি পট্ঠানের ৩য়, ২য় ও ১ম খণ্ডও এভাবে শেষ থেকে অনুবাদ করি। আমার পরমগুরু শ্রদ্ধেয় বনভন্তের আশীর্বাদে মাত্র পাঁচ মাস সময়েই আমি পাঁচ খণ্ড অনুবাদ সম্পন্ন করি। এটি সর্বজনবিদিত সত্য এবং আমার জানামতে পট্ঠানের ৩য়, ৪র্থ ও ৫ম খণ্ডের বাংলা ভাষায় আমার কৃত অনুবাদই সর্বপ্রথম অনুবাদ। এর আগে এই গ্রন্থগুলোর অনুবাদ হয়নি। কিন্তু দুর্ভাগ্যের বিষয় প্রকাশকের অভাবে আমাকে গ্রন্থগুলো প্রকাশ করতে দীর্ঘ সময় অতিবাহিত করতে হয়েছে। এর

জন্য আমি নিজের অতীত জন্মের পুণ্যফলের স্বল্পতাকে দায়ী বলে মনে করছি। এহেন পুণ্যেতে আমার জন্মজন্মান্তরের সকল অকুশলকর্মের বিপাক বিনাশ হোক এবং সর্ব আসবক্ষয় তথা নির্বাণ লাভের হেতু হোক।

'চিত্ত পরমার্থ-ধর্মরূপে অভিধর্মপিটকের প্রথম ও প্রধান আলোচ্য বিষয়। অভিধর্মে কেন বুদ্ধের ধর্মে চিত্তেরই সর্বত্র প্রাধান্য। দান-শীল-ভাবনা ইত্যাদি প্রতিটি বৌদ্ধিক (বুদ্ধোচিত) কর্মে চিত্তের স্থান সর্বাগ্রে। পঞ্চ নীবরণ আর দশ সংযোজন অথবা দশবিধ ক্লেশ ও দশ উপক্লেশ কিংবা মৈত্রী-করুণা-মুদিতা-উপেক্ষাদি কুশল-অকুশলকর্ম এই সর্বগুণধর চিত্তকে কেন্দ্র করেই আবর্তিত হয়। অকুশলচিত্ত যেমনি করে মানুষকে ক্রমাবনতির দিকে ধাবিত করে নিকৃষ্টতম মানবে পরিণত করতে পারে, তেমনি করে কুশলচিত্ত সেই মানুষকে ক্রমোন্নতির দিকে এগিয়ে নিয়ে দেব-ব্রহ্মা তথা অর্হত্ত্বে কিংবা বুদ্ধত্বে উন্নীত করতে পারে। এই চিত্ত মূলত কী? চিন্তা করে বলেই চিত্ত। কী চিন্তা করে? বিষয় বা আলম্বন চিন্তা করে। এখানে 'চিন্তা করে' অর্থ আলম্বন গ্রহণ করে, আলম্বন জানে, আলম্বন অবগত হয়। **'চিত্ত', 'মন', 'বিজ্ঞান'** একার্থবোধক; এদের যেকোনো একটি অন্য দুটির প্রতিশব্দরূপে ব্যবহৃত হয়। তাদের লক্ষণ যথাক্রমে চিন্তন, মনন ও বিজানন; এরাও একার্থবোধক। আলম্বন বিজানন চিত্তের স্বভাব। চিত্ত যখন রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ এরূপ কামতৃষ্ণাতে ঘুরে বেড়ায় তখন কামাবচর চিত্ত। অকুশল, অহেতুক, কামাবচর শোভন অনুসারে কামাবচর চিত্ত ৫৪ প্রকার। আবার যখন বিতর্ক, বিচার, প্রীতি, সুখ, একাগ্রতা সমন্বিত ধ্যানচিত্ত উৎপন্ন হয় তখন তা রূপাবচর চিত্ত। কুশল, বিপাক, ক্রিয়া অনুসারে রূপাবচর চিত্ত ১৫টি। পুনশ্চ অনন্ত আকাশাদি চারি অরূপ আলম্বনের চিত্ত যখন ঘুরে বেড়ায় তখন অরূপাবচর চিত্ত। কুশল, বিপাক, ক্রিয়া অনুসারে অরূপাবচর চিত্ত ১২টি। যখন চিত্তের সৎকায়দৃষ্টি ও বিচিকিৎসা চিরতরে দূরীভূত হয় তখন বিমুক্তি লাভের প্রথম মার্গ তথা স্রোতাপত্তি-মার্গচিত্ত, তৎপর কামরাগ ও ব্যাপাদের তনুভাব হয় তখন সকৃদাগামী-মার্গচিত্ত, কামরাগ ও ব্যাপাদ চিরতরে ধ্বংস হয় তখন অনাগামী-মার্গচিত্ত ও রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য ও অবিদ্যা চিরতরে ধ্বংস হলে তখন অর্হত্ত্ব-মার্গচিত্ত। মার্গ ও ফলভেদে লোকোত্তর চিত্ত ৮ প্রকার। সর্বমোট চিত্তের সংখ্যা ৮৯টি এবং ৮ প্রকার লোকোত্তর চিত্ত পঞ্চবিধ ধ্যানাঙ্গ অনুসারে গ্রহণ করে ৪০ প্রকার হয় সে অনুসারে চিত্ত ১২১টি। তন্মধ্যে স্রোতাপত্তি মার্গ ও ফল হিসেবে চিত্ত সংখ্যা ১০টি, সকৃদাগামী ১০টি, অনাগামী ১০টি, অর্হত্ত্ব ১০টি।

চিত্ত কতকগুলো নির্দিষ্ট স্থানে কার্য সম্পাদন করে। চিত্ত এবং তার আলম্বন নিরন্তর পরিবর্তনশীল হলেও এর কৃত্য ও কৃত্য সম্পাদনের স্থান অপরিবর্তনীয়।

চিত্তের কার্য ১৪টি। যথা : ১. প্রতিসন্ধি, ২. ভবাঙ্গ, ৩. আবর্তন, ৪. দর্শন, ৫. শ্রবণ, ৬. ঘ্রাণ, ৭. আস্বাদন, ৮. স্পর্শন, ৯. সম্প্রতীচ্ছ, ১০. সন্তীরণ, ১১, ব্যবস্থাপন, ১২. জবন, ১৩. তদালম্বন ও ১৪. চ্যুতি। চিত্ত মাত্রেই আকার-অবয়বহীন। চিত্ত স্বভাবত চঞ্চল ও স্পন্দনশীল। চিত্তের প্রধান বৈশিষ্ট্য হলো চিত্ত দূরগামী, একচারী, অশরীরী ও গুহাশায়ী। চিত্ত (মন) ধর্মসমূহের পূর্বগামী, ধর্মসমূহের মধ্যে চিত্তই শ্রেষ্ঠ এবং ধর্ম মনোময় অর্থাৎ ধর্ম চিত্ত হতেই উৎপন্ন হয়। চিত্ত অনুসারে কর্ম সম্পাদনের ফলে সুখ-দুঃখ তার অনুগামী হয়। চিত্তের এই ধারা অপ্রমত্তভাবে স্মৃতি-সহকারে জানতে হবে, উপলব্ধি করতে হবে। এটা কি কুশল চিত্ত, না অকুশল চিত্ত, লোভ চিত্ত, না অলোভ চিত্ত অথবা দ্বেষ চিত্ত কিংবা অদ্বেষ চিত্ত—এভাবে চিত্তের বিস্তৃত ব্যাখ্যা বৌদ্ধ দর্শন শাস্ত্রের মধ্যে একমাত্র পট্‌ঠানেই আলোচনা করেছে। কোন চিত্তকে ভিত্তি করে কোন চিত্ত উৎপন্ন হয় এর বিস্তারিত পট্‌ঠানের মধ্যে নিহিত রয়েছে।

চৈতসিক পরমার্থ-ধর্মরূপে অভিধর্মপিটকের দ্বিতীয় প্রধান আলোচ্য বিষয়। চিত্ত স্বভাবত নির্মল। কিন্তু চৈতসিক সংযোগে ভালোমন্দ অবস্থা প্রাপ্ত হয় অর্থাৎ শুভ-অশুভ কর্মের প্রতি চিত্ত ঝুঁকে পড়ে। চিত্তের আশ্রয় ছাড়া চৈতসিক উৎপন্ন হতে পারে না। চৈতসিক অর্থ হচ্ছে চিত্তবৃত্তি বা চিত্তের উপকরণ। চিত্ত ও চৈতসিক এক নহে আবার ভিন্নও নহে। চিত্ত ব্যতীত চৈতসিকের কল্পনা করা বৃথা। এরা বিভিন্ন সমবায়ে চিত্তের সাথে একসঙ্গে উৎপন্ন ও নিরোধ হয় এবং এক আলম্বন ও একবাস্তু গ্রহণ করে। এই চৈতসিক বা চিত্তবৃত্তির সংখ্যা ৫২টি। এই ৫২ প্রকার চৈতসিকই মনের সাথে যুক্ত হয়ে ৮৯ (বা বিস্তৃতভাবে ১২১) প্রকার চিত্ত উৎপত্তির হেতু হয়। এদেরকে প্রধান ৭ শ্রেণিতে বিভক্ত করা হয়েছে। যেমন : ক. ৭ সর্বচিত্ত সাধারণ চৈতসিক, খ. ৬ প্রকীর্ণ চৈতসিক, গ. ১৪ অকুশল চৈতসিক, ঘ. ১৯ শোভন সাধারণ চৈতসিক, ঙ. ৩ বিরতি চৈতসিক, চ. ২ অপ্রমেয় চৈতসিক, ছ. ১ প্রজ্ঞেন্দ্রিয় চৈতসিক। তন্মধ্যে অকুশল চিত্তে ২৭টি, অহেতুক চিত্তে ১২টি, কামাবচর শোভন চিত্তে ৩৮টি, মহদ্গত চিত্তে ৩৫টি ও লোকোত্তর চিত্তে ৩৬টি চৈতসিকযুক্ত হয়। প্রত্যেক চিত্তে কত প্রকার চিত্তবৃত্তি একক বা দলাবদ্ধভাবে উৎপন্ন হয়, অভিধর্মপিটকে সে বিষয় সুন্দরভাবে প্রদর্শিত হয়েছে।

পরমার্থ-ধর্মরূপে রূপ অভিধর্মপিটকের তৃতীয় প্রধান আলোচ্য বিষয়। বৌদ্ধদর্শনে রূপকে এর গুণাবলিতে বিভাগ করে পারমার্থিকভাবে পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয়েছে। যা শীতে সংকুচিত হয় এবং উত্তাপে প্রসারিত হয় তা-ই রূপ। আমাদের এই দেহ-রূপ চার ধাতুর সমন্বয়ে গঠিত। যথা : পৃথিবীধাতু, আপধাতু, তেজধাতু ও বায়ুধাতু। এই চারটার অপর নাম চার মহাভূতরূপ। এই

চার মহাভূতের সমন্বয়ে উৎপন্ন রূপকে বলা হয় উপাদারূপ বা উৎপন্নরূপ। এভাবে ১১টি গুচ্ছে ২৮ প্রকারের রূপ অভিধর্মপিটকে পরিদৃষ্ট হয়। এই ২৮ প্রকারের মধ্যে ৪ মহাভূতরূপ (পৃথিবী, আপ, তেজ, বায়ু), ৫ প্রসাদরূপ (চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়), ৫ গোচররূপ (রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ), ১ ভাবরূপ (স্ত্রীভাব ও পুংভাব), ১ হৃদয়রূপ (হৃদয়রূপ), ১ জীবিতরূপ (জীবিতেন্দ্রিয়) এবং ১ আহাররূপ (কবলীকৃত আহার) এই ১৮ প্রকার রূপবস্তু বিদর্শন ভাবনার যোগ্য। এসব বস্তুরূপগুলো চিত্তের দ্বারা সংস্পর্শনের উপযোগী বলেই এদেরকে নিষ্পন্ন রূপ বলে। ১ পরিচ্ছেদরূপ (আকাশধাতু), ২ বিজ্ঞপ্তিরূপ (কায় ও বাক্‌বিজ্ঞপ্তি), ৩ বিকাররূপ (রূপের লঘুতা, মৃদুতা ও কর্মণ্যতা) এবং লক্ষণরূপ (উপচয়, সন্ততি, জড়তা ও অনিত্যতা)। এই ১০ প্রকার রূপ সংস্পর্শের উপযোগী নহে বলে এরা অনিষ্পন্ন-রূপ নামে অভিহিত। এই ২৮ প্রকার রূপের সমন্বয়ে গঠিত এই রূপস্কন্ধ।

পরমার্থ-ধর্মরূপে অভিধর্মপিটকের চতুর্থ প্রধান আলোচ্য বিষয় হচ্ছে নির্বাণ। নির্বাণ অতুলনীয়। এর অস্তিত্ব, রূপ, সংস্থান, বয়স, প্রমাণ, উপমা, হেতু বা যুক্তিদ্বারা প্রকাশযোগ্য নহে। নির্বাণ শান্ত, প্রণীত ও সুখদায়ক। নির্বাণ লোকোত্তর। নির্বাণ অচলা শান্তি। এতদূর্ধ্বে আর করণীয় নেই। লোক সংস্কৃত ধর্ম। নির্বাণ অসংস্কৃত ধর্ম। সংস্কৃত বস্তু মাত্রেই ধ্বংস অনিবার্য। অসংস্কৃত বস্তুর ধ্বংস নেই। অতএব নির্বাণ অপরিবর্তনীয়। পার্থিব বস্তুর অস্থায়িত্ব দুঃখদায়ক। নৈর্বাণিক আনন্দে স্থায়িত্ব বর্তমান। নির্বাণই শ্রেষ্ঠ। এটি অনুত্তর যোগক্ষেম। দেবমানবের কল্পনায় নির্বাণ পরম শ্রেষ্ঠ। এটি এমন এক অমৃতপদ যা পরম শান্তিপদ। সুখ-দুঃখ নিরপেক্ষ অজর, অমর, ব্যাধিবর্জিত অনুত্তর যোগক্ষেমই নির্বাণ। অভিধর্মপিটকে এর প্রকৃত স্বরূপ উদ্‌ঘাটিত। অপর দুই পিটকে পরমার্থসত্যের এরূপ বিস্তৃত ব্যাখ্যা সম্ভব নয়।

বৌদ্ধদর্শনের গুরুত্বপূর্ণ বিষয় হলো মনোবিজ্ঞান। এই মনোবিজ্ঞান বা মনোজগতের ক্রিয়াশীল বৃত্তিসমূহের বিস্তারিত আলোচনায় ভরপুর অভিধর্মপিটক। ধর্ম ও অভিধর্মের মধ্যে খুব বেশি পার্থক্য নেই। 'ধর্ম' শব্দের যেই অর্থ 'অভিধর্ম' শব্দেরও সেই অর্থ। শুধুমাত্র 'ধর্ম' শব্দের সাথে 'অভি' উপসর্গ যোগ করে 'অভিধর্ম' পদ গঠিত হয়েছে। 'অভি', 'অতি', 'অধি' প্রভৃতি সমার্থক উপসর্গ। এর অর্থ অধিক, বেশি, অতিরিক্ত, বিশিষ্ট অথবা অধিকতর। সুতরাং 'অভিধর্ম' শব্দের অর্থ 'বিশিষ্ট ধর্ম', 'অতিরিক্ত ধর্ম', বা 'অধিকতর ধর্ম'। অর্থকথাচার্য বুদ্ধঘোষ তাঁর অত্থসালিনী নামক ধর্মসঙ্গণী অর্থকথা গ্রন্থে 'অভিধর্ম' শব্দের অর্থ বিশ্লেষণ করে বলেছেন : 'ধম্মাতিরেক ধম্মবিসেসট্‌ঠেন অভিধম্মোতি বুচ্চতি' অর্থাৎ সূত্রাতিরিক্ত ধর্মই অভিধর্ম। 'সূত্রের ভাষা আছে,

সেই ভাষার তরঙ্গ আছে, উচ্ছ্বাস আছে, উদান আছে, গাথা আছে, উৎসাহ আছে, উদ্দীপনা আছে, অপায় আছে, অপায়ের ভয় আছে, দেব-ব্রহ্মা আছে, দেব-ব্রহ্মলোকের আকর্ষণ আছে, নির্বাণের সুসমাচার আছে। কিন্তু অভিধর্ম যেন নীরব ভাষাহীন, আছে শুধু ছেদন, বিশ্লেষণ, বিভাজন, পর্যবেক্ষণ এবং নৈর্ব্যক্তিক পরম সত্যজ্ঞানের উদ্ভাবন। সঙ্গে সঙ্গে চির চঞ্চল ব্যবহারিক জগতের নিরবশেষ বিলয় সাধন।'

অভিধর্মপিটকে বৌদ্ধ দর্শনের সাতটি গ্রন্থ রয়েছে। যথা : ধর্মসঙ্গণী, ধাতুকথা, পুদ্‌গলপঞ্‌ঞত্তি, কথাবত্থু, যমক ও পট্‌ঠান। সাত খণ্ডের এই অভিধর্মপিটকের মধ্যে পট্‌ঠানের স্থান সর্বশেষ। বিগত ষষ্ঠ মহাসঙ্গীতিতে সঙ্গীতিকারক ভুবন বিখ্যাত পণ্ডিত ভিক্ষুগণ পট্‌ঠানকে পঞ্চ গ্রন্থাকারে বিভাগ করেছেন। এই পট্‌ঠান গ্রন্থে রয়েছে ২৪টি প্রত্যয়ের আলোচনা। সেই প্রত্যয়সমূহ হচ্ছে : (১) হেতু-প্রত্যয়, (২) আলম্বন-প্রত্যয়, (৩) অধিপতি-প্রত্যয়, (৪) অনন্তর-প্রত্যয়, (৫) সমনন্তর-প্রত্যয়, (৬) সহজাত-প্রত্যয়, (৭) অন্যোন্য-প্রত্যয়, (৮) নিশ্রয়-প্রত্যয়, (৯) উপনিশ্রয়-প্রত্যয়, (১০) পূর্বজাত-প্রত্যয়, (১১) পশ্চাজ্জাত-প্রত্যয়, (১২) আসেবন-প্রত্যয়, (১৩) কর্ম-প্রত্যয়, (১৪) বিপাক-প্রত্যয়, (১৫) আহার-প্রত্যয়, (১৬) ইন্দ্রিয়-প্রত্যয়, (১৭) ধ্যান-প্রত্যয়, (১৮) মার্গ-প্রত্যয়, (১৯) সম্প্রযুক্ত-প্রত্যয়, (২০) বিপ্রযুক্ত-প্রত্যয়, (২১) অস্তি-প্রত্যয়, (২২) নাস্তি-প্রত্যয়, (২৩) বিগত-প্রত্যয় ও (২৪) অবিগত-প্রত্যয়।

'পট্‌ঠান' শব্দের অর্থ 'প্রধান কারণ,' 'মূল কারণ' বা 'প্রকৃত কারণ'। পালি অভিধর্মপিটকে এটি সবচেয়ে বৃহৎ গ্রন্থ। তাই একে মহাপ্রকরণও বলা হয়। বৌদ্ধধর্মে কার্যকারণ-নীতি (laws of causation) নির্ণয়ের ২টি রীতি। একটি 'প্রতীত্যসমুৎপাদ-রীতি,' অপরটি 'পট্‌ঠান-রীতি'। পট্‌ঠানকে প্রতীত্যসমুৎপাদেরই বিশ্লেষণধর্মী বিশদ ব্যাখ্যা বলা যেতে পারে। পট্‌ঠান প্রকরণে ২৪ প্রকার প্রত্যয়কে বিভিন্নভাবে বিশ্লেষণ করে কারণ ও কার্যের মধ্যে বিভিন্ন প্রকার সম্পর্ক প্রদর্শনপূর্বক প্রতীত্যসমুৎপাদ পদ্ধতিকে প্রতিষ্ঠিত করা হয়েছে। প্রতীত্যসমুৎপাদের ১২টি নিদান (factor) পট্‌ঠানে ২৪টি প্রত্যয়াকারে অতিসরলভাবে বর্ণিত হয়েছে। পট্‌ঠানে প্রথমে ২৪ প্রকার প্রত্যয়ের তালিকা দেওয়া হয়েছে যাকে বলা হয় 'প্রত্যয়-উদ্দেশ'। এরপর 'প্রত্যয়-নির্দেশে' প্রত্যয়গুলোর সংজ্ঞা প্রদত্ত হয়েছে। শেষে ত্রিক (ত্রিবিধ নীতিবাচক) পট্‌ঠানের বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রত্যয়গুলোর প্রয়োগ দেখানো হয়েছে। পট্‌ঠানের বিষয়বস্তু অতি দুর্জ্ঞেয়, দুরধিগম্য। কারণ ২৪টি প্রত্যয়ের মধ্যে কোন কোনটি প্রত্যয় কোন কোন ধর্মের উৎপত্তিতে সহায় সেটা সাধারণের

উপলব্ধির বাইরে। এটা একমাত্র সর্বজ্ঞ তথাগত বুদ্ধেরই উপলব্ধির বিষয়। অর্থসালিনীতে উক্ত আছে, প্রথম ছয়টি অভিধর্ম গ্রন্থ দেশনাকালে বুদ্ধের শরীর থেকে কোনো জ্যোতি বা রশ্মি নির্গত হয়নি; কিন্তু পট্ঠান দেশনাকালে তাঁর শরীর থেকে ষড়বর্ণের দিব্যরশ্মি চতুর্দিকে বিচ্ছুরিত হয়েছিল। এতে পট্ঠান গ্রন্থের মাহাত্ম্য কতখানি তা বোঝা যায়।

বাস্তবিকপক্ষে 'ধর্মসঙ্গণী' এবং বিরাটকায় 'পট্ঠানই' অভিধর্মের বিশুদ্ধ সারাংশ। ধর্মসঙ্গনী গ্রন্থে অভিধর্মের বিষয়বস্তু উপস্থিত করে একে অন্যান্য গ্রন্থে বিস্তারিত আলোচনা করে পট্ঠানে সমাপ্ত করা হয়েছে। এই পট্ঠান পাঁচ খণ্ড বিশিষ্ট হলেও এর আলোচনা কিন্তু ঘুরেফিরে চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণকেই সূক্ষ্ম থেকে সূক্ষ্মতরভাবে উপস্থাপন করা হয়েছে। 'নামরূপের' যাবতীয় ব্যাপারের পরস্পর সম্পর্ক বা কারণ নির্ণয়ই পট্ঠানের প্রতিপাদ্য বিষয়। মনোজগতের সাথে মনোজগতের এবং মনোজগতের সাথে জড়জগতের পরস্পর সম্পর্ক কী, সামগ্রিকভাবে বলতে গেলে যাবতীয় নামরূপের পরস্পর সম্পর্কই বা কী সে সম্বন্ধে বিশাল 'পট্ঠান' গ্রন্থে এই ২৪ প্রকার প্রত্যয়ের দ্বারা গভীরভাবে পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয়েছে। ব্যবহারিক দৃষ্টিতে ও ভাষাতাত্ত্বিক বিশ্লেষণে যাকে আমরা আমি, তুমি, মাতা, পিতা, শত্রু, মিত্র, রাজা, প্রজা, পৃথিবী, নদী, পর্বত, গরু, ছাগল, নগর, গৃহ প্রভৃতি বলে পরিচিত করি, তাই আবার পারমার্থিক দৃষ্টিতে বিচার করলে 'উৎপত্তি-বিলয়শীল' ব্যাপার মাত্র। এরূপ বিচারে 'পট্ঠান'কে প্রতীত্যসমুৎপাদ-নীতি বা জন্ম-মৃত্যু রহস্যেরই বিশেষ বিশ্লেষণ বলা যায়। সূত্রপিটকের অন্তর্গত প্রতীত্যসমুৎপাদ-নীতিতে যা দ্বাদশ প্রকার নিদানাকারে সজ্জিত করে বর্ণনা করা হয়েছে, তাই পুনরায় অভিধর্মপিটকের পট্ঠান গ্রন্থে ২৪ প্রকার প্রত্যয়রূপে বিভাগ করে বিশদভাবে ব্যাখ্যা করা হয়েছে। অভিধর্মপিটকের মূল প্রতিপাদ্য বিষয় নামরূপের অনিত্যতা ও অনাত্মতা। অভিধর্মপিটকের পট্ঠান প্রকরণে এর যথার্থ ও চূড়ান্ত বিশ্লেষণ যথার্থভাবে প্রদর্শিত হয়েছে।

'পট্ঠানে' সমস্ত পরমার্থ সত্যসমূহকে চারটি প্রণালিতে ব্যাখ্যা করা হয়েছে, যেমন: (১) অনুলোম-নয় (প্রণালি বা ধারা), (২) প্রতিলোম-নয়, (৩) অনুলোম-প্রতিলোম-নয়, (৪) প্রতিলোম-অনুলোম-নয়। উক্ত চারটি নয় হচ্ছে পট্ঠানের চারটি প্রধান বিভাগ। প্রত্যেকটি নয়কে আবার ছয় প্রকার অনুবিভাগে ভাগ করা হয়েছে, যেমন: (১) ত্রিক (ত্রিবিধ নীতিবাচক), (২) দ্বিক (যুগ্ম বা জোড়া), (৩) দ্বিক-ত্রিক সমন্বয়, (৪) ত্রিক-দ্বিক সমন্বয়, (৫) ত্রিক-ত্রিক সমন্বয়, (৬) দ্বিক-দ্বিক সমন্বয়। এভাবে দেখা যায় পট্ঠানের ২৪টি (৪×৬) বিভাগ রয়েছে।

প্রত্যেকটি ত্রিক, দ্বিক এবং এদের সমন্বয়কে আবার ৭টি বার বা অধ্যায়ে ভাগ করা হয়েছে, যেমন : (১) প্রতীত্য অধ্যায়, (২) সহজাত অধ্যায়, (৩) প্রত্যয় অধ্যায়, (৪) নিশ্রয় অধ্যায়, (৫) সংশ্লিষ্ট অধ্যায়, (৬) সম্প্রযুক্ত অধ্যায়, (৭) প্রশ্ন অধ্যায়। উক্ত ৭টি অধ্যায়ের প্রত্যেকটিতে চারটি ভাগ রয়েছে, যেমন : (১) অনুলোম-প্রত্যয়, (২) প্রতিলোম-প্রত্যয়, (৩) অনুলোম-প্রতিলোম-প্রত্যয়, (৪) প্রতিলোম-অনুলোম-প্রত্যয়। আবার অনুলোম-প্রত্যয় বর্ণনায় এবং প্রতিলোম-প্রত্যয় বর্ণনায় বিভঙ্গ অধ্যায় ও গণনা অধ্যায় এই দ্বিবিধ অধ্যায়ের আলোচনা করা হয়েছে। 'পট্‌ঠান' এর সমস্ত অধ্যায়ের আলোচনা 'প্রতিলোম উদ্ধার বা সংগ্রহ' এর বর্ণনার মাধ্যমে শেষ করা হয়েছে।

বর্তমান গ্রন্থে আলোচনা বিষয়বস্তু হিসেবে যে-সমস্ত বিষয়বস্তু রয়েছে। তা হচ্ছে—(ক) ক্লেশগুচ্ছ; যথা : ১. ক্লেশদ্বিকে–ক্লেশ, না-ক্লেশ; ২. সংক্লেশিকদ্বিকে—সংক্লেশিক, অসংক্লেশিক; ৩. সংক্লিষ্টদ্বিকে—সংক্লিষ্ট, অসংক্লিষ্ট; ৪. ক্লেশ-সম্প্রযুক্তদ্বিকে—ক্লেশ-সম্প্রযুক্ত, ক্লেশ-বিপ্রযুক্ত; ৫. ক্লেশ অথচ সংক্লেশিকদ্বিকে—ক্লেশ অথচ সংক্লেশিক, সংক্লেশিক অথচ না-ক্লেশ; ৬. ক্লেশ অথচ সংক্লিষ্টদ্বিকে—ক্লেশ অথচ সংক্লিষ্ট, সংক্লিষ্ট অথচ না-ক্লেশ; ৭. ক্লেশ অথচ ক্লেশ-সম্প্রযুক্তদ্বিকে—ক্লেশ অথচ ক্লেশ-সম্প্রযুক্ত, ক্লেশ-সম্প্রযুক্ত অথচ না-ক্লেশ; ৮. ক্লেশ-বিপ্রযুক্ত সংক্লেশিকদ্বিকে—ক্লেশ-বিপ্রযুক্ত সংক্লেশিক, ক্লেশ-বিপ্রযুক্ত অসংক্লেশিক। (খ) পৃষ্ঠ বা শেষদ্বিক; যথা : ১. দর্শনের দ্বারা পরিত্যাজ্যদ্বিকে—দর্শনের দ্বারা পরিত্যাজ্য, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য; ২. ভাবনার দ্বারা পরিত্যাজ্যদ্বিকে—ভাবনার দ্বারা পরিত্যাজ্য, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য; ৩. দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুকদ্বিকে—দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক; ৪. ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুকদ্বিকে—ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক; ৫. সবিতর্কদ্বিকে—সবিতর্ক, অবিতর্ক; ৬. সবিচারদ্বিকে—সবিচার, অবিচার; ৭. সপ্রীতিকদ্বিকে—সপ্রীতিক, অপ্রীতিক; ৮. প্রীতিসহগতদ্বিক—প্রীতিসহগত, না-প্রীতিসহগত; ৯. সুখসহগতদ্বিকে—সুখসহগত, না-সুখসহগত; ১০. উপেক্ষাসহগতদ্বিকে—উপেক্ষাসহগত, না-উপেক্ষাসহগত; ১১. কামাবচরদ্বিকে—কামাবচর, না-কামাবচর; ১২. রূপাবচরদ্বিকে—রূপাবচর, না-রূপাবচর; ১৩. অরূপাবচরদ্বিকে—অরূপাবচর, না-অরূপাবচর; ১৪. পর্যায়পন্নদ্বিকে—পর্যায়পন্ন, না-পর্যায়পন্ন; ১৫. নিয্যানিকদ্বিকে—নিয্যানিক, অনিয্যানিক; ১৬. নিয়তদ্বিকে—নিয়ত, অনিয়ত; ১৭. সউত্তরদ্বিকে—সউত্তর, অনুত্তর; ১৮. সরণদ্বিকে—সরণ, অরণ।

পট্‌ঠান ৪ম খণ্ডে আবার একটি পরমার্থসত্যকে নানাভাবে, নানা আঙ্গিকে

উপস্থাপন করা হয়েছে। যেমন : সুখবেদনা-সম্প্রযুক্ত, না-সুখবেদনা-সম্প্রযুক্ত, সুখবেদনা-সম্প্রযুক্ত কুশল, সুখবেদনা-সম্প্রযুক্ত না-কুশল, সুখবেদনা-সম্প্রযুক্ত অকুশল, সুখবেদনা-সম্প্রযুক্ত না-অকুশল, সুখবেদনা-সম্প্রযুক্ত অব্যাকৃত, সুখবেদনা-সম্প্রযুক্ত না-অব্যাকৃত, সুখবেদনা-সম্প্রযুক্ত হেতু, সুখবেদনা-সম্প্রযুক্ত না-হেতু, সুখবেদনা-সম্প্রযুক্ত না-না-হেতু, সুখবেদনা-সম্প্রযুক্ত সনিদর্শন-সপ্রতিঘ, সুখবেদনা-সম্প্রযুক্ত না-সনিদর্শন-সপ্রতিঘ, সুখবেদনা-সম্প্রযুক্ত সরণ, সুখবেদনা-সম্প্রযুক্ত না-সরণ, সুখবেদনা-সম্প্রযুক্ত অরণ, সুখবেদনা-সম্প্রযুক্ত না-অরণ ইত্যাদি। প্রত্যেকটি পরমার্থসত্যকে এভাবে দেখনো হয়েছে। প্রশ্নের কোনো যে শেষ নেই তা আপনারা গ্রন্থটি পড়লেই জানতে পারবেন। তদ্ধেতু ঐ সম্পর্কে আর আলোচনায় যাচ্ছি না।

বৌদ্ধদের মধ্যে ভক্তিমার্গীদের চাইতে জ্ঞানমার্গীদের সংখ্যা তুলনামূলক হারে কম। সেহেতু এই পট্‌ঠান নামক গ্রন্থটি ভক্তিমার্গীদের চাইতে জ্ঞানমার্গীদের কাছেই বেশি সমাদর পাবে বলে আমি মনে করি। বুদ্ধধর্মের অনুগামী যাঁরা উন্নত ধীসম্পন্ন এবং যাঁরা শীল-সমাধি-প্রজ্ঞারূপ মার্গ অনুসরণ করে 'বিপস্‌সনা'র মাধ্যমে সরাসরি জন্ম-মৃত্যুর মুক্তিরূপ নির্বাণ লাভেচ্ছু, তাঁদেরই জন্যই এই পট্‌ঠান। উড়ু উড়ু মন নিয়ে পট্‌ঠানের আলোচনা পড়লে পরে এর আলোচ্য বিষয় ধূলিবৎ, নীরস ও শুষ্ক মনে হতে পারে। জাতকের কাহিনী বা উপন্যাসের মতো দার্শনিক বিষয় কখনো প্রসাদগুণবিশিষ্ট হতে পারে না। এর অধ্যয়ন গণিতশাস্ত্র অধ্যয়নের অনুরূপ। সত্যান্বেষায় প্রাজ্ঞজনেরা বা আদর্শ জীবনযাপনে আন্তরিকভাবে আগ্রহী তাদের অপরিহার্য নির্দেশিকা এবং মননশীল চর্চার মজার সঙ্গী হতে পারে এই পট্‌ঠান গ্রন্থটি। বুদ্ধবচনের মর্ম ঠিকঠিক বুঝতে হলে এবং নির্বাণ উপলব্ধি করতে হলে অভিধর্মের পট্‌ঠান পরম মিত্র (সহায়ক)-রূপে প্রতিপন্ন হবে এটা নিঃসন্দেহে বলা যায়। কেননা, অভিধর্ম হলো পারমার্থিক সত্যজ্ঞানের দরজা খোলার চাবিকাঠি স্বরূপ। ইতোপূর্বে পট্‌ঠানে পৃথিবী সৃষ্টির রহস্য সন্নিবেশিত রয়েছে বলে অনেকে ধারণা পোষণ করতেন। আসলে বৌদ্ধধর্মের বিশ্লেষণ সে রকম নয়। বৌদ্ধধর্মে স্রষ্টার অবস্থান কীরূপ তা ব্যাখ্যা করা হয়েছে। বৌদ্ধধর্মে অদৃশ্য কোনো শক্তির স্থান নেই। স্বীয় কর্মদ্বারা কীভাবে দুঃখের শৃঙ্খল থেকে মুক্তি পাওয়া যায় তা-ই বৌদ্ধধর্ম নির্দেশ করে।

বাংলা ত্রিপিটকের মধ্যে পট্‌ঠানের বিষয়বস্তু উপলব্ধি করা একমাত্রই কঠিন ও দুর্বোধ্য হলেও পালি ত্রিপিটক থেকে কিন্তু পট্‌ঠানের অনুবাদ করাই একমাত্রই সহজ। সূক্ষ্মানুসূক্ষ্ম, গুরুগম্ভীর ও জটিলতাপূর্ণ পট্‌ঠানের গ্রহণযোগ্য ও ভালোমানের অনুবাদ উপহার দেওয়ার আপ্রাণ চেষ্টা করেছি। পাঁচ মাস সময়ের

মধ্যে পাঁচ খণ্ড পট্ঠানের অনুবাদ সমাপ্ত করলেও প্রকাশকের অভাবে তা প্রকাশ করতে আমাকে দীর্ঘ সময় অতিবাহিত করতে হয়েছে। পাঠকের হাতে গ্রন্থ পৌঁছে দিতে বিলম্বিত হওয়ায় আমি আন্তরিকভাবে ক্ষমাপ্রার্থী। অনুবাদের ভাষা যাতে সহজ, সরল ও প্রাঞ্জল হয় সেদিকেও বিশেষভাবে লক্ষ রাখা হয়েছে। গ্রন্থের আকার বড় হচ্ছে দেখে প্রতিটি গ্রন্থে বঙ্গানুবাদে ব্যবহৃত ও প্রতিপাদ্য কঠিন, দুরূহ শব্দের টীকা, ব্যাখ্যা ও তুলনামূলক বিশ্লেষণ দেওয়া থেকে বিরত থাকলাম। গ্রন্থের কোনো ক্ষেত্রে নিজের অনিচ্ছাকৃত ভুলের জন্য আন্তরিক ক্ষমাপ্রার্থী।

বর্তমান গ্রন্থটি অনুবাদ করতে গিয়ে আমি যেসব গ্রন্থের সহায়তা নিয়েছি সেসব গ্রন্থের লেখকদের কাছে আমি অশেষ কৃতজ্ঞ। আমার শিক্ষাগুরু, বহুগ্রন্থের অনুবাদক, পালি ও ত্রিপিটক শাস্ত্র বিশারদ, সুলেখক, সুদেশক, বৌদ্ধরত্ন, পরমপূজ্য পণ্ডিত করুণাবংশ স্থবির ভন্তে মহোদয় গ্রন্থের পাণ্ডুলিপি দেখে দিয়ে আমাকে যারপরনাই বাধিত করেছেন। শ্রদ্ধেয় ভন্তে মহোদয়ের এই অকৃত্রিম অবদান আমি অসীম কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। শ্রদ্ধাভাজন প্রিয়শীলী বিপুলানন্দ ভন্তে মহোদয় কম্পিউটার কম্পোজের মতো শ্রমসাধ্য কাজটি সম্পাদন করে দিয়ে আমাকে চিরকৃতজ্ঞতার পাশে আবদ্ধ করেছেন। তাই ভন্তে মহোদয়ের নির্বাণসুখ কামনা করছি।

টাকা-পয়সা কিছুই নয় সবাই বলেন, আবার তা মিথ্যাও নয়, তথাপি লৌকিক জগতে কিছু করতে গেলে টাকার প্রয়োজন। তাই বলা হয়েছে যে লৌকিক ভিত্তির উপরেই লোকোত্তর দণ্ডায়মান হয়। পরম পূজ্য বনভন্তের শিষ্য স্নেহাভাজন ধর্মভাই সাধনামিত্র ভিক্ষু খাগড়াছড়ি ও চট্টগ্রামস্থ বৌদ্ধ উপাসক-উপাসিকাকে 'ধর্মদান সকল দান হতে শ্রেষ্ঠ' বুদ্ধের এই মহান বাণীতে উদ্বুদ্ধ করে শ্রদ্ধাদান গ্রহণ করে ৫ খণ্ড পট্ঠানের মধ্যে ৪র্থ খণ্ডটি প্রকাশনার উদ্যোগ গ্রহণ করেছে। এই গ্রন্থটি প্রকাশনায় যারা অংশ গ্রহণ করেছেন তাদের সকলকে আমি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। তারা সকলে ত্রিপিটক গ্রন্থ প্রকাশনার মতো মহৎ কর্মে অবদান রেখে বৌদ্ধ জাতির ঘরে ঘরে, অন্তরে অন্তরে চিরদিন বাস করবেন এবং এভাবেই লাভ করবেন অনন্ত অফুরন্ত পুণ্যরাশির স্রোতধারা।

পরিশেষে পাঠক ও পাঠিকাগণের কাছে এতটুকুই প্রত্যাশা—বই পড়ুন, ধর্মজ্ঞানে নিজেকে উদ্ভাসিত করুন। বুদ্ধের বাণী ও দর্শন যার সহায়তায় মানুষের ব্যক্তিসত্তার উন্মেষ হয় এবং যে বাণীতে আত্মোপলব্ধির ও স্বাধিকারের জয়গান ঘোষিত হয়েছে, সেই বাণী অবশ্যই বিজ্ঞানভিত্তিক সত্যবাণী। এ ধর্ম গভীর গবেষণাপ্রসূত, সূক্ষ্ম বিশ্লেষণযোগ্য নিরপেক্ষ বিচার-মীমাংসা-নির্ভর।

‘পট্ঠান’ ৪র্থ খণ্ড বইটি পড়ে যদি পাঠকের সিন্ধুর মাঝে বিন্দুতুল্যও অবদান রাখতে সক্ষম হয়, তাতে আমার কয়েক বছরের কষ্ট সফল ও সার্থক হবে। এতটুকু প্রত্যাশায়—

প্রণত
অনুবাদক
ভদন্ত রাহুল ভিক্ষু

মুখবন্ধ

'পট্ঠান' সাত খণ্ডবিশিষ্ট অভিধর্মপিটকের সর্বশেষ এবং সবচেয়ে বড় বই। এই বিশালায়তন পট্ঠান বইটিকে মায়ানমারে অনুষ্ঠিত ষষ্ঠ সঙ্গীতিতে মোট পাঁচ খণ্ডে বিভক্ত করা হয়েছে। এমনিতেই সূত্রপিটক ও বিনয়পিটকের চাইতে অভিধর্মপিটকের বিষয়বস্তু বুঝা বা উপলব্ধি করা যথেষ্ট কঠিন। অভিধর্মপিটকের অন্যান্য বইগুলোর চাইতে এই পট্ঠানের বিষয়বস্তু বুঝা বা উপলব্ধি করা আরও কঠিন। এই দুর্বোধ্যতার কারণেই আমার মনে হয় আজ থেকে শ-দেড়েক বছর আগে বাংলায় ত্রিপিটকের অনুবাদ শুভ সূচনা হলেও পট্ঠান বা অভিধর্মপিটকের অন্যান্য বইগুলো উপেক্ষিতই রয়ে গিয়েছিল। এই বিশালায়তন পট্ঠানের একটি মাত্র বই (প্রথম খণ্ড) কলকাতা থেকে ড. সুকোমল চৌধুরী অনুবাদ করে প্রকাশ করেছিলেন সেই ১৯৯৭ সালে। তার পর দীর্ঘ নিরবতা।

আজ প্রায় দীর্ঘ বিশ বছর পর কোনো এক বিচিত্র কারণে দুর্বোধ্য পট্ঠান বাংলা মায়ের মহানুভব অনুবাদকদের সহৃদয় দৃষ্টি আকর্ষণ করতে পেরেছে। বিগত কয়েক বছরের মধ্যে পট্ঠান বইগুলোর বাংলা অনুবাদ ও প্রকাশের যেন হিড়িক পড়েছে। পাঠকদের অবগতির জন্য তার একটি তালিকা তুলে ধরছি : পট্ঠান (দ্বিতীয় খণ্ড) বইটি দুজন ভিক্ষু অনুবাদ করেছেন। তারা হলেন শ্রদ্ধেয় বুদ্ধবংশ স্থবির ও জ্ঞানেন্দ্রিয় স্থবির মহোদয়। পট্ঠান (তৃতীয় খণ্ড) বইটি অনুবাদ করেছেন শ্রদ্ধেয় মেত্তাবংশ স্থবির মহোদয়। পট্ঠানের অন্যান্য খণ্ডগুলোর অনুবাদ ও প্রকাশের কাজও বেশ জোরের সঙ্গে চলছে বলে শোনা যাচ্ছে। আর এদিকে আমারই অন্তেবাসী স্নেহভাজন রাহুল ভিক্ষু প্রায় বছর দেড়েক আগে পাঁচ খণ্ডবিশিষ্ট পট্ঠানের পুরোটাই ইতিমধ্যে অনুবাদ করে ফেলেছেন। তন্মধ্যে প্রথমে পট্ঠান (চতুর্থ খণ্ড) বইটি প্রকাশিত হতে যাচ্ছে। আশা করছি বাকিগুলোও অচিরেই বই আকারে প্রকাশিত হবে। যাই হোক, মহানুভব অনুবাদকদের মাঝে যেভাবে পট্ঠান অনুবাদের হিড়িক পড়েছে ঠিক সেভাবেই পাঠকদের মনে এর জ্ঞানময় স্নিগ্ধ আবেশ পরম মমতায় ছুঁয়ে যাক এবং সেই সাথে পট্ঠানের পঠন-পাঠন, অধ্যয়ন ও চর্চা আরও উত্তরোত্তর শ্রীবৃদ্ধি লাভ করুক, এই আমার আন্তরিক কামনা।

'পট্ঠান' শব্দের অর্থ প্রধান কারণ বা প্রকৃত কারণ। এই বিশালায়তন পট্ঠানের আলোচ্য বিষয়বস্তু মূলত চব্বিশ প্রকার প্রত্যয়। যথা : (১) হেতু-প্রত্যয়, (২) আলম্বন-প্রত্যয়, (৩) অধিপতি-প্রত্যয়, (৪) অনন্তর-প্রত্যয়, (৫) সমনন্তর-প্রত্যয়, (৬) সহজাত-প্রত্যয়, (৭) অন্যোন্য-প্রত্যয়, (৮) নিশ্রয়-

প্রত্যয়, (৯) উপনিশ্রয়-প্রত্যয়, (১০) পূর্বজাত-প্রত্যয়, (১১) পশ্চাজ্জাত-প্রত্যয়, (১২) আসেবন-প্রত্যয়, (১৩) কর্ম-প্রত্যয়, (১৪) বিপাক-প্রত্যয়, (১৫) আহার-প্রত্যয়, (১৬) ইন্দ্রিয়-প্রত্যয়, (১৭) ধ্যান-প্রত্যয়, (১৮) মার্গ-প্রত্যয়, (১৯) সম্প্রযুক্ত-প্রত্যয়, (২০) বিপ্রযুক্ত-প্রত্যয়, (২১) অস্তি-প্রত্যয়, (২২) নাস্তি-প্রত্যয়, (২৩) বিগত-প্রত্যয় ও (২৪) অবিগত-প্রত্যয়।

নানাভাবে ও নানা আঙ্গিকে এই চব্বিশ প্রকার প্রত্যয়ের খুটিনাটি পুঙ্খানুপুঙ্খ বিচার-বিশ্লেষণকে ঘিরেই পুরো পট্‌ঠানের তন্নিষ্ঠ আলোচনা আবর্তিত হয়েছে। মানুষের দেহ-মনের ও এই বিশ্ব চরাচরের যাবতীয় ঘটনাগুলোকে গভীর অন্তর্দৃষ্টি দিয়ে বৌদ্ধ দার্শনিক ও পারমার্থিক দৃষ্টিকোণ থেকে চুলচেরা বিচার-বিশ্লেষণ ও পর্যবেক্ষণ করাই পট্‌ঠানের মূল লক্ষ্য ও উদ্দেশ্য। এর আলোচনা-পর্যালোচনা অত্যন্ত গভীর। তাই পাঠকসাধারণের কাছে সুখবোধ্য হওয়ার কথা নয়। এই আলোচনা একান্তই তীক্ষ্ণ প্রাজ্ঞদের জন্য। তার পরও আগ্রহী পাঠকসাধারণ যদি এর ন্যূনতম (সাধারণ পাঠকের পক্ষে যতটুকু স্বাদ নেওয়া সম্ভব) স্বাদ নিতে চান তাহলে আচার্য অনুরুদ্ধ বিরচিত 'অভিধম্মত্থ-সঙ্গহ' বইটি ভালোভাবে অধ্যয়ন ও আয়ত্ত করতে হবে। বাংলায় এর অনুবাদ ও বিশ্লেষণমূলক বই শ্রীবীরেন্দ্রলাল মুৎসুদ্দিসহ অনেকেই লিখেছেন। আগ্রহী পাঠকগণ সেগুলো সংগ্রহ করে পড়তে পারেন। অভিধর্মার্থ-সংগ্রহের উপর ভালো দখল থাকলে তবেই এই আপাত দুর্বোধ্য পট্‌ঠানের ন্যূনতম স্বাদটুকু নিতে পারবেন বলে আমার দৃঢ় বিশ্বাস।

নবীন অনুবাদক স্নেহভাজন রাহুল ভিক্ষু অনেক আয়াস স্বীকার করে বিশাল পট্‌ঠানের পুরো পাঁচটি খণ্ডই আমার পরামর্শে অনুবাদ করেছে। তার এই আয়াসসাধ্য মহান কাজকে অবশ্যই সাধুবাদ জানাতে হয়। তার প্রতি আমার পরামর্শ ছিল এই যে, অনুবাদ যাতে মূলানুগ হয় এবং সহজবোধ্য শব্দের ব্যবহার হয়। তার মধ্যে তারুণ্যদীপ্ত উৎসাহ-উদ্দীপনা ও অদম্য প্রয়াস আমি লক্ষ করেছি। তার জ্ঞানস্পৃহা দারুণ। তার প্রতি আমার এই অনুরোধ থাকবে যে, সে যেন আরও বেশি পঠন-পাঠন ও অধ্যয়ন করে নিজেকে আরও অভিজ্ঞ ও সমৃদ্ধ করে গড়ে তোলে। এবং ভবিষ্যতে পালি অর্থকথা সাহিতের অননূদিত বইগুলো অনুবাদে নিজেকে নিয়োজিত করে। আমি তার প্রজ্ঞাবিমণ্ডিত শাসনিক জীবন ও সর্বাঙ্গিন মঙ্গল কামনা করছি।

ভদন্ত করুণাবংশ ভিক্ষু
রাজবন বিহার, রাঙামাটি
১১ জানুয়ারি ২০১৬

"ত্রিলোকগুরু সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে বন্দনা"

অভিধর্মপিটকে

পট্ঠান

(চতুর্থ খণ্ড)

ধর্মানুলোমে দ্বিক পট্ঠান

১২. ক্লেশগুচ্ছ

৭৫. ক্লেশদ্বিক

১. প্রতীত্য বার (অধ্যায়)—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১. (১) ক্লেশ[১]ধর্মকে (আপন আপন স্বভাব ধারণ করে বলে ধর্ম) ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়।

লোভকে (আসক্তি, লিপ্সা, তৃষ্ণা) ভিত্তি করে মোহ (অবিদ্যা বা অজ্ঞানতা), মিথ্যাদৃষ্টি (সত্যের বিপরীত দর্শন), স্ত্যান (আলস্য), ঔদ্ধত্য (চিত্তবিক্ষেপ), অহ্রী (পাপের প্রতি লজ্জাহীনতা), অনপত্রপা (পাপের প্রতি ভয়হীনতা) উৎপন্ন হয়। লোভকে ভিত্তি করে মোহ, মিথ্যাদৃষ্টি, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। লোভকে ভিত্তি করে মোহ, মান (অহংকার বা অহমিকা), স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। লোভকে ভিত্তি করে মোহ, মান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। লোভকে ভিত্তি করে মোহ, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। লোভকে ভিত্তি করে মোহ, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। দ্বেষকে (হিংসা বা ক্রোধকে) ভিত্তি করে মোহ, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। দ্বেষকে ভিত্তি করে মোহ, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। বিচিকিৎসাকে (সংশয় বা দ্বিমতকে) ভিত্তি করে মোহ, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। ঔদ্ধত্যকে (চঞ্চলতা বা অস্থিরতাকে) ভিত্তি করে

---

[১]। ক্লেশ বলতে যা চিত্তকে কলুষিত করে বা যন্ত্রণা দেয় তাকে বুঝায়। দশ প্রকার ক্লেশই ক্লেশধর্ম। যথা : লোভ, দ্বেষ, মোহ, মান, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী ও অনপত্রপা।

মোহ, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়।

(২) ক্লেশকে (চিত্তের কলুষতা) ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। ক্লেশকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত বা চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) ক্লেশধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ উৎপন্ন হয়। লোভকে ভিত্তি করে মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয় (চক্রবন্ধন বা শব্দগুলো ঘুরে ফিরে বার বার উচ্চারণ করতে হবে)।

২. (৪) না-ক্লেশ[১] (ক্লেশ নহে তাদৃশ)-ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। না-ক্লেশ এক প্রকার স্কন্ধকে (ভাগ, অংশ, রাশি বা সমষ্টি) ভিত্তি করে তিন প্রকার (না-ক্লেশ) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ (চিত্তদ্বারা উৎপন্ন রূপ) উৎপন্ন হয়। তিন প্রকার স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (পুনর্জন্মের মুহূর্তে বা নতুন জন্মপরিগ্রহের সময়) না-ক্লেশ এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। তিন প্রকার স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ (পূর্বজন্ম কৃত কর্মদ্বারা উৎপন্ন রূপ) উৎপন্ন হয়। দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু (চিত্ত-চৈতসিকের আশ্রয়স্থল), (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। এক প্রকার মহাভূতকে...।

(৫) না-ক্লেশধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়। না-ক্লেশ স্কন্ধসমূহকে ভিত্তি করে ক্লেশসমূহ উৎপন্ন হয়।

(৬) না-ক্লেশধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ উৎপন্ন হয়। না-ক্লেশ এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে...।

৩. (৭) ক্লেশ এবং না-ক্লেশধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়। লোভ এবং সম্প্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয় (প্রথম প্রশ্নটির ন্যায় চক্রাকারে[২] প্রদর্শন

---

[১]। ৮৯ প্রকার চিত্ত, ক্লেশধর্ম ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-১০) = ৪২ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-ক্লেশধর্ম।

[২]। এখানে চক্র বলতে শব্দচক্রকে বুঝায় অর্থাৎ শব্দসমূহ চক্রাকারে ঘুরে ফিরে বার বার উচ্চারণ করে প্রদর্শন করতে হবে।

করতে হবে)।

(৮) ক্লেশ এবং না-ক্লেশধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। না-ক্লেশ এক প্রকার স্কন্ধ এবং ক্লেশকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। তিন প্রকার স্কন্ধ এবং ক্লেশকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দুই প্রকার স্কন্ধ এবং ক্লেশকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। ক্লেশ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৯) ক্লেশ এবং না-ক্লেশধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ উৎপন্ন হয়। না-ক্লেশ এক প্রকার স্কন্ধ এবং লোভকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ, মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... (চক্রাকারে প্রদর্শন করতে হবে, সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

১. গণনা অধ্যায় (একক)

৪. হেতু-প্রত্যয়ে নয়, আলম্বন-প্রত্যয়ে নয়, অধিপতি-প্রত্যয়ে নয়, অনন্তরে নয়, সমনন্তর-প্রত্যয়ে নয়, (সর্বত্রই নয়), বিপাক-প্রত্যয়ে এক... অবিগত-প্রত্যয়ে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৫. (১) ক্লেশধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসাকে ভিত্তি করে মোহ উৎপন্ন হয়। ঔদ্ধত্যকে ভিত্তি করে মোহ উৎপন্ন হয়।

(২) না-ক্লেশধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। না-ক্লেশ এক প্রকার অহেতুক (হেতু-প্রত্যয় রহিত) স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়)।

(৩) না-ক্লেশধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা বা সংশয়সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ (মিথ্যাজ্ঞান বা কুপ্রজ্ঞা) উৎপন্ন হয়।

(৪) ক্লেশ এবং না-ক্লেশধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং বিচিকিৎসাকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং ঔদ্ধত্যকে

ভিত্তি করে মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় প্রভৃতি

৬. (১) ক্লেশধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। ক্লেশকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(২) না-ক্লেশধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। না-ক্লেশ স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়... (অসংজ্ঞসত্ত্বগণ বা একস্কন্ধবিশিষ্ট ভব পর্যন্ত করণীয়)।

(৩) ক্লেশ এবং না-ক্লেশধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। ক্লেশ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। ক্লেশ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। না-অধিপতি-প্রত্যয় দ্বারা, না-অনন্তর-প্রত্যয় দ্বারা, না-সমনন্তর-প্রত্যয় দ্বারা, না-অন্যান্য-প্রত্যয় দ্বারা, না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা।

না-পূর্বজাত-প্রত্যয় প্রভৃতি

৭. (১) ক্লেশধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে (চারিস্কন্ধবিশিষ্ট ভবে) লোভকে ভিত্তি করে মোহ (অজ্ঞানতা), মিথ্যাদৃষ্টি, স্ত্যান (অলসতা), ঔদ্ধত্য (চঞ্চলতা), অহ্রী (পাপের প্রতি লজ্জাহীনতা), অনপত্রপা (পাপের প্রতি ভয়হীনতা) উৎপন্ন হয়। আবার লোভকে ভিত্তি করে মোহ, মিথ্যাদৃষ্টি, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। আবার লোভকে ভিত্তি করে মোহ, মান (আমিত্ববোধ), স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। আবার লোভকে ভিত্তি করে মোহ, মান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। আবার লোভকে ভিত্তি করে মোহ, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। আবার লোভকে ভিত্তি করে মোহ, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। বিচিকিৎসাকে ভিত্তি করে মোহ, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। ঔদ্ধত্য বা চঞ্চলতাকে ভিত্তি করে মোহ, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। (রূপলোকে দ্বেষমূলক চিত্ত বিবর্জিত থাকে)।

(২) ক্লেশধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে ক্লেশসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং ক্লেশসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (এভাবে নয়টি প্রশ্ন করণীয়)।... না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... না-আসেবন-প্রত্যয় দ্বারা।

না-কর্ম-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৮. (১) ক্লেশধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়।

ক্লেশসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা (এটি এক প্রকার চিত্তবৃত্তি বা চৈতসিক) উৎপন্ন হয়।

(২) না-ক্লেশধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। না-ক্লেশ স্কন্ধসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়। বাহ্যিক বা বাহ্য, আহার-সমুত্থিত বা আহারজ, ঋতু-সমুত্থিত বা ঋতুজ...।

(৩) ক্লেশ এবং না-ক্লেশধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। ক্লেশ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়। (এভাবে সকল প্রত্যয়সমূহ করণীয়)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯. না-হেতু-প্রত্যয়ে চার, না-আলম্বন-প্রত্যয়ে তিন, না-অধিপতি-প্রত্যয়ে নয়, না-অনন্তর-প্রত্যয়ে তিন, না-সমনন্তর-প্রত্যয়ে তিন, না-অন্যান্য-প্রত্যয়ে তিন, না-উপনিশ্রয়-প্রত্যয়ে তিন, না-পূর্বজাত-প্রত্যয়ে নয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয়ে নয়, না-আসেবন-প্রত্যয়ে নয়, না-কর্ম-প্রত্যয়ে তিন, না-বিপাক-প্রত্যয়ে নয়, না-আহার-প্রত্যয়ে এক, না-ইন্দ্রিয়-প্রত্যয়ে এক, না-ধ্যান-প্রত্যয়ে এক, না-মার্গ-প্রত্যয়ে এক, না-সম্প্রযুক্ত-প্রত্যয়ে তিন, না-বিপ্রযুক্ত-প্রত্যয়ে নয়, না-নাস্তি-প্রত্যয়ে তিন, না-বিগত-প্রত্যয়ে তিন।

২. সহজাতবার

(অনুরূপভাবে অপর দুই প্রকার গণনা ও সহজাতবার করণীয়)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১০. (১) ক্লেশধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়...। (প্রত্যয়বার সদৃশ হবে)।

(২) ক্লেশধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়...। (প্রত্যয়বার সদৃশ হবে)।

(৩) ক্লেশধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ এবং না-ক্লেশধর্ম উৎপন্ন হয়...। (প্রত্যয়বার সদৃশ হবে)।

(৪) না-ক্লেশধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। না-ক্লেশ এক প্রকার স্কন্ধবশত তিন প্রকার স্কন্ধ... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত করণীয়) (হৃদয়) বাস্তুবশত না-ক্লেশ স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) না-ক্লেশধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়। না-ক্লেশ স্কন্ধসমূহবশত ক্লেশসমূহ এবং (হৃদয়) বাস্তুবশত ক্লেশসমূহ উৎপন্ন হয়।

(৬) না-ক্লেশধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ উৎপন্ন হয়। না-ক্লেশ এক প্রকার স্কন্ধবশত তিন প্রকার স্কন্ধ, ক্লেশ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয় তিন প্রকার স্কন্ধবশত এক প্রকার স্কন্ধ, ক্লেশ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দুই প্রকার স্কন্ধবশত দুই প্রকার স্কন্ধ, ক্লেশ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত ক্লেশসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহবশত চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত ক্লেশ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১১. (৭) ক্লেশ এবং না-ক্লেশধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়। লোভ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহবশত মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয় (চক্রাকারে উল্লেখ করতে হবে)। লোভ এবং (হৃদয়) বাস্তুবশত ক্লেশসমূহ উৎপন্ন হয়।

(৮) ক্লেশ এবং না-ক্লেশধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। না-ক্লেশ এক প্রকার স্কন্ধ এবং ক্লেশবশত তিন প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... ক্লেশ এবং মহাভূতসমূহবশত চিত্তজ-রূপ, ক্লেশ এবং (হৃদয়) বাস্তুবশত না-ক্লেশ স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) ক্লেশ এবং না-ক্লেশধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ উৎপন্ন হয়। না-ক্লেশ এক প্রকার স্কন্ধ এবং লোভবশত তিন প্রকার স্কন্ধসহ মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... (বার বার করে বিশ্লেষণ করতে হবে)। লোভ এবং (হৃদয়) বাস্তুবশত মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (চক্রাকারে প্রদর্শন করতে হবে)। (আলম্বন-প্রত্যয়েতে না-ক্লেশমূলে পঞ্চবিজ্ঞানসমূহ করণীয়)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১২. হেতু-প্রত্যয়ে নয়, আলম্বন-প্রত্যয়ে নয়, অধিপতি-প্রত্যয়ে নয় (সর্বক্ষেত্রে নয়), বিপাক-প্রত্যয়ে এক... অবিগত-প্রত্যয়ে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

১৩. (১) ক্লেশধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসাবশত বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়। ঔদ্ধত্যবশত ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) না-ক্লেশধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা না-ক্লেশধর্ম উৎপন্ন হয়

(অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়)। চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়। শ্রোত্র-আয়তনবশত শ্রোত্র-বিজ্ঞান উৎপন্ন হয়। ঘ্রাণ-আয়তনবশত ঘ্রাণ-বিজ্ঞান উৎপন্ন হয়। জিহ্বা-আয়তনবশত জিহ্বা-বিজ্ঞান উৎপন্ন হয়। কায়-আয়তনবশত কায়-বিজ্ঞান উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত অহেতুক না-ক্লেশ স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) না-ক্লেশধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুবশত বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৪) ক্লেশ এবং না-ক্লেশধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুবশত বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়। ঔদ্ধত্য সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুবশত ঔদ্ধত্যবশত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১৪. না-হেতু-প্রত্যয়ে চার, না-আলম্বন-প্রত্যয়ে তিন, না-অধিপতি-প্রত্যয়ে নয়... না-কর্ম-প্রত্যয়ে তিন, না-বিপাক-প্রত্যয়ে নয়, না-আহার-প্রত্যয়ে এক... না-বিগত-প্রত্যয়ে তিন।

৪. নিশ্রয়বার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুই প্রকার গণনা ও নিশ্রয়বার অনুরূপভাবে বুঝতে হবে)।

সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোম ইত্যাদি

১৫. (১) ক্লেশধর্মকে সংশ্লিষ্ট বা সংযুক্ত করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয়। লোভকে সংযুক্ত করে মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা উৎপন্ন হয়। (চক্রের ন্যায় বিশ্লেষণ করতে হবে। এভাবে নয়টি প্রশ্ন করণীয়)।

(অনুলোম গণনা)—হেতু-প্রত্যয়ে নয়, আলম্বন-প্রত্যয়ে নয় (সবক্ষেত্রে নয়), বিপাক-প্রত্যয়ে এক... অবিগত-প্রত্যয়ে নয়।

[অনুলোম সমাপ্ত]

(১) ক্লেশধর্মকে সংযুক্ত করে না-হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশধর্ম উৎপন্ন হয় (এভাবে না-হেতুতে চারটি প্রশ্নসমূহ করণীয়)।

(প্রতিলোম গণনা)—না-হেতু-প্রত্যয়ে চার, না-অধিপতি-প্রত্যয়ে নয়, না-

পূর্বজাত-প্রত্যয়ে নয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয়ে নয়, না-আসেবন-প্রত্যয়ে নয়, না-কর্ম-প্রত্যয়ে তিন, না-বিপাক-প্রত্যয়ে নয়, না-ধ্যান-প্রত্যয়ে এক, না-মার্গ-প্রত্যয়ে এক, না-বিপ্রযুক্ত-প্রত্যয়ে নয়।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুই প্রকার গণনা ও সম্প্রযুক্তবার অনুরূপভাবে বুঝতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

১৬. (১) ক্লেশধর্ম ক্লেশধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্লেশ হেতুসমূহ সম্প্রযুক্ত ক্লেশসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) ক্লেশধর্ম না-ক্লেশধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্লেশসমূহ হেতু-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্লেশ হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, ক্লেশসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-ক্লেশধর্ম না-ক্লেশধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-ক্লেশসমূহ হেতু-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে না-ক্লেশসমূহ হেতু-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১৭. (১) ক্লেশধর্ম ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্লেশসমূহকে ভিত্তি করে ক্লেশসমূহ উৎপন্ন হয়।

(২) ক্লেশধর্ম না-ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্লেশসমূহকে ভিত্তি করে না-ক্লেশ স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্লেশসমূহকে ভিত্তি করে ক্লেশসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১৮. (৪) না-ক্লেশধর্ম না-ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পুণ্যকামী ব্যক্তি) দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম (অষ্টশীলাদি) সম্পাদন করেন। অতঃপর একে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন (জ্ঞানপূর্বক যাচাই-বাছাই করেন)। পূর্বে তিনি যেসব পুণ্যময় কুশলকর্ম সম্পাদন

করেছিলেন সেসব পুণ্যময় কুশলকর্মসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে অবলম্বন করে (আস্বাদনকারীর) রাগ উৎপন্ন হয়, (নিত্য, সুখ, শুভ ও আত্মা হিসেবে গ্রহণকারীর) মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়, (সন্দিগ্ধপরায়ণ ব্যক্তির) বিচিকিৎসা উৎপন্ন হয়, (চিত্তবিক্ষেপগ্রস্ত ব্যক্তির) ঔদ্ধত্য উৎপন্ন হয়, (অনুতাপকারীর) দৌর্মনস্য উৎপন্ন হয়। আর্যগণ (মার্গলাভী ব্যক্তিরা) মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, (মার্গ) ফল হতে উত্থিত হয়ে ফলকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। না-ক্লেশ স্কন্ধসমূহ মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষুকে অনিত্য, দুঃখ ও অনাত্মা এই ত্রিলক্ষণদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। (অনুরূপভাবে) শ্রোত্র (কর্ণ), ঘ্রাণ (নাসিকা), জিহ্বা, কায়, রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য (ত্বগিন্দ্রিয়গ্রাহ্য জড়গুণের), (হৃদয়) বাস্তু, না-ক্লেশ স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মা এই ত্রিলক্ষণদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রের দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। না-ক্লেশ স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের (পরের চিত্তের অবস্থা সম্পর্কে জানার), পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের (পূর্ব পূর্ব জন্মস্মরণ-বিষয়ক জ্ঞানের), যথাকর্মোপগ-জ্ঞানের (জীবের চ্যুতি-উৎপত্তিজ্ঞানের), অনাগতভবজ্ঞানের (পশ্চাৎ উৎপত্তির কারণ বিষয়ক জ্ঞানের) এবং আবর্তন-চিত্তের (পঞ্চদ্বারাবর্তন ও মনোদ্বারাবর্তন চিত্তের) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-ক্লেশধর্ম ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। অতঃপর একে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। পূর্বে তিনি যেসব পুণ্যময় কুশলকর্ম সম্পাদন করেছিলেন সেসব পুণ্যময় কুশলকর্মসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য উৎপন্ন হয়। ধ্যান হতে চ্যুত হলে পরে (অনুতাপকারীর) মানসিক অনুতাপ এবং দৌর্মনস্য উৎপন্ন হয়। চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তু, না-ক্লেশ স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং একেই অভিনন্দিত করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়।

(৬) না-ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। অতঃপর একে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। পূর্বে তিনি যেসব কুশলকর্ম

সম্পাদন করেছিলেন সেসব কুশলকর্মসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য উৎপন্ন হয়। চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তু, না-ক্লেশ স্কন্ধসমূহকে আস্বাদন করেন একেই অভিনন্দিত করেন। একে অবলম্বন করে ক্লেশ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৮) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ না-ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৯) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ ক্লেশ এবং না-ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১৯. (১) ক্লেশধর্ম ক্লেশধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** ক্লেশসমূহকে গুরুত্ব দিয়ে ক্লেশ উৎপন্ন হয়...।

(২) ক্লেশধর্ম না-ক্লেশধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** ক্লেশসমূহকে গুরুত্ব দিয়ে না-ক্লেশ উৎপন্ন হয়...।

(৩) ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** ক্লেশসমূহকে গুরুত্ব দিয়ে ক্লেশ এবং না-ক্লেশ উৎপন্ন হয়...।

(৪) না-ক্লেশধর্ম না-ক্লেশধর্মের অধিপতি-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একে গুরুত্ব দিয়ে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বে তিনি যেসব কুশলকর্ম সম্পাদন করেছিলেন সেসব কুশলকর্মসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্ব দিয়ে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফল হতে উত্থিত হয়ে ফলকে গুরুত্ব দিয়ে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। না-ক্লেশ স্কন্ধসমূহ মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-ক্লেশ স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং একে অভিনন্দিত

করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-ক্লেশ-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-ক্লেশধর্ম ক্লেশধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... ধ্যান... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-ক্লেশ স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে (আস্বাদনকারীর) রাগ উৎপন্ন হয়, (অভিনন্দনকারীর) মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-ক্লেশ-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের অধিপতি-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... ধ্যান... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-ক্লেশ স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন, অভিনন্দন করেন। একে গুরুত্ব দেওয়াতে ক্লেশ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-ক্লেশ-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধ এমন ক্লেশসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ ক্লেশধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৮) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ না-ক্লেশধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৯) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ ক্লেশ এবং না-ক্লেশধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

অনন্তর-প্রত্যয় ইত্যাদি

২০. (১) ক্লেশধর্ম ক্লেশধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ক্লেশসমূহ পরবর্তী পরবর্তী ক্লেশসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) ক্লেশধর্ম না-ক্লেশধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ক্লেশসমূহ পরবর্তী পরবর্তী না-ক্লেশ এমন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্লেশসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ক্লেশসমূহ পরবর্তী পরবর্তী ক্লেশসমূহের এবং সম্প্রযুক্ত

স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২১. (৪) না-ক্লেশধর্ম না-ক্লেশধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী না-ক্লেশ স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-ক্লেশ স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ফল-সমাপত্তির (ফলজ্ঞানের) অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-ক্লেশধর্ম ক্লেশধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী না-ক্লেশ স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী ক্লেশসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত ক্লেশসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী না-ক্লেশ স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী ক্লেশসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত ক্লেশসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২২. (৭) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ ক্লেশধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ক্লেশসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী ক্লেশসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ না-ক্লেশধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ক্লেশসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-ক্লেশ স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্লেশ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ (ধ্যান হতে) উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ ক্লেশ এবং না-ক্লেশধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ক্লেশ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী ক্লেশসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

উপনিশ্রয়-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

২৩. (১) ক্লেশধর্ম ক্লেশধর্মের উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় ও প্রকৃতি-উপনিশ্রয়...।[১] **প্রকৃতি-উপনিশ্রয় :** ক্লেশসমূহ ক্লেশসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(২) ক্লেশধর্ম না-ক্লেশধর্মের উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় ও প্রকৃতি-উপনিশ্রয়...।

---

[১]। আলম্বন-উপনিশ্রয় ও অনন্তর-উপনিশ্রয় প্রথম খণ্ডের আলম্বন-উপনিশ্রয় ও অনন্তর-উপনিশ্রয়ের মতো করে জানতে হবে।

প্রকৃতি-উপনিশ্রয় : ক্লেশসমূহ না-ক্লেশসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৩) ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় ও প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ক্লেশসমূহ ক্লেশসমূহের এবং না-ক্লেশসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

২৪. (৪) না-ক্লেশধর্ম না-ক্লেশধর্মের উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয়, প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে (কর্ম-কর্মফল, ইহকাল-পরকাল ইত্যাদির প্রতি শ্রদ্ধা বা বিশ্বাসবশে) দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন, ধ্যান-সুখ (চিত্তের একাগ্রতা) উৎপন্ন করেন, বিদর্শন-জ্ঞান (সম্যকদর্শন বা যথার্থদর্শন) উৎপন্ন করেন, (চারি লোকোত্তর) মার্গ-জ্ঞান উৎপন্ন করেন, সমাপত্তি-ধ্যান (ধ্যানের সুখময় স্তর) উৎপন্ন করেন, মান (অহমিকা বা অহংকার) উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন (গ্রহণ) করেন। (একইভাবে) শীল, শ্রুতি, ত্যাগ (বদন্যতা), প্রজ্ঞা (এটি অমোহ চৈতসিক), রাগ (অনুরাগ বা লোভ), মোহ, মান (অহংকার বা অহমিকা), মিথ্যাদৃষ্টি, প্রার্থনা (কামনা-বাসনা বা ভোগেচ্ছাজনিত তৃষ্ণাকে), কায়িক (দৌহিক) সুখ, শয্যাসনকে উপনিশ্রয় করে চিত্তে দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন, ধ্যান-সুখ উৎপন্ন করেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। প্রাণিহত্যা করেন, অদত্তদ্রব্যগ্রহণ (চুরি) করেন, মিথ্যা ভাষণ করেন, পিশুন (কটু বা অভদ্র) বাক্য বলেন, সম্প্রলাপ (বৃথা বা অযথা) বাক্য বলেন, সুরা জাতীয় মাদকদ্রব্য সেবন করেন, সিঁধ কাটেন (চুরি করার জন্য), পরের সম্পত্তি লুণ্ঠন করেন, (একাগারিক করেন) এক ঘরে ফেলে রাখেন, রাজপথের চৌমুহনীতে ওঁত পেতে অবস্থান করেন (চুরি করার জন্য), পরদ্বার গমন করেন (অর্থাৎ পরস্ত্রীর সাথে ব্যভিচারে লিপ্ত হন), গ্রাম লুণ্ঠন করেন, নিগম (ছোট শহর) লুণ্ঠন করেন, মাতৃহত্যা করেন, পিতৃহত্যা করেন, অর্হৎহত্যা করেন, অপুণ্যচিত্তে বুদ্ধের পায়ের কণিষ্ঠ আঙ্গুল হতে রক্তপাত করেন, সংঘভেদ করেন। সে কারণে প্রীতিসহগত শ্রদ্ধা, শীল, শ্রুতি, ত্যাগ, প্রজ্ঞা, রাগ, মোহ, মান, মিথ্যাদৃষ্টি, প্রার্থনা, কায়িক সুখ, শয্যাসন শ্রদ্ধার, শীলের, শ্রুতির, ত্যাগের, প্রজ্ঞার, রাগের, মোহের, মানের, মিথ্যাদৃষ্টির, প্রার্থনার, কায়িক সুখের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-ক্লেশধর্ম ক্লেশধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় তিন প্রকার)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় ও

প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধার উপনিশ্রয়ে মান উৎপন্ন হয়... মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। (অনুরূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে প্রাণিহত্যা করেন, অদত্তদ্রব্যগ্রহণ (চুরি) করেন, মিথ্যা ভাষণ করেন, পিশুন (কটু বা অভদ্র) বাক্য বলেন, সম্প্রলাপ (বৃথা বা অযথা) বাক্য বলেন, সুরা জাতীয় মাদকদ্রব্য সেবন করেন, সিঁধ কাটেন (চুরি করার জন্য), পরের সম্পত্তি লুণ্ঠন করেন, (একাগারিক করেন) এক ঘরে ফেলে রাখেন, রাজপথের চৌমুহনীতে ওঁত পেতে অবস্থান করেন (চুরি করার জন্য), পরদ্বার গমন করেন (অবৈধ যৌনাচার করেন), গ্রাম লুণ্ঠন করেন, নিগম (ছোট শহর) লুণ্ঠন করেন, মাতৃহত্যা করেন, পিতৃহত্যা করেন, অর্হৎহত্যা করেন, অপুণ্যচিত্তে বুদ্ধের পায়ের কণিষ্ঠ আঙ্গুল হতে রক্তপাত করেন, সংঘভেদ করেন। সেই কারণবশত শ্রদ্ধা... শয্যাসন ক্লেশসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের উপনিশ্রয় প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় তিন প্রকার)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় ও প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনশ্রিয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন কারেন... মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। সেই কারণে শ্রদ্ধা... শয্যাসন ক্লেশসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ ক্লেশধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৮) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ না-ক্লেশধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৯) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ ক্লেশ এবং না-ক্লেশধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

পূর্বজাত-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

২৫. (১) না-ক্লেশধর্ম না-ক্লেশধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত ও বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ কিংবা পৃথগ্‌জনেরা) চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মা এই ত্রিলক্ষণদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষু দ্বারা রূপ দর্শন করেন। দিব্যশ্রোত্র দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা

প্রত্যয় হয়। রস-আয়তন জিহ্বা-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কায়-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু না-ক্লেশ স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-ক্লেশধর্ম ক্লেশধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত ও বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দন করেন। একে ভিত্তি করে রাগ... দৌর্মনস্য উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু ক্লেশসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত ও বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দন করেন। একে ভিত্তি করে ক্লেশ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু ক্লেশসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩), আসেবন-প্রত্যয় (৯)

২৬. (১) ক্লেশধর্ম না-ক্লেশধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত করা হয়েছে)।

(২) না-ক্লেশধর্ম না-ক্লেশধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(৩) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ না-ক্লেশধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত) আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

২৭. (১) না-ক্লেশধর্ম না-ক্লেশধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম-প্রত্যয়) এবং নানাক্ষণিক (কর্ম-প্রত্যয়)। **সহজাত :** না-ক্লেশ চেতনা (চিত্ত-প্রয়োগ বা চিত্তবৃত্তি) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত (চিত্ত হতে উদ্ভূত) রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে না-ক্লেশ চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং

কর্ম-সমুত্থিত (কর্ম হতে উদ্ভূত) রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** না-ক্লেশ চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-ক্লেশধর্ম ক্লেশধর্মের কর্ম-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়। না-ক্লেশ চেতনা ক্লেশসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-ক্লেশ চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এমন ক্লেশসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় ইত্যাদি

২৮. না-ক্লেশধর্ম না-ক্লেশধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

২৯. (১) ক্লেশধর্ম না-ক্লেশধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত-প্রত্যয়)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) না-ক্লেশধর্ম না-ক্লেশধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় তিন প্রকার)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) না-ক্লেশধর্ম ক্লেশধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু ক্লেশসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু ক্লেশ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ না-ক্লেশধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)। (এভাবে বিস্তৃত করতে হবে)।

অস্তি-প্রত্যয় ইত্যাদি

৩০. (১) ক্লেশধর্ম ক্লেশধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ হবে)।

(২) ক্লেশধর্ম না-ক্লেশধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (প্রতীত্যবার সদৃশ হবে)।

(৪) না-ক্লেশধর্ম না-ক্লেশধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পাঁচ প্রকার)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) না-ক্লেশধর্ম ক্লেশধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত (সংক্ষিপ্ত। সহজাত সহজাত-প্রত্যয় সদৃশ করণীয়, পূর্বজাত পূর্বজাত-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)।

(৬) না-ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত (সহজাত সহজাত-প্রত্যয় সদৃশ এবং পূর্বজাত পূর্বজাত-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)।

৩১. (৭) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ ক্লেশধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** লোভ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ মোহের, মিথ্যাদৃষ্টির, স্ত্যানের, ঔদ্ধত্যের, অহ্রীর, অনপত্রপার অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রাকারে বা বার বার উচ্চারণের মাধ্যমে প্রদর্শন করতে হবে)। **সহজাত এবং পূর্বজাত :** লোভ এবং (হৃদয়) বাস্তু মোহের, মিথ্যাদৃষ্টির, স্ত্যানের, ঔদ্ধত্যের, অহ্রীর, অনপত্রপার অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)।

(৮) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ না-ক্লেশধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পাঁচ প্রকার)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** না-ক্লেশ এক প্রকার স্কন্ধ এবং ক্লেশ তিন প্রকার স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিন প্রকার স্কন্ধ এবং ক্লেশ এক প্রকার স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুই প্রকার স্কন্ধ এবং ক্লেশ দুই প্রকার স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত :** ক্লেশসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত এবং পূর্বজাত :** ক্লেশসমূহ এবং (হৃদয়) বাস্তু না-ক্লেশ স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** ক্লেশসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পূর্বজ্জাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** ক্লেশসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ কবলীকৃত আহার এবং এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** ক্লেশসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ রূপ-জীবিত-ইন্দ্রিয়ের (রূপকায়ের জীবনীশক্তি) এবং কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ ক্লেশ এবং না-ক্লেশধর্মের অস্তি-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** না-ক্লেশ এক প্রকার স্কন্ধ এবং লোভ তিন প্রকার স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের, মোহের, মিথ্যাদৃষ্টির, স্ত্যানের, ঔদ্ধত্যের, অহ্রীর, অনপত্রপার অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুই প্রকার স্কন্ধ এবং...। **সহজাত এবং পূর্বজাত :** লোভ এবং (হৃদয়) বাস্তু মোহের, মিথ্যাদৃষ্টির, স্ত্যানের, ঔদ্ধত্যের, অহ্রীর, অনপত্রপার এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রাকারে প্রদর্শন করতে হবে)। নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৩২. হেতুতে চার, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয় নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে এক, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

৩৩. (১) ক্লেশধর্ম ক্লেম ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) ক্লেশধর্ম না-ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৪. (৪) না-ক্লেশধর্ম না-ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-ক্লেশধর্ম ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-ক্লেশধর্ম ক্লেশ এবং না-ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৫. (৭) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ না-ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) ক্লেশ এবং না-ক্লেশধর্মসমূহ ক্লেশ এবং না-ক্লেশধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. সংখ্যা পরিচ্ছেদ (একক)

৩৬. না-হেতু-প্রত্যয়ে নয়, না-আলম্বন-প্রত্যয়ে নয়, না-অধিপতি-প্রত্যয়ে নয় (সবক্ষেত্রে নয়), না-অবিগত-প্রত্যয়ে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৩৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বন-প্রত্যয়ে চার, না-অধিপতি-প্রত্যয়ে চার, না-অনন্তর-প্রত্যয়ে চার, না-সমনন্তর-প্রত্যয়ে চার, না-অন্যোন্য-প্রত্যয়ে দুই, না-উপনিশ্রয়-প্রত্যয়ে চার (সবক্ষেত্রে চার), না-সম্প্রযুক্ত-প্রত্যয়ে দুই, না-বিপ্রযুক্ত-প্রত্যয়ে চার, না-নাস্তি-প্রত্যয়ে চার, না-বিগত-প্রত্যয়ে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৩৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বন-প্রত্যয়ে নয়, অধিপতি-প্রত্যয়ে নয় (অনুলোম মাতিকা করণীয়)... অবিগত-প্রত্যয়ে নয়।

[ক্লেশদ্বিক সমাপ্ত]

৭৬. সংক্লেশিকদ্বিক

১. প্রতীত্যবার

৩৯. সংক্লেশিক[১] (ক্লেশের বিষয় বা আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয় (লৌকক-দ্বিকের মতো এতেও কোনো ভিন্নতা নেই।

[সংক্লেশিকদ্বিক সমাপ্ত]

৭৭. সংক্লিষ্টদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

৪০. (১) সংক্লিষ্ট[২] (দূষিত বা অপবিত্র) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) সংক্লিষ্ট এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার (সংক্লিষ্ট) স্কন্ধ, তিন প্রকার স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ, দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়।

(২) সংক্লিষ্ট ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট[৩] (অদূষিত বা পবিত্র) ধর্ম উৎপন্ন হয়। সংক্লিষ্ট স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) সংক্লিষ্ট ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মসমূহ উৎপন্ন হয়। সংক্লিষ্ট এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে...।

(৪) অসংক্লিষ্ট ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ, তিন প্রকার স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ, দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে অসংক্লিষ্ট এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং কর্মজ-রূপ, তিন প্রকার স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ এবং কর্মজ-রূপ, দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। এক প্রকার মহাভূতকে ভিত্তি করে তিন প্রকার মহাভূত, তিন প্রকার মহাভূতকে ভিত্তি এক প্রকার মহাভূত, দুই প্রকার মহাভূতকে ভিত্তি করে দুই

---

[১]। ৮১ লোকীয় চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক ও ২৮ প্রকার রূপ সংক্লেশিক ধর্ম এবং ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ অসংক্লেশিক ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৭ সর্বচিত্ত সাধারণ চৈতসিক, ৬ প্রকীর্ণ চৈতসিক, ১৪ অকুশল চৈতসিক মোট ২৭ চৈতসিক সংক্লিষ্ট ধর্ম।

[৩]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অসংক্লিষ্ট ধর্ম।

প্রকার মহাভূত উৎপন্ন হয়...।

(৫) সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত করা হয়েছে)।

১. প্রত্যয় : অনুলোম
২. গণনা অধ্যায় (একক)

৪১. হেতুতে পাঁচ, আলম্বনে দুই, অধিপতিতে পাঁচ, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে দুই, কর্মে পাঁচ, বিপাকে এক, আহারে পাঁচ (সংক্ষিপ্ত), অবিগতে পাঁচ।

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়
না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২)

৪২. (১) সংক্লিষ্ট ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) অসংক্লিষ্ট ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট এক প্রকার অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানা উচিত)।

১. প্রত্যয় : প্রতিলোম
২. গণনা অধ্যায় (একক)

৪৩. না-হেতুতে দুই, না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

২. সহজাতবার

(অপর দুই প্রকার গণনা ও সহজাতবার অনুরূপভাবে বুঝতে হবে)

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৪৪. (১) সংক্লিষ্ট ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(২) সংক্লিষ্ট ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৩) সংক্লিষ্ট ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৪) অসংক্লিষ্ট ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট এক প্রকার স্কন্ধবশত তিন প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে অসংক্লিষ্ট এক প্রকার স্কন্ধবশত তিন প্রকার স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত বুঝতে হবে), (হৃদয়) বাস্তুবশত অসংক্লিষ্ট স্কন্ধসমূহ।

(৫) অসংক্লিষ্ট ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত সংক্লিষ্ট স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অসংক্লিষ্ট ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত সংক্লিষ্ট স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহবশত চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

৪৫. (৭) সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। সংক্লিষ্ট এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুবশত তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ এবং... উৎপন্ন হয়।

(৮) সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। সংক্লিষ্ট স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহবশত চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৯) সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মসমূহ উৎপন্ন হয়। সংক্লিষ্ট এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুবশত তিন প্রকার স্কন্ধ... দুই স্কন্ধ এবং... সংক্লিষ্ট স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহবশত চিত্তজ-রূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৪৬. হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে নয়, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে নয়, অন্যোন্যে চার, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে চার, আসেবনে চার, কর্মে নয়, বিপাকে এক, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়... বিগতে চার, অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৪৭. (১) সংক্লিষ্ট ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহবশত বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) অসংক্লিষ্ট ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট (অকলুষিত) এক প্রকার অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ, তিন প্রকার স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ, দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বিস্তার করণীয়) চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান, শ্রোত্র-আয়তনবশত শ্রোত্র-বিজ্ঞান, ঘ্রাণ-আয়তনবশত ঘ্রাণ-বিজ্ঞান, জিহ্বা-আয়তনবশত জিহ্বা-বিজ্ঞান, কায়-আয়তনবশত কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুবশত অহেতুক অসংক্লিষ্ট স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) অসংক্লিষ্ট ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৪) সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুবশত বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৪৮. না-হেতুতে চার, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. নিশ্রয়বার

(অনুরূপভাবে অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুই প্রকার গণনা ও নিশ্রয়বার করণীয়)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোম ইত্যাদি

হেতু-প্রত্যয় (২)

৪৯. (১) সংক্লিষ্ট ধর্মকে সংক্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। সংক্লিষ্ট এক প্রকার স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ, তিন প্রকার স্কন্ধকে সংশ্লিষ্ট করে এক প্রকার স্কন্ধ, দুই প্রকার স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুই

প্রকার স্কন্ধ উৎপন্ন হয়।

(২) অসংক্লিষ্ট ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট এক প্রকার স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ, তিন প্রকার স্কন্ধকে সংশ্লিষ্ট করে এক প্রকার স্কন্ধ, দুই প্রকার স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... উৎপন্ন হয়।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই, অধিপতিতে দুই (সর্বত্রই দুই), বিপাকে এক... অবিগতে দুই।

[অনুলোম সমাপ্ত]

৫০. (১) সংক্লিষ্ট ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) অসংক্লিষ্ট ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট এক প্রকার অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... উৎপন্ন হয়।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে দুই, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে দুই, না-আসেবনে দুই, না-কর্মে দুই, না-বিপাকে দুই, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে দুই।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অপর দুই প্রকার গণনা ও সম্প্রযুক্তবার করণীয়)

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৫১. (১) সংক্লিষ্ট ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। সংক্লিষ্ট হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সংক্লিষ্ট ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। সংক্লিষ্ট হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) সংক্লিষ্ট ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। সংক্লিষ্ট হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) অসংক্লিষ্ট ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। অসংক্লিষ্ট হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে অসংক্লিষ্ট হেতুসমূহ হেতু-

প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৫২. (১) সংক্লিষ্ট ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (ব্যক্তি) রাগকে আস্বাদন করেন, অভিনন্দন করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়, দৌর্মনস্য উৎপন্ন হয়। (অনুরূপভাবে) মিথ্যাদৃষ্টিকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। বিচিকিৎসাকে অবলম্বন করে বিচিকিৎসা, মিথ্যাদৃষ্টি, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। ঔদ্ধত্যকে ভিত্তি করে ঔদ্ধত্য, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, দৌর্মনস্য উৎপন্ন হয়। দৌর্মনস্যকে ভিত্তি করে দৌর্মনস্য, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য উৎপন্ন হয়।

(২) সংক্লিষ্ট ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। আর্যগণ প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। পূর্বে তিনি যেসমস্ত ক্লেশতে আসক্ত ছিলেন তা স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তু, সংক্লিষ্ট স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে দর্শন করেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা সংক্লিষ্ট চিত্তসম্পন্ন (১২ অকুশল চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। সংক্লিষ্ট স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকার্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের প্রত্যয় হয়।

৫৩. (৩) অসংক্লিষ্ট ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। অতঃপর তা স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। পূর্বে সম্পাদিত পুণ্যময় কুশলকর্মসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যমার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অসংক্লিষ্ট স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন, দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। সংক্লিষ্ট স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকার্মোপগ-জ্ঞানের অনাগতভব-জ্ঞানের প্রত্যয় হয়।

(৪) অসংক্লিষ্ট ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। দান দিয়ে, শীল প্রতিপালন করে... ধ্যান হতে উত্থিত হয়ে... চক্ষু... (হৃদয়) বাস্তু,

অসংক্লিষ্ট স্কন্ধসমূহকে আস্বাদন করেন, অভিনন্দন করেন। তজ্জন্য একে ভিত্তি রাগ... দৌর্মনস্য উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

৫৪. (১) সংক্লিষ্ট ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দুই প্রকার)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** রাগকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন, অভিনন্দন করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ (৮ লোভচিত্ত) উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি (৪ দৃষ্টিসম্প্রযুক্ত লোভচিত্ত) উৎপন্ন হয়। মিথ্যাদৃষ্টিকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন, একে অভিনন্দন করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সংক্লিষ্ট-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সংক্লিষ্ট ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সংক্লিষ্ট-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) সংক্লিষ্ট ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সংক্লিষ্ট-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

৫৫. (৪) অসংক্লিষ্ট ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সমাধা করে তা গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। পূর্বে সম্পাদিত পুণ্যময় কুশলকর্মসমূহকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আর্যমার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন... নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা ফলের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অসংক্লিষ্ট-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৫) অসংক্লিষ্ট ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সমাধা করে তা গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। পূর্বে সম্পাদিত কুশলকর্মকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, অসংক্লিষ্ট স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় প্রভৃতি

৫৬. (১) সংক্লিষ্ট ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সংক্লিষ্ট স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সংক্লিষ্ট স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সংক্লিষ্ট ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। সংক্লিষ্ট স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা উত্থানের প্রত্যয় হয়।

৫৭. (৩) অসংক্লিষ্ট ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অসংক্লিষ্ট স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী অসংক্লিষ্ট স্কন্ধসমূহের... অনন্তর-প্রত্যয়ের দ্বারা ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৪) অসংক্লিষ্ট ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট স্কন্ধসমূহের প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত)।

উপনিশ্রয়-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৫৮. (১) সংক্লিষ্ট ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয়–প্রত্যয় তিন প্রকার)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** রাগকে (লোভকে) উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। (একইভাবে) দ্বেষ (হিংসা বা ক্রোধ)... প্রার্থনাকে উপনিশ্রয়ে প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এই কারণবশত রাগ... প্রার্থনা উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা রাগের... প্রার্থনার প্রত্যয় হয়

(২) সংক্লিষ্ট ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** রাগকে উপনিশ্রয়ে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন (একইভাবে) দ্বেষ... প্রার্থনাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। এই কারণে রাগ... প্রার্থনা উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধার... প্রজ্ঞার, কায়িক সুখের... কায়িক দুঃখের... রাগের, ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

৫৯. (৩) অসংক্লিষ্ট ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) শীল... প্রজ্ঞা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু (তাপ বা শীত-উষ্ণতা), ভোজন (আহার), শয্যাসনকে উপনিশ্রয় করে দান

দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। এই কারণে শ্রদ্ধা... শয্যাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধার... ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৪) অসংক্লিষ্ট ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মানে বা অংকারে অভিভূত হন, মিথ্যাদৃষ্টি গ্রহণ করেন। (তদ্রূপভাবে) শীল... প্রজ্ঞা... কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। এই হেতুতে শ্রদ্ধা... শয্যাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা রাগ... প্রার্থনার প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২)

৬০. (১) অসংক্লিষ্ট ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত (সংক্ষিপ্ত)।

(২) অসংক্লিষ্ট ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত (সংক্ষিপ্ত)।

পশ্চাজ্জাত-প্রত্যয় (২), আসেবন-প্রত্যয় (২)

৬১. (১) সংক্লিষ্ট ধর্ম পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(২) অসংক্লিষ্ট ধর্ম পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)... আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

কর্ম-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৬২. (১) সংক্লিষ্ট ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। সংক্লিষ্ট চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সংক্লিষ্ট ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** সংক্লিষ্ট চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** সংক্লিষ্ট চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) সংক্লিষ্ট ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (একবিধ কর্ম-প্রত্যয়)—সহজাত (কর্ম)। **সহজাত :** সংক্লিষ্ট চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) অসংক্লিষ্ট ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (কর্ম-

প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অসংক্লিষ্ট চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অসংক্লিষ্ট চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অসংক্লিষ্ট চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় প্রভৃতি

৬৩. (১) অসংক্লিষ্ট ধর্ম বিপাক-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়... (এক)। সংক্লিষ্ট ধর্ম আহার-প্রত্যয়ের দ্বারা, ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা, ধ্যান-প্রত্যয়ের দ্বারা, মার্গ-প্রত্যয়ের দ্বারা, সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়।

বিপ্রযুক্ত-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৬৪. (১) সংক্লিষ্ট ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত-প্রত্যয়)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) অসংক্লিষ্ট ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় তিন প্রকার)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) অসংক্লিষ্ট ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় প্রভৃতি

৬৫. (১) সংক্লিষ্ট ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(২) সংক্লিষ্ট ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত এবং পূর্বজাত (সংক্ষিপ্ত)।

(৩) সংক্লিষ্ট ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয় (প্রতীত্য সদৃশ জ্ঞাতব্য)।

(৪) অসংক্লিষ্ট ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পাঁচ প্রকার)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) অসংক্লিষ্ট ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (একবিধ অস্তি)—পূর্বজাত (সংক্ষিপ্ত)।

৬৬. (৬) সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত এবং পূর্বজাত :** সংক্লিষ্ট এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা

তিন প্রকার স্কন্ধের প্রত্যয় হয়... দুই প্রকার স্কন্ধ এবং... (সংক্ষিপ্ত)।

(৭) সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা অসংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি-প্রত্যয়)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** সংক্লিষ্ট স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** সংক্লিষ্ট স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার (ভক্ষণীয় দব্যাদি) অস্তি-প্রত্যয়ের দ্বারা এই কায়ের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** সংক্লিষ্ট স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপকায়ের জীবনীশক্তি) অস্তি-প্রত্যয়ের দ্বারা কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়। নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৬৭. হেতুতে চার, আলম্বনে চার, অধিপতিতে পাঁচ, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে দুই, কর্মে চার, বিপাকে এক, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে সাত।

২. প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৭)

৬৮. (১) সংক্লিষ্ট ধর্ম সংক্লিষ্ট ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংক্লিষ্ট ধর্ম অসংক্লিষ্ট ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংক্লিষ্ট ধর্ম সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬৯. (৪) অসংক্লিষ্ট ধর্ম অসংক্লিষ্ট ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অসংক্লিষ্ট ধর্ম সংক্লিষ্ট ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মসমূহ সংক্লিষ্ট ধর্মের সহজাত... পূর্বজাত।

(৭) সংক্লিষ্ট এবং অসংক্লিষ্ট ধর্মসমূহ অসংক্লিষ্ট ধর্মের সহজাত... পশ্চাজ্জাত... আহার... ইন্দ্রিয়।

২. প্রত্যয় : প্রতিলোম

গণনা অধ্যায় (একক)

৭০. না-হেতুতে সাত, না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-সমনন্তরে সাত, না-সহজাতে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-নিশ্রয় পাঁচ, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে সাত... না-মার্গে সাত, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে চার, না-অস্তিতে চার, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৭১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে চার, না-অনন্তরে চার, না-সমনন্তরে চার, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে চার... না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৭২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অধিপতিতে পাঁচ (অনুলোম মাতিকা করণীয়)... অবিগতে সাত।

[সংক্লিষ্টদ্বিক সমাপ্ত]

৭৮. ক্লেশ-সম্প্রযুক্তদ্বিক

১. প্রতীত্যবার—হেতু-প্রত্যয়

৭৩. (১) ক্লেশ-সম্প্রযুক্ত[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। ক্লেশ-সম্প্রযুক্ত এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার (ক্লেশ-সম্প্রযুক্ত) স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে...।

(২) ক্লেশ-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ-বিপ্রযুক্ত[২] ধর্ম উৎপন্ন হয়। ক্লেশ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

---

[১]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ প্রকার চৈতসিক ক্লেশ-সম্প্রযুক্ত ধর্ম।

[২]। ২১ অকুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ ক্লেশ-বিপ্রযুক্ত ধর্ম।

(ক্লেশ-সম্প্রযুক্তদ্বিক সংক্লিষ্টদ্বিক সদৃশ। কোনো ভিন্নতা নেই।)

[ক্লেশ-সম্প্রযুক্তদ্বিক সমাপ্ত]

৭৯. ক্লেশ অথচ সংক্লেশিকদ্বিক

১. প্রতীত্যবার—হেতু-প্রত্যয়

৭৪. (১) ক্লেশ অথচ সংক্লেশিক[১] (ক্লেশ অথচ ক্লেশের বিষয় বা আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। লোভকে ভিত্তি করে মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী এবং অনপত্রপা উৎপন্ন হয় (চক্রাকারে প্রদর্শন করতে হবে)।

(২) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংক্লেশিক অথচ না-ক্লেশ[২] (ক্লেশের বিষয় বা আলম্বন অথচ ক্লেশহীন) ধর্ম উৎপন্ন হয়। ক্লেশসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ অথচ সংক্লেশিক এবং সংক্লেশিক অথচ না-ক্লেশ এমন ধর্মসমূহ উৎপন্ন হয়। লোভকে ভিত্তি করে মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী এবং অনপত্রপা সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(এভাবে প্রতীত্যবার, সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবারও ক্লেশদ্বিক সদৃশ বুঝতে হবে। কোনো ভিন্নতা নেই।। আমসনের ক্ষেত্রেও কোনো ভিন্নতা নেই।)

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

৭৫. (১) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা ক্লেশ অথচ সংক্লেশিক ধর্মের প্রত্যয় হয়। ক্লেশ অথচ সংক্লেশিক হেতু-প্রত্যয়ের দ্বারা হেতুসমূহ সম্প্রযুক্ত ক্লেশসমূহের প্রত্যয় হয়।

(২) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সংক্লেশিক অথচ না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। ক্লেশ অথচ সংক্লেশিক হেতু-প্রত্যয়ের দ্বারা হেতু-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা ক্লেশ অথচ সংক্লেশিক

---

[১]। ১০ প্রকার ক্লেশই ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম।

[২]। ৮১ প্রকার লৌকিক চিত্ত, ১০ প্রকার ক্লেশ ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-১০) = ৪২ প্রকার চৈতসিক ও ২৮ প্রকার রূপ সংক্লেশিক অথচ না-ক্লেশ ধর্ম।

এবং সংক্লেশিক অথচ না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। ক্লেশ অথচ সংক্লেশিক হেতু-প্রত্যয়ের দ্বারা হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, ক্লেশসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) সংক্লেশিক অথচ না-ক্লেশধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সংক্লেশিক অথচ না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। সংক্লেশিক অথচ না-ক্লেশসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা হেতু-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সংক্লেশিক অথচ না-ক্লেশসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা হেতু-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৭৬. (১) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা ক্লেশ অথচ সংক্লেশিক ধর্মের প্রত্যয় হয়। ক্লেশসমূহকে ভিত্তি করে ক্লেশসমূহ উৎপন্ন হয়।

(২) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সংক্লেশিক অথচ না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। ক্লেশসমূহকে ভিত্তি করে সংক্লেশিকসমূহ অথচ না-ক্লেশসমূহ এমন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা ক্লেশ অথচ সংক্লেশিক এবং সংক্লেশিক অথচ না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। ক্লেশসমূহকে ভিত্তি করে ক্লেশসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

৭৭. (৪) সংক্লেশিক অথচ না-ক্লেশ এমন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সংক্লেশিক অথচ না-ক্লেশ এমন ধর্মের প্রত্যয় হয়। (ব্যক্তি পুণ্যলাভার্থে) উদারতা প্রদর্শন করে, দুঃশীলতা বর্জন করে, ব্রহ্মচর্য আচরণ করে তা স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহ স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন, অভিনন্দন করেন। তজ্জন্য রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য উৎপন্ন হয়। ধ্যান প্রহীন হলে পরে দুঃখ ও দৌর্মনস্য উৎপন্ন হয়। আর্যগণ গোত্রভূকে (লোকোত্তর অর্পণা জবনের চতুর্থ জবন) স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে (মার্গচিত্ত উৎপত্তির পরিশুদ্ধতার) স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, সংক্লেশিক অথচ না-ক্লেশ স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। সংক্লেশিক অথচ না-ক্লেশ এমন স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকার্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। (অপর দুই

প্রকার প্রশ্নও ক্লেশদ্বিক সদৃশ বুঝতে হবে, ঘটনালম্বনও ক্লেশদ্বিক সদৃশ জানতে হবে)।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৭৮. (১) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা ক্লেশ অথচ সংক্লেশিক ধর্মের প্রত্যয় হয়। (এটি একবিধ)—আলম্বন-অধিপতি...।

(২) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সংক্লেশিক অথচ না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। (এটি একবিধ)—আলম্বন-অধিপতি...।

(৩) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা ক্লেশ অথচ সংক্লেশিক এবং সংক্লেশিক অথচ না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। (এটি একবিধ)—আলম্বন-অধিপতি...।

(৪) সংক্লেশিক অথচ না-ক্লেশধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সংক্লেশিক অথচ না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সমাধা করে তা গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মসমূহকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, শৈক্ষ্যগণ (শিশিক্ষু বা শিক্ষাব্রতী) গোত্রভূকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, সংক্লেশিক অথচ না-ক্লেশ স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে সংক্লেশিক অথচ না-ক্লেশ স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সংক্লেশিকসমূহ অথচ না-ক্লেশ-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। (অপর দুই প্রকার প্রশ্নও ক্লেশদ্বিক সদৃশ জানতে হবে। ঘটনা-অধিপতি তিন প্রকার প্রশ্নও অনুরূপভাবে জানতে হবে)।

অনন্তর-প্রত্যয় প্রভৃতি

৭৯. (১) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা ক্লেশ অথচ সংক্লেশিক ধর্মের প্রত্যয় হয়... (ক্লেশদ্বিক সদৃশ জানতে হবে)।

(২) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সংক্লেশিক অথচ না-ক্লেশধর্মের প্রত্যয় হয়... (ক্লেশদ্বিক সদৃশ জানতে হবে)।

(৩) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা ক্লেশ অথচ সংক্লেশিক এবং সংক্লেশিক অথচ না-ক্লেশধর্মের প্রত্যয় হয়... (ক্লেশদ্বিক সদৃশ জানতে হবে)।

(৪) সংক্লেশিক অথচ না-ক্লেশধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সংক্লেশিক অথচ

না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সংক্লেশিক অথচ না-ক্লেশ স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সংক্লেশিক অথচ না-ক্লেশ স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনুলোম অনন্তর-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, অনুলোম অনন্তর-প্রত্যয়ের দ্বারা বিশুদ্ধির, আবর্তন-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা সংক্লেশিক অথচ না-ক্লেশ স্কন্ধসমূহের প্রত্যয় হয়। (অপর দুই প্রকার প্রশ্ন অনন্তরসমূহ ক্লেশদ্বিক সদৃশ জানতে হবে। কোনো ভিন্নতা নেই। ঘটনা অনন্তরও সকল প্রত্যয়সমূহের ক্লেশদ্বিক সদৃশ জানতে হবে)। (উপনিশ্রয়ে লোকোত্তর হয় না, এইদ্বিক ক্লেশদ্বিক সদৃশ জানতে হবে)।

[ক্লেশ অথচ সংক্লেশিকদ্বিক সমাপ্ত]

৮০. ক্লেশ অথচ সংক্লিষ্টদ্বিক

১. প্রতীত্য বার—১. প্রত্যয় : অনুলোম

১.বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৮০. (১) ক্লেশ অথচ সংক্লিষ্ট[১] (ক্লেশ অথচ কলুষিত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। লোভকে ভিত্তি করে মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী এবং অনপত্রপা উৎপন্ন হয় (শব্দ)—চক্রাকারে উল্লেখ করতে হবে)।

(২) ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট অথচ না-ক্লেশ[২] (কলুষিত অথচ ক্লেশহীন) ধর্ম উৎপন্ন হয়। ক্লেশসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ অথচ সংক্লিষ্ট এবং সংক্লিষ্ট অথচ না-ক্লেশধর্মসমূহ উৎপন্ন হয়। লোভকে ভিত্তি করে মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপা এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (শব্দ-চক্রাকারে বিশ্লেষণ হবে)।

৮১. (৪) সংক্লিষ্ট অথচ না-ক্লেশধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট অথচ না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। সংক্লিষ্ট অথচ না-ক্লেশ এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে...।

(৫) সংক্লিষ্ট অথচ না-ক্লেশধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। সংক্লিষ্ট অথচ না-ক্লেশ এমন স্কন্ধসমূহকে ভিত্তি করে ক্লেশসমূহ উৎপন্ন হয়।

---

[১]। ১০ প্রকার ক্লেশই ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত, ক্লেশ ধর্ম ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-১০) = ১৭ প্রকার চৈতসিক সংক্লিষ্ট অথচ না-ক্লেশ ধর্ম।

(৬) সংক্লিষ্ট অথচ না-ক্লেশধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ অথচ সংক্লিষ্ট এবং সংক্লিষ্ট অথচ না-ক্লেশধর্মসমূহ উৎপন্ন হয়। সংক্লিষ্ট অথচ না-ক্লেশ এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার (সংক্লিষ্ট অথচ না-ক্লেশ) স্কন্ধ এবং ক্লেশসমূহ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে...।

৮২. (৭) ক্লেশ অথচ সংক্লিষ্ট এবং সংক্লিষ্ট অথচ না-ক্লেশধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। লোভ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী এবং অনপত্রপা উৎপন্ন হয় (শব্দ)-চক্রাকারে বিশ্লেষণ করতে হবে)।

(৮) ক্লেশ অথচ সংক্লিষ্ট এবং সংক্লিষ্ট অথচ না-ক্লেশধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট অথচ না-ক্লেশধর্ম উৎপন্ন হয়। সংক্লিষ্ট অথচ না-ক্লেশ এক প্রকার স্কন্ধ এবং ক্লেশসমূহকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ এবং...।

(৯) ক্লেশ অথচ সংক্লিষ্ট এবং সংক্লিষ্ট অথচ না-ক্লেশধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ অথচ সংক্লিষ্ট এবং সংক্লিষ্ট অথচ না-ক্লেশধর্মসমূহ উৎপন্ন হয়। সংক্লিষ্ট অথচ না-ক্লেশ এক প্রকার স্কন্ধ এবং লোভকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী এবং অনপত্রপা... দুই প্রকার স্কন্ধ এবং... (শব্দ চক্রাকারে বিশ্লেষণ করতে হবে)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৮৩. হেতুতে নয়, আলম্বনে নয় (সর্বত্রই নয়), কর্মে নয়, আহারে নয়... অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৮৪. (১) ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসাকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়। ঔদ্ধত্যকে ভিত্তি করে ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) সংক্লিষ্ট অথচ না-ক্লেশধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) ক্লেশ অথচ সংক্লিষ্ট এবং সংক্লিষ্ট অথচ না-ক্লেশধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা

ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ, বিচিকিৎসা এবং ঔদ্ধত্যকে ভিত্তি করে বিচিকিৎসা অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৮৫. না-হেতুতে তিন, না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-বিপ্রযুক্তে নয়।

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংক্লিষ্ট-সম্প্রযুক্তবার

(এভাবে অপর দুই প্রকার গণনা ও সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৮৬. (১) ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। ক্লেশ কিন্তু সংক্লিষ্ট হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্পযুক্ত ক্লেশসমূহের প্রত্যয় হয়।

(২) ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। ক্লেশ কিন্তু সংক্লিষ্ট হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা ক্লেশ কিন্তু সংক্লিষ্ট এবং সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। ক্লেশ কিন্তু সংক্লিষ্ট হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং ক্লেশসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৮৭. (১) ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্মের প্রত্যয় হয়। ক্লেশসমূহকে ভিত্তি করে ক্লেশসমূহ উৎপন্ন হয়।

(২) ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। ক্লেশসমূহকে ভিত্তি করে সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশ এমন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা ক্লেশ কিন্তু সংক্লিষ্ট এবং সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। ক্লেশসমূহকে ভিত্তি করে ক্লেশ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

৮৮. (৪) সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সংক্লিষ্ট কিন্তু না-

ক্লেশধর্মের প্রত্যয় হয়। সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশ এমন স্কন্ধসমূহকে ভিত্তি করে সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশ এমন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্মের ধর্মের প্রত্যয় হয়। সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশ এমন স্কন্ধসমূহকে ভিত্তি করে ক্লেশসমূহ উৎপন্ন হয়।

(৬) সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা ক্লেশ কিন্তু সংক্লিষ্ট এবং সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্মের প্রত্যয় হয়। সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশ এমন স্কন্ধসমূহকে ভিত্তি করে ক্লেশ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (অপর তিন প্রকার প্রশ্নও করণীয়)।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৮৯. (১) ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্ম ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (একবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি...।

(২) ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্ম সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (একবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি...।

(৩) ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্ম ক্লেশ কিন্তু সংক্লিষ্ট এবং সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (একবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি...।

(৪-৬) সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্ম সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশ এমন স্কন্ধসমূহকে গুরুত্বের সঙ্গে... (তিন)। (দুই প্রকার অধিপতি তিন প্রকারে করতে হবে, অপর দুই প্রকারকে তিন প্রকারে করতে হবে)।

অনন্তর-প্রত্যয় প্রভৃতি

৯০. ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্ম ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এভাবে নয়টি প্রশ্ন করতে হবে, আবর্তন-চিত্ত ও উত্থান নেই), সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (নয়টি প্রশ্ন হবে, পূর্বজাত-প্রত্যয় ও পশ্চাজ্জাত-প্রত্যয় নেই), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কর্ম-প্রত্যয় প্রভৃতি

৯১. (১) সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্ম সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশ সমূহ চেতনা সম্প্রযুক্ত

স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্ম ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশসমূহ চেতনা সম্প্রযুক্ত ক্লেশসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্ম ক্লেশ কিন্তু সংক্লিষ্ট এবং সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংক্লিষ্ট কিন্তু না-ক্লেশসমূহ চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং ক্লেশসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯২. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, আসেবনে নয়, কর্মে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

প্রতিলোম সংগ্রহ (৯)

৯৩. (১) ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্ম ক্লেশ কিন্তু সংক্লিষ্ট ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (নয়টি প্রশ্ন বিস্তার করণীয়, একইভাবে ত্রিবিধ পদসমূহ করণীয়)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৯৪. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্রই নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৯৫. হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-উপনিশ্রয়ে তিন,... না-মার্গে তিন... না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

৯৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয় (অনুলোম মাতিকা করণীয়)... অবিগতে নয়।

[ক্লেশ কিন্তু সংক্লিষ্টদ্বিক সমাপ্ত]

৮১. ক্লেশ কিন্তু ক্লেশ-সম্প্রযুক্তদ্বিক
১. প্রতীত্যবার—হেতু-প্রত্যয়

৯৭. ক্লেশ কিন্তু ক্লেশ-সম্প্রযুক্ত[1] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ কিন্তু ক্লেশ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। লোভকে ভিত্তি করে মোহ, মিথ্যাদৃষ্টি, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী এবং অনপত্রপা উৎপন্ন হয়। (ক্লেশ কিন্তু ক্লেশ-সম্প্রযুক্তদ্বিক সংক্লিষ্টদ্বিক সদৃশ পাঠ করতে হবে, কোনো ভিন্নতা নেই।)

[ক্লেশ কিন্তু ক্লেশ-সম্প্রযুক্তদ্বিক সমাপ্ত]

৮২. ক্লেশ-বিপ্রযুক্ত সংক্লেশিকদ্বিক
১. প্রতীত্য বার—হেতু-প্রত্যয়

৯৮. ক্লেশ-বিপ্রযুক্ত সংক্লেশিক[2] (ক্লেশের উপযুক্ত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা ক্লেশ-বিপ্রযুক্ত সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। ক্লেশ-বিপ্রযুক্ত সংক্লেশিক এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার (ক্লেশ-বিপ্রযুক্ত সংক্লেশিক) স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে...। (লৌকিকদ্বিকের ন্যায় ক্লেশ-বিপ্রযুক্ত সংক্লেশিক-দ্বিক জানতে হবে, কোনো ভিন্নতা নেই।)

[ক্লেশ-বিপ্রযুক্ত সংক্লেশিকদ্বিক সমাপ্ত]

[ক্লেশগুচ্ছ সমাপ্ত]

১৩. পৃষ্ঠ বা শেষদ্বিক
৮৩. দর্শনের দ্বারা পরিত্যাজ্যদ্বিক
৩. প্রতীত্য বার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

---

[1]। ১০ প্রকার ক্লেশই ক্লেশ কিন্তু ক্লেশ-সম্প্রযুক্ত ধর্ম এবং ১২ অকুশল চিত্ত, ক্লেশ ধর্ম ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-১০) = ১৭ চৈতসিকই ক্লেশ-সম্প্রযুক্ত কিন্তু না-ক্লেশ ধর্ম।

[2]। ১৭ প্রকার লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও ২৮ প্রকার রূপই ক্লেশ-বিপ্রযুক্ত সংক্লেশিক ধর্ম এবং ৮ প্রকার লোকোত্তর চিত্ত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণই ক্লেশ-বিপ্রযুক্ত অসংক্লেশিক ধর্ম।

১. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য[১] (পরিত্যাগযোগ্য বা পরিত্যাগ করা উচিত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) দর্শনের দ্বারা পরিত্যাজ্য এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার (দর্শনের দ্বারা পরিত্যাজ্য) স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে...।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ রূপ উৎপন্ন হয়।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্য এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে...।

(৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয়। না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার (না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য) স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। এক প্রকার মহাভূতকে...।

(৫) দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

২. হেতুতে পাঁচ, আলম্বনে দুই, অধিপতিতে পাঁচ, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে দুই, কর্মে পাঁচ, বিপাকে এক, আহারে পাঁচ... অবিগতে পাঁচ।

---

[১]। ৮ লোভমূলক চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ বিচিকিৎসা-সহগত চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ প্রকার চৈতসিক দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম।

[২]। ৪ দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, নিম্নগামী নহে এমন ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্য-সহগত চিত্ত, ২১ প্রকার কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত; মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-২) = ৫০ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম।

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২)

৩. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(২). না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয়। না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য এক প্রকার অহেতুক (হেতু-প্রত্যয় বিরহিত এমন) স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (যাবৎ অসংজ্ঞসত্ত্বগণ তাবৎ করণীয়) ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৪. না-হেতুতে দুই, না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

২. সহজাতবার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুই প্রকার গণনা ও সহজাতবার অনুরূপভাবে জানতে হবে)।

৩. প্রত্যয় বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৫. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা...। (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা...। (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা...। (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৬. (৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য এক প্রকার স্কন্ধবশত তিন প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ, তিন প্রকার স্কন্ধবশত এক প্রকার

স্কন্ধ এবং চিত্তজ-রূপ, দুই প্রকার স্কন্ধবশত দুই প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত করণীয়) (হৃদয়) বাস্তুবশত না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (হৃদয়) বাস্তুবশত দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (হৃদয়) বাস্তুবশত দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহবশত চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

৭. (৭) দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। দর্শনের দ্বারা পরিত্যাজ্য এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুবশত তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ এবং...।

(৮) দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ এবং চারি মহাভূতবশত চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৯) দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের পরিত্যাজ্য ধর্মবশত দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। দর্শনের দ্বারা পরিত্যাজ্য এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুবশত তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ এবং... দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধ এবং চারি মহাভূতবশত চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৮. হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে নয়... অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (৪)

৯. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত স্কন্ধবশত বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য এক প্রকার

অহেতুক স্কন্ধবশত তিন প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ, তিন প্রকার স্কন্ধবশত এক প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ, দুই প্রকার স্কন্ধবশত দুই প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয় (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়) চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনবশত কায়বিজ্ঞান, (হৃদয়) বাস্তুবশত অহেতুক না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহবশত ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। (হৃদয়) বাস্তুবশত বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(৪) দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুবশত বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১০. না-হেতুতে চার, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. নিশ্রয়বার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুই প্রকার গণনা ও নিশ্রয়বার অনুরূপভাবে জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

১১. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মকে সংশ্লিষ্ট করে দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা (সংক্ষিপ্ত)।

(২) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই, অধিপতিতে দুই, অবিগতে দুই।

[অনুলোম সমাপ্ত]

১২. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মকে সংশ্লিষ্ট করে দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মকে সংশ্লিষ্ট করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে দুই, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে দুই, না-আসেবনে দুই, না-কর্মে দুই, না-বিপাকে দুই, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে দুই।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুই প্রকার গণনা ও সম্প্রযুক্তবার অনুরূপভাবে জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

১৩. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (৪)

১৪. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (প্রাকৃতজনেরা) দর্শনের দ্বারা পরিত্যাজ্য এমন রাগকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে দর্শনের দ্বারা পরিত্যাজ্য এমন রাগ (যা পৃথগ্জনের বা মার্গফলহীন ব্যক্তির উৎপন্ন হয়), মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা উৎপন্ন হয়, দর্শনের দ্বারা পরিত্যাজ্য এমন দৌর্মনস্য উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্য এমন মিথ্যাদৃষ্টিকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে দর্শনের দ্বারা পরিত্যাজ্য

এমন রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, দৌর্মনস্য উৎপন্ন হয়। বিচিকিৎসাকে অবলম্বন করে বিচিকিৎস, মিথ্যাদৃষ্টি, দৌর্মনস্য উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্যকে অবলম্বন করে দর্শনের দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা উৎপন্ন হয়।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ দর্শনের দ্বারা পরিত্যাজ্য পরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মগুলোকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ (মার্গলাভী ব্যক্তিরা) মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য এমন পরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আসক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা দর্শনের দ্বারা পরিত্যাজ্য চিত্তসমন্বিত (৮ লোভমূলক চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ বিচিকিৎসা-সহগত চিত্তসমন্বিত) ব্যক্তির চিত্তকে জানেন। দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের (অন্যের চিত্তের অবস্থা সম্পর্কে জানার), পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের (পূর্বজন্ম সম্বন্ধে জানার), যথাকর্মোপগ-জ্ঞানের (জীবের জন্ম-মৃত্যু সম্বন্ধে জানার) এবং অনাগতভব-জ্ঞানের (পুনর্ভব সম্বন্ধে জানার) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৫. (৩) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল রক্ষা করে, উপোসথকর্ম সম্পাদন করে একে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য একে অবলম্বন করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ, ঔদ্ধত্য, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত সুকর্মগুলোকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য এমন পরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে

আসক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য একে অবলম্বন করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ, ঔদ্ধত্য, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রের দ্বারা রূপ দর্শন করেন... অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম... পূর্ব... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য একে অবলম্বন করে দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, দর্শনের দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৫)

১৬. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগকে গুরুত্বের সঙ্গে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। (অনুরূপভাবে) মিথ্যাদৃষ্টিকে গুরুত্বের সঙ্গে...। **সহজাত-অধিপতি :** দর্শনের দ্বারা পরিত্যাজ্য-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** দর্শনের দ্বারা পরিত্যাজ্য-অধিপতি অধিপতি-প্রত্যয় দ্বারা চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** দর্শনের দ্বারা পরিত্যাজ্য-অধিপতি অধিপতি-প্রত্যয় দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৭. (৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি-প্রত্যয়)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা গুরুত্বের সঙ্গে

প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মাদিকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে গুরুত্বের সঙ্গে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ উৎপন্ন হয়। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্বের সঙ্গে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহকে গুরুত্বের সঙ্গে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে... ধ্যানকে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহকে গুরুত্বের সঙ্গে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (৪)

১৮. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ পরবর্তী পরিবর্তী দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত)।

উপনিশ্রয়-প্রত্যয় (৪)

১৯. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগকে উপনিশ্রয় করে প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। (অনুরূপভাবে) দর্শনের দ্বারা পরিত্যাজ্য দ্বেষ, মোহ, মিথ্যাদৃষ্টি... প্রার্থনাকে উপনিশ্রয় করে প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। এই কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ... প্রার্থনা (কামনা-বাসনা) দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগের... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। (অনুরূপভাবে) দর্শনের দ্বারা পরিত্যাজ্য দ্বেষ, মোহ, মিথ্যাদৃষ্টি, প্রার্থনাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। সেই কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ... প্রার্থনা শ্রদ্ধার... প্রজ্ঞার, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগের, দ্বেষের, মোহের, মানের, প্রার্থনার, কায়িক সুখের... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২০. (৩) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয়:** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল, প্রজ্ঞা, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ, দ্বেষ, মোহ, মান, প্রার্থনা, কায়িক সুখ, শয়নাসনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন। এই কারণে শ্রদ্ধা... প্রজ্ঞা, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ... প্রার্থনা... কায়িক সুখ... শয়নাসন শ্রদ্ধার... প্রজ্ঞার না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগের... প্রার্থনার... কায়িক সুখের, কায়িক দুঃখের... মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। (অনুরূপভাবে) শীল... প্রজ্ঞাকে উপনিশ্রয় করে মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। আবার না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ, দ্বেষ,

মোহ, মান, প্রার্থনা, কায়িক সুখ, শয়নাসনকে উপনিশ্রয় করে প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। এই কারণবশত শ্রদ্ধা... শয়নাসন দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগের, দ্বেষের, মোহের, মিথ্যাদৃষ্টির, প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (২)

২১. (১) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা) চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মজ্ঞানে গুরুত্বের সঙ্গে দর্শন করেন, আস্বাদন করেন, অভিনন্দন করেন। সেই কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ, ঔদ্ধত্য, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর মাধ্যমে রূপ দর্শন করেন, দিব্যকর্ণের মাধ্যমে শব্দ শোনেন (কাছের বা দূরের দেব-মনুষ্যের শব্দ শুনেন)। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। সেই কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, দর্শনের দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (২), আসেবন-প্রত্যয় (২)

২২. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(২) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)। আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

কর্ম-প্রত্যয় (৪)

২৩. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্য চেতনা সম্প্রযুক্ত

স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** দর্শনের দ্বারা পরিত্যাজ্য চেতনা চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** দর্শনের দ্বারা পরিত্যাজ্য চেতনা বিপাকস্কন্ধসমূহ এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্য চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৪. (৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য চেতনা বিপাক স্কন্ধসমূহ এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয়াদি

২৫. না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৩)

২৬. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত-প্রত্যয়)—সহজাত এবং পূর্বজাত (সংক্ষিপ্ত)।

(২) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় তিন প্রকার)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু দর্শনের দ্বারা

পরিত্যাজ্য স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় ইত্যাদি

২৭. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত এবং পূর্বজাত (সংক্ষিপ্ত)।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (সংক্ষিপ্ত, পূর্বজাত সদৃশ জানতে হবে)।

২৮. (৬) দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** দর্শনের দ্বারা পরিত্যাজ্য এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিন প্রকার স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুই প্রকার স্কন্ধ এবং...।

(৭) দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি-প্রত্যয়)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** দর্শনের দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

২৯. হেতুতে চার, আলম্বনে চার, অধিপতিতে পাঁচ, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে দুই, কর্মে চার, বিপাকে এক, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে সাত।

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৭)

৩০. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩১. (৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের সহজাত এবং পূর্বজাত।

(৭) দর্শনের দ্বারা পরিত্যাজ্য এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩২. না-হেতুতে সাত, না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে

সাত, না-সমনন্তরে সাত, না-সহজাতে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-নিশ্রয়ে পাঁচ, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে সাত... না-মার্গে সাত, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে চার, না-অস্তিতে চার, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

৩৩. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে নয়, না-অনন্তরে চার, না-সমনন্তরে চার, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে চার (সর্বত্রই চার), না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

৩৪. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অধিপতিতে পাঁচ (অনুলোম মাতিকা করণীয়)... অবিগতে সাত।

[দর্শনের দ্বারা পরিত্যাজ্যদ্বিক সমাপ্ত]

৮৪. ভাবনার দ্বারা পরিত্যাজ্যদ্বিক
১-৬. প্রতীত্যবার ইত্যাদি
১-৪. প্রত্যয় : অনুলোম ইত্যাদি

৩৫. (১) ভাবনার দ্বারা পরিত্যাজ্য[১] ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয় (ভাবনার দ্বারা পরিত্যাজ্যদ্বিক দর্শনদ্বিক সদৃশ। তা-ই দর্শনদ্বিক দ্রষ্টব্য এবং কোনো ভিন্নতা নেই।)।

(অনুলোম গণনা)—হেতুতে পাঁচ,... অবিগতে পাঁচ।

[অনুলোম সমাপ্ত]

(১) ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য[২] ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা

---

[১]। ৪ দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্যসহগত চিত্ত, মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-২) = ২৫ চৈতসিক ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম।

[২]। ৪ দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, নিম্নগামী ২ দ্বেষমূলক চিত্ত, ৪ দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, ১ বিচিকিৎসা-সহগত চিত্ত ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম।

না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয়। না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য একটি অহেতুক স্কন্ধকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত পড়তে হবে) বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে দুই... না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

(প্রত্যয়বার প্রতিলোমে না-হেতু-প্রত্যয়ে ঔদ্ধত্য-সহগত তিনটি প্রশ্ন, মোহ উদ্ধার করতে হবে। সকল বারসমূহ দর্শনদ্বিক সদৃশ বুঝতে হবে, ঔদ্ধত্য-প্রতিলোমের ক্ষেত্রেও একই।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৩৬. (১-৩) ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ভাবনার দ্বারা পরিত্যাজ্য হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৩৭. (১) ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। যার ফলে ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ, ঔদ্ধত্য, ভাবনার দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য (মানসিক অশান্তি) উৎপন্ন হয়। ঔদ্ধত্যকে আশ্রয় করে ঔদ্ধত্য, ভাবনার দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য উৎপন্ন হয়। ভাবনার দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্যকে আশ্রয় করে ভাবনার দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য, ঔদ্ধত্য উৎপন্ন হয়।

(২) ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ ভাবনার দ্বারা পরিত্যাজ্য বিদূরিত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, অবিদূরিত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ভাবনার দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে ত্রিলক্ষণজ্ঞানে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে আশ্রয় করে না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য উৎপন্ন হয়।

চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা ভাবনার দ্বারা পরিত্যাজ্য চিত্তসম্পন্ন (৪ দৃষ্টিবিপ্রযুক্ত চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্য-সহগত চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। ভাবনার দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের এবং অনাগতভব-জ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৮. (৩) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল আচরণ করে, উপোসথকর্ম সম্পাদন করে তা স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে আশ্রয় করে না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মাদিকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য বিদূরিত ক্লেশসমূহকে ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, অবিদূরিত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে ত্রিলক্ষণজ্ঞানে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে আশ্রয় করে না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রের দ্বারা রূপ দর্শন করেন... যথাকর্মোপগ-জ্ঞানের এবং অনাগতভব-জ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান... শীল... ধ্যান... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে আশ্রয় করে ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ, ঔদ্ধত্য, ভাবনার দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

৩৯. (১) ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দুই প্রকার)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগকে গুরুত্বের সঙ্গে আস্বাদন করেন, অভিনন্দন করেন। একে

গুরুত্ব দেওয়াতে ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** ভাবনার দ্বারা পরিত্যাজ্য-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগকে গুরুত্বের সঙ্গে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** ভাবনার দ্বারা পরিত্যাজ্য-অধিপতি চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্য এবং না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** ভাবনার দ্বারা পরিত্যাজ্য-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪০. (৪) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীলময় জীবন যাপন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা গুরুত্বের সঙ্গে প্রত্যবেক্ষণ করেন, একে আস্বাদন করেন এবং একে অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান... ধ্যানকে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহকে গুরুত্বের সঙ্গে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় ইত্যাদি

৪১. ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার) (দর্শনদ্বিক সদৃশ, কোনো ভিন্নতা নেই), সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত)।

উপনিশ্রয়-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৪২. (১) ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ, দ্বেষ, মোহ, মান (অহংকার বা গর্ব), প্রার্থনা (তৃষ্ণা) ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগের, দ্বেষের, মোহের, মানের, প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগকে উপনিশ্রয় করে দান দেন,... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। (অনুরূপভাবে) ভাবনার দ্বারা পরিত্যাজ্য দ্বেষ, মোহ, মান, প্রার্থনাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। এই কারণবশত ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ... প্রার্থনা শ্রদ্ধা... প্রজ্ঞা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগের, দ্বেষের, মোহের, মিথ্যাদৃষ্টির, প্রার্থনার, কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৩. (৩) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন,... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল, প্রজ্ঞা, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ, দ্বেষ, মোহ, মিথ্যাদৃষ্টি, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, শয়নাসনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। এই কারণে শ্রদ্ধা... শয়নাসন শ্রদ্ধা... প্রজ্ঞা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগের, দ্বেষের, মোহের, মিথ্যাদৃষ্টির, প্রার্থনার, কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয়:** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন... (অনুরূপভাবে) শীল... প্রজ্ঞা... রাগ... কায়িক সুখ, কায়িক দুঃখ, প্রার্থনা, শয়নাসনকে উপনিশ্রয়কে মান উৎপন্ন করেন। এই হেতুতে শ্রদ্ধা... শয়নাসন ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগের, দ্বেষের,

মোহের, মানের, প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় ইত্যাদি

৪৪. (১) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য দুঃখ ও অনাত্মরূপে ত্রিলক্ষণজ্ঞানে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে অবলম্বন করে না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা উৎপন্ন হয়। না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা রূপ দর্শন করেন... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৫. পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

(১) ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ভাবনার দ্বারা পরিত্যাজ্য চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ভাবনার দ্বারা পরিত্যাজ্য চেতনা চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্য এবং না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ভাবনার দ্বারা পরিত্যাজ্য চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সকল প্রত্যয়সমূহ দর্শনদ্বিক সদৃশ জানতে

হবে, কোনো ভিন্নতা নেই।)

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৬. হেতুতে চার, আলম্বনে চার, অধিপতিতে পাঁচ, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে দুই, কর্মে চার, বিপাকে এক, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে সাত। (প্রতিলোম বিভঙ্গ দর্শনদ্বিক সদৃশ বিভাজন করতে হবে। তিন গণনাও অনুরূপভাবে গণনা করণীয়)।

৮৫. দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক-দ্বিক

১. প্রতীত্য বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৪৭. (১) হেতু-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্য হেতুক বা হেতুযুক্ত[১] ধর্মকে প্রত্যয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক) স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

(২) হেতু-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক[২] ধর্ম উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

৪৮. (৪) হেতু-প্রত্যয়ের কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (না-দর্শনের দ্বারা

---

[১]। ৮ লোভমূলক চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ বিচিকিৎসা-সহগত চিত্ত, বিচিকিৎসা-সহগত চিত্তে মোহ ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-১) = ২৬ চৈতসিক দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম।

[২]। ৪ দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-২) = ৫০ চৈতসিক, বিচিকিৎসা চিত্তে মোহ, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম।

পরিত্যাজ্যহেতুক) স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... বিচিকিৎসা-সহগত মোহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত করণীয়)।

(৫) হেতু-প্রত্যয়ের কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত মোহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) হেতু-প্রত্যয়ের কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত মোহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

৪৯. (৭) হেতু-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত একটি স্কন্ধ এবং মোহকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত একটি স্কন্ধ এবং মোহকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং...।

আলম্বন-প্রত্যয় (৬)

৫০. (১) আলম্বন-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ...।

(২) আলম্বন-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি

স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

৫১. (৪) আলম্বন-প্রত্যয়ের কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) আলম্বন-প্রত্যয়ের কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত মোহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) আলম্বন-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত একটি স্কন্ধ এবং মোহকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৫২. হেতুতে নয়, আলম্বনে ছয়, অধিপতিতে পাঁচ, অনন্তরে ছয়, সমনন্তরে ছয়, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে ছয়, পূর্বজাতে ছয়, আসেবনে ছয়, কর্মে নয়, বিপাকে এক, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে ছয়, বিগতে ছয়, অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (২)

৫৩. (১) না-হেতু-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) না-হেতু-প্রত্যয়ের কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে প্রত্যয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। অহেতুক না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়) ঔদ্ধত্য-সহগত স্কন্ধকে প্রত্যয় করে ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৫৪. না-হেতুতে দুই, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে

তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

৫৫. হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, না-অধিপতিতে নয়... না-পূর্বজাতে সাত... না-বিপ্রযুক্তে চার, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

৫৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই... বিপাকে এক... মার্গে দুই... অবিগতে দুই।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৩. প্রত্যয় বার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৫৭. (১) হেতু-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়...।

(২) হেতু-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়...।

(৩) হেতু-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়...।

(৪) হেতু-প্রত্যয়ের কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত করণীয়) (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) হেতু-প্রত্যয়ের কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয়

করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) হেতু-প্রত্যয়ের কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

৫৮. (৭) হেতু-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... বিচিকিৎসা-সহগত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত একটি স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ...।

আলম্বন-প্রত্যয় (৯)

৫৯. (১) আলম্বন-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) আলম্বন-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৩) আলম্বন-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) আলম্বন-প্রত্যয়ের কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) আলম্বন-প্রত্যয়ের কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ এবং বিচিকিৎসা-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) আলম্বন-প্রত্যয়ের কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৬০. (৭) আলম্বন-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... বিচিকিৎসা-সহগত একটি স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৮) আলম্বন-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(৯) আলম্বন-প্রত্যয়ের কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং মোহ... দুটি স্কন্ধ এবং...।

১. প্রত্যয় : অনুলোম
২. গণনা অধ্যায় (একক)

৬১. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সবক্ষেত্রে নয়), বিপাকে এক... অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম
১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৩)

৬২. (১) না-হেতু-প্রত্যয়ের দ্বারা দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) না-হেতু-প্রত্যয়ের দ্বারা না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। অহেতুক না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানতে হবে) চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) না-হেতু-প্রত্যয়ের দ্বারা দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে আশ্রয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম
২. গণনা অধ্যায় (একক)

৬৩. না-হেতুতে তিন, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. নিশ্রয়বার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুটি গণনা ও নিশ্রয়বার অনুরূপভাবে জানতে হবে)

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় চতুষ্ক—হেতু-প্রত্যয় (৪)

৬৪. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৩) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত মোহকে সংশ্লিষ্ট করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত একটি স্কন্ধ এবং মোহকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

আলম্বন-প্রত্যয় (৬)

৬৫. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা...। (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা...। (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা...। (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। না-দর্শনের দ্বারা একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন

হয় আলম্বন-প্রত্যয় দ্বারা (প্রতীত্যবার সদৃশ জানতে হবে, সংক্ষিপ্ত)।

৬৬. (অনুলোম গণনা)—হেতুতে চার, আলম্বনে ছয়, অধিপতিতে দুই, অনন্তরে ছয়, (সবক্ষেত্রে ছয়), বিপাকে এক... অবিগতে ছয়।

না-হেতু-প্রত্যয় (২)

৬৭. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। অহেতুক না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে দুই, না-অধিপতিতে ছয়, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে ছয়, না-আসেবনে ছয়, না-কর্মে চার, না-বিপাকে ছয়, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে ছয়।

[প্রতিলোম সমাপ্ত]

হেতুমূলক—দ্বিক

হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে চার, না-পূর্বজাতে চার... না-বিপ্রযুক্তে চার।

না-হেতুমূলক—দ্বিক

না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই... বিপাকে এক... অবিগতে দুই।

৫. সম্প্রযুক্তবার

(সম্প্রযুক্তবারকে সংশ্লিষ্টবার সদৃশ জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৬)

৬৮. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক

হেতুসমূহ চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬৯. (৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত মোহ চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৫) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত মোহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত মোহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৭০. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৭১. (৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান কার্য করে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে

না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ, ঔদ্ধত্য, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক পরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে অবলম্বন করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ, ঔদ্ধত্য, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রের মাধ্যমে রূপ দর্শন করেন... অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের এবং মোহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান... ধ্যানকে... চক্ষু... (হৃদয়) বাস্তুকে, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং মোহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। যার ফলে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক দৌর্মনস্য উৎপন্ন হয়।

(৬) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-দর্শনের দ্বারা না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৭২. (৭) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে প্রত্যয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে প্রত্যয় করে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

(৯) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং

মোহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৫)

৭৩. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক-অধিপতি চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৪. (৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান কার্য করে, শীল রক্ষা করে, উপোসথকর্ম সম্পাদন করে তাকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মাদিকে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান কার্য করে, শীল রক্ষা করে, উপোসথকর্ম সম্পাদন করে... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়)

বাস্তু, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (৯)

৭৫. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহের এবং মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৬. (৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত মোহ পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত মোহ পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এব না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত মোহ পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহের এবং মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহের এবং মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৭. (৭) দর্শনের দ্বারা পরিত্যজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) দর্শনের দ্বারা পরিত্যজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) দর্শনের দ্বারা পরিত্যজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পরবর্তী পরবর্তী বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহের এবং মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

৭৮. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** দর্শনের দ্বারা স্কন্ধসমূহ বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৯. (৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দেন... সমাপত্তি-ধ্যান, মান উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল, প্রজ্ঞা, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ, দ্বেষ, মোহ, মান, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয়নাসনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। এই হেতুতে শ্রদ্ধা... শয়নাসনকে শ্রদ্ধা... প্রজ্ঞা, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগের... প্রার্থনার এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...।

প্রকৃতি-উপনিশ্রয় : শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। (অনুরূপভাবে) শীল, প্রজ্ঞা, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ, দ্বেষ, মোহ, মান, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয়নাসনকে উপনিশ্রয় করে প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। এই কারণে শ্রদ্ধা... শয়নাসন দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগের, দ্বেষের, মোহের, মানের, প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়) : অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...।

প্রকৃতি-উপনিশ্রয় : শ্রদ্ধা... প্রজ্ঞা, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ, দ্বেষ, মোহ, মান, প্রার্থনা, কায়িক সুখ... শয়নাসন বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮০. (৭) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...।

প্রকৃতি-উপনিশ্রয় : বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহ বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (৩)

৮১. (১) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ কিংবা পৃথগ্‌জনেরা) চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ, ঔদ্ধত্য, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্য...। (সংক্ষিপ্ত। বাস্তু-পূর্বজাতকে সংক্ষিপ্ত করা হয়েছে)।

(২) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে দর্শনের দ্বারা পরিত্যাজ্য রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক দৌর্মনস্য উৎপন্ন হয়। (বাস্তু-পূর্বজাত সংক্ষিপ্ত)।

(৩) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়। (বাস্তু-পূর্বজাত সংক্ষিপ্ত)।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩), আসেবন-প্রত্যয় (৯)

৮২. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(২) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)। আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয় ইত্যাদি

৮৩. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম-প্রত্যয়) এবং নানাক্ষণিক (কর্ম-প্রত্যয়)। **সহজাত :** দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক চেতনা চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক চেতনা বিপাক-স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় .. মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়), বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ)।

অস্তি-প্রত্যয় ইত্যাদি

৮৪. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত এবং পূর্বজাত (সংক্ষিপ্ত)।

(৬) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত (সংক্ষিপ্ত)।

৮৫. (৭) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।... দুটি স্কন্ধ এবং... বিচিকিৎসা-সহগত একটি স্কন্ধ এবং মোহ তিনটি স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...।

(৮) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৯) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত (সংক্ষিপ্ত)। নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৮৬. হেতুতে ছয়, আলম্বনে নয়, অধিপতিতে পাঁচ, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয় নয়, উপনিশ্রয় নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে চার, বিপাকে এক, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

৮৭. (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৮. (৪) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৯. (৭) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা

পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৯০. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্রই নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৯১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে ছয়, না-অধিপতিতে ছয়, না-অনন্তরে ছয়, না-সমনন্তরে ছয়, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে ছয়... না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে ছয়, না-বিগতে ছয়।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৯২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে পাঁচ (অনুলোম মাতিকা)... অবিগতে নয়।

[দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক-দ্বিক সমাপ্ত]

৮৬. ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক-দ্বিক

১-৬. প্রতীত্যবার ইত্যাদি—হেতু-প্রত্যয়

৯৩. (১) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক[১] ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয়

---

[১]। ৪ দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, নিম্নগামী নহে ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্য-সহগত চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা চিত্ত ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-২) = ৫০ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম।

দ্বারা ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক) স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(প্রতীত্যবার, সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার ও দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক-দ্বিক সদৃশ জানতে হবে। ঔদ্ধত্য-সহগত মোহকে বিচিকিৎসা-সহগত মোহের স্থানসমূহতে স্থাপন করতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৬)

৯৪. (১-৬) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়) (দর্শনের পরিত্যাজ্যহেতুক-দ্বিক সদৃশ জানতে হবে)।

আলম্বন-প্রত্যয় (৯)

৯৫. (১-৩) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (প্রত্যয় করে দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক সদৃশ জানতে হবে)।

৯৬. (৪) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক[১] ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। অতঃপর একে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মাদিকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-

---

[১]। ৪ দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, নিম্নগামী নহে এমন ২ দ্বেষমূলক চিত্ত, ৪ দৃষ্টি-সহগত চিত্ত, ১ বিচিকিৎসা-সহগত চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক, ঔদ্ধত্য-সহগত চিত্তে মোহ, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম।

ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে অনিত্য, দুঃখ ও অনাত্মারূপে বিশেষভাবে দেখেন, একে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রের মাধ্যমে রূপ দর্শন করেন... অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের এবং মোহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে... শীল পালন করে... ধ্যান হতে উত্থিত হয়ে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ, ঔদ্ধত্য, ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক দৌর্মনস্য উৎপন্ন হয়।

(৬) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে প্রত্যয় করে ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয় (ঘটনালম্বন তিনটিও অনুরূপভাবে করণীয়)।

অধিপতি-প্রত্যয় ইত্যাদি

৯৭. (১) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ার কারণে ভাবনার দ্বারা পরিত্যাজ্য রাগ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ার কারণে না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক-অধিপতি অধিপতি-প্রত্যয় দ্বারা চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৯৮. (৪) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। অতঃপর একে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্ব... ধ্যান হতে... আর্যগণ মার্গ হতে উঠে... ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে... ধ্যান হতে উত্থিত হয়ে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগ উৎপন্ন হয়। (অনন্তর-প্রত্যয়সমূহে না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুকই করণীয়, বিচিকিৎসা-সহগত মোহ অকরণীয় এবং ঔদ্ধত্য-সহগত মোহ করণীয়)। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

৯৯. (১) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিজের দ্রব্যে প্রতি যে ছন্দরাগ পরের অধিকারভূক্ত দ্রব্যের প্রতি ছন্দরাগের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিজের দ্রব্যের প্রতি যে ছন্দরাগ পরের অধিকারভুক্ত দ্রব্যের প্রতি ছন্দরাগের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক স্কন্ধসমূহ ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১০০. (৪) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে বা শ্রদ্ধাবশে দান দেন,... সমাপত্তি-ধ্যান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল, প্রজ্ঞা, না-ভাবনার পরিত্যাজ্যহেতুক রাগ, দ্বেষ, মোহ, মিথ্যাদৃষ্টি, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, শয়নাসনকে উপনিশ্রয় করে দান দেন... প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। এই কারণে শ্রদ্ধা... শয়নাসন শ্রদ্ধা... প্রজ্ঞা... না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগের, দ্বেষের, মোহের, মিথ্যাদৃষ্টির, প্রার্থনার, কায়িক সুখের, কায়েক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন... শ্রদ্ধা... প্রজ্ঞা... কায়িক সুখ... শয়নাসন ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক রাগের, দ্বেষের, মোহের, মানের, প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধা... প্রজ্ঞা... কায়িক সুখ... শয়নাসন

ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ঘটনা-উপনিশ্রয়সমূহ তিনটিও অনুরূপভাবে করণীয়)।

পূর্বজাত-প্রত্যয় ইত্যাদি

১০১. না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য বিভাগকরণে নানাক্ষণিকও লাভ হয়)... বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত। দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক-দ্বিকের মতো ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক প্রত্যয়সমূহ প্রতিলোম, বিভাগ, গণনাও বাড়াতে হবে)।

না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম... না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের...। (পরের ন্যায় নিজ দ্রব্য বা ভাণ্ডে ছন্দরাগও করণীয়)।

ভাবনা দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম... না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের...। (পরের ন্যায় নিজ অধিকারভুক্ত দ্রব্য বা ভাণ্ডে ছন্দরাগও অনুরূপভাবে করণীয়)।

[ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক সমাপ্ত]

৮৭. সবিতর্কদ্বিক

১. প্রতীত্যবার

১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১০২. (১) সবিতর্ক[১] (বিতর্কযুক্ত) ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনসময়ে) সবিতর্ক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (সবিতর্ক) স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে প্রত্যয় করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে প্রত্যয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) সবিতর্ক ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা অবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। সবিতর্ক স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিতর্ক[২] এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

---

[১]। ১০ দ্বিপঞ্চবিজ্ঞান বর্জিত কামাবচর চিত্ত ৪৪, ১১ প্রকার প্রথম ধ্যান চিত্ত মোট ৫৫ বিতর্কযুক্ত চিত্ত এবং বিতর্ক ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-১) = ৫২ চৈতসিক সবিতর্ক ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

[২]। এটি একটি চৈতসিক। বিতর্ক অর্থ চিন্তা। আলম্বনে চিত্তকে আরোহণ করানো বিতর্কের কৃত্য বা কাজ। বিতর্ক তার সহজাত চৈতসিকে যেন বহন করে নিয়ে যায়। বিতর্ক 'স্ত্যান-

আবার প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিতর্ক এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়।

(৩) সবিতর্ক ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ উৎপন্ন হয়। সবিতর্ক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ, বিতর্ক এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

১০৩. (৪) অবিতর্ক[১] ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা অবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। অবিতর্ক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (অবিতর্ক) স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... বিতর্ককে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে অবিতর্ক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... বিতর্ককে প্রত্যয় করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিতর্ককে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে বিতর্ক উৎপন্ন হয়। একটি মহাভূতকে...।

(৫) অবিতর্ক ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। বিতর্ককে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বিতর্ককে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অবিতর্ক ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ উৎপন্ন হয়। বিতর্ককে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। বিতর্ককে প্রত্যয় করে সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে বিতর্ককে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে বিতর্ককে প্রত্যয় করে সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে প্রত্যয় করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে প্রত্যয় করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে বিতর্ক এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

মিদ্ধের' প্রতিপক্ষ; এজন্য এটি ধ্যানাদি অর্থাৎ ধ্যান-চিত্ত গঠনের অন্যতম উপকরণভূত চৈতসিক।

[১]। দ্বিপঞ্চবিজ্ঞান ১০ চিত্ত, ১১ দ্বিতীয় ধ্যান চিত্ত, ১১ তৃতীয় ধ্যান চিত্ত, ১১ চতুর্থ ধ্যান চিত্ত, ২৩ পঞ্চম ধ্যান চিত্ত মোট ৬৬ অবিতর্ক চিত্ত, বিতর্ক ব্যতীত তৎসম্প্রযুক্ত (৩৮-১) = ৩৭ চৈতসিক, ৫৫ বিতর্ক চিত্তে ৫৫ বিতর্ক , ২৮ প্রকার রূপ ও নির্বাণ অবিতর্ক ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

১০৪. (৭) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা সবিকর্ত ধর্ম উৎপন্ন হয়। সবিতর্ক একটি স্কন্ধ এবং বিতর্ককে প্রত্যয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... আবার প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক একটি স্কন্ধ এবং বিতর্ককে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৮) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা অবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। সবিতর্ক স্কন্ধসমূহ, বিতর্ক এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক স্কন্ধসমূহ, বিতর্ক এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে বিতর্ক উৎপন্ন হয়।

(৯) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ উৎপন্ন হয়। সবিতর্ক একটি স্কন্ধ এবং বিতর্ককে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ... সবিতর্ক একটি স্কন্ধ এবং বিতর্ককে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... সবিতর্ক স্কন্ধসমূহ, বিতর্ক এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক একটি স্কন্ধ এবং বিতর্ককে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক একটি স্কন্ধ এবং বিতর্ককে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... বিতর্ক স্কন্ধসমূহ, বিতর্ক এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং বিতর্ক... দুটি স্কন্ধ...। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম
২. গণনা অধ্যায় (একক)

১০৫. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়... উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে ছয়, আসেবনে ছয়, কর্মে নয়, বিপাকে নয় (সর্বত্রই নয়), অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম
১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

১০৬. (১-৩) সবিতর্ক ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। সবিতর্ক একটি অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত

স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (সবিতর্কমূলকে বাকী দুটি প্রশ্ন করতে হবে, অহেতুক নির্ণয় করতে হবে)।

(৪) অবিতর্ক ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা অবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। অবিতর্ক একটি অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক বিতর্ককে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে বিতর্ককে প্রত্যয় করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। বিতর্ককে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে বিতর্ক উৎপন্ন হয়। একটি মহাভূতকে...।

(৫) অবিতর্ক ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। অহেতুক বিতর্ককে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে বিতর্ককে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে অহেতুক সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিতর্ককে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৬) অবিতর্ক ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত। হেতু-প্রত্যয় সদৃশ জানতে হবে) 'অহেতুক' এই উপায়ে করণীয়)।

(৭-৯) সবিতর্ক এবং সবিচার ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। সবিতর্ক একটি অহেতুক স্কন্ধ এবং বিতর্ককে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... অহেতুক প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক একটি স্কন্ধ এবং বিতর্ককে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... অহেতুক প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক একটি স্কন্ধ, (হৃদয়) বাস্তু এবং বিতর্ককে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (অবশিষ্ট দুই প্রশ্নসমূহ হেতু-প্রত্যয় সদৃশ নির্ণয় করতে হবে, অহেতুকও এই প্রণালিতে জানতে হবে)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১০৭. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন... না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

১০৮. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন... না-কর্মে চার, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

১০৯. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়... অনন্তরে নয়... পূর্বজাতে ছয়, আসেবনে পাঁচ, কর্মে নয়... মার্গে তিন, সম্প্রযুক্তে নয় (সর্বত্রই নয়)।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১১০. (১) সবিতর্ক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) সবিতর্ক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অবিতর্ক ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৩) সবিতর্ক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) অবিতর্ক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। অবিতর্ক একটি স্কন্ধকে অবলম্বন করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ... বিতর্ককে অবলম্বন করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে অবিতর্ক একটি স্কন্ধকে অবলম্বন করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে বিতর্ককে অবলম্বন কর্মজ-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে অবলম্বন করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিতর্ককে অবলম্বন করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে বিতর্ক উৎপন্ন হয়। একটি মহাভূতকে অবলম্বন করে তিনটি মহাভূত... (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে অবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে বিতর্ক উৎপন্ন হয়।

(৫) অবিতর্ক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। বিতর্ককে অবলম্বন করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে

অবলম্বন করে সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয় (প্রতিসন্ধিতে দুটি প্রশ্ন হবে)।

(৬) অবিতর্ক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ উৎপন্ন হয়। বিতর্ককে অবলম্বন করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। বিতর্ককে অবলম্বন করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে অবলম্বন করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে অবলম্বন করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে বিতর্ক এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (প্রতিসন্ধিকাল-প্রবর্তনকাল সদৃশ জ্ঞাতব্য)।

১১১. (৭) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। সবিতর্ক একটি স্কন্ধ এবং বিতর্ককে অবলম্বন করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... সবিতর্ক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

(৮)সবিতর্ক এবং অবিতর্ক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে অবলম্বন করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। সবিতর্ক স্কন্ধসমূহ, (হৃদয়) বাস্তু এবং মহাভূতসমূহকে অবলম্বন করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। সবিতর্ক স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে বিতর্ক উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (তিন, প্রতিসন্ধিতেও একই)।

(৯) সবিতর্ক এবং অবিতর্ককে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ উৎপন্ন হয়। সবিতর্ক একটি স্কন্ধ এবং বিতর্ককে অবলম্বন করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ... সবিতর্ক একটি স্কন্ধ, বিতর্ক এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... সবিতর্ক স্কন্ধসমূহ, বিতর্ক এবং মহাভূতসমূহকে অবলম্বন করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। সবিতর্ক একটি স্কন্ধ এবং বাস্তুকে অবলম্বন করে তিনটি স্কন্ধ এবং বিতর্ক... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১১২. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সবটিতে নয়), অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১১৩. সবিতর্ক ধর্মকে অবলম্বন করে না-হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। (নয়টি প্রশ্ন করতে হবে। ‘অহেতুক’ও এই নিয়মে করতে হবে

তিনটি, মোহ উদ্ধারিতব্য, যথা প্রতীত্যবারসমূহে হেতু-প্রত্যয় আলোচিত হয়েছে এভাবে প্রশ্ন, পঞ্চবিজ্ঞানসমূহ এবং অতিরিক্ত মোহ, বিতর্ক করণীয়)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১১৪. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন... না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. নিশ্রয়বার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুটি গণনা ও নিশ্রয়বার অনুরূপভাবে করণীয়)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোম ইত্যাদি—হেতু-প্রত্যয় (৬)

১১৫. (১) সবিতর্ক ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। সবিতর্ক একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) সবিতর্ক ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। সবিতর্ক স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিতর্ক উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) সবিতর্ক ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ উৎপন্ন হয়। সবিতর্ক একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ এবং বিতর্ক... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৪) অবিতর্ক ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। অবিতর্ক একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) অবিতর্ক ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। বিতর্ককে সংশ্লিষ্ট করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৬) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক ধর্ম উৎপন্ন হয়। সবিতর্ক একটি স্কন্ধ এবং বিতর্ককে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে ছয়, আলম্বনে ছয়, অধিপতিতে ছয় (সর্বত্রই ছয়), অবিগতে ছয়।

[অনুলোম সমাপ্ত]

(১) সবিতর্ক ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা সবিতর্ক ধর্ম উৎপন্ন হয় (এভাবে অনুলোম সদৃশ ছয়টি প্রশ্ন করতে হবে, অহেতুকসমূহও এই নিয়মে জানতে হবে, তিনটি প্রশ্নে মোহ সংগ্রহ করতে হবে)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে ছয়, না-অধিপতিতে ছয়, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে ছয়, না-আসেবনে ছয়, না-কর্মে চার, না-বিপাকে ছয়, না-ধ্যানে এক, না-মার্গে ছয়, না-বিপ্রযুক্তে ছয়।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার অনুরূপভাবে জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

১১৬. (১) সবিতর্ক (বিতর্কযুক্ত) ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) সবিতর্ক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা বিতর্কের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) সবিতর্ক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, বিতর্কের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৪) অবিতর্ক (বিতর্কহীন) ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। অবিতর্ক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (৯)

১১৭. (১) সবিতর্ক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক স্কন্ধসমূহকে প্রত্যয় করে সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) সবিতর্ক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক স্কন্ধসমূহকে প্রত্যয় করে অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

(৩) সবিতর্ক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক স্কন্ধসমূহকে প্রত্যয় করে সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

১১৮. (৪) অবিতর্ক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। আর্যগণ অবিতর্ক ধ্যান হতে উত্থিত হয়ে অবিতর্ক ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফল হতে উঠে ফলকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক মার্গের, ফলের এবং বিতর্কের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে বিতর্ক উৎপন্ন হয়। দিব্যচক্ষুর মাধ্যমে রূপ দর্শন করেন, দিব্যকর্ণের মাধ্যমে শব্দ শ্রবণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা অবিতর্ক চিত্তসম্পন্ন (৬৬ অবিতর্ক চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন (প্রথম অরূপ ধ্যানভূমি)... আকিঞ্চন-আয়তন (চতুর্থ অরূপ ধ্যানভূমি)... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... অবিতর্ক স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা নানাবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং বিতর্কের প্রত্যয় হয়। অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রত্যয় করে অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

(৫) অবিতর্ক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। আর্যগণ অবিতর্ক ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফল হতে উত্থিত হয়ে ফলকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, সবিতর্ক মার্গের, ফলের এবং আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে নিশ্রয় করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রত্যয় করে সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অবিতর্ক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। আর্যগণ অবিতর্ক ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফল হতে উত্থিত হয়ে ফলকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা

গোত্রভূর, বিশুদ্ধির, সবিতর্ক মার্গের, ফলের,[১] আবর্তন-চিত্তের এবং বিতর্কের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে নিশ্রয় করে সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়। অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রত্যয় করে সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

১১৯. (৭) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রত্যয় করে সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রত্যয় করে অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

(৯) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রত্যয় করে সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৯)

১২০. (১) সবিতর্ক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি-প্রত্যয়)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** সবিতর্ক স্কন্ধসমূহকে প্রাধান্য দেওয়াতে সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সবিতর্ক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সবিতর্ক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি-প্রত্যয়)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** সবিতর্ক স্কন্ধসমূহকে প্রাধান্য দেওয়াতে বিতর্ক উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সবিতর্ক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা বিতর্কের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) সবিতর্ক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** সবিতর্ক স্কন্ধসমূহকে প্রাধান্য দেওয়াতে সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সবিতর্ক-অধিপতি অধিপতি-

---

[১]। বিতর্ক, বিচার, প্রীতি, সুখ, একাগ্রতার সহিত প্রথম ধ্যান স্রোতাপত্তি, সকৃদাগামী, অনাগামী, অর্হত্ত্বমার্গ ও ফলের।

প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, বিতর্কের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

১২১. (৪) অবিতর্ক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ অবিতর্ক ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে প্রত্যবেক্ষণ করেন, মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রত্যবেক্ষণ করেন, ফল হতে উত্থিত হয়ে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক মার্গের, ফলের[১] এবং বিতর্কের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে বিতর্ক উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অবিতর্ক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৫) অবিতর্ক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ অবিতর্ক ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ফল হতে উত্থিত হয়ে ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, সবিতর্ক মার্গের এবং ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রাধান্য দিয়ে সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অবিতর্ক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ অবিতর্ক ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ফল হতে উত্থিত হয়ে ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, সবিতর্ক মার্গের, ফলের এবং বিতর্কের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। অবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে

---

[১]। বিতর্ক-বর্জিত মার্গ ও ফলের। অর্থাৎ দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম ধ্যান স্রোতাপত্তি, সকৃদাগামী, অনাগামী ও অর্হত্ত্বমার্গ ও ফলকে বুঝানো হচ্ছে।

প্রাধান্য দিয়ে সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

(৭) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ অধিপতি-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রাধান্য দিয়ে সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ অধিপতি-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রাধান্য দিয়ে বিতর্ক উৎপন্ন হয়।

(৯) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ অধিপতি-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ককে প্রাধান্য দিয়ে সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় ইত্যাদি

১২২. (১) সবিতর্ক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সবিতর্ক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সবিতর্ক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সবিতর্ক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সবিতর্ক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী বিতর্কের প্রত্যয় হয়। সবিতর্ক চ্যুতি-চিত্ত (জীবনের শেষ চিত্তক্ষণ) অনন্তর-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক প্রতিসন্ধি-চিত্তের (জীবনের প্রথম চিত্তক্ষণ) প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা পঞ্চবিজ্ঞানের প্রত্যয় হয়। সবিতর্ক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক উত্থানের প্রত্যয় হয়। দ্বিতীয় ধ্যানের পরিকর্ম (ধ্যানচিত্ত উৎপত্তির পূর্বাবস্থা বা প্রস্তুত হবার চিত্ত) অনন্তর-প্রত্যয়ের দ্বারা দ্বিতীয় ধ্যানের প্রত্যয় হয়। তৃতীয় ধ্যানের পরিকর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা তৃতীয় ধ্যানের প্রত্যয় হয়... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের পরিকর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের প্রত্যয় হয়। দিব্যচক্ষুর পরিকর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা দিব্যচক্ষুর প্রত্যয় হয়। দিব্যকর্ণের পরিকর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা দিব্যকর্ণের প্রত্যয় হয়। নানাবিধ ঋদ্ধিজ্ঞানের পরিকর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা নানাবিধ ঋদ্ধিজ্ঞানের প্রত্যয় হয়। চিত্তপর্যায়-জ্ঞানের পরিকর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা চিত্তপর্যায়-জ্ঞানের প্রত্যয় হয়। পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের পরিকর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্বনিবানুস্মৃতি-জ্ঞানের প্রত্যয় হয়। যথাকর্মোপগ-জ্ঞানের[১] পরিকর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা যথাকর্মোপগ-জ্ঞানের

---

[১]। যথাকর্মোপগ-জ্ঞানের এবং অনাগতভব-জ্ঞানের পরিকর্ম দিব্যচক্ষুর পরিকর্মের ন্যায় জ্ঞাতব্য। পৃথক কোনো পরিকর্ম নেই।

প্রত্যয় হয়। অনাগতভব-জ্ঞানের পরিকর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনাগতভব-জ্ঞানের প্রত্যয় হয়। গোত্রভূ অনন্তর-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক মার্গের প্রত্যয় হয়। বিশুদ্ধি অনন্তর-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক মার্গের প্রত্যয় হয়। অনুলোম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৩) সবিতর্ক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সবিতর্ক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সবিতর্ক স্কন্ধসমূহের এবং বিতর্কের প্রত্যয় হয়।

১২৩. (৪) অবিতর্ক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী বিতর্ক অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী বিতর্কের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অবিতর্ক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অবিতর্ক স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক মার্গ অনন্তর-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ফলের... অবিতর্ক ফল[১] অনন্তর-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ফলের... নিরোধসমাপত্তি ধ্যান হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ক্রিয়া (চিত্ত) অনন্তর-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৫) অবিতর্ক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী বিতর্ক অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সবিতর্ক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অবিতর্ক চ্যুতি-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক প্রতিসন্ধি-চিত্তের প্রত্যয় হয়। অবিতর্ক ভবাঙ্গ (ভবের অঙ্গ বা কারণ) অনন্তর-প্রত্যয়ের দ্বারা আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। অবিতর্ক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক উত্থানের প্রত্যয় হয়।

(৬) অবিতর্ক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী বিতর্ক অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সবিতর্ক স্কন্ধসমূহের এবং বিতর্কের প্রত্যয় হয়।

১২৪. (৭) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সবিতর্ক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৮) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী বিতর্কের প্রত্যয় হয়। সবিতর্ক চ্যুতি-চিত্ত এবং বিতর্ক অনন্তর-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক প্রতিসন্ধি-চিত্তের... আবর্তন-চিত্ত এবং বিতর্ক অনন্তর-প্রত্যয়ের দ্বারা পঞ্চবিজ্ঞানের... সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক অনন্তর-

---

[১]। দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান ও পঞ্চম ধ্যান স্রোতাপত্তি, সকৃদাগামী, অনাগামী ও অর্হত্ত্বফলের।

প্রত্যয়ের দ্বারা অবিতর্ক উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বিতীয় ধ্যানের পরিকর্ম এবং বিতর্ক... (নিম্নাংশে উল্লিখিত বিষয়টি এই পদ্ধতিতে প্রদর্শন করতে হবে)। অনুলোম এবং বিতর্ক অনন্তর-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৯) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সবিতর্ক স্কন্ধসমূহের এবং বিতর্কের প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

১২৫. (১) সবিতর্ক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** সবিতর্ক স্কন্ধসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সবিতর্ক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক স্কন্ধসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক স্কন্ধসমূহের এবং বিতর্কের প্রত্যয় হয়।

(৩) সবিতর্ক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক স্কন্ধসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক স্কন্ধসমূহের এবং বিতর্কের প্রত্যয় হয়।

১২৬. (৪) অবিতর্ক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অবিতর্ক শ্রদ্ধাকে উপনিশ্রয় করে অবিতর্ক ধ্যান-সুখ, মার্গ-জ্ঞান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। (একইভাবে) অবিতর্ক শীল, প্রজ্ঞা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসন, বিতর্ককে উপনিশ্রয় করে অবিতর্ক ধ্যান-সুখ (অর্থাৎ দ্বিতীয়াদি ধ্যান, মার্গ (১২১চিত্ত অনুসারে), মার্গ-জ্ঞান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। এই কারণবশত অবিতর্ক শ্রদ্ধা... শয্যাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা বিতর্ক এবং অবিতর্ক শ্রদ্ধার... প্রজ্ঞার... কায়িক সুখের, কায়িক দুঃখের, অবিতর্ক মার্গের, ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৫) অবিতর্ক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং

প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অবিতর্ক শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। সবিতর্ক ধ্যান-সুখ, বিদর্শন-জ্ঞান, মার্গ-জ্ঞান, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (একইভাবে) অবিতর্ক শীলকে... শয্যাসন, বিতর্ককে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, প্রাণিহত্যা... সংঘভেদ করেন। এই কারণবশত অবিতর্ক শ্রদ্ধা... শয্যাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা বিতর্ক এবং সবিতর্ক শ্রদ্ধার... প্রজ্ঞার... রাগের... প্রার্থনার, সবিতর্ক মার্গের এবং ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৬) অবিতর্ক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। অবিতর্ক শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... (দ্বিতীয়বারে লিখিত পদসমূহ সবক্ষেত্রে করণীয়)। সমাপত্তি-ধ্যান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (একইভাবে) শীল... প্রজ্ঞা... শয্যাসন, বিতর্ককে উপনিশ্রয় করে দান দেন... প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। এই কারণে অবিতর্ক শ্রদ্ধা... শয্যাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা বিতর্ক এবং সবিতর্ক শ্রদ্ধার... প্রজ্ঞার... রাগের... প্রার্থনার, সবিতর্ক মার্গের, ফল-সমাপত্তির এবং বিতর্কের প্রত্যয় হয়।

১২৭. (৭) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৮) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক স্কন্ধসমূহের এবং বিতর্কের প্রত্যয় হয়।

(৯) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতক উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক স্কন্ধসমূহের এবং বিতর্কের প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (৩)

১২৮. (১) অবিতর্ক ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ কিংবা পৃথগ্‌জনেরা) চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে বিতর্ক (চিন্তা) উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন... স্প্রষ্টব্য-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু

পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক স্কন্ধসমূহের এবং বিতর্কের প্রত্যয় হয়।

(২) অবিতর্ক ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (ব্যক্তি) চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য,দুঃখ ও অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে অবলম্বন করে সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) অবিতর্ক ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে গুরুত্বের সঙ্গে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে অবলম্বন সবিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক স্কন্ধসমূহের এবং বিতর্কের প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩), আসেবন-প্রত্যয় (৯)

১২৯. সবিতর্ক ধর্ম অবিতর্ক ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (তিন, পশ্চাজ্জাত)... আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয়াদি

১৩০. (১) সবিতর্ক ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম-প্রত্যয়) এবং নানাক্ষণিক (কর্ম-প্রত্যয়)। **সহজাত :** সবিতর্ক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** সবিতর্ক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা বিপাক (ফলপ্রদায়ী) সবিতর্ক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। (এভাবে চারটি প্রশ্ন করণীয়, অনুরূপভাবে সহজাত ও নানাক্ষণিকও করণীয়)। বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার)... ধ্যান-প্রত্যয়ের দ্বার প্রত্যয় হয়... (নয়), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়)।

১৩১. (১) সবিতর্ক ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত-প্রত্যয়)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) অবিতর্ক ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় তিন প্রকার)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) অবিতর্ক ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়।

(দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পূর্বজাত (সংক্ষিপ্ত)।

(৪) অবিতর্ক ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা বিতর্কের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা বিতর্কের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৫) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

অস্তি-প্রত্যয়াদি

১৩২. (১) সবিতর্ক ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয় (এক, প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) সবিতর্ক ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) সবিতর্ক ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) অবিতর্ক ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) অবিতর্ক ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত (সংক্ষিপ্ত)।

(৬) অবিতর্ক ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** বিতর্ক অস্তি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিতর্ক অস্তি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা বিতর্ক এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে বিতর্ক এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা বিতর্কের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

১৩৩. (৭) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** সবিতর্ক একটি স্কন্ধ এবং বিতর্ক অস্তি-প্রত্যয়ের দ্বারা তিনটি স্কন্ধের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...। **সহজাত এবং পূর্বজাত :** সবিতর্ক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু

অস্তি-প্রত্যয়ের দ্বারা তিনটি স্কন্ধের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... (প্রতিসন্ধিক্ষণে সহজাত ও দুটি প্রশ্ন করণীয়)।

(৮) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। **সহজাত এবং পূর্বজাত :** সবিতর্ক স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা বিতর্কের প্রত্যয় হয় (প্রতিসন্ধিক্ষণে তিন)। **পশ্চাজ্জাত :** সবিতর্ক স্কন্ধসমূহ এবং বিতর্ক অস্তি-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** সবিতর্ক স্কন্ধসমূহ বিতর্ক এবং কবলীকৃত আহার অস্তি-প্রত্যয়ের দ্বারা এই কায়ের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** সবিতর্ক স্কন্ধসমূহ, বিতর্ক এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় অস্তি-প্রত্যয়ের দ্বারা কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৯) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** সবিতর্ক একটি স্কন্ধ এবং বিতর্ক অস্তি-প্রত্যয়ের দ্বারা তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...। **সহজাত এবং পূর্বজাত :** সবিতর্ক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা তিনটি স্কন্ধের এবং বিতর্কের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... (প্রতিসন্ধিতেও দুটি প্রশ্ন হবে)। নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৩৪. হেতুতে চার, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে তিন, কর্মে চার, বিপাকে নয়, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

১৩৫. (১) সবিতর্ক ধর্ম সবিতর্ক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সবিতর্ক ধর্ম অবিতর্ক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সবিতর্ক ধর্ম সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৩৬. (৪) অবিতর্ক ধর্ম অবিতর্ক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অবিতর্ক ধর্ম সবিতর্ক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অবিতর্ক ধর্ম সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৩৭. (৭) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ সবিতর্ক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহাজত-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ অবিতর্ক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) সবিতর্ক এবং অবিতর্ক ধর্মসমূহ সবিতর্ক এবং অবিতর্ক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১৩৮. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্র নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

১৩৯. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার,... না-সমনন্তরে চার, না-

অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে চার... না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে চার, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

১৪০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম মাতিকার ন্যায় বিস্তৃত করণীয়)... অবিগতে নয়।

[সবিতর্কদ্বিক সমাপ্ত]

৮৮. সবিচারদ্বিক
১-৭. প্রতীত্যবার প্রভৃতি

১৪১. (১) সবিচার[১] (বিচারসমন্বিত) ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা সবিচার ধর্ম উৎপন্ন হয়। সবিচার একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (সবিচার) স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...। (সবিতর্কদ্বিক ন্যায় বিস্তারিত জানতে হবে, কোনো ভিন্নতা নেই। এখানে মার্গতে চারটি প্রশ্ন করণীয়। সবিচারদ্বিকে এরূপ প্রভেদ হয়)।

[সবিচারদ্বিক সমাপ্ত]

৮৯. সপ্রীতিকদ্বিক
১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১৪২. (১) সপ্রীতিক[২] (প্রীতিপূর্ণ) ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) সপ্রীতিক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (সপ্রীতিক) স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে প্রত্যয় করে একটি স্কন্ধ

---

[১]। দ্বিপঞ্চবিজ্ঞান ১০ চিত্ত বর্জিত কামাবচর চিত্ত ৪৪, ১১ প্রথম ধ্যান চিত্ত, ১১ দ্বিতীয় ধ্যান চিত্ত-মোট বিচারযুক্ত ৬৬ চিত্ত, বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-১) = ৫১ চৈতসিক সবিচার ধর্ম এবং দ্বিপঞ্চবিজ্ঞান ১০ চিত্ত, ১১ তৃতীয় ধ্যান চিত্ত, ১১ চতুর্থ ধ্যান চিত্ত, ২৩ পঞ্চম ধ্যান চিত্ত, মোট ৫৫ প্রকার বিচারহীন চিত্ত, বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত (৩৮-১) = ৩৬ চৈতসিক, ৬৬ বিচার চিত্তে ৬৬ বিচার, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অবিচার ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

[২]। ৪ লোভমূলক সৌমনস্য সহগত চিত্ত, অহেতুক সৌমনস্য সহগত ২ চিত্ত, মহাকুশল-মহাবিপাক-মহাক্রিয়ায় সৌমনস্য সহগত ১২ চিত্ত, প্রথম ধ্যানে ১১ চিত্ত, দ্বিতীয় ধ্যানে ১১ চিত্ত, তৃতীয় ধ্যানে ১১ চিত্ত—মোট ৫১ প্রকার প্রীতিযুক্ত চিত্ত, প্রীতি, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ৪৬ চৈতসিক সপ্রীতিক ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে প্রত্যয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(২) সপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রীতিক (প্রীতিহীন) ধর্ম উৎপন্ন হয়। সপ্রীতিক স্কন্ধসমূহকে প্রত্যয় করে প্রীতি[১] এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

(৩) সপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ উৎপন্ন হয়। সপ্রীতিক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ, প্রীতি এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৪) অপ্রীতিক[২] ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রীতিক ধর্ম উৎপন্ন হয়। অপ্রীতিক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ, তিনটি স্কন্ধকে প্রত্যয় করে একটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ, দুটি স্কন্ধকে প্রত্যয় করে দুটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ, প্রীতিকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে অপ্রীতিক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং কর্মজ-রূপ, তিনটি স্কন্ধকে প্রত্যয় করে একটি স্কন্ধ এবং কর্মজ-রূপ, দুটি স্কন্ধকে প্রত্যয় করে দুটি স্কন্ধ এবং কর্মজ-রূপ, প্রীতিকে প্রত্যয় করে কর্মজ-রূপ, স্কন্ধসমূহকে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে স্কন্ধসমূহ, প্রীতিকে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে প্রীতি, একটি মহাভূতকে প্রত্যয় করে তিনটি মহাভূত, তিনটি মহাভূতকে প্রত্যয় করে একটি মহাভূত, দুটি মহাভূতকে প্রত্যয় করে দুটি মহাভূত উৎপন্ন হয়...। (পূর্ণাঙ্গ সবিতর্কদ্বিক আলোচনার ন্যায় এখানে সপ্রীতিকদ্বিকেও অনুরূপভাবে আলোচনা করা কর্তব্য, প্রবর্তনকাল-প্রতিসন্ধিকালে সবক্ষেত্রে নয়টি প্রশ্ন জ্ঞাতব্য)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১৪৩. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়... পূর্বজাতে ছয়... কর্মে নয়, বিপাকে নয়... অবিগতে নয়।

---

[১]। এটি একটি চৈতসিক। প্রফুল্লতা, সন্তোষ এর প্রতিশব্দ। প্রীতি চিত্তকে প্রসারিত করে। প্রস্ফুটিত পদ্মের মতো চিত্তকে প্রফুল্লতায় বিকশিত করে। প্রীতি পাঁচভাগে বিভক্ত।

[২]। ২ দ্বেষমূলক চিত্ত, লোভমূলক চিত্ত ৪, মোহমূলক ২, অহেতুক ১৪, মহাকুশল-মহাবিপাক-মহাক্রিয়ায় ১২, পঞ্চম ধ্যানে ২৩ চিত্ত, চতুর্থ ধ্যানে ১১ চিত্ত—মোট ৭০ প্রকার প্রীতিহীন চিত্ত, প্রীতি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-১) = ৫১ চৈতসিক, ৫১ প্রীতিযুক্ত চিত্তে ৫১ প্রীতি, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অপ্রীতিক ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১৪৪. (১) সপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক ধর্ম উৎপন্ন হয়। সপ্রীতিক একটি অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) সপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা অপ্রীতিক ধর্ম উৎপন্ন হয়। সপ্রীতিক অহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে প্রীতি এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) সপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ উৎপন্ন হয়। সপ্রীতিক একটি অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ, প্রীতি এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

(৪) অপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা অপ্রীতিক ধর্ম উৎপন্ন হয়। অপ্রীতিক একটি অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রীতিকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে অপ্রীতিক একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং কর্মজ-রূপ... দুটি স্কন্ধকে প্রত্যয় করে দুটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানতে হবে)। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) অপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক ধর্ম উৎপন্ন হয়। অহেতুক প্রীতিকে প্রত্যয় করে সপ্রীতিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়

(৬) অপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্ম উৎপন্ন হয়। প্রীতিকে প্রত্যয় করে সপ্রীতিক স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

১৪৫. (৭) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক ধর্ম উৎপন্ন হয়। সপ্রীতিক একটি অহেতুক স্কন্ধ এবং প্রীতিকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৮) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা অপ্রীতিক ধর্ম উৎপন্ন হয়। সপ্রীতিক অহেতুক স্কন্ধসমূহ এবং প্রীতিকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। সপ্রীতিক অহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৯) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা

সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ উৎপন্ন হয়। সপ্রীতিক একটি অহেতুক স্কন্ধ এবং প্রীতিকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং... সপ্রীতিক একটি অহেতুক স্কন্ধ এবং প্রীতিকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... সপ্রীতিক অহেতুক স্কন্ধসমূহ, প্রীতি এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৪৬. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন... না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

২. সহজাতবার

(অপর দুটি গণনা ও সহজাতবার অনুরূপভাবে জানতে হবে)।

৩. প্রত্যয়বার

১-৪. প্রত্যয় : অনুলোম প্রভৃতি

১৪৭. (১) সপ্রীতিক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত। সবিতর্কদ্বিকে অনুলোম প্রত্যয়বারের মতো করে প্রবর্তনকাল-প্রতিসন্ধিকালে নয়টি প্রশ্নে পরিপূর্ণ প্রীতিকে বিভাজিত করতে হবে)।

(অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

(১-৩) সপ্রীতিক ধর্মকে অবলম্বন না-হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক ধর্ম উৎপন্ন হয়... (তিন)। (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) অপ্রীতিক ধর্মকে অবলম্বন করে না-হেতু-প্রত্যয় দ্বারা অপ্রীতিক ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকাল-প্রতিসন্ধিকাল প্রতীত্যবার সদৃশ জানতে হবে, অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত পড়তে হবে)। চক্ষু-আয়তনকে অবলম্বন করে চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়... কায়-আয়তনকে অবলম্বন করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে অহেতুক অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(অনুলোম সদৃশ নয়টি প্রশ্ন পাঠ করতে হবে, প্রবর্তনকাল একই, প্রতিসন্ধি নেই, এক মোহ করণীয়)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন... না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে নয়, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৪. নিশ্রয়বার

(অপর দুটি গণনা ও নিশ্রয়বার অনুরূপভাবে গণনা করতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোম প্রভৃতি

১৪৮. (১-৬) সপ্রীতিক ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক ধর্ম উৎপন্ন হয়...।

(অনুলোম গণনা)—হেতুতে ছয়, আলম্বনে ছয় (সর্বত্র ছয়), অবিগতে ছয়।

[অনুলোম সমাপ্ত]

(প্রতিলোম গণনা)—না-হেতুতে ছয়, না-অধিপতিতে ছয়, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে ছয়, না-আসেবনে ছয়, না-কর্মে চার, না-বিপাকে ছয়, না-ধ্যানে এক, না-মার্গে ছয়, না-বিপ্রযুক্তে ছয়।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুটি গণনা ও সম্প্রযুক্তবার তদ্রূপভাবে গণনা করতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

১৪৯. (১) সপ্রীতিক (প্রীতিযুক্ত) ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে সপ্রীতিক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সপ্রীতিক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা প্রীতির এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সপ্রীতিক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা প্রীতির এবং

কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) সপ্রীতিক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, প্রীতির এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিগ্রহণের সময় সপ্রীতিক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, প্রীতির এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) অপ্রীতিক (প্রীতিহীন) ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। অপ্রীতিক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময় অপ্রীতিক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

১৫০. (১) সপ্রীতিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক স্কন্ধসমূহকে প্রত্যয় করে সপ্রীতিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়

(২) সপ্রীতিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক স্কন্ধসমূহকে প্রত্যয় করে অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন হয়।

(৩) সপ্রীতিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক স্কন্ধসমূহকে প্রত্যয় করে সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন হয়।

১৫১. (৪) অপ্রীতিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। (ধার্মিক ব্যক্তি) অপ্রীতিক চিত্তে দান দেন, শীল রক্ষা করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। অতঃপর তা অপ্রীতিক চিত্তে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে (আস্বাদনকারীর) অপ্রীতিক রাগ (৪ উপেক্ষাসহগত লোভ চিত্ত) উৎপন্ন হয়, (অভিনন্দনকারীর) মিথ্যাদৃষ্টি (২ উপেক্ষাসহগত দৃষ্টিসম্প্রযুক্ত লোভ চিত্ত) উৎপন্ন হয়, (সংশয় পরায়ণ ব্যক্তির) বিচিকিৎসা (১ উপেক্ষাসহগত বিচিকিৎসা-সম্প্রযুক্ত মোহ চিত্ত) উৎপন্ন হয়, (চিত্তবিক্ষেপকারীর) ঔদ্ধত্য (১ উপেক্ষাসহগত ঔদ্ধত্য-সম্প্রযুক্ত মোহ চিত্ত) উৎপন্ন হয়, (মানসিক অনুতাপকারীর) দৌর্মনস্য উৎপন্ন হয়। অপ্রীতিক ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফল হতে উত্থিত হয়ে অপ্রীতিক চিত্তে ফলকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ অপ্রীতিক চিত্তে নির্বাণকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের এবং প্রীতির প্রত্যয় হয়। আর্যগণ অপ্রীতিক চিত্তে অপ্রীতিক

প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আসক্ত ছিলেন এমন ক্লেশসমূহ বিদ্যমান আছে কিনা তা স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে অপ্রীতিক চিত্তের দ্বারা অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে অপ্রীতিক (উপেক্ষাসহগত) রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রের মাধ্যমে রূপ দর্শন করেন... স্প্রষ্টব্য-আয়তন আলম্বন-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়। অপ্রীতিক স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা নানাবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের এবং প্রীতির প্রত্যয় হয়। অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে প্রত্যয় করে অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন হয়।

(৫) অপ্রীতিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের হয়। অপ্রীতিক চিত্তে দান দেন, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সমাধা করে একে সপ্রীতিক চিত্তে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে সপ্রীতিক রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। অপ্রীতিক ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফল হতে উত্থিত হয়ে সপ্রীতিক চিত্তে ফলকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ সপ্রীতিক চিত্তে নির্বাণকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের প্রত্যয় হয়। আর্যগণ সপ্রীতিক চিত্তে অপ্রীতিক প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আসক্ত ক্লেশসমূহের বিদ্যমানতা স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে সপ্রীতিক (সৌমনস্যসহগত) রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে প্রত্যয় করে সপ্রীতিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অপ্রীতিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। অপ্রীতিক চিত্তে দান দেন, শীল পালনে রত থাকেন, উপোসথকর্ম সুসমাধা করে একে সপ্রীতিক চিত্তে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন

হয়। অপ্রীতিক ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফল হতে উত্থিত হয়ে সপ্রীতিক চিত্তে ফলকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ সপ্রীতিক চিত্তে নির্বাণকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের এবং প্রীতির প্রত্যয় হয়। আর্যগণ সপ্রীতিক চিত্তে অপ্রীতিক প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অভ্যস্ত ক্লেশের অবস্থা স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে সপ্রীতিক চিত্তে অনিত্য, দুঃখ ও অনাত্মা এই ত্রিলক্ষণদৃষ্টিতে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। যার ফলে সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন হয়। অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে প্রত্যয় করে সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন হয়।

১৫২. (৭) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে প্রত্যয় করে সপ্রীতিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে প্রত্যয় করে অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন হয়।

(৯) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে প্রত্যয় করে সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৯)

১৫৩. (১) সপ্রীতিক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** সপ্রীতিক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে সপ্রীতিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সপ্রীতিক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সপ্রীতিক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** সপ্রীতিক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি

উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সপ্রীতিক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রীতির এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) সপ্রীতিক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** সপ্রীতিক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সপ্রীতিক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, প্রীতির এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

১৫৪. (৪) অপ্রীতিক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** অপ্রীতিক চিত্তে দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সুসমাধা করে, অপ্রীতিক চিত্তে তা প্রাধান্য দিয়ে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। অপ্রীতিক ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফল হতে উঠে অপ্রীতিক চিত্তে ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ অপ্রীতিক চিত্তে নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের এবং ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে অপ্রীতিক চিত্তে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে অপ্রীতিক রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে প্রাধান্য দিয়ে অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অপ্রীতিক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৫) অপ্রীতিক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** অপ্রীতিক চিত্তে দান দিয়ে, শীল প্রতিপালন করে উপোসথকর্ম সুসমাধা করে (সংক্ষিপ্ত) নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের এবং ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে সপ্রীতিক চিত্তে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে সপ্রীতিক রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে প্রাধান্য দিয়ে সপ্রীতিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অপ্রীতিক ধর্ম সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা

প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান... (সংক্ষিপ্ত) নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের এবং প্রীতির প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে সপ্রীতিক চিত্তে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন একেই অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে প্রাধান্য দিয়ে সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন হয়।

১৫৫. (৭) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ অধিপতি-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে প্রাধান্য দিয়ে সপ্রীতিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে প্রাধান্য দিয়ে অপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন হয়।

(৯) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ অধিপতি-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতিকে প্রাধান্য দিয়ে সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয়াদি

১৫৬. (১) সপ্রীতিক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সপ্রীতিক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সপ্রীতিক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সপ্রীতিক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সপ্রীতিক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী প্রীতির প্রত্যয় হয়। সপ্রীতিক চ্যুতি-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক প্রতিসন্ধি-চিত্তের প্রত্যয় হয়। সপ্রীতিক-ভবাঙ্গ (ভবের অঙ্গ বা কারণ) অনন্তর-প্রত্যয়ের দ্বারা আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। সপ্রীতিক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক উত্থানের প্রত্যয় হয়। প্রীতি-সহগত বিপাক-মনোবিজ্ঞানধাতু অনন্তর-প্রত্যয়ের দ্বারা ক্রিয়া-মনোবিজ্ঞান-ধাতুর প্রত্যয় হয়। সপ্রীতিক-ভবাঙ্গ অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক-ভবাঙ্গের প্রত্যয় হয়। সপ্রীতিক কুশল-অকুশল (চিত্ত) অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক উত্থানের প্রত্যয় হয়। ক্রিয়া (চিত্ত) অনন্তর-প্রত্যয়ের দ্বারা উত্থানের প্রত্যয় হয়। ফল অনন্তর-প্রত্যয়ের দ্বারা উত্থানের প্রত্যয় হয়।

(৩) সপ্রীতিক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সপ্রীতিক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সপ্রীতিক স্কন্ধসমূহের এবং প্রীতির প্রত্যয় হয়।

১৫৭. (৪) অপ্রীতিক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী প্রীতির প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অপ্রীতিক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী অপ্রীতিক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনুলোম (যা আনুপূর্বিক বা পূর্বাপর) অনন্তর-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর... অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ফল-সমাপত্তি এবং প্রীতির প্রত্যয় হয়।

(৫) অপ্রীতিক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সপ্রীতিক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অপ্রীতিক চ্যুতি-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক প্রতিসন্ধি-চিত্তের প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অপ্রীতিক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক উত্থানের প্রত্যয় হয়। বিপাক-মনোধাতু (অর্থাৎ ২ সম্প্রতীচ্ছ চিত্ত) অনন্তর-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক বিপাক-মনোবিজ্ঞানধাতুর (১ সৌমনস্যসহগত সন্তীরণ চিত্ত, ৪ মহাবিপাক, ৩ রূপাবচর বিপাক, ১২ লোকোত্তর বিপাক চিত্ত) প্রত্যয় হয়। অপ্রীতিক ভবাঙ্গ অনন্তর-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ভবাঙ্গের প্রত্যয় হয়। অপ্রীতিক কুশল-অকুশল (চিত্ত) অনন্তর-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক উত্থানের প্রত্যয় হয়। ক্রিয়া (চিত্ত) অনন্তর-প্রত্যয়ের দ্বারা উত্থানের প্রত্যয় হয়। ফল অনন্তর-প্রত্যয়ের দ্বারা উত্থানের প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি ধ্যান হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন অনন্তর-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক (প্রীতিযুক্ত) ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৬) অপ্রীতিক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সপ্রীতিক স্কন্ধসমূহের এবং প্রীতির প্রত্যয় হয়।

১৫৮. (৭) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সপ্রীতিক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৮) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী প্রীতির প্রত্যয় হয়। সপ্রীতিক চ্যুতি-চিত্ত এবং প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক প্রতিসন্ধি-চিত্তের... সপ্রীতিক ভবাঙ্গ এবং প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা আবর্তন-চিত্তের... সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক উত্থানের... সপ্রীতিক বিপাক-মনোবিজ্ঞানধাতু এবং প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা ক্রিয়া-মনোবিজ্ঞানধাতুর (পঞ্চদ্বারাবর্তন-চিত্ত

ব্যতীত অপর ১৯ ক্রিয়াচিত্তের)... সপ্রীতিক ভবাঙ্গ এবং প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ভবাঙ্গের... সপ্রীতিক কুশল-অকুশল এবং প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক উত্থানের... ক্রিয়া (চিত্ত) এবং প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা উত্থানের... ফল এবং প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা উত্থানের প্রত্যয় হয়।

(৯) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী সপ্রীতিক স্কন্ধসমূহের এবং প্রীতির প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

১৫৯. (১) সপ্রীতিক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** সপ্রীতিক স্কন্ধসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সপ্রীতিক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক স্কন্ধসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক স্কন্ধসমূহের এবং প্রীতির প্রত্যয় হয়।

(৩) সপ্রীতিক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক স্কন্ধসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতির প্রত্যয় হয়।

১৬০. (৪) অপ্রীতিক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অপ্রীতিক শ্রদ্ধাকে উপনিশ্রয় করে অপ্রীতিক চিত্তে দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন, অপ্রীতিক ধ্যান-সুখ, বিদর্শন-জ্ঞান, মার্গ-জ্ঞান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) অপ্রীতিক শীল, প্রজ্ঞা, রাগ, দ্বেষ, মোহ, মান, মিথ্যাদৃষ্টি, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যা, প্রীতিকে উপনিশ্রয় করে অপ্রীতিক চিত্তে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। এই কারণে অপ্রীতিক শ্রদ্ধা... শয্যাসন এবং প্রীতি উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক শ্রদ্ধার... প্রার্থনার... কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির এবং প্রীতির প্রত্যয় হয়।

(৫) অপ্রীতিক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়।

(ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অপ্রীতিক শ্রদ্ধাকে উপনিশ্রয় করে সপ্রীতিক চিত্তে দান দেন... অপ্রীতিক ধ্যান হতে... মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) অপ্রীতিক শীল... শয্যাসন... প্রীতিকে উপনিশ্রয় করে সপ্রীতিক চিত্তে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, সপ্রীতিক চিত্তে অদত্তদ্রব্যগ্রহণ করেন, মিথ্যাবাক্য, পিশুনবাক্য, সম্প্রলাপবাক্য বলেন, সিঁধকাটেন চুরি করার জন্য, দস্যুবৃত্তি করেন, একাগারিক করেন, চৌরাস্তার সন্ধিস্থলে ওঁত পেতে অবস্থান করেন, ব্যভিচার করেন, গ্রাম লুণ্ঠন করেন, নিগম লুণ্ঠন করেন। এই কারণে অপ্রীতিক শ্রদ্ধা... শয্যাসন এবং প্রীতি উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক শ্রদ্ধার... প্রজ্ঞার, রাগের, মোহের, মানের, মিথ্যাদৃষ্টির, প্রার্থনার... মার্গের এবং ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৬) অপ্রীতিক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অবিতর্ক ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অপ্রীতিক শ্রদ্ধাকে উপনিশ্রয় করে সপ্রীতিক চিত্তে দান দেন... সমাপত্তি-ধ্যান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) অপ্রীতিক শীল... শয্যাসন... প্রীতিকে উপনিশ্রয় করে সপ্রীতিক চিত্তে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন, সপ্রীতিক চিত্তে অদত্তদ্রব্যগ্রহণ করেন... (দ্বিতীয় প্রশ্ন সদৃশ জানতে হবে) নিগম লুণ্ঠন করেন। এই হেতুতে অপ্রীতিক শ্রদ্ধা... শয্যাসন এবং প্রীতি উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক শ্রদ্ধার... প্রজ্ঞার... রাগের, মোহের, মানের, মিথ্যাদৃষ্টির, প্রার্থনার... মার্গের, ফল-সমাপত্তি এবং প্রীতির প্রত্যয় হয়।

(৭) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৮) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক স্কন্ধসমূহের এবং প্রীতির প্রত্যয় হয়।

(৯) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতি উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক স্কন্ধসমূহ এবং প্রীতির প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (৩)

১৬১. (১) অপ্রীতিক ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয়

হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ কিংবা পৃথগ্জনেরা) চক্ষু... (হৃদয়) বাস্তুকে অপ্রীতিক চিত্তে অনিত্য, দুঃখ ও আত্মাশুন্যজ্ঞানে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। যার কারণে একে প্রত্যয় করে অপ্রীতিক রাগ... দৌর্মনস্য উৎপন্ন হয়, প্রীতি উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন... স্প্রষ্টব্য-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক স্কন্ধসমূহের এবং প্রীতির প্রত্যয় হয়।

(২) অপ্রীতিক ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে সপ্রীতিক চিত্তে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। যার কারণে সপ্রীতিক রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) অপ্রীতিক ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে সপ্রীতিক চিত্তে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে প্রীতি এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক স্কন্ধসমূহের এবং প্রীতির প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয়াদি

১৬২. সপ্রীতিক ধর্ম পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... (তিন), আসেবন-প্রত্যয়ের দ্বারা... (নয়), কর্ম-প্রত্যয়ের দ্বারা... (ছয়) (সহজাত ও নানাক্ষণিক করণীয়, দুটিতে নানাক্ষণিক করণীয়), বিপাক-প্রত্যয়ের দ্বারা... (নয়), আহার-প্রত্যয়ের দ্বারা... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা... (চার), ধ্যান-প্রত্যয়ের দ্বারা... (নয়), মার্গ-প্রত্যয়ের দ্বারা... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা... (ছয়), বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা... (পাঁচ), অস্তি-প্রত্যয়ের দ্বারা... (নয়) (সংক্ষিপ্ত। সবিতর্কদ্বিক সদৃশ বুঝতে হবে), নাস্তি-প্রত্যয়ের দ্বারা, বিগত-প্রত্যয়ের দ্বারা, অবিগত-প্রত্যয়ের দ্বারা... (নয়) অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১৬৩. হেতুতে চার, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে

নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে ছয়, বিপাকে নয়, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে নয়, মার্গে চার, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

১৬৪. (১) সপ্রীতিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়।

(২) সপ্রীতিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়।

(৩) সপ্রীতিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়।

১৬৫. (৪) অপ্রীতিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা...পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়।

(৫) অপ্রীতিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়।

(৬) অপ্রীতিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়।

১৬৬. (৭) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়।

(৮) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়।

(৯) সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রীতিক এবং অপ্রীতিক ধর্মের প্রত্যয় হয়।

(প্রতিলোম বিভঙ্গ গণনাও সবিতর্কদ্বিক সদৃশ জানতে হবে। যদি গণনায়

আনা না যায় তাহলে এই অনুলোম প্রত্যবেক্ষণ করে গণনা করণীয়, অপর দুটি গণনাও অনুরূপভাবে গণনা করণীয়।

[সপ্রীতিকদ্বিক সমাপ্ত]

৯০. প্রীতি-সহগতদ্বিক

১-৭. প্রতীত্যবারাদি

১৬৭. (১) প্রীতি-সহগত[১] (প্রীতি সঙ্গে সঙ্গে আছে এমন আনন্দজনক স্বভাবসম্পন্ন তাদৃশ) ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা প্রীতি-সহগত ধর্ম উৎপন্ন হয়। প্রীতি-সহগত একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (প্রীতি-সহগত) স্কন্ধ... দুটি স্কন্ধকে... (অনুরূপভাবে প্রীতি-সহগতদ্বিক বিস্তৃত করণীয়, সপ্রীতিকদ্বিক সদৃশ বিস্তার করণীয়, নির্ণয় না-না-করণীয়, আমসনের বিভিন্নতা রয়েছে)।

[প্রীতি-সহগতদ্বিক সমাপ্ত]

৯১. সুখ-সহগতদ্বিক

১-৬. প্রতীত্যবারাদি

১-৪. প্রত্যয় : অনুলোমাদি—হেতু-প্রত্যয় (৯)

১৬৮. (১) সুখ-সহগত[২] (সুখ সঙ্গে সঙ্গে আছে তাদৃশ) ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা সুখ-সহগত ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) সুখ-সহগত একটি স্কন্ধকে প্রত্যয় করে দুটি (সুখ-সহগত) স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে প্রত্যয় করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...।

---

[১]। ৪ লোভমূলক সৌমনস্য সহগত চিত্ত, অহেতুক সৌমনস্য সহগত ২ চিত্ত, মহাকুশল-মহাবিপাক-মহাক্রিয়ায় সৌমনস্য সহগত ১২ চিত্ত, প্রথম ধ্যানে ১১ চিত্ত, দ্বিতীয় ধ্যানে ১১ চিত্ত, তৃতীয় ধ্যানে ১১ চিত্ত—মোট ৫১ প্রকার প্রীতিযুক্ত চিত্ত, প্রীতি, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ৪৬ চৈতসিক—প্রীতিসহগত ধর্ম এবং ২ দ্বেষমূলক চিত্ত, লোভমূলক চিত্ত ৪, মোহমূলক ২, অহেতুক ১৪, মহাকুশল-মহাবিপাক-মহাক্রিয়ায় ১২, পঞ্চম ধ্যানে ২৩ চিত্ত, চতুর্থ ধ্যানে ১১ চিত্ত—মোট ৭০ প্রকার প্রীতিহীন চিত্ত, প্রীতি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-১) = ৫১ চৈতসিক, ৫১ প্রীতিযুক্ত চিত্তে ৫১ প্রীতি, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-প্রীতিসহগত ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

[২]। লোভমূলক ৪, সুখসহগত সন্তীরণ ১, সুখসহগত কায়-বিজ্ঞান ১, হসিতোৎপাদ ক্রিয়া ১, মহাকুশল, মহাবিপাক ও মহাক্রিয়ায় ১২, প্রথম ধ্যানে ১১, দ্বিতীয় ধ্যানে ১১, তৃতীয় ধ্যানে ১১, চতুর্থ ধ্যানে ১১—মোট ৬৩ সুখ-সম্প্রযুক্ত চিত্ত; বেদনা, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ৪৬ চৈতসিকই সুখ-সহগত ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

(২) সুখ-সহগত ধর্মকে প্রত্যয় করে না-সুখ-সহগত[১] ধর্ম উৎপন্ন হয়। সুখ-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে সুখ (এটি বেদনা চৈতসিক) এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (সপ্রীতিকদ্বিকের অনুলোম প্রতীত্যবার তাদৃশ অনুরূপভাবে সুখ-সহগতদ্বিক বিস্তৃত করণীয়)।

(অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে নয়... পূর্বজাতে ছয়, আসেবনে ছয়, কর্মে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

১৬৯. (১) সুখ-সহগত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সুখ-সহগত ধর্ম উৎপন্ন হয়। সুখ-সহগত একটি অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে দুটি স্কন্ধ, দুটি স্কন্ধকে...।

(২) সুখ-সহগত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-সুখ-সহগত ধর্ম উৎপন্ন হয়। সুখ-সহগত অহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে সুখ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) সুখ-সহগত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মসমূহ উৎপন্ন হয়। সুখ-সহগত একটি অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে দুটি স্কন্ধ, সুখ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে...।

(৪) না-সুখ-সহগত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-সুখ-সহগত ধর্ম উৎপন্ন হয়। না-সুখ-সহগত একটি অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক সুখকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে না-সুখ-সহগত একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে...। (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানতে হবে) বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (সপ্রীতিক না-হেতু-প্রত্যয় সদৃশ জানতে হবে, পরে সর্বত্রই নয়টি প্রশ্ন হবে)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে নয়, না-আলম্বনে তিন... না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে ছয়, না-মার্গে নয়,

---

[১]। ২ দৌর্মনস্য-সহগত দ্বেষমূলক চিত্ত ও ১ পূর্বজন্মকৃত অকুশল বিপাক দুঃখ-সহগত কায়-বিজ্ঞান মোট ৩ দুঃখ-সহগত চিত্ত, ৫৫ উপেক্ষাসহগত চিত্ত, প্রীতি ও সৌমনস্য বেদনা ব্যতীত ৬৩ প্রীতি-সম্প্রযুক্ত চিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-সুখ-সহগত ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

(অনুরূপভাবে অপর দুটি গণনা ও সহজাতবারকে প্রতীত্যবার সদৃশ জানতে হবে। প্রত্যয়বার প্রবর্তনকাল-প্রতিসন্ধিকাল একইভাবে বিস্তৃত করণীয়, যথা সপ্রীতিকদ্বিক তদ্রূপ প্রত্যয়বার প্রতিলোমে, প্রবর্তনকালে এবং (হৃদয়) বাস্তুও বিস্তৃতব্য, সপ্রীতিকদ্বিকে এক প্রকার মোহে। অপর দুটি গণনাও নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার যথা সপ্রীতিকদ্বিক এভাবে গণনা করণীয়)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

১৭০. (১-৪) সুখ-সহগত ধর্ম সুখ-সহগত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার)। (আলম্বনে ও অধিপতিতে সপ্রীতিকদ্বিক সদৃশ জানতে হবে, শুধুমাত্র সুখের অসাদৃশ্য রয়েছে)।

অনন্তর-প্রত্যয়াদি

১৭১. (১) সুখ-সহগত ধর্ম সুখ-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সুখ-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সুখ-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সুখ-সহগত ধর্ম না-সুখ-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সুখ-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সুখের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখ-সহগত চ্যুতি-চিত্ত না-সুখ-সহগত প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখ-সহগত ভবাঙ্গ আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখ-সহগত কায়-বিজ্ঞান বিপাক-মনোধাতুর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখ-সহগত বিপাক-মনোবিজ্ঞান-ধাতু ক্রিয়া-মনোবিজ্ঞান-ধাতুর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখ-সহগত ভবাঙ্গ না-সুখ-সহগত ভবাঙ্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখ-সহগত কুশল-অকুশল না-সুখ-সহগত উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্রিয়া উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল উত্থানের সাথে অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সুখ-সহগত ধর্ম সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সুখ-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সুখ-সহগত স্কন্ধসমূহের এবং সুখের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-সুখ-সহগত ধর্ম না-সুখ-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা

প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী না-সুখ-সহগত...। (সপ্রীতিকদ্বিক সদৃশ জানতে হবে)।

(৫) না-সুখ-সহগত ধর্ম সুখ-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। (সপ্রীতিকদ্বিক সদৃশ জানতে হবে)।

(৬) না-সুখ-সহগত ধর্ম সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সপ্রীতিকদ্বিক সদৃশ জানতে হবে)।

১৭২. (৭) সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মসমূহ সুখ-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সুখ-সহগত স্কন্ধসমূহ এবং সুখ পরবর্তী পরবর্তী সুখ-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মসমূহ না-সুখ-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সুখ-সহগত স্কন্ধসমূহ এবং সুখ পরবর্তী পরবর্তী সুখের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সখ-সহগত চ্যুতি-চিত্ত এবং সুখ না-সুখ-সহগত প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখ-সহগত ভবাঙ্গ এবং সুখ আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখ-সহগত কায়-বিজ্ঞান এবং সুখ বিপাক-মনোধাতুর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখ-সহগত বিপাক-মনোবিজ্ঞানধাতু এবং সুখ ক্রিয়া-মনোবিজ্ঞানধাতুর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখ-সহগত ভবাঙ্গ এবং সুখ না-সুখ-সহগত ভবাঙ্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখ-সহগত কুশল-অকুশল এবং সুখ না-সুখ-সহগত উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্রিয়া (চিত্ত) উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মসমূহ সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সুখ-সহগত স্কন্ধসমূহ এবং সুখ পরবর্তী পরবর্তী সুখ-সহগত স্কন্ধসমূহের এবং সুখের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

১৭৩. (১) সুখ-সহগত (সুখ বা আনন্দজনক স্বভাবসম্পন্ন তাদৃশ) ধর্ম সুখ-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়...।

(২) সুখ-সহগত ধর্ম না-সুখ-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়...।

(৩) সুখ-সহগত ধর্ম সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়...।

(৪) না-সুখ-সহগত (সুখ বা আনন্দজনক স্বভাবসম্পন্ন নহে তাদৃশ) ধর্ম না-সুখ-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** না-সুখ-সহগত শ্রদ্ধাকে উপনিশ্রয় করে না-সুখ-সহগত চিত্তে দান দেন, শীল... সমাপত্তি-ধ্যান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) না-সুখ-সহগত শীল, প্রজ্ঞা, রাগ, দ্বেষ, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয়নাসন, সুখকে উপনিশ্রয় করে না-সুখ-সহগত চিত্তে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। সেই কারণে না-সুখ-সহগত শ্রদ্ধা... শয়নাসন এবং সুখ না-সুখ-সহগত শ্রদ্ধার, প্রজ্ঞার, রাগের, দ্বেষের, প্রার্থনার, কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের এবং ফল-সমাপত্তির, সুখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-সুখ-সহগত ধর্ম সুখ-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** না-সুখ-সহগত শ্রদ্ধাকে উপনিশ্রয় করে সুখ-সহগত চিত্তে দান দেন,... সমাপত্তি, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) না-সুখ-সহগত শীল, প্রজ্ঞা, রাগ, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয়নাসন, সুখকে উপনিশ্রয় করে সুখ-সহগত চিত্তে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। সুখ-সহগত চিত্তে অদত্তদ্রব্য গ্রহণ করেন, মিথ্যাবাক্য, পিশুনবাক্য, অযথাবাক্য... সিঁধ কাটেন... দস্যুবৃত্তি... একাগারিক (এক ঘরে ফেলে রাখে)... চৌমুহনীতে... ব্যভিচার... গ্রাম লুণ্ঠন... নিগম লুণ্ঠন করেন। এই কারণবশত না-সুখ-সহগত শ্রদ্ধা... শয়নাসন এবং সুখ সুখ-সহগত শ্রদ্ধার... প্রজ্ঞার... রাগের... মানের, মিথ্যাদৃষ্টির, প্রার্থনার... কায়িক সুখের... মার্গের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-সুখ-সহগত ধর্ম সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** না-সুখ-সহগত শ্রদ্ধাকে উপনিশ্রয় করে সুখ-সহগত চিত্তে দান দেন... (দ্বিতীয় প্রশ্ন সদৃশ জানতে হবে)। মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (একইভাবে) না-সুখ-সহগত শীল... শয়নাসন, সুখকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। সুখ-সহগত চিত্তে অদত্তদ্রব্য গ্রহণ করেন... না-সুখ-সহগত শ্রদ্ধা... শয়নাসন এবং সুখ সুখ-সহগত শ্রদ্ধার... প্রার্থনার... কায়িক সুখের,

মার্গের, ফল-সমাপত্তির এবং সুখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মসমূহ সুখ-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৮) সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মসমূহ না-সুখ-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৯) সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মসমূহ সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

পূর্বজাত-প্রত্যয়াদি

১৭৪. (১) না-সুখ-সহগত ধর্ম না-সুখ-সহগত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা) চক্ষু... (হৃদয়) বাস্তুকে না-সুখ-সহগত চিত্তে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে অবলোকন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে না-সুখ-সহগত রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়, সুখ উৎপন্ন হয়। দিব্যচক্ষু দ্বারা রূপ দর্শন করেন... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু না-সুখ-সহগত স্কন্ধসমূহের এবং সুখের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-সুখ-সহগত ধর্ম সুখ-সহগত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে সুখগত চিত্তে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে অবলোকন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে সুখ-সহগত রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সুখ-সহগত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-সুখ-সহগত ধর্ম সুখ-সহগত এবং না-সুখ-সহগত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে সুখ-সহগত চিত্তে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে অবলোকন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে সুখ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সুখ-সহগত স্কন্ধসমূহের এবং সুখের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)... আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয়াদি

১৭৫. সুখ-সহগত ধর্ম সুখ-সহগত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। (কর্ম-প্রত্যয়ের ছয়টি প্রশ্নে চারটিতে সহজাত ও নানাক্ষণিক (কর্ম) করণীয়, দুটিতে শুধুমাত্র নানাক্ষণিকই করণীয়)... বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়), বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ), অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৭৬. হেতুতে চার, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে ছয়, বিপাকে নয়, আহারে চার, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে চার, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়। (প্রতিলোম বিভঙ্গ গণনাও সপ্রীতিকদ্বিক সদৃশ জানতে হবে, যদি বিমতি থাকে তাহলে অনুলোম দেখে গণনা করণীয়)।

[সুখ-সহগতদ্বিক সমাপ্ত]

৯২. উপেক্ষা-সহগতদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১৭৭. (১) উপেক্ষা-সহগত[১] (উপেক্ষা সঙ্গে সঙ্গে আছে তাদৃশ) ধর্মকে

---

[১]। লোভমূলক চিত্ত ৪, মোহমূলক ২, অহেতুক ১৪, মহাকুশল-মহাবিপাক-মহাক্রিয়ায় ১২, পঞ্চমধ্যানে ২৩ চিত্ত-মোট ৫৫ প্রকার উপেক্ষা-সম্প্রযুক্ত চিত্ত, বেদনা, প্রীতি, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য, ও কৌকৃত্য ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ৪৬ চৈতসিক উপেক্ষা-সহগত ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

[১]। লোভমূলক ৪, সুখসহগত সন্তীরণ ১, সুখসহগত কায়-বিজ্ঞান ১, হসিতোৎপাদ ক্রিয়া ১, মহাকুশল, মহাবিপাক ও মহাক্রিয়ায় ১২, প্রথম ধ্যানে ১১, দ্বিতীয় ধ্যানে ১১, তৃতীয় ধ্যানে ১১, চতুর্থ ধ্যানে ১১—মোট ৬৩ সুখ-সম্প্রযুক্ত চিত্ত; ৩ দুঃখ-সম্প্রযুক্ত চিত্ত, বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫১-৬) = ৫১ চৈতসিকই, ৫৫ উপেক্ষা সহগত চিত্তে ৫৫

প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত একটি স্কন্ধকে প্রত্যয় করে দুটি (উপেক্ষাসহগত) স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) উপেক্ষা-সহগত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে উপেক্ষা[১] এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) উপেক্ষা-সহগত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মসমূহ উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত একটি স্কন্ধকে প্রত্যয় করে দুটি স্কন্ধ, উপেক্ষা এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৪) না-উপেক্ষা-সহগত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। না-উপেক্ষা-সহগত একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... উপেক্ষাকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অপরদিকে প্রতিসন্ধি গ্রহণের সময় না-উপেক্ষা-সহগত একটি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধি গ্রহণের সময় উপেক্ষাকে প্রত্যয় করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু (চিত্ত-চৈতসিকের বসতিস্থান), (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। উপেক্ষাকে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে উপেক্ষা উৎপন্ন হয়। একটি মহাভূতকে...। (সপ্রীতিকদ্বিক সদৃশ বুঝতে হবে, অনুলোমে নয়টি প্রশ্ন করতে হবে)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১৭৮. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়... পূর্বজাতে ছয়, আসেবনে ছয়, কর্মে নয় (সর্বত্র নয়), অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

১৭৯. (১) উপেক্ষা-সহগত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত একটি অহেতুক স্কন্ধকে

উপেক্ষা, ২৮ প্রকার রূপ ও নির্বাণ—না-উপেক্ষা-সহগত ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

[১]। এটি বেদনা চৈতসিক। মানসিক সুখ-দুঃখহীন বেদনাকে উপেক্ষা বলা হয়।

প্রত্যয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) উপেক্ষা-সহগত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত অহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে উপেক্ষা এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

(৩) উপেক্ষা-সহগত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মসমূহ উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত একটি অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে দুটি স্কন্ধ, উপেক্ষা এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

১৮০. (৪) না-উপেক্ষা-সহগত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। না-উপেক্ষা-সহগত একটি অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক উপেক্ষাকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে... উপেক্ষাকে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু এবং বাস্তুকে প্রত্যয় করে উপেক্ষা উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বিস্তৃত করণীয়)।

(৫) না-উপেক্ষা-সহগত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক উপেক্ষাকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে উপেক্ষাকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে উপেক্ষা-সহগত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত উপেক্ষাকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৬) না-উপেক্ষা-সহগত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মসমূহ উৎপন্ন হয়। অহেতুক উপেক্ষাকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক উপেক্ষাকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে উপেক্ষাকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে উপেক্ষাকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে প্রত্যয় করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে উপেক্ষা-সহগত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে প্রত্যয় করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে উপেক্ষা এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১৮১. (৭) উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত একটি অহেতুক স্কন্ধ এবং উপেক্ষাকে প্রত্যয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে উপেক্ষা-সহগত একটি স্কন্ধ এবং উপেক্ষাকে প্রত্যয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে উপেক্ষা-সহগত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং উপেক্ষাকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৮) উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত অহেতুক স্কন্ধসমূহ এবং উপেক্ষাকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত অহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে উপেক্ষা-সহগত স্কন্ধসমূহ এবং উপেক্ষাকে প্রত্যয় করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে উপেক্ষা-সহগত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে উপেক্ষা-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু প্রত্যয় করে উপেক্ষা উৎপন্ন হয়।

(৯) উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মসমূহ উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত একটি অহেতুক স্কন্ধ এবং উপেক্ষাকে প্রত্যয় করে দুটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... উপেক্ষা-সহগত একটি অহেতুক স্কন্ধ এবং উপেক্ষাকে প্রত্যয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... উপেক্ষা-সহগত অহেতুক স্কন্ধসমূহ, উপেক্ষা এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে উপেক্ষা-সহগত একটি স্কন্ধ এবং উপেক্ষাকে প্রত্যয় করে দুটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... অহেতুক প্রতিসন্ধিক্ষণে উপেক্ষা-সহগত একটি স্কন্ধ এবং উপেক্ষাকে প্রত্যয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... উপেক্ষা-সহগত অহেতুক স্কন্ধসমূহ, উপেক্ষা এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে উপেক্ষা-সহগত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে দুটি স্কন্ধ এবং উপেক্ষা উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১৮২. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে

তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে নয়, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

২. সহজাতবার

(অপর দুটি গণনা ও সহজাতবার অনুরূপভাবে জানতে হবে)।

৩. প্রত্যয়বার

১-৪. প্রত্যয় : অনুলোম ইত্যাদি—হেতু-প্রত্যয় (৯)

১৮৩. (১) উপেক্ষা-সহগত ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত একটি স্কন্ধকে অবলম্বন করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (সবিতর্কদ্বিকের সবিতর্কদ্বিক সদৃশ প্রত্যয়বারে প্রভেদ রয়েছে। 'উপেক্ষা' নয়টি প্রশ্ন করতে হবে, প্রতিসন্ধিকাল-প্রবর্তনকাল ও (হৃদয়) বাস্তুকে অনুরূপভাবে করণীয়)।

(অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে নয়... পূর্বজাতে নয়, আসেবনে নয় (সবক্ষেত্রে নয়), অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

১৮৪. (১) উপেক্ষা-সহগত ধর্মকে অবলম্বন করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত একটি অহেতুক স্কন্ধকে অবলম্বন করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে অবলম্বন করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (এভাবে নয়টি প্রশ্ন প্রবর্তনকাল-প্রতিসন্ধিকালকে সবিতর্কদ্বিকের ন্যায় জানতে হবে। তিনটিতে মোহ করতে হবে, প্রবর্তনকালে (হৃদয়) বাস্তুও করণীয়)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৪. নিশ্রয়বার

(অপর দুটি গণনার ও নিশ্রয়বার অনুরূপভাবে জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোম ইত্যাদি—হেতু-প্রত্যয় (৬)

১৮৫. (১) উপেক্ষা-সহগত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...। (সবিতর্কদ্বিকের ন্যায় এখানে সম্প্রযুক্তবারও অনুরূপভাবে করণীয়)।

(অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে ছয় (সর্বত্র ছয়), অবিগতে ছয়।

[অনুলোম সমাপ্ত]

(১) উপেক্ষা-সহগত ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। উপেক্ষা-সহগত একটি অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (অপর পাঁচটি প্রশ্ন সবিতর্কদ্বিকের ন্যায় জানতে হবে)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে ছয়, না-অধিপতিতে ছয়, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে ছয়, না-আসেবনে ছয়, না-কর্মে চার, না-বিপাকে ছয়, না-বিপ্রযুক্তে ছয়।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুটি গণনা ও সম্প্রযুক্তবার অনুরূপভাবে করণীয়)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয়াদি

১৮৬. (১) উপেক্ষা-সহগত (সুখ-দুঃখ অনুভূতি প্রতি স্বভাব নিরপেক্ষ স্বভাবসম্পন্ন তাদৃশ) ধর্ম উপেক্ষা-সহগত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপেক্ষা-সহগত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। (চারটি প্রশ্ন সবিতর্কদ্বিকের ন্যায় করণীয়)।

(১) উপেক্ষা-সহগত ধর্ম উপেক্ষা-সহগত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সপ্রীতিকদ্বিকের ন্যায় আলম্বন, অধিপতিও বিস্তৃত করণীয়, শুধু উপেক্ষাই প্রভেদ)।

অনন্তর-প্রত্যয়াদি

১৮৭. (১) উপেক্ষা-সহগত ধর্ম উপেক্ষা-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের

দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব উপেক্ষা-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী উপেক্ষা-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপেক্ষা-সহগত ধর্ম না-উপেক্ষা-সহগত (সুখ-দুঃখ অনুভূতির প্রতি নিরপেক্ষ স্বভাবসম্পন্ন নহে তাদৃশ) ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব উপেক্ষা-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী উপেক্ষার অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপেক্ষা-সহগত চ্যুতি-চিত্ত না-উপেক্ষা-সহগত প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত না-উপেক্ষা-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-মনোধাতু না-উপেক্ষা-সহগত বিপাক-মনোবিজ্ঞান-ধাতুর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপেক্ষা-সহগত ভবাঙ্গ না-উপেক্ষা-সহগত ভবাঙ্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপেক্ষা-সহগত কুশল-অকুশল না-উপেক্ষা-সহগত উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্রিয়া উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল (চিত্ত) উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি ধ্যানে হতে উত্থানরত ধ্যানীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন না-উপেক্ষা-সহগত ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপেক্ষা-সহগত ধর্ম উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব উপেক্ষা-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী উপেক্ষা-সহগত স্কন্ধসমূহের এবং উপেক্ষার অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৮৮. (৪) না-উপেক্ষা-সহগত ধর্ম না-উপেক্ষা-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব উপেক্ষা পরবর্তী পরবর্তী উপেক্ষার অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব উপেক্ষা-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-উপেক্ষা-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... অনুলোম ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-উপেক্ষা-সহগত ধর্ম উপেক্ষা-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব উপেক্ষা পরবর্তী পরবর্তী উপেক্ষা-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপেক্ষা-সহগত চ্যুতি-চিত্ত উপেক্ষা-সহগত প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপেক্ষা-সহগত ভবাঙ্গ আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কায়-বিজ্ঞানধাতু বিপাক-মনোধাতুর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপেক্ষা-সহগত বিপাক-মনোবিজ্ঞানধাতু ক্রিয়া-মনোবিজ্ঞানধাতুর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপেক্ষা-সহগত ভবাঙ্গ উপেক্ষা-সহগত ভবাঙ্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপেক্ষা-সহগত কুশল-অকুশল উপেক্ষা-সহগত উত্থানের

অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্রিয়া উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-উপেক্ষা-সহগত ধর্ম উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব উপেক্ষা পরবর্তী পরবর্তী উপেক্ষা-সহগত স্কন্ধসমূহের এবং উপেক্ষার অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৮৯. (৭) উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মসমূহ উপেক্ষা-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব উপেক্ষা-সহগত স্কন্ধসমূহ এবং উপেক্ষা পরবর্তী পরবর্তী উপেক্ষা-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মসমূহ না-উপেক্ষা-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব উপেক্ষা-সহগত স্কন্ধসমূহ এবং উপেক্ষা পরবর্তী পরবর্তী উপেক্ষার অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপেক্ষা-সহগত চ্যুতি-চিত্ত এবং উপেক্ষা না-উপেক্ষা-সহগত প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত এবং উপেক্ষা না-উপেক্ষা-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-মনোধাতু এবং উপেক্ষা না-উপেক্ষা-সহগত বিপাক-মনোবিজ্ঞানধাতুর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপেক্ষা-সহগত ভবাঙ্গ এবং উপেক্ষা না-উপেক্ষা-সহগত ভবাঙ্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপেক্ষা-সহগত কুশল-অকুশল এবং উপেক্ষা না-উপেক্ষা-সহগত উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্রিয়া এবং উপেক্ষা উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল এবং উপেক্ষা উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি ধ্যান হতে উত্থানরত ধ্যানীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন এবং উপেক্ষা না-উপেক্ষা-সহগত ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মসমূহ উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব উপেক্ষা-সহগত স্কন্ধসমূহ এবং উপেক্ষা পরবর্তী পরবর্তী উপেক্ষা-সহগত স্কন্ধসমূহের এবং উপেক্ষার অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

১৯০. (১-৩) উপেক্ষা-সহগত ধর্ম উপেক্ষা-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪) না-উপেক্ষা-সহগত ধর্ম না-উপেক্ষা-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় তিন প্রকার)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** না-উপেক্ষা-সহগত শ্রদ্ধাকে উপনিশ্রয় করে না-উপেক্ষা-সহগত চিত্তে দান দেন, শীল... উপোসথকর্ম... না-উপেক্ষা-সহগত ধ্যান, বিদর্শন-জ্ঞান, মার্গ-জ্ঞান, সমাপত্তি-ধ্যান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) না-উপেক্ষা-সহগত শীল, প্রজ্ঞা, রাগ, দ্বেষ, মোহ, মান, মিথ্যাদৃষ্টি, প্রার্থনা (ভোগসম্পদ প্রাপ্তির আকাঙ্ক্ষা) কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয়নাসন, উপেক্ষাকে উপনিশ্রয় করে না-উপেক্ষা-সহগত চিত্তে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, প্রাণিহত্যা... সংঘভেদ করেন। সেই কারণে না-উপেক্ষা-সহগত শ্রদ্ধা... শয়নাসন এবং উপেক্ষা না-উপেক্ষা-সহগত শ্রদ্ধার, প্রজ্ঞার, রাগের... প্রার্থনার... কায়িক সুখের, কায়িক দুঃখের মার্গের, ফল-সমাপত্তির এবং উপেক্ষার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-উপেক্ষা-সহগত ধর্ম উপেক্ষা-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় তিন প্রকার)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** না-উপেক্ষা-সহগত শ্রদ্ধাকে উপনিশ্রয় করে উপেক্ষা-সহগত চিত্তে দান দেন... সমাপত্তি-ধ্যান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) না-উপেক্ষা-সহগত শীল... শয়নাসন, উপেক্ষাকে উপনিশ্রয় করে উপেক্ষা-সহগত চিত্তে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। উপেক্ষা-সহগত চিত্তে অদত্তদ্রব্যগ্রহণ করেন, মিথ্যাবাক্য, পিশুনবাক্য, পরুষবাক্য বলেন, অযথা বা বৃথা বাক্য বলেন, সুরা জাতীয় মাদকদ্রব্য সেবন করেন, সিঁধকাটেন চুরি করার জন্য, দস্যুবৃত্তি করেন, একাগারিক করেন, রাজপথের চৌমুহনীতে ওঁত পেতে অবস্থান করেন, অবৈধ কামাচার করেন, গ্রাম লুণ্ঠন করেন, নিগম বা ছোট শহর লুণ্ঠন করেন। সেই কারণে না-উপেক্ষা-সহগত শ্রদ্ধা... শয়নাসন এবং উপেক্ষা উপেক্ষা-সহগত শ্রদ্ধার... প্রার্থনার... মার্গের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-উপেক্ষা-সহগত ধর্ম উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় তিন প্রকার)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। (দ্বিতীয় প্রশ্ন সদৃশ জ্ঞাতব্য)।

(৭-৯) উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মসমূহ উপেক্ষা-সহগত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

পূর্বজাত-প্রত্যয় (৩)

১৯১. (১) না-উপেক্ষা-সহগত ধর্ম না-উপেক্ষা-সহগত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সপ্রীতিকদ্বিক সদৃশ জ্ঞাতব্য)।

(২) না-উপেক্ষা-সহগত ধর্ম উপেক্ষা-সহগত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সপ্রীতিকদ্বিক সদৃশ জ্ঞাতব্য)।

(৩) না-উপেক্ষা-সহগত ধর্ম উপেক্ষা-সহগত এবং না-উপেক্ষা-সহগত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সপ্রীতিকদ্বিক সদৃশ জ্ঞাতব্য)।

পশ্চাজ্জাত-প্রত্যয়াদি

১৯২. উপেক্ষা-সহগত ধর্ম না-উপেক্ষা-সহগত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), কম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়) (চারটি প্রশ্নতে সহজাত এবং নানাক্ষণিক করণীয়, দুটিতে নানাক্ষণিকই করণীয়), বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়), বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ), অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এই প্রত্যয়সমূহ সপ্রীতিক বিভাজনের পদ্ধতিতে ন্যায় বিভাজন কর্তব্য)।

১. প্রত্যয় : অনুলোম
২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৯৩. হেতুতে চার, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয় নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে ছয়, বিপাকে নয়, আহারে চার, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে চার, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়। (প্রতিলোম বিভঙ্গসহ অপর তিন গণনাও সপ্রীতিকদ্বিক সদৃশ জানতে হবে)।

[উপেক্ষা-সহগতদ্বিক সমাপ্ত]

৯৩. কামাবচরদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১৯৪. (১) কামাবচর[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) কামাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (কামাবচর) স্কন্ধ এবং চিত্তজ-রূপ, তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ, দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূতকে... (সংক্ষিপ্ত)।

(২) কামাবচর ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে না-কামাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) কামাবচর ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর এবং না-কামাবচর ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে কামাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

১৯৫. (৪) না-কামাবচর[২] (কামাবচর নহে তাদৃশ) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়। না-কামাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) না-কামাবচর স্কন্ধকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম

---

[১]। ১২ অকুশল চিত্ত, ১৮ প্রকার অহেতুক চিত্ত, ২৪ প্রকার কামাবচর শোভন চিত্ত—মোট ৫৪ প্রকার কামাবচর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক ও ২৮ প্রকার রূপ কামাবচর ধর্ম। যেসব চিত্ত রূপ, শব্দ, গন্ধ, রস বা স্প্রষ্টব্যকে আলম্বন করে ও কামতৃষ্ণা সম্পর্কিত হয়ে উৎপন্ন হয়, তা কামাবচর চিত্ত। এটি কামলোকের সত্ত্বগণের নিকট বিদ্যমান তৃষ্ণার অন্তর্গত চিত্ত। কুশল, অকুশল, বিপাক ও ক্রিয়াভেদে চার ভাগে বিভক্ত। অষ্টবিধ কামাবচর মহাবিপাক চিত্ত চারি স্থানে বিপাক প্রদান করে; যথা : তদালম্বন, প্রতিসন্ধি, ভবাঙ্গ এবং চ্যুতি। এই মহাবিপাক চিত্তসমূহ শক্তি অনুসারে সপ্তবিধ কাম-সুগতিতেই প্রতিসন্ধি জন্মায়। 'অহেতুক কামাবচর কুশল বিপাক সন্তীরণ চিত্ত' মনুষ্যলোকে প্রতিসন্ধি প্রদান করলেও জন্মান্ধ, বধির, বিকৃত-মস্তিষ্ক, বিকালঙ্গ হয়ে জন্মায়। 'অহেতুক কামাবচর অকুশল বিপাক সন্তীরণ চিত্ত' চারি অপায়ে প্রতিসন্ধি জন্মায়। কামাবচর মহাক্রিয়াচিত্ত শুধুমাত্র অর্হতের চিত্ত। অনাগামীর নিকটও এই চিত্ত উৎপন্ন হয় না। অহেতুক ক্রিয়াচিত্তের মধ্যে পঞ্চদ্বারাবর্তন ও মনোদ্বারাবর্তন চিত্ত পৃথগ্‌জনের নিকটও উৎপন্ন হয়। কিন্তু হসিতোৎপাদ চিত্ত একমাত্র অর্হতের চিত্ত।

[২]। ২৭ প্রকার রূপাবচর ও অরূপাবচর চিত্ত, ৮ প্রকার লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ প্রকার চৈতসিক ও নির্বাণ না-কামাবচর ধর্ম।

উৎপন্ন হয়। না-কামাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে না-কামাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

(৬) না-কামাবচর ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর এবং না-কামাবচর ধর্মসমূহ উৎপন্ন হয়। না-কামাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

১৯৬. (৭) কামাবচর এবং না-কামাবচর ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়। না-কামাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে না-কামাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

(৮) কামাবচর এবং না-কামাবচর ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে না-কামাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং...।

(৯) কামাবচর এবং না-কামাবচর ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর এবং না-কামাবচর ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে না-কামাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... না-কামাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৯৭. হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে পাঁচ, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, আসেবনে দুই, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে চার, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় প্রভৃতি

১৯৮. (১) কামাবচর ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়। কামাবচর একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য) বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। না-আলম্বন-প্রত্যয় দ্বারা... (তিন)।

না-অধিপতি-প্রত্যয় প্রভৃতি

১৯৯. (১) কামাবচর ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়...।

(২) কামাবচর ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়...।

(৩) কামাবচর ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা কামাবচর এবং না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়...।

(৪) না-কামাবচর ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়। না-কামাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে না-কামাবচর-অধিপতি উৎপন্ন হয়। বিপাক (ফলদান) না-কামাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) না-কামাবচর ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়। বিপাক না-কামাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৬) না-কামাবচর ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা কামাবচর এবং না-কামাবচর ধর্মসমূহ উৎপন্ন হয়। বিপাক কামাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৭) কামাবচর এবং না-কামাবচর ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়। বিপাক কামাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (অপর দুটি প্রশ্ন স্বভাবসিদ্ধ) না-অনন্তর-প্রত্যয় দ্বারা, না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা, না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা।

না-আসেবন-প্রত্যয় (৯)

২০০. (১-৩) কামাবচর ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) না-কামাবচর ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়। বিপাক না-কামাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) না-কামাবচর ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়। না-কামাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৬) না-কামাবচর ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা কামাবচর

এবং না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়। বিপাক না-কামাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...। (অবশিষ্ট তিনটি প্রশ্ন স্বভাবসিদ্ধ। সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২০১. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

২. সহজাতবার

(অবশিষ্ট দুটি গণনা ও সহজাতবার অনুরূপভাবে জানতে হবে)।

৯৩. কামাবচরদ্বিক

৩. প্রত্যয়বার—১-৪. প্রত্যয় : অনুলোম ইত্যাদি

হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

২০২. (১) কামাবচর ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) কামাবচর একটি স্কন্ধবশত তিনটি (কামাবচর) স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত জ্ঞাতব্য) (হৃদয়) বাস্তুবশত কামাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) কামাবচর ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত না-কামাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৩) কামাবচর ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর এবং না-কামাবচর ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত না-কামাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহবশত চিত্তজ-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৪-৬) না-কামাবচর ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়... (তিন) (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৭) কামাবচর এবং না-কামাবচর ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়। (প্রতীত্য সদৃশ জানতে হবে)।

(৮) কামাবচর এবং না-কামাবচর ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়। না-কামাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুবশত তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুবশত একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি

স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুবশত দুটি স্কন্ধ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৯) কামাবচর এবং না-কামাবচর ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর না-কামাবচর ধর্মসমূহ উৎপন্ন হয়। না-কামাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুবশত তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... না-কামাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহবশত চিত্তজ-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে নয়, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে চার, আসেবনে চার, কর্মে নয়... অবিগতে তিন।

[অনুলোম সমাপ্ত]

না-হেতু-প্রত্যয় প্রভৃতি

২০৩. (১) কামাবচর ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়। কামাবচর একটি অহেতুক স্কন্ধবশত... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য) চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনবশত কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুবশত অহেতুক কামাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুবশত বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। না-আলম্বন-প্রত্যয় দ্বারা... (তিন)।

না-অধিপতি-প্রত্যয় প্রভৃতি

২০৪. (১) কামাবচর ধর্মবশত না-অধিপতি-প্রত্যয় দ্বারা কামাবাচর ধর্ম উৎপন্ন হয়... (এক) (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানা উচিত)।

(২) কামাবচর ধর্মবশত না-অধিপতি-প্রত্যয় দ্বারা না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত না-কামাবচর-অধিপতি উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত বিপাক না-কামাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৩) কামাবচর ধর্মবশত না-অধিপতি-প্রত্যয় দ্বারা কামাবচর এবং না-কামাবচর ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত বিপাক না-কামাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহবশত চিত্তজ-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৪-৬) না-কামাবচর ধর্মবশত না-অধিপতি-প্রত্যয় দ্বারা না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়... (তিন) (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৭) কামাবচর এবং না-কামাবচর ধর্মবশত না-অধিপতি-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়। (প্রতীত্য সদৃশ জানতে হবে)।

(৮) কামাবচর এবং না-কামাবচর ধর্মবশত না-অধিপতি-প্রত্যয় দ্বারা না-

কামাবচর ধর্ম উৎপন্ন হয়। না-কামাবচর স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুবশত না-কামাবচর-অধিপতি উৎপন্ন হয়। বিপাক না-কামাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুবশত তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৯) কামাবচর এবং না-কামাবচর ধর্মবশত না-অধিপতি-প্রত্যয় দ্বারা কামাবচর এবং না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়। বিপাক না-কামাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুবশত তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... বিপাক না-কামাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহবশত চিত্তজ-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...। না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... (তিন)... না-আসেবন-প্রত্যয় দ্বারা (শুদ্ধকে এবং অরূপ-সংযুক্তে বিপাক এই নিয়মে জানতে হবে, রূপ-সংযুক্তে নাই। সংক্ষিপ্ত)।

প্রত্যয় : প্রতিলোম

গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৪. নিশ্রয়বার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুটি গণনা ও নিশ্রয়বার অনুরূপভাবে জ্ঞাতব্য)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোম ইত্যাদি—হেতু-প্রত্যয় (২)

২০৫. (১) কামাবচর ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়। কামাবচর একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(২) না-কামাবচর ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা না-কামাবচর ধর্ম উৎপন্ন হয়। না-কামাবচর একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই, অধিপতিতে দুই (সর্বত্র দুই), অবিগতে দুই।

[অনুলোম সমাপ্ত]

(১) কামাবচর ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর ধর্ম উৎপন্ন হয়। কামাবচর একটি অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... পুনশ্চ অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে দুই, না-আসেবনে দুই, না-কর্মে দুই, না-বিপাকে দুই, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে দুই।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুটি গণনা ও সম্প্রযুক্তবার অনুরূপভাবে পাঠ করতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

২০৬. (১) কামাবচর ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্মের প্রত্যয় হয়। কামাবচর হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে কামাবচর হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(২) না-কামাবচর ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। না-কামাবচর হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৩) না-কামাবচর ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্মের প্রত্যয় হয়। না-কামাবচর হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৪) না-কামাবচর ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কামাবচর এবং না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। না-কামাবচর হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে না-কামাবচর হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৪)

২০৭. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন, পূর্বকৃত

কুশল কর্মসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদ উপভোগ করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ... দৌর্মনস্য উৎপন্ন হয়। আর্যগণ গোত্রভূকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, বিদূরিত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, বিদূরিতব্য ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অভ্যস্ত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, কামাবচর স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। আলম্বন-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা কামাবচর চিত্তসম্পন্ন (৫৪ প্রকার কামাবচর চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আলম্বন-প্রত্যয়ের দ্বারা কামাবচর স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের এবং অনাগতভব-জ্ঞানের প্রত্যয় হয়।

২০৮. (৩) আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। আলম্বন-প্রত্যয়ের দ্বারা নির্বাণ মার্গের এবং ফলের প্রত্যয় হয়। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা না-কামাবচর চিত্তসম্পন্ন (২৭ প্রকার মহদ্গত চিত্ত, ৮ লোকোত্তর চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ- আলম্বন-প্রত্যয়ের দ্বারা অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা কামাবচর স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের এবং অনাগতভব-জ্ঞানের প্রত্যয় হয়।

(৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। ধ্যান হতে উঠে ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদ উপভোগ করেন এবং অভিনন্দিত করেন। যার কারণে একে প্রত্যয় করে রাগ (৮ লোভচিত্ত) উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি (৪ দৃষ্টিসম্প্রযুক্ত লোভচিত্ত) উৎপন্ন হয়... আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। আলম্বন-প্রত্যয়ের দ্বারা নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির এবং আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। আকাশ-অনন্ত-আয়তনকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, বিজ্ঞান-অনন্ত-আয়তনকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আকিঞ্চন-আয়তনকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-

আয়তনকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, দিব্যচক্ষুকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, দিব্যশ্রোত্রধাতুকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, বিবিধ ঋদ্ধিজ্ঞানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়জ্ঞানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, যথাকর্মোপগজ্ঞানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অনাগতভবজ্ঞানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, না-কামাবচর স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৪)

২০৯. (১) অধিপতি-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দুই প্রকার)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** বদান্যতা প্রদর্শন করেন, শীলময় বিশুদ্ধ জীবন যাপন করেন, ব্রহ্মচর্য আচরণ করেন, পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মসমূহকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদ উপভোগ করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। শৈক্ষ্যগণ গোত্রভূকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, কামাবচর স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদ উপভোগ করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ার ফলে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা কামাবচর-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

২১০. (২) অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা নির্বাণ মার্গ এবং ফলের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** ধ্যান হতে উঠে ধ্যানকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদ উপভোগ করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ার ফলে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। (একইভাবে) ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। অধিপতি-প্রত্যয়ের দ্বারা নির্বাণ গোত্রভূর এবং বিশুদ্ধির প্রত্যয় হয়। আকাশ-অনন্ত-আয়তনকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, বিজ্ঞান-অনন্ত-আয়তনকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন,

আকিঞ্চন-আয়তনকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, দিব্যচক্ষুকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, দিব্যশ্রোত্রধাতুকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, বিবিধ ঋদ্ধিজ্ঞানকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, অনাগতভবজ্ঞানকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। একে প্রাধান্য দেওয়ার ফলে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর-অধিপতি চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম কামাবচর এবং না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয় প্রভৃতি

২১১. (১) অনন্তর-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব কামাবচর স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী কামাবচর স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনুলোম গোত্রভূর... অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনুলোম উত্থানের... অনন্তর-প্রত্যয়ের দ্বারা আবর্তন-চিত্ত কামাবচর স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) অনন্তর-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা কামাবচর চ্যুতি-চিত্ত (মরণকালীন চিত্ত) না-কামাবচর প্রতিসন্ধি-চিত্তের (পুনরুৎপত্তি চিত্তের)... অনন্তর-প্রত্যয়ের দ্বারা আবর্তন-চিত্ত না-কামাবচর স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা কামাবচর স্কন্ধসমূহ না-কামাবচর উত্থানের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রথম ধ্যানের পরিকর্ম (প্রস্তুতি) প্রথম ধ্যানের প্রত্যয় হয়... অনন্তর-প্রত্যয়ের দ্বারা চতুর্থ ধ্যানের... অনন্তর-প্রত্যয়ের দ্বারা নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের পরিকর্ম... অনন্তর-প্রত্যয়ের দ্বারা দিব্যচক্ষুর... অনন্তর-প্রত্যয়ের দ্বারা দিব্যশ্রোত্রধাতুর... অনন্তর-প্রত্যয়ের দ্বারা বিবিধ ঋদ্ধিজ্ঞানের... অনন্তর-প্রত্যয়ের দ্বারা চিত্তপর্যায়-জ্ঞানের... অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের... যথাকর্মোপগ-জ্ঞানের... অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনাগতভব-জ্ঞানের পরিকর্ম অনাগতভব-জ্ঞানের প্রত্যয় হয়। গোত্রভূ অনন্তর-প্রত্যয়ের দ্বারা মার্গের... অনন্তর-প্রত্যয়ের দ্বারা বিশুদ্ধি মার্গের... অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনুলোম ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

২১২. (৩) না-কামাবচর ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-কামাবচর স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী না-কামাবচর স্কন্ধসমূহের প্রত্যয় হয়। (লোকোত্তর) মার্গ অনন্তর-

প্রত্যয়ের দ্বারা (লোকোত্তর) ফলের প্রত্যয় হয়। (লোকোত্তর) ফল অনন্তর-প্রত্যয়ের দ্বারা (লোকোত্তর) ফলের প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি ধ্যান হতে উত্থানরত ধ্যানীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন অনন্তর-প্রত্যয়ের দ্বারা ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৪) না-কামাবচর ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্মের প্রত্যয় হয়। না-কামাবচর চ্যুতি-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা কামাবচর প্রতিসন্ধি-চিত্তের প্রত্যয় হয়। না-কামাবচর ভবাঙ্গ (ভবের অঙ্গ বা কারণ) অনন্তর-প্রত্যয়ের দ্বারা আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। না-কামাবচর স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা কামাবচর উত্থানের প্রত্যয় হয়...। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত)।

উপনিশ্রয়-প্রত্যয় (৪)

২১৩. উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** কামাবচর (রূপ, শব্দ গন্ধ, রস, স্পর্শকে ভিত্তি করে উৎপন্ন) শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... শীল... উপোসথকর্ম... বিদর্শন-জ্ঞান (যথাভূতদর্শন বা সত্যদর্শন), মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (একইভাবে) কামাবচর শীল, প্রজ্ঞা, রাগ, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয়নাসনকে উপনিশ্রয় করে দান দেন... বিদর্শন-জ্ঞান উৎপন্ন করেন, প্রাণিহত্যা... সংঘভেদ করেন। এ'হেতুতে কামাবচর শ্রদ্ধা... শয়নাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা কামাবচর শ্রদ্ধার... প্রার্থনার... কায়িক সুখের, কায়িক দুঃখের প্রত্যয় হয়।

(২) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** কামাবচর শ্রদ্ধাকে উপনিশ্রয় করে না-কামাবচর (রূপাবচর, অরূপাবচর, লোকোত্তর) ধ্যান, মার্গ-জ্ঞান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। (একইভাবে) কামাবচর শীল... শয়নাসনকে উপনিশ্রয়ে করে না-কামাবচর ধ্যান, মার্গ-জ্ঞান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। এ হেতুতে কামাবচর শ্রদ্ধা... শয়নাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর শ্রদ্ধার... প্রজ্ঞার... মার্গের এবং ফল-সমাপত্তির প্রত্যয় হয়। উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রথম ধ্যানের (সমাধির) পরিকর্ম প্রথম ধ্যানের... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চতুর্থ ধ্যানের... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আকাশ-অনন্ত-আয়তনের... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রথম মার্গের (স্রোতাপত্তির) পরিকর্ম প্রথম মার্গের

(স্রোতাপত্তির) প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) পরিকর্ম চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) প্রত্যয় হয়।

২১৪. (৩) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** না-কামাবচর (রূপাবচর, অরূপাবচর, লোকোত্তর) শ্রদ্ধাকে উপনিশ্রয় করে ধ্যান, মার্গ-জ্ঞান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। (একইভাবে) না-কামাবচর শীল, প্রজ্ঞাকে উপনিশ্রয় করে না-কামাবচর ধ্যান, মার্গ-জ্ঞান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। এ'হেতুতে না-কামাবচর শ্রদ্ধা... প্রজ্ঞা উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর শ্রদ্ধার... প্রজ্ঞার, মার্গের এবং ফল-সমাপত্তির প্রত্যয় হয়। উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রথম ধ্যান দ্বিতীয় ধ্যানের প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা দ্বিতীয় ধ্যান তৃতীয় ধ্যানের... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা তৃতীয় ধ্যান চতুর্থ ধ্যানের... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চতুর্থ ধ্যান আকাশ-অনন্ত-আয়তনের... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা বিজ্ঞান-অনন্ত-আয়তন আকিঞ্চন-আয়তনের... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রথম মার্গ দ্বিতীয় মার্গের... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা দ্বিতীয় মার্গ (সকৃদাগামী) তৃতীয় মার্গের (অনাগামীর)... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা তৃতীয় মার্গ (অনাগামী) চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) প্রত্যয় হয়। উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা মার্গ ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৪) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** না-কামাবচর শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীলময় জীবন যাপন করেন, উপোসথকর্ম... বিদর্শন-জ্ঞান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (একইভাবে) না-কামাবচর শীল, প্রজ্ঞাকে উপনিশ্রয় করে দান করেন, শীলময় জীবন যাপন করেন, উপোসথকর্ম... বিদর্শন-জ্ঞান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। এ'হেতুতে না-কামাবচর শ্রদ্ধা, প্রজ্ঞা উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা কামাবচর শ্রদ্ধার, প্রজ্ঞার, রাগের... প্রার্থনার, কায়িক সুখের, কায়িক দুঃখের প্রত্যয় হয়। আর্যগণ মার্গকে উপনিশ্রয় করে সংস্কারসমূহকে (যাবতীয় কারণোৎপন্ন বিষয়সমূহকে) অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে অবলোকন করেন। উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা মার্গ আর্যদের অর্থ-প্রতিসম্ভিদার (নানা অর্থ সম্বন্ধে জ্ঞানের), ধর্ম-প্রতিসম্ভিদার (নানা স্বভাব বা বিষয় সম্বন্ধে জ্ঞানের), নিরুক্তি-প্রতিসম্ভিদার (নানা ভাষা বা ব্যাকরণ সম্বন্ধে জ্ঞানের),

প্রতিভান-প্রতিসম্ভিদার (নানা অর্থ, স্বভাব, ভাষা বা ব্যাকরণ সম্বন্ধে জ্ঞানের) এবং দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের প্রত্যয় হয়। উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা ফল-সমাপত্তি কায়িক সুখের প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় ইত্যাদি

২১৫. (১) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দুই প্রকার)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন কায়-বিজ্ঞানের, পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু কামাবচর স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** দিব্যনেত্রের দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু না-কামাবচর স্কন্ধসমূহের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

কর্ম-প্রত্যয় ইত্যাদি

২১৬. (১) কর্ম-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দুই প্রকার)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম) (সংক্ষিপ্ত)।

(২) কর্ম-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)।

(৩) কর্ম-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)।

(৪) কর্ম-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম কামাবচর এবং না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম) (সংক্ষিপ্ত)। বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৩)

২১৭. (১) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় তিন প্রকার)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** (সংক্ষিপ্ত)। প্রতিসন্ধিক্ষণে বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু না-কামাবচর স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু না-কামাবচর স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধি গ্রহণকালে...। **পশ্চাজ্জাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় ইত্যাদি

২১৮. (১) অস্তি-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পাঁচ প্রকার)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(২) অস্তি-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে অস্তি-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু না-কামাবচর স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন... (পূর্বজাত-প্রত্যয় সদৃশ জানতে হবে)।

(৩) অস্তি-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি একবিধ)—সহজাত (সংক্ষিপ্ত)।

(৪) অস্তি-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত (বিপ্রযুক্ত-প্রত্যয় সদৃশ জানতে হবে)।

(৫) অস্তি-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম কামাবচর এবং না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

২১৯. (৬) অস্তি-প্রত্যয়ের দ্বারা কামাবচর এবং না-কামাবচর ধর্মসমূহ কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি চতুর্বিধ)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত এবং আহার :** অস্তি-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর স্কন্ধসমূহ এবং রূপজীবিতেন্দ্রিয়

(রূপসন্ততির অনুপালক) কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৭) অস্তি-প্রত্যয়ের দ্বারা কামাবচর এবং না-কামাবচর ধর্মসমূহ না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত এবং পূর্বজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে...। নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

গণনা অধ্যায় (একক)

২২০. হেতুতে চার, আলম্বনে চার, অধিপতিতে চার, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে সাত, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে তিন, কর্মে চার, বিপাকে চার, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে সাত।

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৭)

২২১. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কামাবচর ধর্ম না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়।

২২২. (৩) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়।

(৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম কামাবচর ধর্মের প্রত্যয় হয়।

(৫) সহজাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা না-কামাবচর ধর্ম কামাবচর এবং না-কামাবচর ধর্মের প্রত্যয় হয়।

(৬) কামাবচর এবং না-কামাবচর ধর্মসমূহ কামাবচর ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

(৭) কামাবচর এবং না-কামাবচর ধর্মসমূহ না-কামাবচর ধর্মের সহজাত, পূর্বজাত।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২২৩. না-হেতুতে সাত, না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে সাত, না-সমনন্তরে সাত, না-সহজাতে ছয়, না-অন্যোন্যে ছয়, না-নিশ্রয়ে ছয়, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে ছয়... না-সম্প্রযুক্তে ছয়, না-বিপ্রযুক্তে পাঁচ, না-অস্তিতে পাঁচ, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে পাঁচ।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

২২৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে চার, না-অনন্তরে চার, না-সমনন্তরে চার, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে চার... না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

২২৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অধিপতিতে চার (অনুলোম মাতিকা করণীয়)... অবিগতে নয়।

[কামাবচরদ্বিক সমাপ্ত]

৯৪. রূপাবচরদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

২২৬. (১) রূপাবচর[১] ধর্মকে ভিত্তি করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (প্রবর্তনকালে) রূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি

---

[১]। ১৫ প্রকার রূপাবচর চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৫ প্রকার চৈতসিক রূপাবচর ধর্ম। রূপাবচর চিত্ত ধ্যান চিত্ত এবং কামতৃষ্ণা বর্জিত। কিন্তু রূপতৃষ্ণা বা রূপলোকের সত্ত্বগণের নিকট বিদ্যমান তৃষ্ণার অন্তর্গত। রূপাবচর চিত্ত কুশল, বিপাক ও ক্রিয়াভেদে বার প্রকার হয়েছে। প্রতিভাগ নিমিত্তাকারে সংজ্ঞাজ রূপকে অবলম্বন করে এই রূপাবচর ধ্যান চিত্ত উৎপন্ন হয়। কামাবচর কুশল চিত্তকে চল্লিশ প্রকার শমথ ধ্যানের কোনো একটির সাহায্যে রূপাবচর ধ্যান চিত্তে উন্নীত করা যায়। রূপাবচর ধ্যান চিত্ত সর্বদা কুশল বিধায় এর বিপাক চিত্তও সব সময় কুশল জাতীয়। কামাবচরের কুশল সুযোগ অনুসারে একসময় বা অন্যসময় বিপাক প্রদান করে। কিন্তু রূপাবচর কুশল প্রবল শক্তিশালী বিধায় পরবর্তী জন্মেই বিপাক প্রদান করে। রূপাবচর ক্রিয়াচিত্ত শুধু অর্হতের চিত্ত। অর্হতের চিত্ত-সন্ততি অনুশয় রহিত বিধায় তাঁরা যখন রূপাবচর ধ্যান করেন, তখন তাঁদের সেই রূপ-ধ্যানচিত্ত এই ক্রিয়া চিত্তের আকারেই উৎপন্ন হয়। সেজন্য এই ক্রিয়াচিত্তকে কুশল চিত্তের ন্যায় জ্ঞাতব্য।

(রূপাবচর) স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) রূপাবচর ধর্মকে ভিত্তি করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। রূপাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। রূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

২২৭. (৪) না-রূপাবচর[১] ধর্মকে ভিত্তি করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-রূপাবচর একটি স্কন্ধকে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূতকে...।

(৫) না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে রূপাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে রূপাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

২২৮. (৭) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে রূপাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং...।

(৮) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। রূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে রূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

(৯) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে রূপাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... রূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

---

[১]। ৫৪ প্রকার কামাবচর চিত্ত, ১২ অরূপাবচর চিত্ত, ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-রূপাবচর ধর্ম।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

২২৯. হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে পাঁচ, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, আসেবনে দুই, কর্মে নয়, বিপাকে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে চার, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (১), না-আলম্বন-প্রত্যয় (৩)

২৩০. (১) না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। না-রূপাবচর একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানা উচিত) বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। না-আলম্বন-প্রত্যয় দ্বারা... (তিন)।

না-অধিপতি-প্রত্যয় ইত্যাদি

২৩১. (১) রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা। রূপাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে রূপাবচর-অধিপতি বিপাক উৎপন্ন হয়। রূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) রূপাবচর ধর্মকে ভিত্তি করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা। রূপাবচর বিপাক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা। রূপাবচর একটি বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৪-৬) না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা। না-রূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... (তিন)। (না-কামাবচর প্রতীত্যবার

সদৃশ, এখানে সকল মহাভূতসমূহ করণীয়)।

২৩২. (৭) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে রূপাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৮) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা। রূপাবচর বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৯) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে রূপাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... রূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা...।

না-পূর্বজাত-প্রত্যয় ইত্যাদি

২৩৩. (১) রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে রূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) রূপাবচর ধর্মকে ভিত্তি করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা। রূপাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয় না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে রূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

(৪) না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে (চারিস্কন্ধবিশিষ্টভবে) না-রূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... না-রূপাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানা উচিত, অপর পাঁচটি প্রশ্ন ও অনুলোম করণীয়)। না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... (নয়)।

না-আসেবন-প্রত্যয় ইত্যাদি

২৩৪. (১) রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-আসেবন-প্রত্যয় দ্বারা। বিপাক এমন রূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) রূপাবচর ধর্মকে ভিত্তি করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-আসেবন-

প্রত্যয় দ্বারা। রূপাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয় না-আসেবন-প্রত্যয় দ্বারা। রূপাবচর একটি বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি (রূপাবচর বিপাক) স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৪-৬) না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-আসেবন-প্রত্যয় দ্বারা... (তিন)।

(৭-৯) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-আসেবন-প্রত্যয় দ্বারা (সংক্ষিপ্ত। প্রত্যয়মূল করণীয়। অপর পাঁচটি প্রশ্ন করণীয়)... কর্ম-প্রত্যয় দ্বারা... (দুই), সম্প্রযুক্ত প্রত্যয় দ্বারা...।

২৩৫. (১) না-রূপাবচর ধর্মকে ভিত্তি করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে (চারি বোকারবিশিষ্ট ভবে) না-রূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... বাহ্যিক, আহারজ, ঋতুজ, অসংজ্ঞসত্ত্বগণের... (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২৩৬. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

২. সহজাতবার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুটি গণনা ও সহজাতবার অনুরূপভাবে গণনা করণীয়)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

২৩৭. (১) রূপাবচর ধর্মকে আশ্রয় করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) রূপাবচর ধর্মকে আশ্রয় করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৩) রূপাবচর ধর্মকে আশ্রয় করে রূপাবচর এবং না-রূপাবচর ধর্ম উৎপন্ন

হয় হেতু-প্রত্যয় দ্বারা... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) না-রূপাবচর ধর্মকে আশ্রয় করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-রূপাবচর একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত জানতে হবে) (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-রূপাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) না-রূপাবচর ধর্মকে আশ্রয় করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে রূপাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৬) না-রূপাবচর ধর্মকে আশ্রয় করে রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে রূপাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

২৩৮. (৭) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মকে আশ্রয় করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। রূপাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে...।

(৮) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মকে আশ্রয় করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। রূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৯) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মকে আশ্রয় করে রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। রূপাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং... রূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

২৩৯. হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে নয়, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে চার, আসেবনে চার, কর্মে নয়... অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

২৪০. (১) না-রূপাবচর ধর্মকে আশ্রয় করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। না-রূপাবচর একটি অহেতুক স্কন্ধকে আশ্রয় করে তিনটি

স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানা উচিত) চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক না-রূপাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

না-অধিপতি-প্রত্যয় (৯)

২৪১. (১) রূপাবচর ধর্মকে আশ্রয় করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) রূপাবচর ধর্মকে আশ্রয় করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৩) রূপাবচর ধর্মকে আশ্রয় করে রূপাবচর এবং না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) না-রূপাবচর ধর্মকে আশ্রয় করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৫) না-রূপাবচর ধর্মকে আশ্রয় করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে রূপাবচর-অধিপতি উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিপাক রূপাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৬) না-রূপাবচর ধর্মকে আশ্রয় করে রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিপাক এমন রূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

২৪২. (৭) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মকে আশ্রয় করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা। রূপাবচর স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে রূপাবচর-অধিপতি উৎপন্ন হয়। বিপাক রূপাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে রূপাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং...।

(৮) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মকে আশ্রয় করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা। বিপাক এমন রূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৯) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মকে আশ্রয় করে রূপাবচর এবং না-

রূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা। বিপাক রূপাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং... বিপাক রূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...। (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২৪৩. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন... না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয় (শুদ্ধিকে, অরূপ এবং মিশ্রকে 'বিপাক' এই নিয়মেই জানতে হবে), না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. নিশ্রয়বার

(অপর দুটি গণনা ও নিশ্রয়বার অনুরূপভাবে গণনা করণীয়)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি—হেতু-প্রত্যয়

২৪৪. (১) রূপাবচর ধর্মকে সংশ্লিষ্ট করে রূপাবচর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। রূপাবচর একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) না-রূপাবচর ধর্মকে সংশ্লিষ্ট করে না-রূপাবচর উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-রূপাবচর একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই (সবটিতে দুই), অবিগতে দুই।

[অনুলোম সমাপ্ত]

(১) না-রূপাবচর ধর্মকে সংশ্লিষ্ট করে না-রূপাবচর ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে দুই, না-আসেবনে দুই, না-কর্মে দুই, না-বিপাকে দুই, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে এক।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার অনুরূপভাবে জানা কর্তব্য)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

২৪৫. (১) রূপাবচর ধর্ম রূপাবচর ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপাবচর হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপাবচর হেতুসমূহ চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) রূপাবচর ধর্ম রূপাবচর এবং না-রূপাবচর ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপাবচর হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৪) না-রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মেও হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-রূপাবচর হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (৪)

২৪৬. (১) রূপাবচর ধর্ম রূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা রূপাবচর চিত্তসমন্বিত (১৫ প্রকার রূপাবচর চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। রূপাবচর স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের এবং অনাগতভব-জ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, দ্বিতীয় ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, তৃতীয় ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, চতুর্থ ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। বিবিধ ঋদ্ধিজ্ঞানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়জ্ঞানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, যথাকর্মোপজ্ঞানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অনাগতভবজ্ঞানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। রূপাবচর স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে অবলোকন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত

করেন। একেই কারণে রাগ... দৌর্মনস্য উৎপন্ন হয়।

২৪৭. (৩) না-রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল রক্ষা করে, উপোসথকর্ম... পূর্বকৃত পুণ্যময় সুকর্মগুলো স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। যার কারণে রাগ... দৌর্মনস্য উৎপন্ন হয়। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ বিদূরিত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, বিদূরিতব্য ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যেসমস্ত ক্লেশ জনন করেছিলেন তা বিদ্যমান আছে কিনা স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-রূপাবচর স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। আকাশ-অনন্ত-আয়তন (প্রথম অরূপাবচর ধ্যানচিত্ত) বিজ্ঞান-অনন্ত-আয়তনের (দ্বিতীয় অরূপাবচর ধ্যানচিত্তের)... আকিঞ্চন-আয়তন (তৃতীয় অরূপাবচর ধ্যানচিত্ত) নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের (চতুর্থ অরূপাবচর ধ্যানচিত্তের)... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-রূপাবচর ধর্ম রূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দিব্যচক্ষুর মাধ্যমে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের মাধ্যমে শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়-জ্ঞানের মাধ্যমে না-রূপাবচর চিত্তসম্পন্ন (৫৪ কামাবচর চিত্ত, ১২ অরূপাবচর চিত্ত, ৮ লোকোত্তর চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। না-রূপাবচর স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের এবং অনাগতভব-জ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৪)

২৪৮. (১) রূপাবচর ধর্ম রূপাবচর ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** রূপাবচর-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** প্রথম ধ্যানকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়... চতুর্থ ধ্যানকে... দিব্যচক্ষু, দিব্যশ্রোত্র, বিবিধ ঋদ্ধিজ্ঞান,

চিত্তপর্যায়জ্ঞান, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞান, যথাকর্মোপগজ্ঞান, অনাগতভবজ্ঞানকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। রূপাবচর স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

সহজাত-অধিপতি : রূপাবচর-অধিপতি চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) রূপাবচর ধর্ম রূপাবচর এবং না-রূপাবচর ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** রূপাবচর-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৪৯. (৪) না-রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... শীল... উপোসথকর্ম... পূর্বকৃত পুণ্যকর্মসমূহকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের এবং ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে, না-রূপাবচর স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। আকাশ-অনন্ত-আয়তনকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞ-আয়তনকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** না-রূপাবচর-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয়াদি

২৫০. (১) রূপাবচর ধর্ম রূপাবচর ধর্মে অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব রূপাবচর স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী রূপাবচর স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপাবচর চ্যুতি-চিত্ত না-রূপাবচর প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপাবচর ভবাঙ্গ আবর্তন-চিত্তের... রূপাবচর স্কন্ধসমূহ না-রূপাবচর উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৫১. (৩) না-রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা

প্রত্যয় হয়। পূর্ব পূর্ব রূপাবচর স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-রূপাবচর স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-রূপাবচর ধর্ম রূপাবচর ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-রূপাবচর চ্যুতি-চিত্ত রূপাবচর প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-রূপাবচর স্কন্ধসমূহ রূপাবচর উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম ধ্যানের পরিকর্ম প্রথম ধ্যানের... চতুর্থ ধ্যানের... দিব্যচক্ষুর... দিব্যশ্রোত্রের... বিবিধ ঋদ্ধিজ্ঞানের... চিত্তপর্যায়-জ্ঞানের... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের... যথাকর্মোপগ-জ্ঞানের... অনাগতভব-জ্ঞানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত)।

উপনিশ্রয়-প্রত্যয় (৪)

২৫২. (১) রূপাবচর ধর্ম রূপাবচর ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** রূপাবচর শ্রদ্ধাকে উপনিশ্রয় করে রূপাবচর ধ্যান-সুখ, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। রূপাবচর শীল... প্রজ্ঞাকে উপনিশ্রয়ে করে রূপাবচর ধ্যান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। রূপাবচর শ্রদ্ধা... প্রজ্ঞা রূপাবচর শ্রদ্ধার... প্রজ্ঞার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম ধ্যান দ্বিতীয় ধ্যানের, দ্বিতীয় ধ্যান তৃতীয় ধ্যানের, তৃতীয় ধ্যান চতুর্থ ধ্যানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** রূপাবচর শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান... শীল... উপোসথকর্ম সম্পাদন করেন। রূপাবচর ধ্যান, বিদর্শন-জ্ঞান, মার্গ, সমাপত্তি, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) রূপাবচর শীল... প্রজ্ঞাকে উপনিশ্রয় করে দান দেন... মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। সেই কারণে রূপাবচর শ্রদ্ধা... প্রজ্ঞা না-রূপাবচর শ্রদ্ধার... প্রজ্ঞার... রাগের... প্রার্থনার... কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৫৩. (৩) না-রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** না-রূপাবচর (কামাবচর, অরূপাবচর

ও লোকোত্তর) শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান... শীল... উপোসথকর্ম সম্পাদন করেন। না-রূপাবচর ধ্যান, বিদর্শন-জ্ঞান, মার্গ-জ্ঞান, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, মান উৎপন্ন করে, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) না-রূপাবচর শীল... প্রজ্ঞা, রাগ... ভোজন, শয়নাসনকে উপনিশ্রয় করে দান দেন... প্রাণিবধ করেন... সংঘভেদ করেন। সেই কারণবশত না-রূপাবচর শ্রদ্ধা... প্রজ্ঞা... রাগ... শয়নাসন না-রূপাবচর শ্রদ্ধার... প্রজ্ঞার... রাগের... প্রার্থনার... কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের এবং ফলসমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-রূপাবচর ধর্ম রূপাবচর ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** না-রূপাবচর শ্রদ্ধাকে উপনিশ্রয় করে রূপাবচর ধ্যান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। (অনুরূপভাবে) না-রূপাবচর শীলকে... শয়নাসনকে উপনিশ্রয় করে রূপাবচর ধ্যান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। না-রূপাবচর শ্রদ্ধা... শয়নাসন রূপাবচর শ্রদ্ধার... প্রজ্ঞার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম ধ্যানের পরিকর্ম প্রথম ধ্যানের... চতুর্থ ধ্যানের... দিব্যচক্ষুর পরিকর্ম... দিব্যশ্রোত্রের... বিবিধ ঋদ্ধিজ্ঞানের... চিত্তপর্যায়-জ্ঞানের... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের... যথাকর্মোপগ-জ্ঞানের... অনাগতভব-জ্ঞানের পরিকর্ম অনাগতভব-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয়াদি

২৫৪. (১) না-রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু না-রূপাবচর স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-রূপাবচর ধর্ম রূপাবচর ধমের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** দিব্যনেত্রের মাধ্যমে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের মাধ্যমে শব্দ শ্রবণ করেন। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু রূপাবচর স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

কর্ম-প্রত্যয়াদি

২৫৫. (১) রূপাবচর ধর্ম রূপাবচর ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** রূপাবচর চেতনা (চিত্ত-প্রয়োগ বা চিত্তবৃত্তি) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** রূপাবচর চেতনা বিপাক রূপাবচর স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** রূপাবচর চেতনা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** রূপাবচর চেতনা কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) রূপাবচর ধর্ম রূপাবচর এবং না-রূপাবচর ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** রূপাবচর চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** রূপাবচর চেতনা বিপাক রূপাবচর স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-রূপাবচর চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** না-রূপাবচর চেতনা বিপাক না-রূপাবচর স্কন্ধসমূহের এবং কর্ম-সমত্থিতরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৩)

২৫৬. (১) রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) না-রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় তিন প্রকার)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) না-রূপাবচর ধর্ম রূপাবচর ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু রূপাবচর স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু রূপাবচর স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয়াদি

২৫৭. (১) রূপাবচর ধর্ম রূপাবচর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মে অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত।

(৩) রূপাবচর ধর্ম রূপাবচর এবং না-রূপাবচর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) না-রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) না-রূপাবচর ধর্ম অস্তি-প্রত্যয় দ্বারা রূপাবচর ধর্মের সাথে সম্বন্ধযুক্ত। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু রূপাবচর স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। (হৃদয়) বাস্তু রূপাবচর স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৫৮. (৬) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ রূপাবচর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত এবং পূর্বজাত :** রূপাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে...।

(৭) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ না-রূপাবচর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** রূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত এবং আহার :** রূপাবচর স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** রূপাবচর স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম
২. গণনা অধ্যায় (একক)

২৫৯. হেতুতে চার, আলম্বনে চার, অধিপতিতে চার, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে সাত, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে তিন, কর্মে চার, বিপাকে চার, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে সাত।

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৭)

২৬০. (১) রূপাবচর ধর্ম রূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) রূপাবচর ধর্ম রূপাবচর এবং না-রূপাবচর ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৬১. (৪) না-রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-রূপাবচর ধর্ম না-রূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ রূপাবচর ধর্মের সহজাত, পূর্বজাত।

(৭) রূপাবচর এবং না-রূপাবচর ধর্মসমূহ না-রূপাবচর ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

২. প্রত্যয় : প্রতিলোম
২. গণনা অধ্যায় (একক)

২৬২. না-হেতুতে সাত, না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে সাত, না-সমনন্তরে সাত, না-সহজাতে ছয়, না-অন্যোন্যে ছয়, না-

নিশ্রয় ছয়, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে সাত... না-সম্প্রযুক্তে ছয়, না-বিপ্রযুক্তে পাঁচ, না-অস্তিতে পাঁচ, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে পাঁচ।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

২৬৩. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে চার, না-অনন্তরে, না-সমনন্তরে চার, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে চার... না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

২৬৪. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অধিপতিতে চার (অনুলোম মাতিকা করণীয়)... অবিগতে সাত।

[রূপাবচরদ্বিক সমাপ্ত]

৯৫. অরূপাবচর-দ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

২৬৫. (১) অরূপাবচর[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) অরূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (অরূপাবচর) স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) অরূপাবচর ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। অরূপাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) অরূপাবচর ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয়। অরূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

---

[১]। ১২ প্রকার অরূপাবচর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩০ চৈতসিক অরূপাবচর ধর্ম। অরূপাবচর চিত্ত ধ্যান চিত্ত। রূপাবচর ধ্যানে সুদক্ষ যোগীই একমাত্র অরূপাবচর ধ্যান চিত্ত উৎপাদনের জন্য চেষ্টিত হবার অধিকারী। এটি শুধু পঞ্চম-ধ্যানিক। 'অনন্ত আকাশ', 'অনন্ত বিজ্ঞান', 'কিঞ্চনের বা কিছুর অভাব' ও 'সংজ্ঞা ও নহে অসংজ্ঞা ও নহে' অরূপই এর আলম্বন। আলম্বনের পার্থক্যের কারণে এটি চার প্রকার হয়েছে। এটি কামতৃষ্ণা ও রূপতৃষ্ণা-বর্জিত। কিন্তু অরূপতৃষ্ণা বা অরূপলোকের সত্ত্বগণের নিকট বিদ্যমান ভবতৃষ্ণার অন্তর্গত। উপেক্ষা ও একাগ্রতা এর মূখ্য ধ্যানাঙ্গ। কুশল, বিপাক ও ক্রিয়াভেদে অরূপ চিত্ত বার প্রকার হয়েছে।

২৬৬. (৪) না-অরূপাবচর[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। না-অরূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে না-অরূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে...।

(৫) অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। অরূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

২৬৭. হেতুতে পাঁচ, আলম্বনে দুই, অধিপতিতে পাঁচ, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে দুই, কর্মে পাঁচ, বিপাকে দুই, আহারে পাঁচ... অবিগতে পাঁচ।

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (১), না-আলম্বন-প্রত্যয় (৩)

২৬৮. (১) না-অরূপাবচর ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। না-অরূপাবচর একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানতে হতে) বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। না-আলম্বন-প্রত্যয় দ্বারা... (তিন)।

না-অধিপতি-প্রত্যয়াদি

২৬৯. (১) অরূপাবচর ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। অরূপাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে অরূপাবচর-অধিপতি উৎপন্ন হয়। বিপাক এমন অরূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে

---

[১]। ৫৪ প্রকার কামাবচর চিত্ত, ১৫ প্রকার রূপাবচর চিত্ত, ৮ প্রকার লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-অরূপাবচর ধর্ম।

তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) না-অরূপাবচর ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। না-অরূপাবচর একটি স্বন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানতে হবে)। না-অনন্তর-প্রত্যয় দ্বারা... (তিন), না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... (তিন)।

না-পূর্বজাত-প্রত্যয়াদি

২৭০. (১) অরূপাবচর ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে অরূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) অরূপাবচর ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। অরূপাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) না-অরূপাবচর ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে না-অরূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৪) অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। অরূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... (পাঁচ)।

না-আসেবন-প্রত্যয় (৪)

২৭১. (১) অরূপাবচর ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। বিপাক এমন অরূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) অরূপাবচর ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। অরূপাবচর স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) না-অরূপাবচর ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। না-অরূপাবচর একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৪) অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। অরূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২৭২. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে দুই, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে চার, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

২. সহজাতবার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুটি গণনা ও সহজাতবার অনুরূপভাবে করণীয়)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যয়—হেতু-প্রত্যয় (৯)

২৭৩. (১) অরূপাবচর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) অরূপাবচর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৩) অরূপাবচর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) না-অরূপাবচর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। না-অরূপাবচর একটি স্কন্ধকে... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত জ্ঞাতব্য) (হৃদয়) বাস্তুকে নির্ভর করে না-অরূপাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) না-অরূপাবচর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অরূপাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) না-অরূপাবচর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অরূপাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

২৭৪. (৭) অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। অরূপাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে

নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৮) অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। অরূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৯) অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মসমূহ উৎপন্ন হয়। অরূপাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... অরূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

২৭৫. হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে নয়, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে নয়, অন্যোন্যে চার, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে চার, আসেবনে চার, কর্মে চার, বিপাকে দুই... অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয়াদি

২৭৬. (১) না-অরূপাবচর ধর্মকে নির্ভর করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। না-অরূপাবচর একটি অহেতুক স্কন্ধকে নির্ভর করে... (ক্রমান্বয়ে অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত তৈরি করতে হবে) চক্ষু-আয়তনকে নির্ভর করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে নির্ভর করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অহেতুক না-অরূপাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। না-আলম্বন-প্রত্যয় দ্বারা... (তিন)।

(১) অরূপাবচর ধর্মকে নির্ভর করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। অরূপাবচর স্কন্ধসমূহকে নির্ভর করে অরূপাবচর-অধিপতি উৎপন্ন হয়। বিপাক এমন অরূপাবচর একটি স্কন্ধ... প্রতিসন্ধির সময়ে...।

(২) না-অরূপাবচর ধর্মকে নির্ভর করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। না-অরূপাবচর একটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য) চক্ষু-আয়তনকে নির্ভর করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে নির্ভর করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে নির্ভর করে না-অরূপাবচর স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২৭৭. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে চার, না-অনন্তরে তিন, না-সমনন্তরে, না-অন্যোন্যে, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে চার, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. নিশ্রয়বার

(অপর দুটি গণনা ও নিশ্রয়বার অনুরূপভাবে পাঠ করতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

২৭৮. (১) অরূপাবচর ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। অরূপাবচর একটি ধর্মকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) না-অরূপাবচর ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর ধর্ম উৎপন্ন হয়। না-অরূপাবচর একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(অনুলোম গণনা)—হেতুতে দুই... অবিগতে দুই।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে দুই, না-আসেবনে দুই, না-কর্মে দুই, না-বিপাকে দুই, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে দুই।

৬. প্রত্যয়বার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুটি গণনা ও সম্প্রযুক্তবার পাঠ করতে হবে)।

৭. প্রশ্নবার

১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

২৭৯. (১) অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরূপাবচর হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে...।

(২) অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরূপাবচর হেতুসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

হয়।

(৩) অরূপাবচর ধর্ম অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরূপাবচর হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-অরূপাবচর হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে...।

আলম্বন-প্রত্যয় (৩)

২৮০. (১) অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অরূপাবচর ধ্যানী) আকাশ-অনন্ত-আয়তনকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, বিজ্ঞান-অনন্ত-আয়তনকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আকিঞ্চন-আয়তনকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। অরূপাবচর স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মজ্ঞানে গুরুত্বের সঙ্গে দর্শন করেন, আস্বাদ উপভোগ করেন, অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। চিত্তপর্যায়-জ্ঞানের সাহায্যে অরূপাবচর চিত্তসম্পন্ন (১২ প্রকার অরূপাবচর চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। অরূপাবচর স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পুণ্যাকাক্ষী ব্যক্তি) বদান্যতা প্রদর্শন করে, দুঃশীলতা বর্জন করে, অষ্টাঙ্গ উপোসথকর্ম সম্পাদন করে তা স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত কুশল কর্মসমূহ গুরুত্বে সাথে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের

এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ পরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অপরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আসক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-অরূপাবচর স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মজ্ঞানে দর্শন করেন, আস্বাদ উপভোগ করেন, অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের সাহায্যে শব্দ শ্রবণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা না-অরূপাবচর চিত্তসমন্বিত (৫৪ কামাবচর চিত্ত, ১৫ রূপাবচর চিত্ত ও ৮ লোকোত্তর চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... না-অরূপাবচর স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৪)

২৮১. (১) অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অরূপাবচর-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আকাশ-অনন্ত-আয়তনকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। অরূপাবচর স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ার ফলে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অরূপাবচর-অধিপতি চিত্ত-সমুত্থিত-রূপসমূহের...।

(৩) অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরূপাবচর-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৮২. (৪) না-অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল আচরণ করে, উপোসথকর্ম সম্পাদন করে একে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত কুশল কর্মাদিকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে

উত্থানপূর্বক ধ্যানকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-অরূপাবচর স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ার ফলে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-অরূপাবচর-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয়াদি

২৮৩. (১) অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অরূপাবচর স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অরূপাবচর স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরূপাবচর চ্যুতি-চিত্ত (মৃত্যুর পূর্ব চিত্তক্ষণ) না-অরূপাবচর প্রতিসন্ধি-চিত্তের (পুনরুৎপত্তি-চিত্তের), অরূপাবচর ভবাঙ্গ আবর্তন-চিত্তের, অরূপাবচর স্কন্ধসমূহ না-অরূপাবচর উত্থানের, নিরোধসমাপত্তি ধ্যান হতে উত্থানরত ধ্যানীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৮৪. (৩) না-অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী না-অরূপাবচর স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-অরূপাবচর স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূ... অনুলোম ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-অরূপাবচর চ্যুতি-চিত্ত অরূপাবচর প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-অরূপাবচর স্কন্ধসমূহ অরূপাবচর উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকাশ-অনন্ত-আয়তনের পরিকর্ম আকাশ-অনন্ত-আয়তনের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তনের... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের পরিকর্ম নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ)... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত)।

উপনিশ্রয়-প্রত্যয় (৪)

২৮৫. (১) অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিজ্ঞান-অনন্ত-আয়তন আকিঞ্চন-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অরূপাবচর শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল... উপোসথকর্ম সম্পাদন করেন, না-অরূপাবচর ধ্যান, বিদর্শন-জ্ঞান, মার্গ-জ্ঞান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) অরূপাবচর শীল... প্রজ্ঞাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। এ'হেতুতে অরূপাবচর শ্রদ্ধা... প্রজ্ঞা না-অরূপাবচর শ্রদ্ধার... প্রজ্ঞার... রাগের... প্রার্থনার... কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৮৬. (৩) না-অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** না-অরূপাবচর (কামাবচর, রূপাবচর ও লোকোত্তর) শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল... উপোসথকর্ম সম্পাদন করেন, না-অরূপাবচর ধ্যান, বিদর্শন-জ্ঞান মার্গ-জ্ঞান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করে। (অনুরূপভাবে) না-অরূপাবচর শীল, প্রজ্ঞা, রাগ, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু (তাপ বা শীত-উষ্ণতা), ভোজন (আহার), শয়নাসনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, প্রাণিবধ করেন... সংঘভেদ করেন। সেই কারণবশত না-অরূপাবচর শ্রদ্ধা... শয়নাসন না-অরূপাবচর শ্রদ্ধার... প্রার্থনার... কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আকাশ-অনন্ত-আয়তনের পরিকর্ম (ধ্যান চিত্ত উৎপত্তির পূর্বাবস্থা বা প্রস্তুত হবার চিত্ত) আকাশ-অনন্ত-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের পরিকর্ম নৈব-সংজ্ঞা-না-

সংজ্ঞা-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয়াদি

২৮৭. (১) না-অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ বা প্রাকৃতজনেরা) চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রের সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের সাহায্যে শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু না-অরূপাবচর স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অরূপাবচর স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

কর্ম-প্রত্যয় (৪)

২৮৮. (১) অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)...।

(২) অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরূপাবচর চেতনা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অরূপাবচর ধর্ম অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরূপাবচর চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মেও কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-অরূপাবচর চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

বিপাক-প্রত্যয়াদি

২৮৯. (১) অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(২) না-অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), মার্গ-

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৩)

২৯০. (১) অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) না-অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) না-অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অরূপাবচর স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয়াদি

২৯১. (১) অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি একবিধ)—**সহজাত :**...।

(২) অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত...।

(৩) অরূপাবচর ধর্ম অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত :** (সংক্ষিপ্ত)।

(৪) না-অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) না-অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অরূপাবচর ধর্মসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৯২. (৬) অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মসমূহ অরূপাবচর ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** অরূপাবচর একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...।

(৭) অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মসমূহ না-অরূপাবচর ধর্মের। (এটি চতুর্বিধ)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অরূপাবচর স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** অরূপাবচর স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** অরূপাবচর স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপকায়ের আয়ু) কর্ম-সমুত্থিত-

রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

২৯৩. হেতুতে চার, আলম্বনে তিন, অধিপতিতে চার, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে তিন, কর্মে চার, বিপাকে দুই, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে সাত।

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৭)

২৯৪. (১) অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অরূপাবচর ধর্ম অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৯৫. (৪) না-অরূপাবচর ধর্ম না-অরূপাবচর ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-অরূপাবচর ধর্ম অরূপাবচর ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মসমূহ অরূপাবচর ধর্মের সহজাত, পূর্বজাত।

(৭) অরূপাবচর এবং না-অরূপাবচর ধর্মসমূহ না-অরূপাবচর ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২৯৬. না-হেতুতে সাত, না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-

অনন্তরে সাত, না-সমনন্তরে সাত, না-আলম্বনে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-নিশ্রয়ে পাঁচ, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে সাত... না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে চার, না-অস্তিতে চার, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

২৯৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে চার, না-অনন্তরে, না-সমনন্তরে চার, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে চার... না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

২৯৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, অধিপতিতে চার (অনুলোম মাতিকা করণীয়)... অবিগতে সাত।

[অরূপাবচরদ্বিক সমাপ্ত]

৯৬. জীবন পর্যায়ব্যাপী-দ্বিক
১-৭. প্রতীত্যবারাদি

২৯৯. (১) জীবন পর্যায়ব্যাপী[১] (পর্যায়পন্ন অর্থাৎ লোকীয়) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা জীবন পর্যায়ব্যাপী ধর্ম উৎপন্ন হয়। জীবন পর্যায়ব্যাপী একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (জীবন পর্যায়ব্যাপী) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...। (ক্ষুদ্রান্তরদ্বিকে লৌকিকদ্বিক যেভাবে আলোচনা করা হয়েছে তদ্রূপভাবে এই জীবন পর্যায়ব্যাপীদ্বিকও জানতে হবে, নির্ণয় না-না-করণীয়)।

[জীবন পর্যায়ব্যাপীদ্বিক সমাপ্ত]

৯৭. নিয়্যানিক-দ্বিক
১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

৩০০. (১) নিয়্যানিক[২] (নির্বাণে উপনীতকারী) ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা

---

[১]। ৮১ লোকীয় চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক ও ২৮ প্রকার রূপ জীবন পর্যায়ব্যাপী ধর্ম এবং ৮ লোকোত্তর চিত্ত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ না-জীবন পর্যায়ব্যাপী ধর্ম।

[২]। ৪ মার্গ চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক নিয়্যানিক ধর্ম।

নিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। নিয়্যানিক একটি স্কন্ধবশত তিনটি (নিয়্যানিক) স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) নিয়্যানিক ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক[১] (নির্বাণে উপনীতকারী নহে) ধর্ম উৎপন্ন হয়। নিয়্যানিক স্কন্ধসমূহবশত চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) নিয়্যানিক ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মসমূহ উৎপন্ন হয়। নিয়্যানিক একটি স্কন্ধবশত তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

(৪) অনিয়্যানিক ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। অনিয়্যানিক একটি স্কন্ধবশত তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহবশত (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে...।

(৫) নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। নিয়্যানিক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহবশত চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৩০১. হেতুতে পাঁচ, আলম্বনে দুই, অধিপতিতে পাঁচ, অনন্তরে, সমনন্তরে দুই, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয় দুই, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে দুই, কর্মে পাঁচ, বিপাকে এক, আহারে পাঁচ... অবিগতে পাঁচ।

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (১), না-আলম্বন-প্রত্যয় (৩)

৩০২. (১) অনিয়্যানিক ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। অনিয়্যানিক একটি অহেতুক স্কন্ধবশত তিনটি (অনিয়্যানিক) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহবশত (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুবশত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বিস্তারিত বুঝতে হবে) বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহবশত বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। না-আলম্বন-প্রত্যয় দ্বারা... (তিন)।

---

[১]। ৮১ লোকীয় চিত্ত, ৪ ফল চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অনিয়্যানিক ধর্ম।

না-অধিপতি-প্রত্যয়াদি

৩০৩. (১) নিয়্যানিক ধর্মবশত না-অধিপতি-প্রত্যয় দ্বারা নিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। নিয়্যানিক স্কন্ধসমূহবশত নিয়্যানিক-অধিপতি উৎপন্ন হয়।

(২) অনিয়্যানিক ধর্মবশত না-অধিপতি-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। অনিয়্যানিক একটি স্কন্ধবশত তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বিস্তার করণীয়)। না-অনন্তর-প্রত্যয় দ্বারা, না-সমনন্তর-প্রত্যয় দ্বারা, না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা...।

না-পূর্বজাত-প্রত্যয় (৪)

৩০৪. (১) নিয়্যানিক ধর্মবশত না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা নিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে নিয়্যানিক একটি স্কন্ধকে...।

(২) নিয়্যানিক ধর্মবশত না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। নিয়্যানিক স্কন্ধসমূহবশত চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) অনিয়্যানিক ধর্মবশত না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে অনিয়্যানিক একটি স্কন্ধবশত তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অনিয়্যানিক স্কন্ধসমূহবশত চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বুঝতে হবে)।

(৪) নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মবশত না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। নিয়্যানিক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহবশত চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৩০৫. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে দুই, না-অনন্তরে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে এক, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

২. সহজাতবার

(অপর দুটি গণনা ও সহজাতবার অনুরূপভাবে বিস্তৃত করতে হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৩০৬. (১) নিয়্যানিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা নিয়্যানিক ধর্ম

উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) নিয়্যানিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-নিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৩) নিয়্যানিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা নিয়্যানিক এবং না-নিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) অনিয়্যানিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। অনিয়্যানিক একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত জানা উচিত) (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনিয়্যানিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) অনিয়্যানিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা নিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে নিয়্যানিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অনিয়্যানিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে নিয়্যানিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

৩০৭. (৭) নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা নিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। নিয়্যানিক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুই স্কন্ধ এবং...।

(৮) নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। নিয়্যানিক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৯) নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মসমূহ উৎপন্ন হয়। নিয়্যানিক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... নিয়্যানিক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৩০৮. হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে নয়, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে নয়, অন্যোন্যে চার, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে চার, আসেবনে চার, কর্মে নয়, বিপাকে এক... অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

৩০৯. (১) অনিয়্যানিক ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। অনিয়্যানিক একটি অহেতুক স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বুঝতে হবে) চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক অনিয়্যানিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয়াদি

৩১০. (১) নিয়্যানিক ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়...।

(২) অনিয়্যানিক ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা নিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়...।

(৩) নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা নিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়...।

(১) নিয়্যানিক ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা নিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। নিয়্যানিক স্কন্ধসমূহকে আশ্রয় করে নিয়্যানিক-অধিপতি উৎপন্ন হয়।

(২) অনিয়্যানিক ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। অনিয়্যানিক একটি স্কন্ধকে আশ্রয় করে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বুঝতে হবে) চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনিয়্যানিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) অনিয়্যানিক ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা নিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে নিয়্যানিক-অধিপতি উৎপন্ন হয়।

(৪) নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা নিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। নিয়্যানিক স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে নিয়্যানিক-অধিপতি উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৩১১. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে চার, না-অনন্তরে তিন... না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে এক, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. নিশ্রয়বার

(অপর দুটি গণনা ও নিশ্রয়বার অনুরূপভাবে বিস্তৃত করতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

৩১২. (১) নিয়্যানিক ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা নিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। নিয়্যানিক একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) অনিয়্যানিক ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক ধর্ম উৎপন্ন হয়। অনিয়্যানিক একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই (সবক্ষেত্রে দুই), বিপাকে এক... অবিগতে দুই।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে দুই, না-আসেবনে এক, না-কর্মে দুই, না-বিপাকে দুই, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে দুই।

৬. সম্প্রযুক্তবার

(অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার বিস্তৃত করণীয়)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৩১৩. (১) নিয়্যানিক (সংসার হতে উর্ধ্বগতি সম্পন্ন এমন) ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। নিয়্যানিক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) নিয়্যানিক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়।

নিয়্যানিক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) নিয়্যানিক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। নিয়্যানিক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) অনিয়্যানিক (সংসার হতে উর্ধগতি সম্পন্ন নহে এমন) ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। অনিয়্যানিক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৩১৪. (১) নিয়্যানিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানের মাধ্যমে নিয়্যানিক চিত্তসম্পন্ন (৪ প্রকার মার্গ চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। নিয়্যানিক স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের প্রত্যয় হয়।

(৩) অনিয়্যানিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। দান দেন, শীল আচরণ করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। অতঃপর তা স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, ফলের, আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। আর্যগণ পরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অপরিত্যক্ত স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, অনিয়্যানিক স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের সাহায্যে শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা অনিয়্যানিক চিত্তসম্পন্ন (৮১ প্রকার লোকীয় চিত্ত ও ৪ প্রকার ফলচিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন আলম্বন-প্রত্যয়ের দ্বারা নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... রূপ-আয়তন আলম্বন-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন আলম্বন-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের... অনিয়্যানিক স্কন্ধসমূহ

আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের প্রত্যয় হয়।

(৩) অনিয়্যানিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা মার্গের প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

৩১৫. (১) নিয়্যানিক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** নিয়্যানিক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) নিয়্যানিক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন।

সহজাত-অধিপতি : নিয়্যানিক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) নিয়্যানিক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। নিয়্যানিক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

৩১৬. (৪) অনিয়্যানিক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল পালনে রত থেকে, উপোসথকর্ম সম্পাদন করে। একে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করে। একে প্রাধান্য দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত কুশল কর্মাদিকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অনিয়্যানিক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি (বিপরীতদর্শন) উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অনিয়্যানিক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৫) অনিয়্যানিক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়।

আলম্বন-অধিপতি : নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা মার্গের প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয়াদি

৩১৭. (১) নিয়্যানিক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। মার্গ অনন্তর-প্রত্যয়ের দ্বারা ফলের প্রত্যয় হয়।

(২) অনিয়্যানিক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অনিয়্যানিক স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী অনিয়্যানিক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনুলোম অনন্তর-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, অনুলোম অনন্তর-প্রত্যয়ের দ্বারা বিশুদ্ধির, ফল অনন্তর-প্রত্যয়ের দ্বারা ফলের, অনুলোম অনন্তর-প্রত্যয়ের দ্বারা ফল-সমাপত্তির, নিরোধসমাপত্তি ধ্যান হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন অনন্তর-প্রত্যয়ের দ্বারা ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৩) অনিয়্যানিক ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়... গোত্রভূ অনন্তর-প্রত্যয়ের দ্বারা মার্গের, বিশুদ্ধি অনন্তর-প্রত্যয়ের দ্বারা মার্গের প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত)।

উপনিশ্রয়-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৩১৮. (১) নিয়্যানিক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ (স্রোতাপত্তি) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা দ্বিতীয় মার্গের (সকৃদাগামীর) প্রত্যয় হয়... তৃতীয় মার্গ (অনাগামী) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) প্রত্যয় হয়।

(২) নিয়্যানিক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আর্যগণ মার্গ-জ্ঞানকে উপনিশ্রয় করে অনুৎপন্ন সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, উৎপন্ন (সমাপত্তি-ধ্যানে) অধিষ্ঠিত থাকেন, সমস্ত সংস্কারকে (জাগতিক করণোৎপন্ন বিষয়কে) অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে অবলোকন করেন। মার্গ-জ্ঞান উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা ক্ষীণাসব অর্হৎগণের অর্থ-প্রতিসম্ভিদার (অর্থের বিশ্লেষণাত্মক জ্ঞানের), ধর্ম-প্রতিসম্ভিদার (ধর্মের বিশ্লেষণাত্মক জ্ঞানের), নিরুক্তি-প্রতিসম্ভিদার (ভাষার বিশ্লেষণাত্মক জ্ঞানের), প্রতিভান-প্রতিসম্ভিদার (অর্থ-ধর্ম-ভাষার বিশ্লেষণাত্মক জ্ঞানের) এবং দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের প্রত্যয় হয়। মার্গ-জ্ঞান উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

৩১৯. (৩) অনিয়্যানিক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অনিয়্যানিক (বিমুক্তিদায়ক নহে তাদৃশ) শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল... উপোসথকর্ম সম্পাদন করেন, ধ্যান-সুখ, বিদর্শন-জ্ঞান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (একইভাবে) অনিয়্যানিক শীল, প্রজ্ঞা, রাগ, প্রার্থনা, ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। সেই কারণে অনিয়্যানিক শ্রদ্ধা... শয্যাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক শ্রদ্ধার... প্রার্থনার... কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৪) অনিয়্যানিক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গের (স্রোতাপত্তির) পরিকর্ম (প্রস্তুতি) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রথম মার্গের (স্রোতাপত্তির) প্রত্যয় হয়... চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) পরিকর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয়াদি

৩২০. অনিয়্যানিক ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়... (দুই) (অরূপদ্বিক সদৃশ জানতে হবে), পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)... আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

কর্ম-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৩২১. (১) নিয়্যানিক (বিমুক্তিদায়ক তাদৃশ) ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। নিয়্যানিক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) নিয়্যানিক ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক (বিমুক্তিদায়ক নহে তাদৃশ) ধর্মের প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** নিয়্যানিক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** নিয়্যানিক চেতনা (অর্থাৎ মার্গ চিত্ত) কর্ম-প্রত্যয়ের দ্বারা ফলের প্রত্যয় হয়।

(৩) নিয়্যানিক ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। নিয়্যানিক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) নিয়্যানিক ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** (সংক্ষিপ্ত)। **নানাক্ষণিক :** অনিয়্যানিক চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (অরূপদ্বিক সদৃশ জানতে হবে), অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত) (অরূপদ্বিক সদৃশ জানতে হবে, আমসনসহ নানাপদের ক্ষেত্রেও একই)... নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৩২৩. হেতুতে চার, আলম্বনে তিন, অধিপতিতে পাঁচ, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে দুই, কর্মে চার, বিপাকে এক, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে সাত।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৭)

৩২৪. (১) নিয়্যানিক ধর্ম সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়।

(২) নিয়্যানিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়।

(৩) নিয়্যানিক ধর্ম সহজাত-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়।

৩২৫. (৪) অনিয়্যানিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা অনিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়।

(৫) অনিয়্যানিক ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা নিয়্যানিক ধর্মের প্রত্যয় হয়।

(৬) নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মসমূহ নিয়্যানিক ধর্মের সহজাত এবং পূর্বজাত।

(৭) নিয়্যানিক এবং অনিয়্যানিক ধর্মসমূহ অনিয়্যানিক ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৩২৬. না-হেতুতে সাত, না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে, না-সমনন্তরে সাত, না-সহজাতে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-নিশ্রয়ে পাঁচ, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে সাত... না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে চার, না-অস্তিতে চার, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৩২৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে চার, না-অনন্তরে, না-সমনন্তরে চার, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে চার... না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৩২৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, অধিপতিতে পাঁচ (অনুলোম মাতিকা ন্যায় বিস্তারিত জানতে হবে)... অবিগতে সাত।

[নিয়্যানিকদ্বিক সমাপ্ত]

৯৮. নিয়তদ্বিক

১-৬. প্রতীত্যবার ইত্যাদি

হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

৩২৯. (১) নিয়ত[১] (নিশ্চিত বা বিশ্বাসযুক্ত) ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা নিয়ত ধর্ম উৎপন্ন হয়। নিয়ত একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি (নিয়ত) স্কন্ধ উৎপন্ন হয়... দুটি (নিয়ত) স্কন্ধকে...।

(২) নিয়ত ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত[২] (অনিশ্চিত বা বিশ্বাসহীন) ধর্ম উৎপন্ন হয়। নিয়ত স্কন্ধসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়

(সংক্ষিপ্ত। পাঁচটি প্রশ্ন করণীয়। যথা নিয়্যানিকদ্বিক তদ্রূপভাবে প্রতীত্যবার, সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবারও জানতে হবে, আমসনের ক্ষেত্রেও কোনো প্রভেদ নেই)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

৩৩০. (১-৪) নিয়ত ধর্ম নিয়ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার) (নিয়্যানিকদ্বিক সদৃশ, কোনো প্রভেদ নেই)।

আলম্বন-প্রত্যয় (৩)

৩৩১. (১) নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নিয়ত পরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নিয়ত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে দেখেন, চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা নিয়ত চিত্তসম্পন্ন (৪ মিথ্যাদৃষ্টি-সম্প্রযুক্ত চিত্তের সপ্তমক্ষণ ও ২ দ্বেষমূলক চিত্তের সপ্তমক্ষণ সম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। নিয়ত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১]। ৪ মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সপ্তমক্ষণ, ২ দ্বেষমূলক চিত্তের সপ্তমক্ষণ, মান ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-২) = চৈতসিক, ৪ মার্গ চিত্ত ও তৎসম্প্রযুক্ত চৈতসিক নিয়ত ধর্ম।

[২]। ৪ মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সপ্তমক্ষণ ব্যতীত ১২ অকুশল চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অনিয়ত ধর্ম।

(২) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন, একে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে অবলম্বন করে অনিয়ত রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যকর্মসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে নির্ভর করে অনিয়ত রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, অনিয়ত দৌর্মনস্য উৎপন্ন হয়। আর্যগণ ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, ফলের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ অনিয়ত পরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অপরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অনুশীলিত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, অনিয়ত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে নির্ভর করে অনিয়ত রাগ... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন... আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অনিয়ত ধর্ম নিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নির্বাণ মার্গের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-জীবি-ইন্দ্রিয় (রূপকায়) মাতৃহত্যাকর্মের, পিতৃহত্যাকর্মের, অর্হৎহত্যাকর্মের, (অপুণ্যচিত্তে তথাগতের পায়ের কণিষ্ঠ আঙ্গুল হতে) রক্তপাত ঘটানোকর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। যেই (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়, সেই (হৃদয়) বাস্তু মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৫)

৩৩২. (১) নিয়ত ধর্ম নিয়ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** নিয়ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** নিয়ত-অধিপতি চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) নিয়ত ধর্ম নিয়ত এবং অনিয়ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** নিয়ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৩৩. (৪) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করে একে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ায় অনিয়ত রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বের... ধ্যান হতে... আর্যগণ ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অনিয়ত স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ায় অনিয়ত রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অনিয়ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনিয়ত ধর্ম নিয়ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** নির্বাণ মার্গের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয়াদি

৩৩৪. (১) নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিয়ত স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অনিয়ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অনিয়ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর, অনুলোম বিশুদ্ধির, ফল ফলের, অনুলোম ফল-সমাপত্তির, নিরোধসমাপত্তি ধ্যান হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অনিয়ত ধর্ম নিয়ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনিয়ত-দৌর্মনস্য (দুই দ্বেষমূলক চিত্তের সপ্তমক্ষণ ব্যতীত দ্বেষচিত্ত) নিয়ত-দৌর্মনস্যের (দুই দ্বেষমূলক চিত্তের সপ্তমক্ষণের) অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনিয়ত-মিথ্যাদৃষ্টি নিয়ত-মিথ্যাদৃষ্টির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের, বিশুদ্ধি মার্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ),

অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত)।

উপনিশ্রয়-প্রত্যয় (৪)

৩৩৫. (১) নিয়ত ধর্ম নিয়ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** মাতৃহত্যাকর্ম মাতৃহত্যাকর্মের... পিতৃহত্যাকর্মের... অর্হৎহত্যাকর্মের... (অপুণ্যচিত্তে তথাগতের বা বুদ্ধের পায়ের কণিষ্ঠ আঙ্গুল হতে) রক্তপাত ঘটানোকর্মের... সংঘভেদকর্মের... নিয়ত-মিথ্যাদৃষ্টির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চক্রবন্ধন করে তৈরি করতে হবে)। প্রথম মার্গ (স্রোতাপত্তি) দ্বিতীয় মার্গের (সকৃদাগামীর)... তৃতীয় মার্গ (অনাগামী) চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** মাতৃহত্যা করে... পিতৃহত্যা করে... অর্হৎহত্যা করে... (অপুণ্যচিত্তে তথাগতের বা বুদ্ধের পায়ের কণিষ্ঠ আঙ্গুল হতে) রক্তপাত ঘটিয়ে... সংঘভেদ করে এর প্রতিকারের জন্য (অর্থাৎ এর বিপাক অপোদনার্থে) দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। আর্যগণ মার্গকে উপনিশ্রয় করে অনুৎপন্ন সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, উৎপন্ন (সমাপত্তি-ধ্যানে) অধিষ্ঠিত থাকেন। মার্গ-জ্ঞান ক্ষীণাসব অর্হৎগণের অর্থ-প্রতিসম্ভিদার (অর্থের বিশ্লেষণাত্মক জ্ঞানের), ধর্ম-প্রতিসম্ভিদার (ধর্মের বিশ্লেষণাত্মক জ্ঞানের), নিরুক্তি-প্রতিসম্ভিদার (ভাষার বিশ্লেষণাত্মক জ্ঞানের), প্রতিভান-প্রতিসম্ভিদার (বিভিন্ন বিষয় সম্বন্ধে বিশ্লেষণাত্মক জ্ঞানের) এবং দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৩৬. (৩) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অনিয়ত শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল... উপোসথকর্ম সম্পাদন করেন, ধ্যান-সুখ, বিদর্শন-জ্ঞান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) অনিয়ত শীল, প্রজ্ঞা, রাগ, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, প্রাণিহত্যা করেন... নিগম লুণ্ঠন করেন। এই কারণবশত অনিয়ত শ্রদ্ধা... শয্যাসন অনিয়ত শ্রদ্ধা... প্রার্থনা... কায়িক সুখের, কায়িক দুঃখের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনিয়ত ধর্ম নিয়ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অনিয়ত রাগকে উপনিশ্রয় করে মাতৃহত্যা করে... সংঘভেদ করে। (একইভাবে) অনিয়ত দ্বেষ... শয্যাসনকে উপনিশ্রয় করে মাতৃহত্যা করেন... সংঘভেদ করেন। এই কারণবশত অনিয়ত রাগ, দ্বেষ... শয্যাসন মাতৃহত্যাকর্মের... সংঘভেদকর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম মার্গের পরিকর্ম প্রথম মার্গের... চতুর্থ মার্গের পরিকর্ম চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয়াদি

৩৩৭. (১) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত (সংক্ষিপ্ত)।

(২) অনিয়ত ধর্ম নিয়ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপকায়) মাতৃহত্যাকর্মের, পিতৃহত্যাকর্মের, অর্হৎহত্যাকর্মের, (অপুণ্য-চিত্তে তথাগতের পায়ের কণিষ্ঠ আঙ্গুল হতে) রক্তপাত ঘটানোকর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু নিয়ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)... আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

কর্ম-প্রত্যয় (৪)

৩৩৮. (১) নিয়ত ধর্ম নিয়ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিয়ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** নিয়ত চেতনা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** নিয়ত চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) নিয়ত ধর্ম নিয়ত এবং অনিয়ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিয়ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সহজাত, নানাক্ষণিক। সংক্ষিপ্ত)। বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার),

ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (অরূপদ্বিক সদৃশ জানতে হবে), অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত) (অরূপাবচরদ্বিক সদৃশ জানতে হবে), নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত),।

১. প্রত্যয় : অনুলোম
২. গণনা অধ্যায় (একক)

৩৩৯. হেতুতে চার, আলম্বনে তিন, অধিপতিতে পাঁচ, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে দুই, কর্মে চার, বিপাকে এক, আহারে চার, ইন্দ্রিয়ে, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে সাত।

২. প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৭)

৩৪০. (১) নিয়ত ধর্ম নিয়ত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) নিয়ত ধর্ম নিয়ত এবং অনিয়ত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৪১. (৪) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনিয়ত ধর্ম নিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) নিয়ত এবং অনিয়ত ধর্মসমূহ নিয়ত ধর্মের সহজাত এবং পূর্বজাত।

(৭) নিয়ত এবং অনিয়ত ধর্মসমূহ অনিয়ত ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৩৪২. না-হেতুতে সাত, না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে, না-সমনন্তরে সাত, না-সহজাতে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-নিশ্রয়ে পাঁচ, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে সাত... না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে চার, না-অস্তিতে চার, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৩৪৩. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে চার, না-অনন্তরে, না-সমনন্তরে চার, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে চার... না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৩৪৪. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, অধিপতিতে পাঁচ (অনুলোম মাতিকা বিস্তৃত করতে হবে)... অবিগতে সাত।

[নিয়তদ্বিক সমাপ্ত]

৯৯. সউত্তরদ্বিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি

৩৪৫. সউত্তর[১] (যার শেষ আছে তাদৃশ) ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা সউত্তর ধর্ম উৎপন্ন হয়। সউত্তর একটি স্কন্ধকে অবলম্বন করে তিনটি (সউত্তর) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধি গ্রহণকালে...। (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত করণীয়। ক্ষুদ্রান্তরদ্বিকে লৌকিকদ্বিকের আলোচনার সাথে মিলিয়ে বিস্তারিত জানতে হবে, কোনো প্রভেদ নেই)।

[সরণদ্বিক সমাপ্ত]

---

[১]। ৮১ লোকীয় চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক ও ২৮ প্রকার রূপ সউত্তর ধর্ম এবং ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ অনুত্তর ধর্ম।

১০০. সরণদ্বিক

১. প্রতীত্যবার

১-৪. প্রত্যয় : অনুলোম—হেতু-প্রত্যয় (৫)

৩৪৬. (১) সরণ[১] (রণযুক্ত বা অশান্ত) ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা সরণ ধর্ম উৎপন্ন হয়। সরণ একটি স্কন্ধবশত তিনটি (সরণ) স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...। (অরূপাবচরদ্বিক সদৃশ পাঁচটি প্রশ্ন জানতে হবে, অনুলোমকে প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে দুই, অধিপতিতে পাঁচ... অবিগতে পাঁচ।

[অনুলোম সমাপ্ত]

(১) সরণ ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা সরণ ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহবশত বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) অরণ[২] (রণবিহীন বা শান্ত) ধর্মবশত না-হেতু-প্রত্যয় অরণ ধর্ম উৎপন্ন হয়। অহেতুক (হেতু-প্রত্যয়বিরহিত এমন) অরণ একটি স্কন্ধবশত তিনটি (অরণ) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে দুই, না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

২. সহজাতবার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এ দুটি গণনা ও সহজাতবার অনুরূপভাবে জানতে হবে)।

---

[১]। রাগাদি ক্লেশ এবং ২৮ প্রকার রূপ সত্ত্বগণকে রণ বা পীড়া প্রদান করে বা বিলাপের কারণ হয় বলে রণ। তজ্জন্য সত্ত্বগণ ক্রন্দন করে বলে রণ। ১২ অকুশল চিত্ত, তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক সরণ ধর্ম।

[২]। রাগাদি ক্লেশশূন্য বিধায় অরণ। দুঃখদায়ক বা পীড়াদায়ক বা বিলাপের কারণ নহে বলে অরণ। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অরণ ধর্ম।

৩. প্রত্যয়বার—১-৪. প্রত্যয়-চতুষ্ক

৩৪৭. (১) সরণ ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ ধর্ম উৎপন্ন হয়। সরণ একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... (অরূপাবচরদ্বিকের প্রত্যয়বারের ন্যায় এস্থলেও তদ্রূপভাবে জানতে হবে)।

(অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

৩৪৮. (১) সরণ ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সরণ ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) অরণ ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা অরণ ধর্ম উৎপন্ন হয়। অহেতুক অরণ একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়) চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক স্কন্ধসমূহ।

(৩) অরণ ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সরণ ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৪) সরণ এবং অরণ ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সরণ ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে চার, না-অন্যোন্যে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৪-৫. নিশ্রয়-সংশ্লিষ্টবার

(অপর দুটি গণনা ও নিশ্রয়বার তদ্রূপভাবে জানতে হবে, সংশ্লিষ্টবারে সর্বত্র দুটি প্রশ্ন জানতে হবে)।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই (সর্বত্র দুই), বিপাকে এক, অবিগতে দুই।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে দুই, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে দুই, না-আসেবনে দুই, না-কর্মে দুই, না-বিপাকে দুই, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে দুই।

৬. সম্প্রযুক্তবার

(অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার ও তদ্রূপভাবে জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

৩৪৯. (১-৪) সরণ ধর্ম সরণ ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অরূপদ্বিক সদৃশ জ্ঞাতব্য, চার)।

আলম্বন-প্রত্যয় (৪)

৩৫০. (১) সরণ (অশান্ত বা বিলাপযুক্ত) ধর্ম সরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রাগকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে নিশ্রয় করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। (অনুরূপভাবে) মিথ্যাদৃষ্টিকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে নিশ্রয় করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। বিচিকিৎসাকে নিশ্রয় করে... ঔদ্ধত্যকে নিশ্রয় করে... দৌর্মনস্য নিশ্রয় করে দৌর্মনস্য, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য উৎপন্ন হয়।

(২) সরণ ধর্ম অরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ পরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অপরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অনুশীলিত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, সরণ স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন। চিত্তপর্যায়-জ্ঞানের মাধ্যমে সরণ চিত্তসমন্বিত (১২ অকুশল চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। সরণ স্কন্ধসমূহ চিত্তপর্যায় জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৫১. (৩) অরণ (শান্ত বা বিলাপহীন) ধর্ম অরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে, একে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। পূর্বে সম্পাদিত পুণ্যময় কুশলকর্মাদিকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ

গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অরণ স্কন্ধসমূহকে অনিত্য দুঃখ ও অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন। দিব্যনেত্রের মাধ্যমে রূপ দর্শন করেন... অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অরণ ধর্ম সরণ ধর্মের আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান... শীল... উপোসথকর্ম সম্পাদন করে একে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে নিশ্রয় করে রাগ উৎপন্ন করেন... পূর্বে... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, অরণ স্কন্ধসমূহকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে নিশ্রয় করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৫)

৩৫২. (১) সরণ ধর্ম সরণ ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** রাগকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয়... মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। (অনুরূপভাবে) মিথ্যাদৃষ্টিকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। **সহজাত-অধিপতি :** সরণ-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সরণ ধর্ম অরণ ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সরণ-অধিপতি চিত্ত-সমুত্থিত (চিত্তজ বা চিত্ত হতে উৎপন্ন) রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সরণ ধর্ম সরণ এবং অরণ ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সরণ-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৫৩. (৪) অরণ ধর্ম অরণ ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। পূর্বে... ধ্যান হতে... আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। (অনুরূপভাবে) ফল... নির্বাণকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অরণ-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অরণ ধর্ম সরণ ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান কার্য করে, শীল আচরণ করে, উপোসথকর্ম সম্পাদন করে একে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয়... মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বের সুচরিতসমূহকে... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, অরণ স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করে। একে গুরুত্ব দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয়... মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় ইত্যাদি

৩৫৪. (১) সরণ ধর্ম সরণ ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সরণ স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সরণ স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সরণ ধর্ম অরণ ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সরণ স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৫৫. (৩) অরণ ধর্ম অরণ ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অরণ স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অরণ স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অরণ ধর্ম সরণ ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্তের সরণ স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত)।

উপনিশ্রয়-প্রত্যয় (৪)

৩৫৬. (১) সরণ ধর্ম সরণ ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** রাগকে উপনিশ্রয় করে (অর্থাৎ রাগবশে) প্রাণিহত্যা করে... সংঘভেদ করে। (অনুরূপভাবে) দ্বেষ... প্রার্থনাকে উপনিশ্রয় করে প্রাণিহত্যা করে... সংঘভেদ করে। এ'হেতুতে রাগ... প্রার্থনা রাগের... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সরণ ধর্ম অরণ ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় দ্বিবিধ)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** রাগকে উপনিশ্রয় করে দান দেন, শীলকে... উপোসথকর্ম সম্পাদন করেন,

ধ্যান, বিদর্শন-জ্ঞান, মার্গ-জ্ঞান, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। (অনুরূপভাবে) দ্বেষকে... প্রার্থনাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। এই হেতুতে রাগ... প্রার্থনা শ্রদ্ধার... প্রজ্ঞার... কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৫৭. (৩) অরণ ধর্ম অরণ ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে (অর্থাৎ শ্রদ্ধাবশে) দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল... প্রজ্ঞা... কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। এ হেতুতে শ্রদ্ধা... শয্যাসন শ্রদ্ধার... প্রজ্ঞার... কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অরণ ধর্ম সরণ ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে প্রাণিহত্যা করেন... সংঘভেদ করেন। সেই কারণে শ্রদ্ধা... শয্যাসন রাগ... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় ইত্যাদি

৩৫৮. (১) অরণ ধর্ম অরণ ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ কিংবা প্রাকৃতজনেরা) চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দেখেন... দিব্যচক্ষুর সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের সাহায্যে শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু অরণ স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অরণ ধর্ম সরণ ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে নিশ্রয় করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সরণ স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের

দ্বারা প্রত্যয় হয়... (দুই), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

কর্ম-প্রত্যয় (৪)

৩৫৯. (১) সরণ ধর্ম সরণ ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সরণ চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সরণ ধর্ম অরণ ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** সরণ চেতনা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** সরণ চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সরণ ধর্ম সরণ এবং অরণ ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সরণ চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অরণ ধর্ম অরণ ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** (সংক্ষিপ্ত)। বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (অরূপদ্বিক সদৃশ বিস্তারিত জানতে হবে)।

অস্তি-প্রত্যয় (৭)

৩৬০. (১) সরণ ধর্ম সরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

(২) সরণ ধর্ম সরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) সরণ ধর্ম সরণ এবং অরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

৩৬১. (৪) অরণ ধর্ম অরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) অরণ ধর্ম সরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে অবলম্বন করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য (মানসিক নিরানন্দতা) উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু সরণ স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সরণ এবং অরণ ধর্মসমূহ সরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত (সংক্ষিপ্ত)।

(৭) সরণ এবং অরণ ধর্মসমূহ অরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** সরণ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** সরণ স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার (ভক্ষণীয় দব্যাদি) এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** সরণ স্কন্ধসমূহ এবং রূপজীবিতেন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৩৬২. হেতুতে চার, আলম্বনে চার, অধিপতিতে পাঁচ, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে দুই, কর্মে চার, বিপাকে এক, আহারে এক, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে সাত।

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৭)

৩৬৩. (১) সরণ ধর্ম সরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সরণ ধর্ম অসরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সরণ ধর্ম সরণ এবং অরণ ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৬৪. (৪) অরণ ধর্ম অরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অরণ ধর্ম রণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সরণ এবং অরণ ধর্মসমূহ সরণ ধর্মের সহজাত এবং পূর্বজাত।

(৭) সরণ এবং অরণ ধর্মসমূহ অরণ ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার

এবং ইন্দ্রিয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৩৬৫. না-হেতুতে সাত, না-সমনন্তরে সাত, না-সহজাতে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-নিশ্রয় পাঁচ, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে সাত... না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে চার, না-অস্তিতে চার, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৩৬৬. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে চার... না-সমনন্তরে চার, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে চার... না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৩৬৭. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অধিপতিতে পাঁচ, অনন্তরে চার (অনুলোম মাতিকা গ্রহণ কর্তব্য)... অবিগতে সাত।

[সরণদ্বিক সমাপ্ত]

[পৃষ্ঠদ্বিক সমাপ্ত]

[ধর্মানুলোমেদ্বিক পট্‌ঠান সমাপ্ত]

[ধর্মানুলোমে দ্বিক-ত্রিক পট্‌ঠান সমাপ্ত]

১-১. হেতুদ্বিক-কুশলদ্বিক

১. কুশলপদ

১-৬. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক[১]—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১. (১-৩) হেতু কুশল (জীবনদুঃখের হেতু তৃষ্ণার ক্ষয়কারক ও ধ্বংসসাধক) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতু কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতু কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু কুশল না-হেতু কুশল ধর্মসমূহ উৎপন্ন হয়।

২. (৪-৬) না-হেতু কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়। না-হেতু কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়। না-হেতু কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু কুশল এবং না-হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়।

৩. (৭-৯) হেতু কুশল আর না-হেতু কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতু কুশল আর না-হেতু কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতু কুশল আর না-হেতু কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু কুশল এবং না-হেতু কুশল ধর্মসমূহ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

৪. (১-৯) হেতু কুশল ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

৫. (অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে নয়, আসেবনে নয়, কর্মে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

না-অধিপতি-প্রত্যয় (৯)

৬. (১-৩) হেতু কুশল ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতু কুশল ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা

---

[১]। প্রত্যয়-চতুষ্ক বলতে প্রত্যয়-অনুলোম, প্রত্যয়-প্রতিলোম, প্রত্যয়-অনুলোম-প্রতিলোম ও প্রত্যয়-প্রতিলোম-অনুলোম।

না-হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়। কুশল হেতুধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতু কুশল এবং না-হেতু কুশল ধর্মসমূহ উৎপন্ন হয়।

৭. (৪-৬) না-হেতু কুশল ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা না-হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭-৯) হেতু কুশল আর না-হেতু কুশল ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

না-পূর্বজাত-প্রত্যয় ইত্যাদি

৮. (১-৯) হেতু কুশল ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়... (নয়), না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... (নয়), না-আসেবন-প্রত্যয় দ্বারা... (নয়)।

না-কর্ম-প্রত্যয় (৩)

৯. (১) হেতু কুশল ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়।

(২) না-হেতু কুশল ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়।

(৩) হেতু কুশল আর না-হেতু কুশল ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়।

না-বিপাক-প্রত্যয় ইত্যাদি

১০. (১-৯) হেতু কুশল ধর্মকে ভিত্তি করে না-বিপাক প্রত্যয় দ্বারা হেতু কুশল ধর্ম উৎপন্ন হয়... (নয়)... না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... (নয়)।

১১. (প্রতিলোম গণনা)—না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-বিপ্রযুক্তে নয়।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতুতে নয়, আলম্বনে নয় (সংক্ষিপ্ত)। (সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার ও প্রতীত্যবার সদৃশ বিস্তৃত করতে হবে)।

৭. প্রশ্নবার

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (৩)

১২. (১-৩) হেতু কুশল ধর্ম হেতু কুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। হেতু কুশল ধর্ম না-হেতু কুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

হেতু কুশল ধর্ম হেতু কুশল এবং না-হেতু কুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় ইত্যাদি

১৩. (১-৩) হেতু কুশল ধর্ম হেতু কুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) না-হেতু কুশল ধর্ম না-হেতু কুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) হেতু কুশল এবং না-হেতু কুশল ধর্মসমূহ হেতু কুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

১৪. (১-৩) হেতু কুশল ধর্ম হেতু কুশল ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি... (তিন)।

(৪-৬) না-হেতু কুশল ধর্ম না-হেতু কুশল ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি... (তিন)।

(৭-৯) হেতু কুশল এবং না-হেতু কুশল ধর্মসমূহ হেতু কুশল ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আলম্বন-অধিপতি... (তিন)।

অনন্তর-প্রত্যয় ইত্যাদি

১৫. (১-৯) হেতু কুশল ধর্ম হেতু কুশল ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়, সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৬. (১-৩) হেতু কুশল ধর্ম হেতু কুশল ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়... (তিন)।

(১-৬) না-হেতু কুশল ধর্ম না-হেতু কুশল ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়... (তিন)।

(৭-৯) হেতু কুশল এবং না-হেতু কুশল ধর্মসমূহ হেতু কুশল ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়... (তিন), আসেবন-প্রত্যয় দ্বারা... (নয়)।

১৭. (১-৩) না-হেতু কুশল ধর্ম না-হেতু কুশল ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা

প্রত্যয় হয়। না-হেতু কুশল ধর্ম হেতু কুশল ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-হেতু কুশল ধর্ম হেতু কুশল এবং না-হেতু কুশল ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আহার-প্রত্যয় ইত্যাদি

১৮. (১-৩) না-হেতু কুশল ধর্ম না-হেতু কুশল ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

১৯. (১-৯) হেতু কুশল ধর্ম হেতু কুশল ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

২০. (১-৩) না-হেতু কুশল ধর্ম না-হেতু কুশল ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

২১. (১-৯) হেতু কুশল ধর্ম হেতু কুশল ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

২২. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, আসেবনে নয়, কর্মে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

২৩. (১-৩) হেতু কুশল ধর্ম হেতু কুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

২৪. (৪) না-হেতু কুশল ধর্ম না-হেতু কুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-হেতু কুশল ধর্ম হেতু কুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-হেতু কুশল ধর্ম হেতু কুশল এবং না-হেতু কুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৫. (৭-৯) হেতু কুশল এবং না-হেতু কুশল ধর্মসমূহ হেতু কুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...

উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

২৬. (প্রতিলোম গণনা)—না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়... না-অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন... না-নাস্তিতে তিন, না-বিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়... অবিগতে নয় (সংক্ষিপ্ত) (কুশলত্রিকে প্রশ্নবারে অনুলোম, প্রতিলোম, অনুলোম-প্রতিলোম, প্রতিলোম-অনুলোম গণনার ন্যায় এখানেও গণনা করতে হবে)।

২. অকুশলপদ

১-৬. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয় চতুষ্ক—হেতু-প্রত্যয় (৯)

২৭. (১-৩) হেতু অকুশল (জীবনদুঃখের হেতু তৃষ্ণার জনক ও বৃদ্ধিসাধক) ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা হেতু অকুশল ধর্ম উৎপন্ন হয়। হেতু অকুশল ধর্মবশত না-হেতু অকুশল ধর্ম উৎপন্ন হয়। হেতু অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা হেতু অকুশল এবং না-হেতু অকুশল ধর্মসমূহ উৎপন্ন হয়।

২৮. (৪-৬) না-হেতু অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অকুশল ধর্ম উৎপন্ন হয়। না-হেতু অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা হেতু অকুশল ধর্ম উৎপন্ন হয়। না-হেতু অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা হেতু অকুশল এবং না-হেতু অকুশল ধর্মসমূহ উৎপন্ন হয়।

২৯. (৭-৯) হেতু অকুশল এবং না-হেতু অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা হেতু অকুশল ধর্ম উৎপন্ন হয়। হেতু অকুশল এবং না-হেতু অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অকুশল ধর্ম উৎপন্ন হয়। হেতু অকুশল এবং না-হেতু অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা হেতু অকুশল এবং না-হেতু অকুশল ধর্ম উৎপন্ন হয়।

৩০. (অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়... কর্মে নয়, আহারে নয়... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

না-হেতু-প্রত্যয় (১)

৩১. (১) না-হেতু অকুশল ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা হেতু অকুশল ধর্ম উৎপন্ন হয়।

না-অধিপতি-প্রত্যয় ইত্যাদি

৩২. (১-৯) হেতু অকুশল ধর্মবশত না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতু অকুশল

ধর্ম উৎপন্ন হয়... (নয়)।

(১) হেতু অকুশল ধর্মবশত না-কর্ম-প্রত্যয় দ্বারা না-হেতু অকুশল ধর্ম উৎপন্ন হয়।

(২) না-হেতু অকুশল ধর্মবশত না-কর্ম-প্রত্যয় দ্বারা না-হেতু অকুশল ধর্ম উৎপন্ন হয়।

(৩) হেতু অকুশল এবং না-হেতু অকুশল ধর্মবশত না-কর্ম-প্রত্যয় দ্বারা হেতু অকুশল ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৩৩. (প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-বিপ্রযুক্তে নয়।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক (সংক্ষিপ্ত)। (সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার, প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

৭. প্রশ্নবার

প্রত্যয় চতুষ্ক—হেতু-প্রত্যয় (৩)

৩৪. (১-৩) হেতু অকুশল ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়। হেতু অকুশল ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা না-হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়। হেতু অকুশল ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা হেতু অকুশল এবং না-হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় ইত্যাদি

৩৫. (১-৩) হেতু অকুশল ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) না-হেতু অকুশল ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) হেতু অকুশল এবং না-হেতু অকুশল ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

৩৬. (১-৩) হেতু অকুশল ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়। আলম্বন-অধিপতি... (তিন)।

(৪-৬) না-হেতু অকুশল ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-

অধিপতি... (তিন)।

(৭-৯) হেতু অকুশল এবং না-হেতু অকুশল ধর্মসমূহ অধিপতি-প্রত্যয়ের দ্বারা হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়। আলম্বন-অধিপতি... (তিন)।

৩৭. (১-৩) না-হেতু অকুশল ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়। না-হেতু অকুশল ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়। না-হেতু অকুশল ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা হেতু অকুশল এবং না-হেতু অকুশল ধর্মসমূহের প্রত্যয় হয়।

আহার-প্রত্যয় ইত্যাদি

৩৮. (১-৩) না-হেতু অকুশল ধর্ম আহার-প্রত্যয়ের দ্বারা না-হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

৩৯. (১-৩) না-হেতু অকুশল ধর্ম ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা না-হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

৪০. (১-৩) না-হেতু অকুশল ধর্ম ধ্যান-প্রত্যয়ের দ্বারা না-হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

৪১. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, আসেবনে নয়, কর্মে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে নয়, অস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৯)

৪২. (১) হেতু অকুশল ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা হেতু অকুশল ধর্মের প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

৪৩. (প্রতিলোম গণনা)—না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয়, না-সহজাতে নয়, না-অন্যোন্যে নয়... না-অবিগতে নয়।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোমগণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয় (সংক্ষিপ্ত)।

(কুশলত্রিকে প্রশ্নবারে অনুলোম, প্রতিলোম, অনুলোম-প্রতিলোম, প্রতিলোম-অনুলোম গণনার ন্যায় এখানে অনুরূপভাবে গণনা করতে হবে)।

৩. অব্যাকৃতপদ

১-৬. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় ইত্যাদি

৪৪. (১-৩) হেতু অব্যাকৃত (কুশলও নহে অকুশলও নহে তাদৃশ) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। হেতু অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। হেতু অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু অব্যাকৃত এবং না-হেতু অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয়।

৪৫. (৪-৬) না-হেতু অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৯) হেতু অব্যাকৃত এবং না-হেতু অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

৪৬. (১-৯) হেতু অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

৪৭. (অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে নয়, আসেবনে নয়, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

না-হেতু-প্রত্যয় (১), না-আলম্বন-প্রত্যয় (৩)

৪৮. (১) না-হেতু অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়।

৪৯. (১) হেতু অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়।

(২) না-হেতু অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়।

(৩) হেতু অব্যাকৃত এবং না-হেতু অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়।

না-অধিপতি-প্রত্যয় ইত্যাদি

৫০. (১-৯) হেতু অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (নয়)।

৫১. (১) হেতু অব্যাকৃত হেতুধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-

হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়।

(২) না-হেতু অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়।

(৩) হেতু অব্যাকৃত এবং না-হেতু অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়।

৫২. (১) না-হেতু অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে না-আহার-প্রত্যয় দ্বারা... না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... না-ধ্যান-প্রত্যয় দ্বারা না-হেতু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

৫৩. (প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে নয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক (সংক্ষিপ্ত)। (সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার ও প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জানতে হবে)।

৭. প্রশ্নবার

প্রত্যয় চতুষ্ক—হেতু-প্রত্যয় (৩)

৫৪. (১-৩) হেতু অব্যাকৃত ধর্ম হেতু অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। হেতু অব্যাকৃত ধর্ম না-হেতু অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। হেতু অব্যাকৃত ধর্ম হেতু অব্যাকৃত এবং না-হেতু অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় ইত্যাদি

৫৫. (১-৯) হেতু অব্যাকৃত ধর্ম হেতু অব্যাকৃত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

৫৬. (১-৩) হেতু অব্যাকৃত ধর্ম হেতু অব্যাকৃত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি... (তিন)।

(৪-৬) না-হেতু অব্যাকৃত ধর্ম না-হেতু অব্যাকৃত ধর্মের অধিপতি-প্রত্যয়ের

দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি... (তিন)।

(৭-৯) হেতু অব্যাকৃত এবং না-হেতু অব্যাকৃত ধর্মসমূহ হেতু অব্যাকৃত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (একবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি... (তিন)।

পূর্বজাত-প্রত্যয় ইত্যাদি

৫৭. (১-৩) না-হেতু অব্যাকৃত ধর্ম না-হেতু অব্যাকৃত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

৫৮. (১) হেতু অব্যাকৃত ধর্ম না-হেতু অব্যাকৃত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-হেতু অব্যাকৃত ধর্ম না-হেতু অব্যাকৃত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) হেতু অব্যাকৃত এবং না-হেতু অব্যাকৃত ধর্মসমূহ না-হেতু অব্যাকৃত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৯. (১-৩) না-হেতু অব্যাকৃত ধর্ম না-হেতু অব্যাকৃত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

৬০. (১-৯) হেতু অব্যাকৃত ধর্ম হেতু অব্যাকৃত ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

৬১. না-হেতু অব্যাকৃত ধর্ম না-হেতু অব্যাকৃত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৬২. (১) হেতু অব্যাকৃত ধর্ম না-হেতু অব্যাকৃত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২-৪) না-হেতু অব্যাকৃত ধর্ম না-হেতু অব্যাকৃত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৫) হেতু অব্যাকৃত এবং না-হেতু অব্যাকৃত ধর্মসমূহ না-হেতু অব্যাকৃত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

৬৩. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে নয়, আহারে তিন, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়,

বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৯)

৬৪. (১) হেতু অব্যাকৃত ধর্ম হেতু অব্যাকৃত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) হেতু অব্যাকৃত ধর্ম না-হেতু অব্যাকৃত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) হেতু অব্যাকৃত ধর্ম হেতু অব্যাকৃত এবং না-হেতু অব্যাকৃত আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬৫. (৪) না-হেতু অব্যাকৃত ধর্ম না-হেতু অব্যাকৃত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬৬. (প্রতিলোম গণনা)—না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয় (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্নবারে অনুলোম, প্রতিলোম, অনুলোম-প্রতিলোম, প্রতিলোম-অনুলোম গণনার ন্যায় এখানে অনুরূপভাবে গণনা করতে হবে)।

[হেতুদ্বিক-কুশলত্রিক সমাপ্ত]

১-২. হেতুদ্বিক-বেদনাত্রিক

১. সুখবেদনা-সম্প্রযুক্তপদ

১-৬. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (৯)

৬৭. (১-৩) হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু সুখবেদনা-

সম্প্রযুক্ত এবং না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

৬৮. (৪-৬) না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়।

৬৯. (৭-৯) হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৭০. (অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে নয়, আসেবনে নয়, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়... অবিগতে নয়।

না-হেতু-প্রত্যয় (১), না-অধিপতি-প্রত্যয় (৯)

৭১. (১) না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

৭২. (১-৯) হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।... (সংক্ষিপ্ত)।

৭৩. (প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-ধ্যানে নয়, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে নয়।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক (সংক্ষিপ্ত)। (সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার ও প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জানতে হবে)।

৭. প্রশ্নবার

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয়

৭৪. (১-৩) হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

আলম্বন-প্রত্যয় ইত্যাদি

৭৫. (১-৩) হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

৭৬. (১-৩) হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি... (তিন)।

(৪-৬) না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি... (তিন)।

(৭-৯) হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (একবিধ অধিপতি) : আলম্বন-অধিপতি... (তিন)।

উপনিশ্রয়-প্রত্যয় ইত্যাদি

৭৭. (১-৯) হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়... (নয়) (সংক্ষিপ্ত)।

৭৮. (১-৩) না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

৭৯. (১-৩) না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত

ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)...।

(১-৯) হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

৮০. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে নয়, আহারে তিন, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

প্রতিলোম উদ্ধার (৯)

৮১. (১) হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

৮২. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়... না-অবিগতে নয় (প্রতিলোম)।

হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন (সংক্ষিপ্ত, অনুলোম-প্রতিলোম)।

না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয় (সংক্ষিপ্ত, প্রতিলোম-অনুলোম)।

(কুশলত্রিকে প্রশ্নবারে অনুলোম, প্রতিলোম, অনুলোম-প্রতিলোম, প্রতিলোম-অনুলোম গণনার ন্যায় এস্থলেও অনুরূপভাবে গণনা করণীয়)।

২. দুঃখবেদনা-সম্প্রযুক্তপদ

১. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয়

৮৩. (১-৩) হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয় দ্বারা হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয় দ্বারা হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত এবং না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৪-৬) না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭-৯) হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত এবং না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

৮৪. (অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয় নয়, উপনিশ্রয়

নয়, পূর্বজাতে নয়, আসেবনে নয়, কর্মে নয়, বিপাকে এক, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

না-হেতু-প্রত্যয় (১), না-অধিপতি-প্রত্যয় (৯)

৮৫. (১) না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

৮৬. (১-৯) হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

৮৭. না-হেতুতে এক, না-অধিপতিতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-ধ্যানে এক, না-মার্গে এক (প্রতিলোম)।

হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত, অনুলোম-প্রতিলোম)।

না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক (সংক্ষিপ্ত, প্রতিলোম-অনুলোম)।

(সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার ও প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জানতে হবে)।

৭. প্রশ্নবার

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (৩)

৮৮. (১-৩) হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত এবং না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় ইত্যাদি

৮৯. (১-৩) হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম এবং না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

৯০. (১-৩) না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

৯১. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে তিন, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে এক, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয় (অনুলোম)।

প্রতিলোম সংগ্রহ (৯)

৯২. (১-৯) হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

৯৩. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত, প্রতিলোম)।

হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত, অনুলোম-প্রতিলোম)।

না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয় (সংক্ষিপ্ত, প্রতিলোম-অনুলোম)।

(কুশলত্রিকে প্রশ্নবারে অনুলোম, প্রতিলোম, অনুলোম-প্রতিলোম, প্রতিলোম-অনুলোম গণনার ন্যায় এস্থলেও অনুরূপভাবে গণনা করণীয়)।

৩. অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্তপদ

১-৬. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (৯)

৯৪. (১-৩) হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) না-হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭-৯) হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

৯৫. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে নয়, আসেবনে নয়, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয় (অনুলোম)।

না-হেতু-প্রত্যয় (২), না-অধিপতি-প্রত্যয় (৯)

৯৬. (১-২) না-হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (দুই)।

৯৭. (১-৯) হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

৯৮. না-হেতুতে দুই, না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে নয় (সংক্ষিপ্ত, প্রতিলোম)।

হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত, অনুলোম-প্রতিলোম)।

না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই (সংক্ষিপ্ত, প্রতিলোম-অনুলোম)।

(সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার ও প্রতীত্যবার সদৃশ বিস্তৃত করণীয়)।

৭. প্রশ্নবার

প্রত্যয় চতুষ্ক—হেতু-প্রত্যয় ইত্যাদি

৯৯. (১-৩) হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

১০০. (১-৯) হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

১০১. (১-৩) হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি... (তিন)।

(৪-৬) না-হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি... (তিন)।

(৭-৯) হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আলম্বন-অধিপতি... (তিন)। (আলম্বন-অধিপতি যেমন)...।

উপনিশ্রয়-প্রত্যয় ইত্যাদি

১০২. (১-৯) হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু অদুঃখ-

অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়... (নয়), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

১০৩. (১-৩) না-হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... তিন।

১০৪. হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

১০৫. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয় (অনুলোম)।

প্রতিলোম সংগ্রহ (৯)

১০৬. (১-৯) হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম হেতু অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

১০৭. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সংক্ষিপ্ত, প্রতিলোম)।

হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত, অনুলোম-প্রতিলোম)।

না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয় (সংক্ষিপ্ত, প্রতিলোম-অনুলোম)।

(কুশলত্রিকে প্রশ্নবারে অনুলোম, প্রতিলোম, অনুলোম-প্রতিলোম, প্রতিলোম-অনুলোম গণনার ন্যায় এখানেও অনুরূপভাবে গণনা করণীয়)।

[হেতুদ্বিক-বেদনাত্রিক সমাপ্ত]

১-৩. হেতুদ্বিক-বিপাকত্রিক

১. বিপাকপদ—১-৬. প্রতীত্যবারাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (৯)

১০৮. (১-৩) হেতু বিপাক (ফলদান) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু বিপাক ধর্ম উৎপন্ন হয়। হেতু বিপাক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু বিপাক ধর্ম উৎপন্ন হয়। হেতু বিপাক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু বিপাক এবং না-হেতু বিপাক ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৪-৬) না-হেতু বিপাক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু বিপাক ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭-৯) হেতু বিপাক এবং না-হেতু বিপাক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয়

দ্বারা হেতু বিপাক ধর্ম উৎপন্ন হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

১০৯. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে নয়, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয় (অনুলোম)।

না-হেতু-প্রত্যয় (১), না-অধিপতি-প্রত্যয় (৯)

১১০. (১) না-হেতু বিপাক ধর্মকে ভিত্তি করে না-হেতু না-হেতু-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়।

১১১. (১-৯) হেতু বিপাক ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতু বিপাক ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

১১২. না-হেতুতে এক, না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে নয় (সংক্ষিপ্ত, প্রতিলোম)।

হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত, অনুলোম-প্রতিলোম)।

না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক (সংক্ষিপ্ত, প্রতিলোম-অনুলোম)।

(সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার ও প্রতীত্যবার সদৃশ বিস্তৃত করণীয়)।

৭. প্রশ্নবার

প্রত্যয় চতুষ্ক—হেতু-প্রত্যয়াদি

১১৩. (১-৩) হেতু-প্রত্যয়ের দ্বারা হেতু বিপাক ধর্ম হেতু বিপাক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

১১৪. (৪-৬) আলম্বন-প্রত্যয়ের দ্বারা হেতু বিপাক ধর্ম হেতু বিপাক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-হেতু বিপাক ধর্ম না-হেতু বিপাক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(১-৩) অধিপতি-প্রত্যয়ের দ্বারা হেতু বিপাক এবং না-হেতু বিপাক ধর্মসমূহ হেতু বিপাক ধর্মের প্রত্যয় হয়... (তিন) (তদালম্বনসমূহ লাভ হয়)।

১১৫. (৪-৬) অধিপতি-প্রত্যয়ের দ্বারা হেতু বিপাক ধর্ম হেতু বিপাক ধর্মের প্রত্যয় হয়... (তিন)। (সহজাত-অধিপতিই হয়, আলম্বন-অধিপতি হয় না)...।

উপনিশ্রয়-প্রত্যয়াদি

১১৬. (১) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা হেতু বিপাক ধর্ম হেতু বিপাক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়।

(২) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা হেতু বিপাক ধর্ম না-হেতু বিপাক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়।

(৩) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা হেতু বিপাক ধর্ম হেতু বিপাক এবং না-হেতু বিপাক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়।

(৪-৬) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা না-হেতু বিপাক ধর্ম না-হেতু বিপাক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়... (অপর দুটি প্রশ্ন অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়ের ন্যায় হবে)।

১১৭. (১-৩) কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু বিপাক ধর্ম না-হেতু বিপাক ধর্মের প্রত্যয় হয়... (তিন) (সহজাত (কর্ম), সংক্ষিপ্ত)।

(১-৯) কর্ম-প্রত্যয়ের দ্বারা হেতু বিপাক ধর্ম হেতু বিপাক ধর্মের প্রত্যয় হয়... (নয়)।

(১-৩) আহার-প্রত্যয়ের দ্বারা না-হেতু বিপাক ধর্ম না-হেতু বিপাক ধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

১১৮. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে ছয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, কর্মে তিন, বিপাকে নয়, আহারে তিন, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয় (অনুলোম)।

প্রতিলোম উদ্ধার (৯)

১১৯. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা হেতু বিপাক ধর্ম হেতু বিপাক ধর্মের প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

১২০. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সংক্ষিপ্ত, প্রতিলোম)।

হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত, অনুলোম-প্রতিলোম)।

(কুশলত্রিকে প্রশ্নবারে অনুলোম, প্রতিলোম, অনুলোম-প্রতিলোম, প্রতিলোম-অনুলোম গণনার ন্যায় এখানেও তদ্রূপভাবে গণনা করণীয়)।

২. বিপাকধর্মীপদ

১-৬. প্রতীত্যবারাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (৯)

১২১. (১-৩) হেতু বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হেতু

৪৫. (১-৩) সপ্রীতিক (প্রীতিযুক্ত) কুশল[১] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক কুশল ধর্ম উৎপন্ন হয়। সপ্রীতিক কুশল ধর্মকে আশ্রয় করে অপ্রীতিক কুশল ধর্ম উৎপন্ন হয়। সপ্রীতিক কুশল ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক কুশল এবং অপ্রীতিক কুশল ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৪-৫) অপ্রীতিক কুশল[২] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রীতিক কুশল ধর্ম উৎপন্ন হয়। অপ্রীতিক কুশল ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক কুশল ধর্ম উৎপন্ন হয়।

(৬) সপ্রীতিক কুশল এবং অপ্রীতিক কুশল ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয়

---

[১]। সৌমনস্য-সহগত ৪ মহাকুশল চিত্ত, প্রথমধ্যানে সৌমনস্য-সহগত ৫ চিত্ত, দ্বিতীয়ধ্যানে ৫ চিত্ত, তৃতীয়ধ্যানে ৫ চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক সপ্রীতিক কুশল ধর্ম।

[২]। উপেক্ষা-সহগত মহাকুশল ৪ চিত্ত, চতুর্থধ্যানে ৭ চিত্ত, পঞ্চমধ্যানে ৯ চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৭ চৈতসিক অপ্রীতিক কুশল ধর্ম।

দ্বারা সপ্রীতিক কুশল ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৪৬. (অনুলোম গণনা)—হেতুতে ছয়, (সবটিতে ছয়)... অবিগতে ছয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে ছয়, না-পূর্বজাতে ছয়... না-কর্মে চার, না-বিপ্রযুক্তে ছয় (সংক্ষিপ্ত)।

৪৭. (১-৩) সপ্রীতিক কুশল ধর্ম সপ্রীতিক কুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪) অপ্রীতিক কুশল ধর্ম অপ্রীতিক কুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১-৯) সপ্রীতিক কুশল ধর্ম সপ্রীতিক কুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

৪৮. (অনুলোম গণনা)—হেতুতে চার, আলম্বনে নয়, অধিপতিতে নয় (চার সহজাত-অধিপতি), অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে ছয়... উপনিশ্রয়ে নয়, আসেবনে নয়, কর্মে চার, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে ছয়, মার্গে চার, সম্প্রযুক্তে ছয়, অস্তিতে ছয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে ছয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)-না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয় (সংক্ষিপ্ত)।

(যাদৃশ কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ এখানেও তাদৃশ বিস্তারিত জানতে হবে)।

অকুশলপদ—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৪৯. (১-৩) সপ্রীতিক অকুশল[১] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক অকুশল ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৫) অপ্রীতিক অকুশল[২] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রীতিক অকুশল ধর্ম উৎপন্ন হয়... (দুই)।

(৬-৯) সপ্রীতিক অকুশল এবং অপ্রীতিক অকুশল ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক অকুশল ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

---

[১]। ৪ লোভমূলক চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২১ চৈতসিক সপ্রীতিক অকুশল ধর্ম।

[২]। ৪ লোভমূলক চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ২ মোহমূলক চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২১ চৈতসিক অপ্রীতিক অকুশল ধর্ম।

৫০. (অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে ছয়... অবিগতে ছয় (সংক্ষিপ্ত। কুশল সদৃশ জ্ঞাতব্য। সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ একইভাবে বিস্তারিত জানতে হবে)।

অব্যাকৃতপদ—হেতু-প্রত্যয়

৫১. (১-৩) সপ্রীতিক অব্যাকৃত[১] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) অপ্রীতিক অব্যাকৃত[২] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রীতিক অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭-৯) সপ্রীতিক অব্যাকৃত এবং অপ্রীতিক অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রীতিক অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

৫২. (অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে নয়... পূর্বজাতে ছয়, আসেবনে ছয়... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়... না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়... (সংক্ষিপ্ত। সহজাত অধ্যায় ইত্যাদিও বিস্তৃতব্য)।

৫৩. (১-৪) সপ্রীতিক অব্যাকৃত ধর্ম সপ্রীতিক অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

৫৪. (অনুলোম গণনা)—হেতুতে চার, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়... (সর্বত্রই নয়), উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে চার, বিপাকে নয়, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে নয়, মার্গে চার, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

---

[১]। ৪ মহাবিপাক চিত্ত, ৪ মহাক্রিয়াচিত্ত, প্রথমধ্যানে ৫ চিত্ত, দ্বিতীয়ধ্যানে ৫ চিত্ত, তৃতীয়ধ্যানে ৫ চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক প্রীতিসহগত অব্যাকৃত ধর্ম।

[২]। অহেতুক বিপাক ১৪ চিত্ত, কায়-বিজ্ঞান ১ চিত্ত , ৪ মহাবিপাক চিত্ত, ৪ মহাক্রিয়াচিত্ত, প্রথমধ্যানে ৬ চিত্ত, দ্বিতীয়ধ্যানে ৬ চিত্ত, তৃতীয়ধ্যানে ৬ চিত্ত, চতুর্থধ্যানে ৬ চিত্ত, পঞ্চমধ্যানে ১৮ চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৭ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অপ্রীতিক অব্যাকৃত ধর্ম।

৯০-১. প্রীতি-সহগতদ্বিক-কুশলত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৫৫. প্রীতি-সহগত কুশল[১] ধর্মকে আশ্রয় করে...। (কুশল, অকুশল ও অব্যাকৃত সপ্রীতিকদ্বিক সদৃশ পড়তে হবে)।

৫৬. সুখ-সহগত কুশল[২] ধর্মকে আশ্রয় করে...। (কুশল, অকুশল ও অব্যাকৃত সপ্রীতিকদ্বিক সদৃশ হবে। অকুশল ধর্মকে আশ্রয় করে... প্রতিলোমে না-হেতুতে এক। অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে... প্রতিলোমে না-হেতুতে নয়... না-ধ্যানে ছয়, করণীয়। প্রতিলোমে প্রশ্ন পরিচ্ছেদে কুশলাকুশলে ইন্দ্রিয়ে-ধ্যানে ছয়, প্রশ্ন পরিচ্ছেদে অব্যাকৃতে নয়)।

৯২-১. উপেক্ষা-সহগতদ্বিক-কুশলত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৫৭. (১-৬) উপেক্ষা-সহগত কুশল[৩] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত কুশল ধর্ম উৎপন্ন হয়... (ছয়) (সপ্রীতিকদ্বিক সদৃশ পড়ুন, উপেক্ষা অব্যাকৃতে না-না-উপেক্ষা হয়। প্রতিলোমে না-হেতুতে নয়, না-ধ্যানে ছয়)।

৫৮. (১-৬) উপেক্ষা-সহগত অকুশল[৪] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত অকুশল ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে ছয় (সবটিতে ছয়। সংক্ষিপ্ত)।

৫৯. (১) উপেক্ষা-সহগত অকুশল ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত অকুশল ধর্ম উৎপন্ন হয়।

(২) না-উপেক্ষা-সহগত অকুশল[৫] ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত অকুশল ধর্ম উৎপন্ন হয়।

---

[১]। প্রীতিসহগত ৪ মহাকুশল চিত্ত, প্রথমধ্যানে ৪ চিত্ত, দ্বিতীয়ধ্যানে ৪ চিত্ত, তৃতীয়ধ্যানে ৪ চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক প্রীতিসহগত কুশল ধর্ম।

[২]। সুখসহগত ৪ মহাকুশল চিত্ত, প্রথমধ্যানে ৫ চিত্ত, দ্বিতীয়ধ্যানে ৫ চিত্ত, তৃতীয়ধ্যানে ৫ চিত্ত, চতুর্থধ্যানে ৫ চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক সুখসহগত কুশল ধর্ম।

[৩]। মহাকুশল ৮ চিত্ত, পঞ্চমধ্যানে ৯ চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৭ চৈতসিক উপেক্ষা-সহগত কুশল ধর্ম।

[৪]। ৪ লোভমূলক চিত্ত, ২ মোহমূলক চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২১ চৈতসিক উপেক্ষা-সহগত অকুশল ধর্ম।

[৫]। ৪ লোভমূলক সৌমনস্য-সহগত চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২১ চৈতসিক না-উপেক্ষা-সহগত অকুশল ধর্ম।

(৩) উপেক্ষা-সহগত অকুশল এবং না-উপেক্ষা-সহগত অকুশল ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত অকুশল ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৬০. (প্রতিলোম গণনা)—না-হেতুতে তিন, না-অধিপতিতে ছয়... না-বিপ্রযুক্তে ছয় (সংক্ষিপ্ত। এভাবে সকল অকুশলে বিস্তৃত করুর। সপ্রীতিকদ্বিক সদৃশ করণীয়)।

৬১. (১-৯) উপেক্ষা-সহগত অব্যাকৃত[১] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়...। নয়টি প্রশ্ন করণীয় সপ্রীতিকদ্বিক অব্যাকৃত সদৃশ। প্রশ্ন পরিচ্ছেদে কুশলাকুশলে ইন্দ্রিয়ে, ধ্যানে ছয়, অব্যাকৃতে নয়)।

৯৩-১. কামাবচরদ্বিক-কুশলত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৬২. (১) কামাবচর (রূপ, শব্দ, গন্ধ, রস ও স্পর্শকে অবলম্বন করে উৎপন্ন) কুশল[২] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর কুশল ধর্ম উৎপন্ন হয়।

(২) না-কামাবচর কুশল[৩] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-কামাবচর কুশল ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৬৩. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই (সবটিতেই দুই), অবিগতে দুই (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে দুই... না-বিপ্রযুক্তে দুই। (সংক্ষিপ্ত)।

(সহজাত অধ্যায় ইত্যাদিও বিস্তৃত করতে হবে)।

৬৪. (১) কামাবচর কুশল ধর্ম কামাবচর কুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-কামাবচর কুশল ধর্ম না-কামাবচর কুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

৬৫. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে চার, অধিপতিতে তিন, (কামাবচরে এক, না-কামাবচরে দুই), অনন্তরে তিন (কামাবচরে দুই, না-কামাবচরে এক)... সহজাতে দুই... উপনিশ্রয়ে চার, আসেবনে তিন, কর্মে দুই,

---

[১]। ১৪ অহেতুক চিত্ত, ৪ মহাবিপাক চিত্ত, ৪ মহাক্রিয়াচিত্ত, পঞ্চমধ্যানে ১৬ চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৭ চৈতসিক উপেক্ষা-সহগত অব্যাকৃত ধর্ম।

[২]। ৮ মহাকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কামাবচর কুশল ধর্ম।

[৩]। ৫ রূপাবচর কুশল চিত্ত, ৪ অরূপাবচর কুশল চিত্ত, ৪ লোকোত্তর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক না-কামাবচর কুশল ধর্ম।

আহারে দুই... নাস্তিতে তিন,... অবিগতে দুই (সংক্ষিপ্ত)।

৬৬. (১) কামাবচর অকুশল[১] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর অকুশল ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়ে... প্রশ্ন পরিচ্ছেদেও সবটিতে এক)।

৬৭. (১-৩) কামাবচর অব্যাকৃত[২] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) না-কামাবচর অব্যাকৃত[৩] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-কামাবচর অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭-৯) কামাবচর অব্যাকৃত এবং না-কামাবচর অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা কামাবচর অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

৬৮. (অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে পাঁচ... অন্যোন্যে ছয়... পূর্বজাতে দুই, আসেবনে দুই... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়... না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-বিপাকে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন (সংক্ষিপ্ত। সহজাত অধ্যায় ইত্যাদিও বিস্তৃত করতে হবে)।

৬৯. (১) কামাবচর অব্যাকৃত ধর্ম কামাবচর অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২-৪) না-কামাবচর অব্যাকৃত ধর্ম না-কামাবচর অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

৭০. (অনুলোম গণনা)—হেতুতে চার, আলম্বনে চার, অধিপতিতে চার (কামাবচরে এক, না-কামাবচরে তিন, কামাবচরে সহজাত-অধিপতি হয়), অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে সাত, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে তিন, কর্মে চার, বিপাকে চার, আহারে চার... সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত,

---

[১]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক কামাবচর অকুশল ধর্ম।

[২]। ১৮ অহেতুক বিপাক চিত্ত, ৮ মহাবিপাক চিত্ত, ৮ মহাক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও ২৮ প্রকার রূপ কামাবচর অব্যাকৃত ধর্ম।

[৩]। ৫ রূপাবচর বিপাক চিত্ত, ৫ রূপাবচর ক্রিয়াচিত্ত, ৪ অরূপাবচর বিপাক চিত্ত, ৪ অরূপাবচর ক্রিয়াচিত্ত, ৪ লোকোত্তর বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও নির্বাণ না-কামাবচর অব্যাকৃত ধর্ম।

নাস্তিতে চার... অবিগতে সাত (সংক্ষিপ্ত)।

৯৪-১. রূপাবচরদ্বিক-কুশলত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৭১. (১) রূপাবচর (রূপলোকের ধ্যানজ এমন) কুশল[১] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা রূপাবচর কুশল ধর্ম উৎপন্ন হয়।

(২) না-রূপাবচর কুশল[২] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-রূপাবচর কুশল ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৭২. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই (সর্বত্রই দুই, সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে দুই... না-পূর্বজাতে এক, না-আসেবনে এক... না-বিপ্রযুক্তে এক (সংক্ষিপ্ত। সহজাত অধ্যায় ইত্যাদিও একইভাবে বিস্তৃত করণীয়)।

৭৩. (১) রূপাবচর কুশল ধর্ম রূপাবচর কুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-রূপাবচর কুশল ধর্ম না-রূপাবচর কুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

৭৪. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে চার, অধিপতিতে তিন (রূপাবচরে এক, সহজাত-অধিপতি, না-রূপাবচরে দুই), অনন্তরে তিন (রূপাবচরে এক, না-রূপাবচরে দুই), সমনন্তরে তিন, সহজাতে দুই... উপনিশ্রয়ে চার, আসেবনে তিন, কর্মে দুই... অস্তিতে দুই, নাস্তিতে তিন... অবিগতে দুই (সংক্ষিপ্ত)।

৭৫. (১) না-রূপাবচর অকুশল[৩] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-রূপাবচর অকুশল ধর্ম উৎপন্ন হয় (সবটিতে এক)।

(১-৩) রূপাবচর অব্যাকৃত[৪] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা রূপাবচর অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

---

[১]। ৫ রূপাবচর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক রূপাবচর কুশল ধর্ম।

[২]। ৮ মহাকুশল চিত্ত, ৪ অরূপাবচর কুশল চিত্ত, ৪ লোকোত্তর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক না-রূপাবচর কুশল ধর্ম।

[৩]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক না-রূপাবচর অকুশল ধর্ম।

[৪]। ৫ রূপাবচর বিপাক চিত্ত, ৫ রূপাবচর ক্রিয়াচিত্ত তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক রূপাবচর অব্যাকৃত ধর্ম।

(৪-৬) না-রূপাবচর অব্যাকৃত[১] ধর্মকে আশ্রয় করে না-রূপাবচর অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭-৯) রূপাবচর অব্যাকৃত এবং না-রূপাবচর অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা রূপাবচর অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

৭৬. (অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে পাঁচ... পূর্বজাতে, আসেবনে দুই... অবিগতে চার (সংক্ষিপ্ত)। (কামাবচরদ্বিক অব্যাকৃত সদৃশ, এই পর্যন্ত প্রশ্নসমূহ নীচে-উপরে পরিবর্তিত হয়)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ সবটিতে একইভাবে বিস্তৃত করণীয়)।

৯৫-১. অরূপাবচরদ্বিক-কুশলত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৭৭. (১) অরূপাবচর (অরূপলোকের ধ্যানজ এমন) কুশল[২] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপাবচর কুশল ধর্ম উৎপন্ন হয়।

(২) না-অরূপাবচর কুশল[৩] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর কুশল ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৭৮. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে দুই... না-আসেবনে এক... না-বিপ্রযুক্তে দুই (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায় ইত্যাদিও একইভাবে বিস্তৃত করণীয়)।

৭৯. (১) অরূপাবচর কুশল ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপাবচর কুশল ধর্ম উৎপন্ন হয়।

(২) না-অরূপাবচর কুশল ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর কুশল ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৮০. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে তিন, অধিপতিতে তিন, অনন্তরে তিন... সহজাতে দুই... উপনিশ্রয়ে চার, আসেবনে তিন, কর্মে দুই... অস্তিতে দুই, নাস্তিতে তিন... অবিগতে দুই (সংক্ষিপ্ত)।

---

[১]। ১৮ অহেতুক বিপাক চিত্ত, ৮ মহাবিপাক চিত্ত, ৮ মহাক্রিয়াচিত্ত, ৪ অরূপাবচর বিপাক চিত্ত, ৪ অরূপাবচর ক্রিয়াচিত্ত, ৪ লোকোত্তর বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-রূপাবচর অব্যাকৃত ধর্ম।

[২]। ৫ অরূপাবচর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক অরূপাবচর কুশল ধর্ম।

[৩]। ৮ মহাকুশল চিত্ত, ৪ রূপাবচর কুশল চিত্ত, ৪ লোকোত্তর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক না-অরূপাবচর কুশল ধর্ম।

৮১. (১) না-অরূপাবচর অকুশল[১] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর অকুশল ধর্ম উৎপন্ন হয়... এক (সবটিতে এক, সংক্ষিপ্ত)।

(১-৩) অরূপাবচর অব্যাকৃত[২] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপাবচর অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) না-অরূপাবচর অব্যাকৃত[৩] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়।

(৫) অরূপাবচর অব্যাকৃত এবং না-অরূপাবচর অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৮২. (অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে দুই, অধিপতিতে পাঁচ... অবিগতে পাঁচ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে দুই... না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে, না-আসেবনে পাঁচ, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক... না-বিপ্রযুক্তে দুই... না-বিগতে তিন (সংক্ষিপ্ত)।

(সহজাত অধ্যায় ইত্যাদিও একইভাবে বিস্তৃত করণীয়)।

৮৩. (১-৩) অরূপাবচর অব্যাকৃত ধর্ম অরূপাবচর অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪) না-অরূপাবচর অব্যাকৃত ধর্ম না-অরূপাবচর অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

৮৪. (অনুলোম গণনা)—হেতুতে চার, আলম্বনে তিন (অরূপাবচরমূলে দুই, না-অরূপাবচরে এক), অধিপতিতে চার (অরূপাবচরমূলে তিন, না-অরূপে এক), অনন্তরে চার... সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে তিন, কর্মে চার, বিপাকে দুই... সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে চার... অবিগতে সাত (সংক্ষিপ্ত)।

---

[১]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক না-অরূপাবচর অকুশল ধর্ম।

[২]। ৫ অরূপাবচর বিপাক চিত্ত, ৫ অরূপাবচর ক্রিয়াচিত্ত তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক অরূপাবচর অব্যাকৃত ধর্ম।

[৩]। ১৮ অহেতুক বিপাক চিত্ত, ৮ মহাবিপাক চিত্ত, ৮ মহাক্রিয়াচিত্ত, ৪ রূপাবচর বিপাক চিত্ত, ৪ রূপাবচর ক্রিয়াচিত্ত, ৪ লোকোত্তর বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-অরূপাবচর অব্যাকৃত ধর্ম।

৯৬-১. প্রতিপন্নদ্বিক-কুশলত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৮৫. (১) প্রতিপন্ন (জীবন পর্যায়ব্যাপী) কুশল[১] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা প্রতিপন্ন কুশল ধর্ম উৎপন্ন হয়।

(২) অপ্রতিপন্ন (জীবন পর্যায়ব্যাপী নহে) কুশল[২] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রতিপন্ন কুশল ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৮৬. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত। লৌকিকদ্বিক কুশল সদৃশ জ্ঞাতব্য। সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ একইভাবে বিস্তৃত করণীয়)।

৮৭. (১) প্রতিপন্ন অকুশল[৩] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা প্রতিপন্ন অকুশল ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়ে... প্রশ্ন পরিচ্ছেদে সবটিতেই এক)।

৮৮. (১) প্রতিপন্ন অব্যাকৃত[৪] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা প্রতিপন্ন অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়।

(২-৪) অপ্রতিপন্ন অব্যাকৃত[৫] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রতিপন্ন অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৫) প্রতিপন্ন অব্যাকৃত এবং অপ্রতিপন্ন অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা প্রতিপন্ন অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৮৯. (অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে দুই... অবিগতে পাঁচ (সংক্ষিপ্ত)। (লৌকিকদ্বিক অব্যাকৃত সদৃশ জ্ঞাতব্য)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ সবটিতেই একইভাবে বিস্তৃত করণীয়)।

৯৭-১. নিয়্যানিকদ্বিক-কুশলত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৯০. (১) নিয়্যানিক (নির্বাণে উপনীতকারী) কুশল[৬] ধর্মকে আশ্রয় করে

---

[১]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক প্রতিপন্ন কুশল ধর্ম।

[২]। ৪ লোকোত্তর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক অপ্রতিপন্ন কুশল ধর্ম।

[৩]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক প্রতিপন্ন অকুশল ধর্ম।

[৪]। ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও ২৮ প্রকার রূপ প্রতিপন্ন অব্যাকৃত ধর্ম।

[৫]। ৪ লোকোত্তর বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ অপ্রতিপন্ন অব্যাকৃত ধর্ম।

[৬]। ৪ লোকোত্তর মার্গ চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক নিয়্যানিক কুশল ধর্ম।

হেতু-প্রত্যয় দ্বারা নিয়্যানিক কুশল ধর্ম উৎপন্ন হয়।

(২) অনিয়্যানিক (নির্বাণে উপনীত করে না) কুশল[১] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক কুশল ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৯১. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত। লৌকিকদ্বিক সদৃশ জানতে হবে। সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ একইভাবে বিস্তৃত করণীয়)।

৯২. (১) অনিয়্যানিক অকুশল[২] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক অকুশল ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়ে... প্রশ্ন পরিচ্ছেদেও সবটিতেই এক)।

৯৩. (১) অনিয়্যানিক অব্যাকৃত[৩] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়্যানিক অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়ে... প্রশ্ন পরিচ্ছেদে সবটিতেই এক)।

৯৮-১. নিয়তদ্বিক-কুশলত্রিক

১-৭.প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৯৪. (১) নিয়ত (সুনিশ্চিত বা বিশ্বাসযুক্ত) কুশল[৪] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা নিয়ত কুশল ধর্ম উৎপন্ন হয়।

(২) অনিয়ত (অনিশ্চিত বা সন্দেহযুক্ত) কুশল[৫] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত কুশল ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৯৫. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (লৌকিকদ্বিক কুশল সদৃশ জ্ঞাতব্য)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ একইভাবে বিস্তৃত করণীয়)।

৯৬. (১) নিয়ত অকুশল[৬] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা নিয়ত অকুশল ধর্ম উৎপন্ন হয়।

---

[১]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক অনিয়্যানিক কুশল ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক নিয়্যানিক অকুশল ধর্ম।

[৩]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অনিয়্যানিক অব্যাকৃত ধর্ম।

[৪]। ৪ লোকোত্তর মার্গ চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক নিয়ত কুশল ধর্ম।

[৫]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক অনিয়ত কুশল ধর্ম।

[৬]। ৪ মিথ্যাদৃষ্টি-সম্প্রযুক্ত চিত্তের সপ্তমক্ষণ, ২ দ্বেষমূলক চিত্তের সপ্তমক্ষণ, মান ও বিচিকিৎসা ব্যতীত ২৫ চৈতসিক নিয়ত অকুশল ধর্ম।

(২) অনিয়ত অকুশল[১] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত অকুশল ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৯৭. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই (সবটিতে দুই), অবিগতে দুই (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে এক... না-কর্মে দুই... না-বিপ্রযুক্তে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায় ইত্যাদিও একইভাবে বিস্তৃত করতে হবে)।

৯৮. (১) নিয়ত অকুশল ধর্ম নিয়ত অকুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অনিয়ত অকুশল ধর্ম অনিয়ত অকুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

৯৯. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে তিন, অধিপতিতে দুই (নিয়তে সহজাত-অধিপতি, দ্বিতীয়ে আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি), অনন্তরে দুই... নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে তিন, আসেবনে দুই, কর্মে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)।

১০০. অনিয়ত অব্যাকৃত[২] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাতবারে... প্রশ্নবারেও সর্বত্রই এক)।

৯৯-১. সউত্তরদ্বিক-কুশলত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

১০১. (১) সউত্তর (যার ঊর্ধ্বে অবশিষ্ট আছে এমন) কুশল[৩] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সউত্তর কুশল ধর্ম উৎপন্ন হয়।

(২) অনুত্তর (যার ঊর্ধ্বে অবশিষ্ট নেই এমন) কুশল[৪] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনুত্তর কুশল ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১০২. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই

---

[১]। ৪ মিথ্যাদৃষ্টি-সম্প্রযুক্ত চিত্তের সপ্তমক্ষণ, ২ দ্বেষমূলক চিত্তের সপ্তমক্ষণ ব্যতীত ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অনিয়ত অকুশল ধর্ম।

[২]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অনিয়ত অব্যাকৃত ধর্ম।

[৩]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক সউত্তর কুশল ধর্ম।

[৪]। ৪ লোকোত্তর মার্গ চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক অনুত্তর কুশল ধর্ম।

(সংক্ষিপ্ত। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সবটিতে এভাবে বিস্তৃত করতে হবে)।

১০৩. (১) সউত্তর অকুশল[১] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সউত্তর অকুশল ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়ে... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

(১) সউত্তর অব্যাকৃত[২] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সউত্তর অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়।

(২-৪) অনুত্তর অব্যাকৃত[৩] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনুত্তর অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৫) সউত্তর অব্যাকৃত এবং অনুত্তর অব্যাকৃত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সউত্তর অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১০৪. (অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে দুই... অবিগতে পাঁচ (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়ে... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই বিস্তৃতব্য লৌকিকদ্বিক অব্যাকৃত সদৃশ জানতে হবে)।

১০০-১. সরণদ্বিক-কুশলত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

১০৫. (১) অরণ (রণহীন বা শান্ত) কুশল[৪] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ কুশল ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়ে... প্রশ্ন পরিচ্ছেদে সর্বত্রই এক)।

১০৬. (১) সরণ (রণযুক্ত বা অশান্ত) অকুশল[৫] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ অকুশল ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত সর্বত্রই এক)।

১০৭. (১) অরণ অব্যাকৃত[৬] ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ

---

[১]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক সউত্তর অকুশল ধর্ম।

[২]। ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ সউত্তর অব্যাকৃত ধর্ম।

[৩]। ৪ লোকোত্তর ফল চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ অনুত্তর অব্যাকৃত ধর্ম।

[৪]। ২১ কুশণ চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক অরণ কুশল ধর্ম।

[৫]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক সরণ অকুশল ধর্ম।

[৬]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক অরণ অব্যাকৃত ধর্ম।

অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

১০৮. (১) অরণ অব্যাকৃত ধর্ম অরণ অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (যাদৃশ কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ তাদৃশ এখানেও বিস্তৃতব্য)।

[পৃষ্ঠদ্বিক-কুশলত্রিক সমাপ্ত]

১০০-২. সরণদ্বিক-বেদনাত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

১. (১) সরণ (রণযুক্ত বা বিলাপের কারণযুক্ত) সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ (রণরহিত বা বিলাপের কারণরহিত) সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... কর্মে দুই, বিপাকে এক... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র এভাবে বিস্তৃতব্য)।

৩. (১) সরণ দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

(২) সরণ দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা সরণ দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৪. (অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত এভাবে বিস্তৃতব্য)।

৫. (১) সরণ অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

৬. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র এভাবে বিস্তৃতব্য)।

[সরণদ্বিক-বেদনাত্রিক সমাপ্ত]

১০০-৩. সরণদ্বিক-বিপাকত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৭. (১) অরণ বিপাক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ বিপাক ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র এক)।

৮. (১) সরণ বিপাকধর্মী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ বিপাকধর্মী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৯. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত এভাবে বিস্তৃতব্য)।

(১) অরণ নৈববিপাক-না-বিপাকধর্মী (বিপাক বা ফলদানও নহে এবং বিপাক উৎপাদকও নহে) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ নৈববিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

১০. (অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

১০০-৪. সরণদ্বিক-উপাদিন্নত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

১১. (১) অরণ (বিলাপের অকারণ) উপাদিন্ন-উপাদানীয় (গৃহীত-আসক্তির বিষয়) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

১২. (১-৩) সরণ (বিলাপের কারণ) অনুপাদিন্ন-উপাদানীয় (অগৃহীত কিন্তু আসক্তির বিষয়) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) অরণ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়।

(৫) সরণ অনুপাদিন্ন-উপাদানীয় এবং অরণ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১৩. (অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে দুই... অবিগতে পাঁচ (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ সর্বত্রই এভাবে বিস্তৃতব্য)।

১৪. (১) অরণ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র এক)।

১০০-৫. সরণদ্বিক-সংক্লিষ্ট

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

১৫. (১) সরণ সংক্লিষ্ট-সংক্লেশিক (কলুষিত-ক্লেশের বিষয়) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

১৬. (১) অরণ অসংক্লিষ্ট-সংক্লেশিক (অকলুষিত কিন্তু ক্লেশের বিষয়) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

১৭. (১) অরণ অসংক্লিষ্ট-সংক্লেশিক (অকলুষিত-ক্লেশের বিষয় নহে) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

১০০-৬. সরণদ্বিক-বিতর্কত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

১৮. (১) সরণ সবিতর্ক-সবিচার (বিতর্ক-বিচারযুক্ত) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ সবিতর্ক-সবিচার ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ সবিতর্ক-সবিচার ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ সবিতর্ক-সবিচার ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১৯. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

২০. (১) অরণ অবিতর্ক-বিচারমাত্র (বিতর্কহীন কিন্তু বিচার সমন্বিত) ধর্মকে

আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অবিতর্ক-বিচারমাত্র ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)।

(সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

২১. (১) অরণ অবিতর্ক-অবিচার (বিতর্ক-বিচারহীন) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অবিতর্ক-অবিচার ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক (সর্বত্র এক)... অবিতর্ক এক (সংক্ষিপ্ত)।

১০০-৭. সরণদ্বিক-প্রীতিত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয় চতুষ্ক

২২. (১) সরণ (অশান্ত) প্রীতি-সহগত (প্রীতি বা প্রফুল্লতা স্বভাব সম্পন্ন) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ প্রীতি-সহগত ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ প্রীতি-সহগত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ প্রীতি-সহগত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২৩. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

২৪. (১) সরণ সুখ-সহগত (সুখ বা আনন্দজনক অনুভূতি সম্পন্ন) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ সুখ-সহগত ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ (শান্ত) সুখ-সহগত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ সুখ-সহগত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২৫. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত তাদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

২৬. (১) সরণ উপেক্ষা-সহগত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ উপেক্ষা-সহগত (উপেক্ষা বা অদুঃখ-অসুখ স্বভাব সম্পন্ন) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ উপেক্ষা-সহগত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২৭. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত তাদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

১০০-৮. সরণদ্বিক-দর্শনের দ্বারা প্রহাতব্যদ্বিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

২৮. (১) সরণ দর্শনের দ্বারা প্রহাতব্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ দর্শনের দ্বারা প্রহাতব্য ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

২৯. (১) সরণ ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... সর্বত্রই এক)।

৩০. (১) অরণ না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্ম উৎপন্ন হয়।

(অনুলোম গণনা)—হেতুতে এক (সর্বত্রই এক)... অবিগতে এক (সংক্ষিপ্ত)।

১০০-৯. সরণদ্বিক-দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুকত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৩১. (১) সরণ দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

৩২. (১) সরণ ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

৩৩. (১-৩) সরণ না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে এক। (সর্বত্রই তাদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

১০০-১০. সরণদ্বিক-আচয়গামীত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৩৪. (১) সরণ আচয়গামী (পুনঃপুন জন্ম-মৃত্যুতে আবর্তনশীল বা পুনর্জন্মের হেতু সঞ্চয়কারী) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ আচয়গামী ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ আচয়গামী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৩৫. (অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র তাদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

৩৬. (১) অরণ অপচয়গামী (পুনর্জন্মের হেতু ক্ষয়কারী বা নির্বাণপথে প্রবর্তনশীল) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অপচয়গামী ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সবক্ষেত্রে এক)।

৩৭. (১) অরণ না-আচয়গামী-না-অপচয়গামী (পুনঃপুন জন্ম-মৃত্যুতে আবর্তনশীল বা পুনর্জন্মের হেতু সঞ্চয়কারীও নহে, পুনর্জন্মের হেতু ক্ষয়কারী বা নির্বাণপথে প্রবর্তনশীলও নহে) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সবক্ষেত্রে এক)।

১০০-১১. সরণদ্বিক-শৈক্ষ্যত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৩৮. (১) অরণ শৈক্ষ্য (স্রোতাপত্তি মার্গ হতে অর্হত্ত্ব মার্গ পর্যন্তকে শৈক্ষ্য বলা হয়) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সবক্ষেত্রে এক)।

৩৯. (১) অরণ অশৈক্ষ্য (অর্হত্ত্বফলকে অশৈক্ষ্য বলা হয়) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সবক্ষেত্রে এক)।

৪০. (১-৩) সরণ না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) অরণ না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়।

(৫) সরণ না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য এবং অরণ না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৪১. (অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে দুই, অধিপতিতে পাঁচ... অবিগতে পাঁচ। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সবক্ষেত্রে অনুরূপভাবে বর্ণিতব্য)।

১০০-১২. সরণদ্বিক-পরিত্তত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৪২. (১-৩) সরণ পরিত্ত (সীমিত বা অকিঞ্চিৎকর অর্থাৎ কামাবচর) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ পরিত্ত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) অরণ পরিত্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ পরিত্ত ধর্ম উৎপন্ন হয়।

(৫) সরণ পরিত্ত এবং অরণ পরিত্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে দুই... অবিগতে পাঁচ। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র তাদৃশ বর্ণিতব্য)।

৪৩. (১) অরণ মহদ্গত (মহান বা উচ্চস্তরের অর্থাৎ রূপাবচর এবং অরূপাবচর) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ মহদ্গত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সবক্ষেত্রে এক)।

৪৪. (১) অরণ অপ্রমাণ (অসীম বা অপরিমিত অর্থাৎ লোকোত্তর) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ বা রণহীন অপ্রমাণ বা অসীম ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সবক্ষেত্রে এক)।

১০০-১৩. সরণদ্বিক-পরিত্তালম্বনত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৪৫. (১) সরণ পরিত্তালম্বন (সীমিত আলম্বন বা কামাবচরালম্বন) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ পরিত্তালম্বন ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ পরিত্তালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ পরিত্তালম্বন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র তাদৃশ বর্ণিতব্য)।

৪৬. (১) সরণ মহদ্গতালম্বন (মহান উপলব্ধির বিষয়যুক্ত বা রূপাবচর এবং অরূপাবচরালম্বন) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ মহদ্গতালম্বন ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ মহদ্গতালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ মহদ্গতালম্বন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র তাদৃশ বর্ণিতব্য)।

৪৭. (১) অরণ অপ্রমাণালম্বন (অসীম উপলব্ধির বিষয়যুক্ত বা লোকোত্তরালম্বন) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অপ্রমাণালম্বন ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সবক্ষেত্রে এক)।

১০০-১৪. সরণদ্বিক-হীনত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৪৮. (১) সরণ (অশান্ত) হীন (নিম্নমানের) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ হীন ধর্ম উৎপন্ন হয়।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

৪৯. (১) অরণ (শান্ত) মধ্যম (মধ্যম বা মাঝারিমানের) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ মধ্যম ধর্ম উৎপন্ন হয়।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

৫০. (১) অরণ (শান্ত) প্রণীত (উৎকৃষ্টমানের) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ প্রণীত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

১০০-১৫. সরণদ্বিক-মিথ্যাবিষয়ত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৫১. (১) সরণ মিথ্যা বিষয়ে নিয়ত (ভ্রান্তবিষয়ে বা আলম্বনে স্থিত) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ মিথ্যা বিষয়ে নিয়ত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

৫২. (১) অরণ সম্যক বিষয়ে নিয়ত (যথার্থবিষয়ে বা আলম্বনে স্থিত) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ সম্যক বিষয়ে নিয়ত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

৫৩. (১-৩) সরণ অনিয়ত (অনিশ্চিত বা অমীমাংসিত) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ অনিয়ত বা অনিশ্চিত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) অরণ অনিয়ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অনিয়ত ধর্ম উৎপন্ন হয়।

(৫) সরণ অনিয়ত এবং অরণ অনিয়ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৫৪. (অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে দুই... অবিগতে পাঁচ (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

১০০-১৬. সরণদ্বিক-মার্গালম্বনত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৫৫. (১) অরণ মার্গালম্বন (মার্গ বা উপায় জ্ঞানের বিষয়যুক্ত) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

৫৬. (১) অরণ মার্গহেতুক (মার্গের হেতু সম্বন্ধযুক্ত) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ মার্গহেতুক ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

৫৭. (১) অরণ মার্গাধিপতি (মার্গের অধিপতি বা অধিকারযুক্ত) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

১০০-১৭. সরণদ্বিক-উৎপন্নত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৫৮. (১-৩) সরণ উৎপন্ন ধর্ম সরণ উৎপন্ন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সরণ উৎপন্ন ধর্ম অরণ উৎপন্ন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সরণ উৎপন্ন ধর্ম সরণ উৎপন্ন এবং অরণ উৎপন্ন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অরণ উৎপন্ন ধর্ম অরণ উৎপন্ন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১-২) অরণ উৎপন্ন ধর্ম অরণ উৎপন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

৫৯. (অনুলোম গণনা)—হেতুতে চার, আলম্বনে দুই... অবিগতে সাত। (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদের ন্যায় এখানেও বর্ণিতব্য)।

১০০-১৮. সরণদ্বিক-অতীতত্রিক

৭. প্রশ্ন পরিচ্ছেদ—প্রত্যয়-চতুষ্ক

৬০. (১-৩) সরণ প্রত্যুৎপন্ন (বর্তমান) ধর্ম সরণ প্রত্যুৎপন্ন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪) অরণ প্রত্যুৎপন্ন ধর্ম অরণ প্রত্যুৎপন্ন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে চার, আলম্বনে দুই... অবিগতে সাত। (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদের ন্যায় এখানেও বর্ণিতব্য)।

১০০-১৯. সরণদ্বিক-অতীতালম্বনত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৬১. (১) সরণ অতীতালম্বন (অতীত জ্ঞানের বিষয়যুক্ত) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ অতীতালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... বিপাকে এক... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র অনুরূপভাবে

বর্ণিতব্য)।

৬২. (১) সরণ অনাগতালম্বন (ভবিষ্যৎ জ্ঞানের বিষয়যুক্ত) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ অনাগতালম্বন ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ অনাগতালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ অনাগতালম্বন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... বিপাকে এক... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র অনুরূপভাবে বর্ণিতব্য)।

৬৩. (১) সরণ প্রত্যুৎপন্নালম্বন (বর্তমান জ্ঞানের বিষয়যুক্ত) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ প্রত্যুৎপন্নালম্বন ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ প্রত্যুৎপন্নালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ প্রত্যুৎপন্নালম্বন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... বিপাকে এক... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র একইভাবে বর্ণিতব্য)।

১০০-২০. সরণদ্বিক-আধ্যাত্মিকত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৬৪. (১-৩) সরণ আধ্যাত্মিক (অভ্যন্তরীণ) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) অরণ আধ্যাত্মিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়।

(৫) সরণ আধ্যাত্মিক এবং অরণ আধ্যাত্মিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৬৫. (অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে দুই... অবিগতে পাঁচ। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র একইভাবে বর্ণিতব্য)।

৬৬. (১-৩) সরণ বাহ্যিক (বাহিরের) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) অরণ বাহ্যিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়।

(৫) সরণ বাহ্যিক এবং অরণ বাহ্যিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে দুই... অবিগতে পাঁচ।

(সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র একইভাবে বর্ণিতব্য)।

১০০-২১. সরণদ্বিক-আধ্যাত্মিক আলম্বনত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৬৭. (১) সরণ আধ্যাত্মিক আলম্বন (আধ্যাত্মিক বা অধ্যাত্ম জ্ঞানের বিষয়যুক্ত) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ আধ্যাত্মিক আলম্বন ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ আধ্যাত্মিক আলম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ আধ্যাত্মিক আলম্বন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র একইভাবে বর্ণিতব্য)।

৬৮. (১) সরণ বাহ্যিক আলম্বন (বাহ্যিক বা বাহিরের জ্ঞানের বিষয়যুক্ত) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সরণ বাহ্যিক আলম্বন ধর্ম উৎপন্ন হয়।

(২) অরণ বাহ্যিক আলম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অরণ বাহ্যিক আলম্বন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্র একইভাবে বর্ণিতব্য)।

১০০-২২. সরণদ্বিক-সনিদর্শনত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৬৯. (১) হেতু-প্রত্যয়ের দ্বারা অরণ অনিদর্শন-সপ্রতিঘ (অদৃশ্যমান কিন্তু সংঘর্ষণাকারে উৎপন্ন) ধর্মকে নিশ্রয় করে অরণ অনিদর্শন-সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে এক, অধিপতিতে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... প্রশ্ন পরিচ্ছেদ পর্যন্ত সর্বত্রই এক)।

৭০. (১-৩) হেতু-প্রত্যয়ের দ্বারা সরণ অনিদর্শন-অপ্রতিঘ (অদৃশ্যমান-সংঘর্ষণাকারে অনুৎপাদিত) ধর্মকে নিশ্রয় করে সরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) হেতু-প্রত্যয়ের দ্বারা অরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে নিশ্রয় করে অরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়।

(৫) হেতু-প্রত্যয়ের দ্বারা সরণ অনিদর্শন-অপ্রতিঘ এবং অরণ অনিদর্শন-

অপ্রতিঘ ধর্মকে নিশ্রয় করে অরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে দুই... অবিগতে পাঁচ। (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত বর্ণিতব্য)।

৭১. (১) অরণ অনিদর্শন-সপ্রতিঘ ধর্ম অরণ সহজাত-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন-সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়... (এক)।

(অন্যোন্যে এক, নিশ্রয়ে এক, অস্তিতে এক, অবিগতে এক। (সংক্ষিপ্ত)।

৭২. (১-৩) সরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪) অরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

৭৩. (অনুলোম গণনা)—হেতুতে চার, আলম্বনে চার... অবিগতে সাত (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—না-হেতুতে সাত, না-আলম্বনে সাত (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার (সংক্ষিপ্ত)।

(যাদৃশ কুশলত্রিকে প্রশ্নবারে অনুলোম, প্রতিলোম, অনুলোম-প্রতিলোম, প্রতিলোম-অনুলোম গণনা তাদৃশ গণিতব্য)।

[ধর্মানুলোমে দ্বিক-ত্রিক পট্ঠান সমাপ্ত]

[ধর্মানুলোমে ত্রিক-দ্বিক পট্ঠান সমাপ্ত]

১-১. কুশলত্রিক-হেতুদ্বিক

১. হেতুপদ

১-৬. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

হেতু-প্রত্যয় (৩), আলম্বন-প্রত্যয় (৩)

১. (১) হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল হেতুধর্মকে নিশ্রয় করে কুশল হেতুধর্ম উৎপন্ন হয়।

(২) হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতুধর্মকে নিশ্রয় করে অকুশল হেতুধর্ম উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতুধর্মকে নিশ্রয় করে অব্যাকৃত হেতুধর্ম উৎপন্ন হয়।

২. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল হেতুধর্মকে নিশ্রয় করে কুশল হেতুধর্ম

উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতুধর্মকে নিশ্রয় করে অকুশল হেতুধর্ম উৎপন্ন হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতুধর্মকে নিশ্রয় করে অব্যাকৃত হেতুধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৩. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে তিন, অধিপতিতে তিন, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে তিন, কর্মে তিন, বিপাকে এক, আহারে তিন... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

প্রত্যয় : প্রতিলোম —না-অধিপতি-প্রত্যয়

৪. (১) না-অধিপতি-প্রত্যয়ের দ্বারা কুশল হেতুধর্মকে নিশ্রয় করে কুশল হেতুধর্ম উৎপন্ন হয়।

(২) না-অধিপতি-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতুধর্মকে নিশ্রয় করে অকুশল হেতুধর্ম উৎপন্ন হয়।

(৩) না-অধিপতি-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতুধর্মকে নিশ্রয় করে অব্যাকৃত হেতুধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৫. (প্রতিলোম গণনা)—না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতুতে তিন (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়ে প্রত্যয় অধ্যায়ে, নিশ্রয় অধ্যায়ে, সংশ্লিষ্ট অধ্যায়ে, সম্প্রযুক্ত অধ্যায়ে সবটিতে তিন)।

৭. প্রশ্ন পরিচ্ছেদ—প্রত্যয়-চতুষ্ক

৬. (১) কুশল হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল হেতুধর্মের প্রত্যয় হয়।

(২) অকুশল হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতুধর্মের প্রত্যয় হয়।

৭. (১-৩) কুশল হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল হেতুধর্মের প্রত্যয় হয়। কুশল হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতুধর্মের প্রত্যয় হয়। কুশল হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতুধর্মের প্রত্যয় হয়।

(৪-৬) অকুশল হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) অব্যাকৃত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন)।

৮. (১-৩) কুশল হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা কুশল হেতুধর্মের প্রত্যয় হয়। কুশল হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতুধর্মের প্রত্যয় হয়। কুশল হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪) অকুশল হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতুধর্মের প্রত্যয় হয়।

(৫-৭) অব্যাকৃত হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতুধর্মের প্রত্যয় হয়। অব্যাকৃত হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা কুশল হেতুধর্মের প্রত্যয় হয়। অব্যাকৃত হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা কুশল হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন)।

অনন্তর-প্রত্যয় ইত্যাদি

৯. (১-২) কুশল হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা কুশল হেতুধর্মের প্রত্যয় হয়... (দুই)।

(৩-৪) অকুশল হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতুধর্মের প্রত্যয় হয়... (দুই)।

(৫) অব্যাকৃত হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতুধর্মের প্রত্যয় হয়।

১০. (১) কুশল হেতুধর্ম সহজাত-প্রত্যয়ের দ্বারা কুশল হেতুধর্মের প্রত্যয় হয়।

(২) অকুশল হেতুধর্ম সহজাত-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত হেতুধর্ম সহজাত-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতুধর্মের প্রত্যয় হয়। (অন্যোন্য-নিশ্রয়-প্রত্যয়সমূহ সহজাত-প্রত্যয় সদৃশ পাঠ করতে হবে)।

উপনিশ্রয়-প্রত্যয় ইত্যাদি

১১. (১-৩) কুশল হেতুধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা কুশল হেতুধর্মের প্রত্যয় হয়। কুশল হেতুধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতুধর্মের প্রত্যয় হয়। কুশল হেতুধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতুধর্মের প্রত্যয় হয়।

(৪-৬) অকুশল হেতুধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতুধর্মের প্রত্যয়

১০০. (১-২৫) সবিতর্ক-সবিচার না-হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা... সমনন্তর-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক-সবিচার না-হেতুধর্মের প্রত্যয় হয়...।

(১-২৫) সবিতর্ক-সবিচার না-হেতুধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সবিতর্ক-সবিচার না-হেতুধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

১০১. (অনুলোম গণনা)—আলম্বনে একুশ, অধিপতিতে তেইশ, অনন্তরে

পঁচিশ, সমনন্তরে পঁচিশ, সহজাতে ত্রিশ, অন্যোন্যে আটাশ, নিশ্রয়ে ত্রিশ, উপনিশ্রয়ে পঁচিশ, পূর্বজাতে পাঁচ, পশ্চাজ্জাতে পাঁচ, আসেবনে একুশ, কর্মে এগার, বিপাকে একুশ, আহারে এগার... অবিগতে ত্রিশ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে পঁয়ত্রিশ, না-আলম্বনে পঁয়ত্রিশ, না-অধিপতিতে পঁয়ত্রিশ (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতুতে একুশ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে একুশ (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ বর্ণনার ন্যায় এখানেও বর্ণিতব্য)।

৭-১. প্রীতিত্রিক-হেতুদ্বিক

১-৬. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

১০২. (১-৩) হেতু-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত হেতুধর্মকে নিশ্রয় করে প্রীতি-সহগত হেতুধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) হেতু-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত হেতুধর্মকে নিশ্রয় করে সুখ-সহগত হেতুধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭) হেতু-প্রত্যয়ের দ্বারা উপেক্ষা-সহগত হেতুধর্মকে নিশ্রয় করে উপেক্ষা-সহগত হেতুধর্ম উৎপন্ন হয়... (এক)।

(৮-১০) হেতু-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত হেতু এবং সুখ-সহগত হেতুধর্মকে নিশ্রয় করে প্রীতি-সহগত হেতুধর্ম উৎপন্ন হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

১০৩. (অনুলোম গণনা)—হেতুতে দশ, আলম্বনে দশ... অবিগতে দশ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে দশ, না-পূর্বজাতে দশ, না-পশ্চাজ্জাতে দশ, না-আসেবনে দশ, না-বিপাকে দশ, না-বিপ্রযুক্তে দশ (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত তাদৃশ বিস্তৃতব্য)।

৭. প্রশ্ন পরিচ্ছেদ

প্রত্যয়-চতুষ্ক—হেতু-আলম্বন-প্রত্যয় ইত্যাদি

১০৪. (১-৩) প্রীতি-সহগত হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) সুখ-সহগত হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭) উপেক্ষা-সহগত হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা উপেক্ষা-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়... (এক)।

(৮-১০) প্রীতি-সহগত হেতু এবং সুখ-সহগত হেতুধর্মসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন)।

১০৫. (১-৪) প্রীতি-সহগত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়। প্রীতি-সহগত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়। প্রীতি-সহগত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপেক্ষা-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়। প্রীতি-সহগত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত হেতু এবং সুখ-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়... (চার)।

(৫-৮) সুখ-সহগত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়। সুখ-সহগত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়। সুখ-সহগত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপেক্ষা-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়। সুখ-সহগত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত হেতু এবং সুখ-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়... (চার)।

(৯-১২) উপেক্ষা-সহগত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপেক্ষা-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়। উপেক্ষা-সহগত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়। উপেক্ষা-সহগত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়। উপেক্ষা-সহগত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত হেতু এবং সুখ-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়... (চার)।

(১৩-১৬) প্রীতি-সহগত হেতু এবং সুখ-সহগত হেতুধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়... (চার)।

(১-১৬) প্রীতি-সহগত হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত হেতুধর্মের প্রত্যয় হয়...।

১০৬. (অনুলোম গণনা)—হেতুতে দশ, আলম্বনে ষোল, অধিপতিতে ষোল, অনন্তরে ষোল, সমনন্তরে ষোল, সহজাতে দশ, অন্যোন্যে দশ, নিশ্রয়ে দশ, উপনিশ্রয়ে ষোল... বিপাকে দশ... অবিগতে দশ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে ষোল, না-আলম্বনে ষোল (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে দশ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা) না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে ষোল (সংক্ষিপ্ত)।

(কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ বর্ণনার ন্যায় এখানেও বর্ণিতব্য)।

না-হেতুপদ

১-৬. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

হেতু-প্রত্যয়–আলম্বন-প্রত্যয়

১০৭. (১-৩) হেতু-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে প্রীতি-সহগত না-হেতুধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে সুখ-সহগত না-হেতুধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে প্রীতি-সহগত না-হেতু এবং সুখ-সহগত না-হেতুধর্মসমূহ উৎপন্ন হয়।

(৪-৬) হেতু-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে সুখ-সহগত না-হেতুধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে প্রীতি-সহগত না-হেতুধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে প্রীতি-সহগত না-হেতু এবং সুখ-সহগত না-হেতুধর্মসমূহ উৎপন্ন হয়।

(৭) হেতু-প্রত্যয়ের দ্বারা উপেক্ষা-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে উপেক্ষা-সহগত না-হেতুধর্ম উৎপন্ন হয়।

(৮-১০) হেতু-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতু এবং সুখ-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে প্রীতি-সহগত না-হেতুধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতু এবং সুখ-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে সুখ-সহগত না-হেতুধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতু এবং সুখ-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে প্রীতি-সহগত না-হেতু এবং সুখ-সহগত না-হেতুধর্মসমূহ উৎপন্ন হয়।

১০৮. (১-৩) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে প্রীতি-সহগত না-হেতুধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) আলম্বন-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে সুখ-সহগত না-হেতুধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭) আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপেক্ষা-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে উপেক্ষা-সহগত না-হেতুধর্ম উৎপন্ন হয়... (এক)।

(৮-১০) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতু এবং সুখ-সহগত না-হেতুধর্মকে নিশ্রয় করে প্রীতি-সহগত না-হেতুধর্ম উৎপন্ন হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

১০৯. (অনুলোম গণনা)—হেতুতে দশ, আলম্বনে দশ, অধিপতিতে দশ, অনন্তরে দশ... অবিগতে দশ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে দশ, না-অধিপতিতে দশ (সংক্ষিপ্ত)।

সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত তাদৃশ বর্ণিতব্য)।

না-হেতুপদ—৭. প্রশ্ন পরিচ্ছেদ

প্রত্যয়-চতুষ্ক—আলম্বন-প্রত্যয় ইত্যাদি

১১০. (১-৪) প্রীতি-সহগত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়। প্রীতি-সহগত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়। প্রীতি-সহগত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপেক্ষা-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়। প্রীতি-সহগত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতু এবং সুখ-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(৫-৮) সুখ-সহগত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়। সুখ-সহগত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়। সুখ-সহগত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপেক্ষা-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়। সুখ-সহগত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতু এবং সুখ-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়।(৯-১২) উপেক্ষা-সহগত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপেক্ষা-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়। উপেক্ষা-সহগত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়। উপেক্ষা-সহগত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়। উপেক্ষা-সহগত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতু এবং সুখ-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(১৩-১৬) প্রীতি-সহগত না-হেতু এবং সুখ-সহগত না-হেতুধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়... (চার)।

১১১. (১-৪) প্রীতি-সহগত না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়... (চার)।

(৫-৮) সুখ-সহগত না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়... (চার)।

(৯-১২) উপেক্ষা-সহগত না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয় দ্বারা উপেক্ষা-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়... (চার)।

(১৩-১৬) প্রীতি-সহগত না-হেতু এবং সুখ-সহগত না-হেতুধর্মসমূহ অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়... (চার)।

১১২. (১-৪) প্রীতি-সহগত না-হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা প্রীতি-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়... (চার)।

(৫-৮) সুখ-সহগত না-হেতুধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সুখ-সহগত না-

হেতুধর্মের প্রত্যয় হয়... (চার)।

(৯-১২) উপেক্ষা-সহগত না-হেতুধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা উপেক্ষা-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়... (চার)।

(১৩-১৬) প্রীতি-সহগত না-হেতু এবং সুখ-সহগত না-হেতুধর্মসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রীতি-সহগত না-হেতুধর্মের প্রত্যয় হয়... (চার) (সংক্ষিপ্ত)।

১১৩. (অনুলোম গণনা)—আলম্বনে ষোল, অধিপতিতে ষোল, সহজাতে দশ, অন্যোন্যে দশ, নিশ্রয়ে দশ, উপনিশ্রয়ে ষোল, আহারে দশ... অবিগতে দশ (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—না-হেতুতে ষোল, না-আলম্বনে ষোল, না-অধিপতিতে ষোল (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতুতে ষোল (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা) না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে ষোল (সংক্ষিপ্ত)।

(কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ বর্ণনার ন্যায় এখানেও বর্ণিতব্য)।

৮-১. দর্শনের দ্বারা প্রহাতব্যত্রিক-হেতুদ্বিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

১১৪. (১) দর্শনের দ্বারা প্রহাতব্য হেতুধর্মকে নিশ্রয় করে দর্শনের দ্বারা প্রহাতব্য হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(২) ভাবনার দ্বারা প্রহাতব্য হেতুধর্মকে নিশ্রয় করে ভাবনার দ্বারা প্রহাতব্য হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৩) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা (সংক্ষিপ্ত)।

১১৫. (অনুলোম গণনা)—হেতুতে তিন (সর্বত্রই তিন), বিপাকে এক... অবিগতে তিন।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন... না-বিপ্রযুক্তে তিন (সংক্ষিপ্ত। সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত তদ্রূপভাবে বর্ণিতব্য)।

১১৬. (১-৩) দর্শনের দ্বারা প্রহাতব্য হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা দর্শনের দ্বারা প্রহাতব্য হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(১-৮) দর্শনের দ্বারা প্রহাতব্য হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা দর্শনের দ্বারা

প্রহাতব্য হেতুধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

১১৭. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে আট, অধিপতিতে ছয়, অনন্তরে পাঁচ, সমনন্তরে পাঁচ, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে আট, আসেবনে তিন, বিপাকে এক, ইন্দ্রিয়ে এক, মার্গে এক... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে আট, না-আলম্বনে আট (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে আট (সংক্ষিপ্ত)।

(যথা কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ এখানেও তদ্রূপভাবে বিস্তৃতব্য)।

না-হেতুপদ

১-৬. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয় চতুষ্ক

হেতু-প্রত্যয় (৯), আলম্বন-প্রত্যয় (৩)

১১৮. (১-৩) দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতু এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (তিন)।

(৪-৬) ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতু এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (তিন)।

(৭) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৮) দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতু এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৯) ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতু এবং না-দর্শনের দ্বারা অথবা না-

ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(১) দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা।

(২) ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা।

(৩) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা (সংক্ষিপ্ত)।

১১৯. (অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

না-হেতু-প্রত্যয়–না-আলম্বন-প্রত্যয়

১২০. (১) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা।

(১) দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা।

(২) ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা।

(৩) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা।

(৪) দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতু এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা।

(৫) ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতু এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

১২১. (প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে নয়... না-বিগতে পাঁচ (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে পাঁচ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম–অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক (সংক্ষিপ্ত)।

(সহজাত অধ্যায়, প্রত্যয় অধ্যায়, নিশ্রয় অধ্যায়, সংশ্লিষ্ট অধ্যায়, সম্প্রযুক্ত অধ্যায় প্রতীত্যবার সদৃশ বর্ণিতব্য)।

৭. প্রশ্ন পরিচ্ছেদ—প্রত্যয়-চতুষ্ক

১২২. (১-২) দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মের প্রত্যয় হয়। দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্মের প্রত্যয় হয়... (দুই)।

(৩-৫) ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৬-৮) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্য না-হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

১২৩. (অনুলোম গণনা)—আলম্বনে আট, অধিপতিতে দশ... অবিগতে তের (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে চৌদ্দ, না-আলম্বনে চৌদ্দ (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতুতে আট (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে আট (সংক্ষিপ্ত)।

(যথা কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ এখানেও একইভাবে বর্ণিতব্য)।

৯-১. দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুকত্রিক-হেতুদ্বিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয়

১২৪. (১) দর্শনের দ্বারা প্রহাতব্য হেতুক বা হেতুযুক্ত হেতুধর্মকে নিশ্রয় করে দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(২) ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক হেতুধর্মকে নিশ্রয় করে ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৩) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্যহেতুক হেতুধর্মকে নিশ্রয়

করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্যহেতুক হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

১২৫. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে তিন... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন... না-বিপ্রযুক্তে তিন (সংক্ষিপ্ত। সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত প্রতীত্যবার সদৃশ বর্ণিতব্য)।

১২৬. (১-৩) দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক হেতুধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে আট, অধিপতিতে ছয়... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে আট, না-আলম্বনে আট (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে আট (সংক্ষিপ্ত)।

(যথা কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ এখানেও তদ্রূপভাবে বিস্তৃতব্য)।

না-হেতুপদ—১-৭. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১২৭. (১-৩) দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক না-হেতুধর্মকে নিশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (তিন)।

(৪-৬) ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক না-হেতুধর্মকে নিশ্রয় করে ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (তিন)।

(৭-৯) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্যহেতুক ধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্যহেতুক না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (তিন) (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে তিন... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

[প্রতিলোম সমাপ্ত]

না-হেতু-প্রত্যয়

১২৮. (১) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্যহেতুক না-

হেতুধর্মকে নিশ্রয় করে না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্যহেতুক না-হেতুধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

১২৯. (প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-আলম্বনে পাঁচ... না-বিগতে পাঁচ (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে পাঁচ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক (সংক্ষিপ্ত)।

(সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

আলম্বন-প্রত্যয়

১৩০. (১-২) দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক না-হেতুধর্মের প্রত্যয় হয়... (দুই)।

(৩-৫) ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক না-হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৬-৮) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্যহেতুক না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয় দ্বারা না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার প্রহাতব্যহেতুক না-হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

১৩১. (অনুলোম গণনা)—আলম্বনে আট, অধিপতিতে দশ... অবিগতে তের (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে চৌদ্দ, না-আলম্বনে চৌদ্দ (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতুতে আট (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে আট (সংক্ষিপ্ত)।

(যথা কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ এখানেও একইভাবে বিস্তারিত জানতে হবে)।

১০-১. আচয়গামীত্রিক-হেতুদ্বিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয়

১৩২. (১) আচয়গামী (পুনর্জন্মের হেতু সঞ্চয়কারী) হেতুধর্মকে নিশ্রয় করে আচয়গামী হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(২) অপচয়গামী (পুনর্জন্মের হেতু ধ্বংসকারী) হেতুধর্মকে নিশ্রয় করে অপচয়গামী হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৩) না-আচয়গামী-না-অপচয়গামী (আচয়গামীও নহে অপচয়গামীও নহে) হেতুধর্মকে নিশ্রয় করে না-আচয়গামী- না-অপচয়গামী হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

১৩৩. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে তিন, অধিপতিতে তিন (সর্বত্রই তিন)।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে তিন, না-আসেবনে দুই, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতুতে তিন (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত প্রতীত্যবার সদৃশ বর্ণনা করণীয়)।

হেতু-আলম্বন-প্রত্যয় ইত্যাদি

১৩৪. (১) আচয়গামী হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা আচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়।

(২) অপচয়গামী হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অপচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩) না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়।

(১-২) আচয়গামী হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা আচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়। আচয়গামী হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩-৪) অপচয়গামী হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা আচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়। অপচয়গামী হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়।

(৫-৬) না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়। না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা আচয়গামী ধর্মের প্রত্যয় হয়।

১৩৫. (১) আচয়গামী হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা আচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দুই প্রকার)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি।

(২-৪) অপচয়গামী হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়। (এটি একবিধ)—সহজাত-অধিপতি...। অপচয়গামী হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা আচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়। অপচয়গামী হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়। (এটি একবিধ)—আলম্বন-অধিপতি...।

(৫-৬) না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়। না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা আচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়।

১৩৬. (১-৩) আচয়গামী হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা আচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়। আচয়গামী হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়। আচয়গামী হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়।

(৪) অপচয়গামী হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়।

(৫) না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী হেতুধর্মের প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

১৩৭. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে ছয়, অধিপতিতে ছয়, অনন্তরে পাঁচ, সমনন্তরে পাঁচ, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে আট, আসেবনে তিন, বিপাকে এক... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে আট, না-আলম্বনে আট (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে ছয় (সংক্ষিপ্ত)।

(যথা কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ একইভাবে গণনা করণীয়)।

না-হেতুপদ

১-৬. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

হেতু-প্রত্যয়–আলম্বন-প্রত্যয়

১৩৮. (১-৩) আচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে আচয়গামী না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। আচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। আচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে আচয়গামী না-হেতু এবং না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৪-৬) অপচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে অপচয়গামী না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। অপচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। অপচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে অপচয়গামী না-হেতু এবং না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৭) না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৮) আচয়গামী না-হেতু এবং না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৯) অপচয়গামী না-হেতু এবং না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

১৩৯. (১) আচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে আচয়গামী না-হেতুধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা।

(২) অপচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে অপচয়গামী না-হেতুধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা।

(৩) না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

না-হেতু-প্রত্যয়—না-আলম্বন-প্রত্যয়

১৪০. (১) না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা।

(১-৫) আচয়গামী না-হেতুধর্মকে নিশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা... (সংক্ষিপ্ত)।

১৪১. (প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে ছয়... না-বিগতে পাঁচ (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে পাঁচ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক (সংক্ষিপ্ত)।

(সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

৭. প্রশ্ন পরিচ্ছেদ—প্রত্যয়-চতুষ্ক

১৪২. (১-২) আচয়গামী না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা আচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়। আচয়গামী না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩-৪) অপচয়গামী না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা আচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়। অপচয়গামী না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(৫-৭) না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়। না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা আচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়। না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অপচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়।

১৪৩. (১-৩) আচয়গামী না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা আচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৭) অপচয়গামী না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়। অপচয়গামী না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা আচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়। অপচয়গামী না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়। আচয়গামী না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপচয়গামী না-হেতু এবং না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়।

১৪৪. (৮-১০) না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(১-৩) আচয়গামী না-হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা আচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়। আচয়গামী না-হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়। আচয়গামী না-হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(৪) অপচয়গামী না-হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(৫-৬) না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়। না-আচয়গামী-না-

অপচয়গামী না-হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা আচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়...।

(১-৯) আচয়গামী না-হেতুধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আচয়গামী না-হেতুধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

১৪৫. (অনুলোম গণনা)—আলম্বনে সাত, অধিপতিতে দশ, অনন্তরে ছয়, সমনন্তরে ছয়, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তের, উপনিশ্রয়ে নয়... অবিগতে তের (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে পনের, না-আলম্বনে পনের (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতুতে সাত (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে সাত (সংক্ষিপ্ত)।

(যথা কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ একইভাবে গণনা করণীয়)।

১১-১. শৈক্ষ্যত্রিক-হেতুদ্বিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয়

১৪৬. (১) শৈক্ষ্য (স্রোতাপত্তি মার্গ হতে অর্হত্ত্বমার্গকে শৈক্ষ্য বলা হয়) হেতুধর্মকে নিশ্রয় করে শৈক্ষ্য হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(২) অশৈক্ষ্য (অর্হত্ত্বফলকে অশৈক্ষ্য বলা হয়) হেতুধর্মকে নিশ্রয় করে অশৈক্ষ্য হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য (শৈক্ষ্যও নহে, অশৈক্ষ্যও নহে অর্থাৎ পৃথগ্জনভুক্ত) হেতুধর্মকে নিশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

১৪৭. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে তিন, অধিপতিতে তিন... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-বিপাকে দুই, না-বিপ্রযুক্তে তিন (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-অধিপতি প্রত্যয় দ্বারা হেতুতে তিন (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত তাদৃশ বর্ণিতব্য)।

হেতু-আলম্বন-প্রত্যয় ইত্যাদি

১৪৮. (১) শৈক্ষ্য হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা শৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়।

(২) অশৈক্ষ্য হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩) না-অশৈক্ষ্য না-অশৈক্ষ্য হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়।

১৪৯. (১) শৈক্ষ্য হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়।

(২) অশৈক্ষ্য হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়।

১৫০. (১-২) শৈক্ষ্য হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা শৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়। শৈক্ষ্য হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়।

(৪-৬) অশৈক্ষ্য হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়। অশৈক্ষ্য হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়।

(৭) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের প্রত্যয় হয়।

১৫১. (১-৩) শৈক্ষ্য হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা শৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়। শৈক্ষ্য হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়। শৈক্ষ্য হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়।

(৪-৫) অশৈক্ষ্য হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়। অশৈক্ষ্য হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়।

(৬-৮) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়। না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা শৈক্ষ্য হেতুধর্মে প্রত্যয় হয়। না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অশৈক্ষ্য হেতুধর্মের প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

১৫২. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে তিন, অধিপতিতে পাঁচ, অনন্তরে আট, সমনন্তরে আট, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন,

উপনিশ্রয়ে আট... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে আট, না-আলম্বনে আট (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন (সংক্ষিপ্ত)।

(যথা কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ একইভাবে গণনা করণীয়)।

না-হেতুপদ

১-৬. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

হেতু-প্রত্যয়–আলম্বন-প্রত্যয়

১৫৩. (১-৩) শৈক্ষ্য না-হেতুধর্মকে নিশ্রয় করে শৈক্ষ্য না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। শৈক্ষ্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। শৈক্ষ্য না-হেতুধর্মকে নিশ্রয় করে শৈক্ষ্য না-হেতু এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৪-৬) অশৈক্ষ্য না-হেতুধর্মকে নিশ্রয় করে অশৈক্ষ্য না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (তিন)।

(৭) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৮) শৈক্ষ্য না-হেতু এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৯) অশৈক্ষ্য না-হেতু এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

১৫৪. (১) শৈক্ষ্য না-হেতুধর্মকে নিশ্রয় করে শৈক্ষ্য না-হেতুধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা।

(২) অশৈক্ষ্য না-হেতুধর্মকে নিশ্রয় করে অশৈক্ষ্য না-হেতুধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়... আসেবনে দুই... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

না-হেতু-প্রত্যয়

১৫৫. (১) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্মকে নিশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে তিন... না-বিগতে পাঁচ (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে পাঁচ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক (সংক্ষিপ্ত)।

(সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত প্রতীত্যবার সদৃশ বিস্তৃতব্য)।

৭. প্রশ্ন পরিচ্ছেদ—প্রত্যয়-চতুষ্ক

১৫৬. (১) শৈক্ষ্য না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(২) অশৈক্ষ্য না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩-৫) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্মের প্রত্যয় হয়। না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা শৈক্ষ্য না-হেতুধর্মের প্রত্যয় হয়। না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অশৈক্ষ্য না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(১-৩) শৈক্ষ্য না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা শৈক্ষ্য না-হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অশৈক্ষ্য না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অশৈক্ষ্য না-হেতুধর্মের প্রত্যয় হয়... তিন)।

(৭-৯) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য না-হেতুধর্মের প্রত্যয় হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

১৫৭. (অনুলোম গণনা)—আলম্বনে পাঁচ, অধিপতিতে নয়, অনন্তরে আট, সমনন্তরে আট, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তের, উপনিশ্রয়ে আট... অবিগতে তের (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে চৌদ্দ, না-আলম্বনে চৌদ্দ (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতুতে পাঁচ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে পাঁচ (সংক্ষিপ্ত)।

(যথা কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ একইভাবে গণনা করতে হবে)।

১১-১. পরিত্তত্রিক-হেতুদ্বিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

১৫৮. (১) পরিত্ত (সীমিত অর্থাৎ কামাবচর) হেতুধর্মকে নিশ্রয় করে পরিত্ত হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(২) মহদ্গত (মহান বা উচ্চস্তরের অর্থাৎ রূপাবচর ও অরূপাবচর) হেতুধর্মকে নিশ্রয় করে মহদ্গত হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৩) অপ্রমাণ (অসীম অর্থাৎ লোকোত্তর) হেতুধর্মকে নিশ্রয় করে অপ্রমাণ হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা) হেতুতে তিন, আলম্বনে তিন... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে তিন... না-বিপ্রযুক্তে তিন (সংক্ষিপ্ত)।

(সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

হেতু-আলম্বন-প্রত্যয় ইত্যাদি

১৫৯. (১) পরিত্ত হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা পরিত্ত হেতুধর্মের প্রত্যয় হয়।

(২) মহদ্গত হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা মহদ্গত হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩) অপ্রমাণ হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অপ্রমাণ হেতুধর্মের প্রত্যয় হয়।

(১-২) পরিত্ত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা পরিত্ত হেতুধর্মের প্রত্যয় হয়। পরিত্ত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মহদ্গত হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩-৪) মহদ্গত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মহদ্গত হেতুধর্মের প্রত্যয় হয়। মহদ্গত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা পরিত্ত হেতুধর্মের প্রত্যয় হয়।

(৫-৬) অপ্রমাণ হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা পরিত্ত হেতুধর্মের প্রত্যয় হয়। অপ্রমাণ হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মহদ্গত হেতুধর্মের প্রত্যয় হয়।

১৬০. (১) পরিত্ত হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা পরিত্ত হেতুধর্মের প্রত্যয় হয়।

(২-৩) মহদ্গত হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা মহদ্গত হেতুধর্মের প্রত্যয় হয়। মহদ্গত হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা পরিত্ত হেতুধর্মের প্রত্যয় হয়।

(৪-৫) অপ্রমাণ হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপ্রমাণ হেতুধর্মের প্রত্যয় হয়... (দুই)।

(১-৩) পরিত্ত হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরিত্ত হেতুধর্মের প্রত্যয় হয়।

পরিত্ত হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা মহদ্গাত হেতুধর্মের প্রত্যয় হয়। পরিত্ত হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রমাণ হেতুধর্মের প্রত্যয়।

(৪-৬) মহদ্গাত হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা মহদ্গাত হেতুধর্মের প্রত্যয় হয়। মহদ্গাত হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরিত্ত ধর্মের প্রত্যয় হয়। মহদ্গাত হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রমাণ হেতুধর্মের প্রত্যয় হয়।

(৭-৯) অপ্রমাণ হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রমাণ হেতুধর্মের প্রত্যয় হয়। অপ্রমাণ হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরিত্ত হেতুধর্মের প্রত্যয় হয়। অপ্রমাণ হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা মহদ্গাত হেতুধর্মের প্রত্যয় হয়।

(১-৯) পরিত্ত হেতুধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা পরিত্ত হেতুধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

১৬১. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে ছয়, অধিপতিতে পাঁচ, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে নয়... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে ছয় (সংক্ষিপ্ত)।

(যথা কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ একইভাবে বিস্তৃতব্য)।

না-হেতুপদ

১-৬. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (১৩)

১৬২. (১-৩) পরিত্ত না-হেতুধর্মকে নিশ্রয় করে পরিত্ত না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (তিন)।

(৪-৬) মহদ্গাত না-হেতুধর্মকে নিশ্রয় করে মহদ্গাত না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। মহদ্গাত না-হেতুধর্মকে নিশ্রয় করে পরিত্ত না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। মহদ্গাত না-হেতুধর্মকে নিশ্রয় করে পরিত্ত না-হেতু এবং মহদ্গাত না-হেতুধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৭) অপ্রমাণ না-হেতুধর্মকে নিশ্রয় করে অপ্রমাণ না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৮-৯) অপ্রমাণ না-হেতুধর্মকে নিশ্রয় করে পরিত্ত না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। অপ্রমাণ না-হেতুধর্মকে নিশ্রয় করে পরিত্ত না-হেতু এবং অপ্রমাণ না-হেতুধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(১০-১২) পরিত্ত না-হেতু এবং মহদ্গত না-হেতুধর্মকে নিশ্রয় করে পরিত্ত না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (তিন)।

(১৩) পরিত্ত না-হেতু এবং অপ্রমাণ না-হেতুধর্মকে নিশ্রয় করে পরিত্ত না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

১৬৩. (অনুলোম গণনা)—হেতুতে তের, আলম্বনে পাঁচ, অধিপতিতে নয়... বিগতে পাঁচ, অবিগতে তের (সংক্ষিপ্ত)।

[প্রতিলোম সমাপ্ত]

না-হেতু-প্রত্যয়

১৬৪. (১) পরিত্ত না-হেতুধর্মকে নিশ্রয় করে পরিত্ত না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—না-হেতুতে এক, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে দশ... না-বিগতে পাঁচ (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে পাঁচ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক (সংক্ষিপ্ত)।

(সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

৭. প্রশ্ন পরিচ্ছেদ—প্রত্যয়-চতুষ্ক

১৬৫. (১-২) পরিত্ত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা পরিত্ত না-হেতুধর্মের প্রত্যয় হয়। পরিত্ত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মহদ্গত না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩-৪) মহদ্গত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মহদ্গত না-হেতুধর্মের প্রত্যয় হয়। মহদ্গত না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা পরিত্ত না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(৫-৭) অপ্রমাণ না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অপ্রমাণ না-হেতুধর্মের প্রত্যয় হয়। অপ্রমাণ না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা পরিত্ত না-হেতুধর্মের প্রত্যয় হয়। অপ্রমাণ না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মহদ্গত না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(১-৭) পরিত্ত না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা পরিত্ত না-হেতুধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

১৬৬. (অনুলোম গণনা)—আলম্বনে সাত, অধিপতিতে সাত, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে এগার, অন্যোন্যে সাত, নিশ্রয়ে তের, উপনিশ্রয়ে নয়...

অবিগতে তের (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে পনের, না-আলম্বনে পনের (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতুতে সাত (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে সাত (সংক্ষিপ্ত)।

(যথা কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ একইভাবে বিস্তৃতব্য)।

১৩-১. পরিত্তালম্বনত্রিক-হেতুদ্বিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয়

১৬৭. (১) পরিত্তালম্বন (কামাবচর-আলম্বন) হেতুধর্মকে নিশ্রয় করে পরিত্তালম্বন হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(২) মহদ্গতালম্বন (রূপাবচর ও অরূপাবচর-আলম্বন) হেতুধর্মকে নিশ্রয় করে মহদ্গতালম্বন হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৩) অপ্রমাণালম্বন (লোকোত্তর-আলম্বন) হেতুধর্মকে নিশ্রয় করে অপ্রমাণালম্বন হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে তিন... বিগতে তিন, অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)

হেতু-প্রত্যয়–আলম্বন-প্রত্যয়

১৬৮. (১) পরিত্তালম্বন হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা পরিত্তালম্বন হেতুধর্মের প্রত্যয় হয়।

(২) মহদ্গতালম্বন হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা মহদ্গতালম্বন হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩) অপ্রমাণালম্বন হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অপ্রমাণালম্বন হেতুধর্মের প্রত্যয় হয়।

(১-২) পরিত্তালম্বন হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা পরিত্তালম্বন হেতুধর্মের প্রত্যয় হয়। পরিত্তালম্বন হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মহদ্গতালম্বন হেতুধর্মের প্রত্যয়।

(৩-৪) মহদ্গতালম্বন হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মহদ্গতালম্বন হেতুধর্মের প্রত্যয় হয়। মহদ্গতালম্বন হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা পরিত্তালম্বন হেতুধর্মের প্রত্যয় হয়।

(৫-৭) অপ্রমাণালম্বন হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অপ্রমাণালম্বন হেতুধর্মের প্রত্যয় হয়। অপ্রমাণালম্বন হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা পরিত্তালম্বন হেতুধর্মের প্রত্যয় হয়। অপ্রমাণালম্বন হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মহদ্গতালম্বন হেতুধর্মের প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

১৬৯. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে সাত, অধিপতিতে সাত, অনন্তরে নয়, সমনন্তরে নয়, উপনিশ্রয়ে নয়... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে সাত (সংক্ষিপ্ত)।

(যথা কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ একইভাবে বিস্তৃতব্য)।

না-হেতুপদ—১-৭. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয়

১৭০. (১) পরিত্তালম্বন না-হেতুধর্মকে নিশ্রয় করে পরিত্তালম্বন না-হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে তিন, অধিপতিতে তিন... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

১৭১. পরিত্তালম্বন না-হেতুধর্মকে নিশ্রয় করে পরিত্তালম্বন না-হেতুধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে তিন, না-অধিপতিতে তিন... না-বিপ্রযুক্তে তিন (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন (সংক্ষিপ্ত)।

(সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

আলম্বন-প্রত্যয়–অধিপতি-প্রত্যয়

১৭২. (১-২) পরিত্তালম্বন না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা পরিত্তালম্বন না-হেতুধর্মের প্রত্যয় হয়। পরিত্তালম্বন না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মহদ্গতালম্বন না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩-৪) মহদ্গতালম্বন না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মহদ্গতালম্বন না-হেতুধর্মের প্রত্যয় হয়। মহদ্গতালম্বন না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা পরিত্তালম্বন না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(৫-৭) অপ্রমাণালম্বন না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অপ্রমাণালম্বন না-হেতুধর্মের প্রত্যয় হয়। অপ্রমাণালম্বন না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা পরিত্তালম্বন না-হেতুধর্মের প্রত্যয় হয়। অপ্রমাণালম্বন না-হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মহদ্গতালম্বন না-হেতুধর্মের প্রত্যয় হয়।

(১-৭) পরিত্তালম্বন না-হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা পরিত্তালম্বন না-হেতুধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

১৭৩. (অনুলোম গণনা)—আলম্বনে সাত, অধিপতিতে সাত, অনন্তরে নয়, সমনন্তরে নয়, উপনিশ্রয়ে নয়... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতুতে সাত (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে সাত (সংক্ষিপ্ত)।

(যথা কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ এখানেও তদ্রূপভাবে বর্ণিতব্য)।

১৪-১. হীনত্রিক-হেতুদ্বিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (৩)

১৭৪. (১-৩) হীন (নিম্নমানের) হেতুধর্মকে নিশ্রয় করে হীন হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। মধ্যম (মাঝারিমানের) হেতুধর্মকে নিশ্রয় করে মধ্যম হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। প্রণীত (উৎকৃষ্টমানের) হেতুধর্মকে নিশ্রয় করে প্রণীত হেতুধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

১৭৫. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে তিন... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন (সংক্ষিপ্ত)। (সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত প্রতীত্যবার সদৃশ

বিস্তারিত জ্ঞাতব্য)।

হেতু-প্রত্যয়–আলম্বন-প্রত্যয়

১৭৬. (১) হীন হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা হীন হেতুধর্মের প্রত্যয় হয়।

(২) মধ্যম হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা মধ্যম হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩) প্রণীত হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা প্রণীত হেতুধর্মের প্রত্যয় হয়।

(১-২) হীন হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা হীন হেতুধর্মের প্রত্যয়। হীন হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা হীন মধ্যম হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩-৪) মধ্যম হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মধ্যম হেতুধর্মের প্রত্যয় হয়। মধ্যম হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা হীন হেতুধর্মের প্রত্যয় হয়।

(৫) প্রণীত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মধ্যম হেতুধর্মের প্রত্যয় হয়।

১৭৭. (১) হীন হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা হীন হেতুধর্মের প্রত্যয় হয়।

(২-৩) মধ্যম হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা মধ্যম হেতুধর্মের প্রত্যয় হয়। মধ্যম হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা হীন হেতুধর্মের প্রত্যয় হয়।

(৪-৫) প্রণীত হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রণীত হেতুধর্মের প্রত্যয় হয়। প্রণীত হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা মধ্যম হেতুধর্মের প্রত্যয় হয়।

(১-২) হীন হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা হীন হেতুধর্মের প্রত্যয় হয়... (দুই)।

(৩-৪) মধ্যম হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা মধ্যম হেতুধর্মের প্রত্যয় হয়... (দুই)।

(৫-৬) প্রণীত হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রণীত হেতুধর্মের প্রত্যয় হয়... (দুই) (সংক্ষিপ্ত)।

১৭৮. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে পাঁচ, অধিপতিতে পাঁচ... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে আট, না-আলম্বনে আট (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে পাঁচ (সংক্ষিপ্ত)।

(যথা কুশলত্রিকে প্রশ্ন পরিচ্ছেদ এখানেও তদ্রূপভাবে বর্ণিতব্য)।

না-হেতুপদ—হেতু-প্রত্যয়

১৭৯. (১) হীন না-হেতুধর্মকে নিশ্রয় করে হীন না-হেতুধর্ম উৎপন্ন হয়

হেতু-প্রত্যয় দ্বারা। (যথা সংক্লিষ্টত্রিকে হেতুদ্বিক এখানেও তদ্রূপভাবে বিস্তৃতব্য)।

১৫-১. মিথ্যাদৃষ্টিতে স্থিতত্রিক-হেতুদ্বিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয়

১৮০. (১) মিথ্যা (অযথার্থ)-দৃষ্টিতে স্থিত (নিয়ত) হেতুধর্মকে নিশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে স্থিত হেতুধর্ম উৎপন্ন হয়।

(২) সম্যক (যথার্থ)-দৃষ্টিতে স্থিত হেতুধর্মকে নিশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সম্যকদৃষ্টিতে স্থিত হেতুধর্ম উৎপন্ন হয়।

(৩) অনিয়ত (অনিশ্চিত) হেতুধর্মকে নিশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত হেতুধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১৮১. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে তিন, অধিপতিতে তিন... বিপাকে এক... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে এক, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে দুই (সংক্ষিপ্ত)।

(সহজাত অধ্যায়... সম্প্রযুক্ত অধ্যায় পর্যন্ত প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

হেতু-প্রত্যয়–আলম্বন-প্রত্যয়

১৮২. (১) মিথ্যাদৃষ্টিতে স্থিত হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা মিথ্যাদৃষ্টিতে স্থিত হেতুধর্মের প্রত্যয় হয়।

(২) সম্যকদৃষ্টিতে স্থিত হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সম্যকদৃষ্টিতে স্থিত হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩) অনিয়ত হেতুধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অনিয়ত হেতুধর্মের প্রত্যয় হয়।

(১) মিথ্যাদৃষ্টিতে স্থিত আলম্বন-প্রত্যয়ের দ্বারা অনিয়ত হেতুধর্মের প্রত্যয় হয়।

(২) সম্যকদৃষ্টিতে স্থিত আলম্বন-প্রত্যয়ের দ্বারা অনিয়ত হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩) অনিয়ত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অনিয়ত হেতুধর্মের প্রত্যয় হয়।

(৪) অনিয়ত হেতুধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা মিথ্যাদৃষ্টিতে স্থিত হেতুধর্মের প্রত্যয় হয়।

(১-২) সম্যকদৃষ্টিতে স্থিত হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্যকদৃষ্টিতে

স্থিত হেতুধর্মের প্রত্যয় হয়। সম্যকদৃষ্টিতে স্থিত হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অনিয়ত হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩) অনিয়ত হেতুধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অনিয়ত হেতুধর্মের প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয় ইত্যাদি

১৮৩. (১) মিথ্যাদৃষ্টিতে স্থিত হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনিয়ত হেতুধর্মের প্রত্যয় হয়।

(২) সম্যকদৃষ্টিতে স্থিত হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনিয়ত হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩-৫) অনিয়ত হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনিয়ত হেতুধর্মের প্রত্যয় হয়। অনিয়ত হেতুধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা মিথ্যাদৃষ্টিতে স্থিত হেতুধর্ম প্রত্যয় হয়। অনিয়ত হেতুধর্মকে নিশ্রয় করে অনন্তর-প্রত্যয়ের দ্বারা সম্যকদৃষ্টিতে স্থিত হেতুধর্ম প্রত্যয় হয়।

১৮৪. (১-২) মিথ্যাদৃষ্টিতে স্থিত হেতুধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা মিথ্যাদৃষ্টিতে স্থিত হেতুধর্মের প্রত্যয় হয়। মিথ্যাদৃষ্টিতে স্থিত হেতুধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অনিয়ত হেতুধর্মের প্রত্যয় হয়।

(৩-৪) সম্যকদৃষ্টিতে স্থিত হেতুধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সম্যকদৃষ্টিতে স্থিত হেতুধর্মের প্রত্যয় হয়। সম্যকদৃষ্টিতে স্থিত হেতুধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অনিয়ত হেতুধর্মের প্রত্যয় হয়।

[২]। ১২ অকুশল চিত্ত; লোভ, দ্বেষ ও মোহ চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৪ চৈতসিক অকুশল সহেতুক কিন্তু না-হেতু ধর্ম।

[৩]। ২১ বিপাক চিত্ত, ১৭ ক্রিয়াচিত্ত; অলোভ, অদ্বেষ ও অমোহ চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক অব্যাকৃত সহেতুক কিন্তু না-হেতু ধর্ম।

(কুশলত্রিকে প্রশ্ন অধ্যায়ের ন্যায় এস্থলেও বিস্তৃত করণীয়)।

১-৫. কুশলত্রিক-হেতু অথচ হেতু-সম্প্রযুক্তদ্বিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

২৭১. (১) কুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত[১] ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

(২) অকুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত[২] ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

(৩) অব্যাকৃত হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত[৩] ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

২৭২. (অনুলোম গণনা)—হেতুতে তিন... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-অধিপতিতে তিন (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতুতে তিন (সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

প্রশ্ন অধ্যায়

হেতু-প্রত্যয় (৩), আলম্বন-প্রত্যয় (৯)

২৭৩. (১) কুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

(২) অকুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

(১-৯) কুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

২৭৪. (অনুলোম গণনা)—হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে সাত, অনন্তরে পাঁচ... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সংক্ষিপ্ত)।

---

[১]। অলোভ, অদ্বেষ ও অমোহ কুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্ম।

[২]। লোভ, দ্বেষ ও মোহ অকুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্ম।

[৩]। অলোভ, অদ্বেষ ও অমোহ অব্যাকৃত হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্ম।

(অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয় (সংক্ষিপ্ত)।

(কুশলত্রিকে প্রশ্ন অধ্যায়ের ন্যায় এস্থলে বিস্তৃত করণীয়)।

হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতুপদ

১-৭. প্রতীত্যবার প্রভৃতি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

২৭৫. (১) কুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু[১] ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্ম উৎপন্ন হয়।

(২) অকুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু[২] ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্ম উৎপন্ন হয়।

(৩) অব্যাকৃত হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু[৩] ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

২৭৬. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে তিন, আলম্বনে তিন... অবিগতে তিন।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-অধিপতিতে তিন (সংক্ষিপ্ত)।

(সহজাতবার... সম্প্রযুক্তবার পর্যন্ত প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

প্রশ্নবার

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

২৭৭. (১-৩) কুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) অব্যাকৃত হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

---

[১]। ২১ কুশল চিত্ত; অলোভ, অদ্বেষ ও অমোহ চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক কুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত; লোভ, দ্বেষ ও মোহ চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৪ চৈতসিক অকুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্ম।

[৩]। ২১ বিপাক চিত্ত, ১৭ ক্রিয়াচিত্ত; অলোভ, অদ্বেষ ও অমোহ চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক অব্যাকৃত হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্ম।

২৭৮. (অনুলোম গণনা অধ্যায়)—আলম্বনে নয়, অধিপতিতে সাত, অনন্তরে পাঁচ... সহজাতে তিন... উপনিশ্রয়ে নয়... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা অধ্যায়)—আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতুতে নয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা অধ্যায়)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয় (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন অধ্যায়ের ন্যায় এস্থলে বিস্তৃত করণীয়)।

১-৬. কুশলত্রিক-না-হেতু-সহেতুক-দ্বিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (৩)

২৭৯. (১) কুশল না-হেতু সহেতুক[১] ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল না-হেতু সহেতুক ধর্ম উৎপন্ন হয়।

(২) অকুশল না-হেতুতে সহেতুক[২] ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল না-হেতু সহেতুক ধর্ম উৎপন্ন হয়।

(৩) অব্যাকৃত না-হেতু সহেতুক[৩] ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত না-হেতু সহেতুক ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২৮০. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে তিন, আলম্বনে তিন... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-অধিপতিতে তিন (সংক্ষিপ্ত)।

(সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ বুঝতে হবে)।

আলম্বন-প্রত্যয় (৯)

২৮১. (১-৩) কুশল না-হেতু সহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল না-হেতু সহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অকুশল না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) অব্যাকৃত না-হেতু সহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত

---

[১]। ২১ কুশল চিত্ত; অলোভ, অদ্বেষ ও অমোহ চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক কুশল না-হেতু সহেতুক ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত; লোভ, দ্বেষ ও মোহ চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৪ চৈতসিক অকুশল না-হেতু সহেতুক ধর্ম।

[৩]। ২১ বিপাক চিত্ত, ১৭ ক্রিয়াচিত্ত; অলোভ, অদ্বেষ ও অমোহ (প্রজ্ঞেন্দ্রিয়) চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক অব্যাকৃত না-হেতু সহেতুক ধর্ম।

না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

২৮২. (অনুলোম গণনা অধ্যায়)—আলম্বনে নয়, অধিপতিতে সাত, অনন্তরে পাঁচ... সহজাতে, অন্যোন্যে, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে নয়, আসেবনে তিন, কর্মে পাঁচ, বিপাকে এক, আহারে... সম্প্রযুক্তে তিন... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা অধ্যায়)—আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতুতে নয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা অধ্যায়)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয় (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন অধ্যায়ের ন্যায় এস্থলে বিস্তৃত করণীয়)।

না-হেতু-অহেতুকপদ

হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-১)

২৮৩. (১) অব্যাকৃত না-হেতু অহেতুক[১] ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত না-হেতু অহেতুক ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে এক... না-বিগতে এক (সংক্ষিপ্ত)।

(সহজাতবার... সম্প্রযুক্তবার পর্যন্ত প্রতীত্যবার সদৃশ পঠিতব্য)।

২৮৪. (১) না-হেতু অহেতুক অব্যাকৃত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক অব্যাকৃত ধর্মের প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—আলম্বনে এক, অধিপতিতে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন অধ্যায়ের ন্যায় এস্থলে বিস্তৃত করণীয়)।

[হেতুগুচ্ছ সমাপ্ত]

১-৭. কুশলত্রিক-সম্প্রযুক্তদ্বিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয় চতুষ্ক

১. (১-৩) হেতু-প্রত্যয়ের কারণে কুশল সপ্রত্যয় (প্রত্যয় বা কারণযুক্ত)[২] ধর্মকে অবলম্বন করে কুশল সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের কারণে কুশল সপ্রত্যয় ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়। হেতু-

---

[১]। ১৮ অহেতুক চিত্ত, ছন্দ ব্যতীত সর্বচিত্ত সাধারণ চৈতসিক ৬ এবং প্রকীর্ণ চৈতসিক ৬ মোট তৎসম্প্রযুক্ত ১২ চৈতসিক, দুই মোহমূলক চিত্তে মোহ, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত না-হেতু অহেতুক ধর্ম।

[২]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল সপ্রত্যয় ধর্ম।

প্রত্যয়ের কারণে কুশল সপ্রত্যয় ধর্মকে অবলম্বন করে সপ্রত্যয় এবং অব্যাকৃত সপ্রত্যয় ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৪-৬) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল সপ্রত্যয়[১] ধর্মকে অবলম্বন করে অকুশল সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত সপ্রত্যয়[২] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে কুশল সপ্রত্যয় এবং অব্যাকৃত সপ্রত্যয় ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল সপ্রত্যয় এবং অব্যাকৃত সপ্রত্যয় ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়।

২. (১) আলম্বন-প্রত্যয়ের কারণে কুশল সপ্রত্যয় ধর্মকে অবলম্বন করে কুশল সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়।

(২) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল সপ্রত্যয় ধর্মকে অবলম্বন করে অকুশল সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত সপ্রত্যয় ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৩. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

প্রত্যয় : প্রতিলোম—না-হেতু-প্রত্যয় (২)

৪. (১) না-হেতু-প্রত্যয়ের কারণে অকুশল সপ্রত্যয় ধর্মকে অবলম্বন করে অকুশল সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়।

(২) না-হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত সপ্রত্যয় ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৫. (প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে দুই, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে নয়... না-বিগতে পাঁচ (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে পাঁচ (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা অধ্যায়)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই (সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবার পর্যন্ত প্রতীত্যবার সদৃশ পঠিতব্য)।

---

[১]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল সপ্রত্যয় ধর্ম।

[২]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও ২৮ প্রকার রূপ অব্যাকৃত সপ্রত্যয় ধর্ম।

হেতু-প্রত্যয় (৭), আলম্বন-প্রত্যয় (৯)

৬. (১-৩) কুশল সপ্রত্যয় ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল সপ্রত্যয় ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল সপ্রত্যয় ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল সপ্রত্যয় ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭) অব্যাকৃত সপ্রত্যয় ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত সপ্রত্যয় ধর্মের প্রত্যয় হয়।

৭. (১-৩) কুশল সপ্রত্যয় ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল সপ্রত্যয় ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল সপ্রত্যয় ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অকুশল সপ্রত্যয় ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) অব্যাকৃত সপ্রত্যয় ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত সপ্রত্যয় ধর্মের প্রত্যয় হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

৮. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে নয়, অধিপতিতে দশ, অনন্তরে সাত... সহজাতে নয়... উপনিশ্রয়ে নয়... অবিগতে তের (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে পনের, না-আলম্বনে পনের (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রতিলোম গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে সাত (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম-অনুলোম গণনা অধ্যায়)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয় (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন অধ্যায়ের ন্যায় এস্থলে বিস্তৃত করণীয়)।

১-৮. কুশলত্রিক-সংস্কৃতদ্বিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয়-চতুষ্ক

৯. (১) হেতু-প্রত্যয়ের কারণে কুশল সংস্কৃত (কারণ দ্বারা উৎপন্ন)[১] ধর্মকে অবলম্বন করে কুশল সংস্কৃত ধর্ম উৎপন্ন হয়।

(সপ্রত্যয়দ্বিক সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

---

[১]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক সংস্কৃত কুশল ধর্ম। অপরদিকে ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল সংস্কৃত ধর্ম। অপরদিকে ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও ২৮ প্রকার রূপ অব্যাকৃত সংস্কৃত ধর্ম।

১-৯. কুশলত্রিক-সনিদর্শনদ্বিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয়-চতুষ্ক

১০. (১-৩) হেতু-প্রত্যয়ের কারণে কুশল অনিদর্শন[১] ধর্মকে অবলম্বন করে কুশল অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল অনিদর্শন[২] ধর্মকে অবলম্বন করে অকুশল অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত অনিদর্শন[৩] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে কুশল অনিদর্শন এবং অব্যাকৃত অনিদর্শন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল অনিদর্শন এবং অনিদর্শন অব্যাকৃত ধর্মকে অবলম্বন করে অনিদর্শন অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়।

১১. (১) আলম্বন-প্রত্যয়ের কারণে কুশল অনিদর্শন ধর্মকে অবলম্বন করে কুশল অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের কারণে অকুশল অনিদর্শন ধর্মকে অবলম্বন করে অকুশল অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের কারণে অব্যাকৃত অনিদর্শন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১২. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে তিন... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

প্রত্যয় : প্রতিলোম—না-হেতু-প্রত্যয় (২)

১৩. (১) না-হেতু-প্রত্যয়ের কারণে অকুশল অনিদর্শন ধর্মকে অবলম্বন করে না-হেতু-প্রত্যয় দ্বারা অকুশল অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়।

(২) না-হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত অনিদর্শন ধর্মকে অবলম্বন করে না-হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে দুই, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে নয়... না-বিগতে পাঁচ (সংক্ষিপ্ত)। সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

---

[১]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল অনিদর্শন ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল অনিদর্শন ধর্ম।

[৩]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও দৃশ্যমান রূপ ব্যতীত (২৮-১) = ২৭ প্রকার রূপ অব্যাকৃত অনিদর্শন ধর্ম।

হেতু-প্রত্যয় (৭), আলম্বন-প্রত্যয় (৯)

১৪. (১-৩) কুশল অনিদর্শন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল অনিদর্শন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭) অব্যাকৃত অনিদর্শন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়।

১৫. (১-৩) কুশল অনিদর্শন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল অনিদর্শন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অকুশল অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) অব্যাকৃত অনিদর্শন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

১৬. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে নয়, অধিপতিতে দশ, অনন্তরে সাত... উপনিশ্রয়ে নয়... অবিগতে তের (সংক্ষিপ্ত)।

(কুশলত্রিকে প্রশ্ন অধ্যায়ের ন্যায় এস্থলে তদ্রূপ বিস্তৃত করণীয়)।

১-১০. কুশলত্রিক-সপ্রতিঘদ্বিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (১)

১৭. (১) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত সপ্রতিঘ (সংঘর্ষণাকারে উৎপন্ন)[১] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)।

(সহজাতবার... প্রশ্ন অধ্যায় পর্যন্ত সর্বত্রই এক)।

১৮. (১-৩) হেতু-প্রত্যয়ের কারণে কুশল অপ্রতিঘ[২] ধর্মকে অবলম্বন করে কুশল অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল অপ্রতিঘ[৩] ধর্মকে অবলম্বন করে অকুশল অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

---

[১]। ১২ প্রকার স্থূলরূপ অব্যাকৃত সপ্রতিঘ ধর্ম।

[২]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল অপ্রতিঘ ধর্ম।

[৩]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল অপ্রতিঘ ধর্ম।

(৭) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত অপ্রতিঘ[১] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে কুশল অপ্রতিঘ এবং অব্যাকৃত অপ্রতিঘ ধর্মকে অবলম্বন করে অপ্রতিঘ অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল অপ্রতিঘ এবং অব্যাকৃত অপ্রতিঘ ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (৩)

১৯. (১) আলম্বন-প্রত্যয়ের কারণে কুশল অপ্রতিঘ ধর্মকে অবলম্বন করে অপ্রতিঘ কুশল ধর্ম উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের কারণে অকুশল অপ্রতিঘ ধর্মকে অবলম্বন করে অকুশল অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের কারণে অব্যাকৃত অপ্রতিঘ ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২০. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

[অনুলোম সমাপ্ত]

প্রত্যয় : প্রতিলোম—না-হেতু-প্রত্যয় (২)

২১. (১) না-হেতু-প্রত্যয়ের কারণে অকুশল অপ্রতিঘ ধর্মকে অবলম্বন করে অকুশল অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়।

(২) না-হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত অপ্রতিঘ ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২২. (প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে দুই, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে নয়... না-বিগতে পাঁচ (সংক্ষিপ্ত। সহজাতবার... সম্প্রযুক্তবার পর্যন্ত প্রতীত্যবার সদৃশ বুঝতে হবে)।

হেতু-প্রত্যয় (৭)

২৩. (১-৩) কুশল অপ্রতিঘ ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল অপ্রতিঘ ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল অপ্রতিঘ ধর্মের না-প্রত্যয় হয়... (তিন)।

---

[১]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ১৬ প্রকার সূক্ষ্মরূপ ও নির্বাণ অব্যাকৃত অপ্রতিঘ ধর্ম।

(৭) অব্যাকৃত অপ্রতিঘ ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

২৪. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে নয়, অধিপতিতে দশ... অবিগতে তের (সংক্ষিপ্ত। কুশলত্রিকে প্রশ্ন অধ্যায়ের ন্যায় বিস্তৃত করণীয়)।

১-১১. কুশলত্রিক-রূপীদ্বিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয়

২৫. (১) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত রূপী (সাকার বা জড়গুণবিশিষ্ট তাদৃশ)[১] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত রূপী ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাতবার... প্রশ্ন অধ্যায় পর্যন্ত সর্বত্রই এক)।

২৬. (১) হেতু-প্রত্যয়ের কারণে কুশল অরূপী (নিরাকার বা জড়গুণবিশিষ্ট নহে তাদৃশ)[২] ধর্মকে অবলম্বন করে কুশল অরূপী ধর্ম উৎপন্ন হয়।

(২) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল অরূপী[৩] ধর্মকে অবলম্বন করে অকুশল অরূপী ধর্ম উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত অরূপী[৪] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত অরূপী ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২৭. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে তিন, আলম্বনে তিন... অবিগতে তিন (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে দুই, না-অধিপতিতে তিন... (সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

হেতু-প্রত্যয় (৩), আলম্বন-প্রত্যয় (৯)

২৮. (১) কুশল অরূপী ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল অরূপী ধর্মের প্রত্যয় হয়।

(২) অকুশল অরূপী ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল অরূপী ধর্মের প্রত্যয় হয়।

---

[১]। ২৮ প্রকার রূপ অব্যাকৃত রূপী ধর্ম।

[২]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল অরূপী ধর্ম।

[৩]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল অরূপী ধর্ম।

[৪]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও নির্বাণ অব্যাকৃত অরূপী ধর্ম।

(৩) অব্যাকৃত অরূপী ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অরূপী ধর্মের প্রত্যয় হয়।

(১-৩) কুশল অরূপী ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল অরূপী ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল অরূপী ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অকুশল অরূপী ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) অব্যাকৃত অরূপী ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অরূপী ধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

২৯. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে সাত... অবিগতে তিন (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় যেভাবে বর্ণনা করা হয়েছে এস্থলে তদ্রূপ বর্ণিতব্য)।

১-১২. কুশলত্রিক-লৌকিকদ্বিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (৯)

৩০. (১-৩) হেতু-প্রত্যয়ের কারণে কুশল লৌকিক (কাম-রূপ-অরূপ এই ত্রিলোকের অন্তর্গত)[১] ধর্মকে অবলম্বন করে কুশল লৌকিক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের কারণে কুশল লৌকিক ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত লৌকিক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের কারণে কুশল লৌকিক ধর্মকে অবলম্বন করে কুশল লৌকিক এবং অব্যাকৃত লৌকিক ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৪-৬) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল লৌকিক[২] ধর্মকে অবলম্বন করে অকুশল লৌকিক ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত লৌকিক[৩] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত লৌকিক ধর্ম উৎপন্ন হয়।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে কুশল লৌকিক এবং অব্যাকৃত লৌকিক ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত লৌকিক ধর্ম উৎপন্ন হয়।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল লৌকিক এবং অব্যাকৃত লৌকিক ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত লৌকিক ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৩১. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে তিন... অবিগতে

---

[১]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল লৌকিক ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল লৌকিক ধর্ম।

[৩]। ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও ২৮ প্রকার রূপ অব্যাকৃত লৌকিক ধর্ম।

নয় (সংক্ষিপ্ত)।

[অনুলোম সমাপ্ত]

প্রত্যয় : প্রতিলোম—না-হেতু-প্রত্যয় (২)

৩২. (১) না-হেতু-প্রত্যয়ের কারণে অকুশল লৌকিক ধর্মকে অবলম্বন করে অকুশল লৌকিক ধর্ম উৎপন্ন হয়।

(১) না-হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত লৌকিক ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত লৌকিক ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৩৩. (প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে দুই, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে নয়... না-বিগতে পাঁচ (সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

হেতু-প্রত্যয় (৭), আলম্বন-প্রত্যয় (৯)

৩৪. (১-৩) কুশল লৌকিক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল লৌকিক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল লৌকিক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল লৌকিক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭) অব্যাকৃত লৌকিক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত লৌকিক ধর্মের প্রত্যয় হয়।

৩৫. (১-৩) কুশল লৌকিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল লৌকিক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল লৌকিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অকুশল লৌকিক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) অব্যাকৃত লৌকিক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত লৌকিক ধর্মের প্রত্যয় হয়... (তিন) (সংক্ষিপ্ত)।

৩৬. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে নয়, অধিপতিতে নয়... অবিগতে তের (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় যেভাবে বর্ণনা করা হয়েছে এস্থলে তদ্রূপ বর্ণিত করণীয়)।

লোকোত্তরপদ

১-৭. প্রতীত্যবারাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (২)

৩৭. (১) হেতু-প্রত্যয়ের কারণে কুশল লোকোত্তর (লৌকিকের বা

ত্রিলোকের উর্ধ্বে)[১] ধর্মকে অবলম্বন করে কুশল লোকোত্তর ধর্ম উৎপন্ন হয়।

(২) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত লোকোত্তর[২] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত লোকোত্তর ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৩৮. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে দুই, আলম্বনে দুই, অধিপতিতে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-অধিপতিতে দুই (সংক্ষিপ্ত)।

(সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

হেতু-আলম্বন-প্রত্যয়াদি

৩৯. (১) অব্যাকৃত লোকোত্তর ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত লোকোত্তর ধর্মের প্রত্যয় হয়।

(২) অব্যাকৃত লোকোত্তর ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত লোকোত্তর ধর্মের প্রত্যয় হয়।

(১-২) অব্যাকৃত লোকোত্তর ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত লোকোত্তর ধর্মের প্রত্যয় হয়। অব্যাকৃত লোকোত্তর ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল লোকোত্তর ধর্মের প্রত্যয় হয়।

(১) কুশল লোকোত্তর ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা কুশল লোকোত্তর ধর্মের প্রত্যয় হয়।

(২-৩) অব্যাকৃত লোকোত্তর ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত লোকোত্তর ধর্মের প্রত্যয় হয়। অব্যাকৃত লোকোত্তর ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা কুশল লোকোত্তর ধর্মের প্রত্যয় হয়।

(১) কুশল লোকোত্তর ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত লোকোত্তর ধর্মের প্রত্যয় হয়।

(২) অব্যাকৃত লোকোত্তর ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত লোকোত্তর ধর্মের প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

৪০. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে দুই, আলম্বনে দুই, অধিপতিতে তিন, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে চার... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় বর্ণনা করা হয়েছে এস্থলে তদ্রূপ বর্ণিত করণীয়)।

---

[১]। ৪ লোকোত্তর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক কুশল লোকোত্তর ধর্ম।

[২]। ৪ লোকোত্তর বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ প্রকার চৈতসিক ও নির্বাণ অব্যাকৃত লোকোত্তর ধর্ম।

১-১৩. কুশলত্রিক-কোনো প্রকারে বিজ্ঞেয়দ্বিক

১-৭. প্রতীত্যবারাদি—প্রত্যয়-চতুষ্ক

৪১. (১-৩) হেতু-প্রত্যয়ের কারণে কুশল (চক্ষাদি ছয় বিজ্ঞান দ্বারা) কোনো প্রকারে বিজ্ঞেয় (উপলব্ধ বা অনুভূত)[১] ধর্মকে অবলম্বন করে কুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের কারণে কুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের কারণে কুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্মকে অবলম্বন করে কুশল কোনো প্রকারে বিজ্ঞেয় এবং অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম উৎপন্ন হয়।

(৪-৬) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল কোনো প্রকারে বিজ্ঞেয়[২] ধর্মকে অবলম্বন করে অকুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয়[৩] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম উৎপন্ন হয়।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে কুশল কোনো প্রকারে বিজ্ঞেয় এবং অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম উৎপন্ন হয়।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল কোনো প্রকারে বিজ্ঞেয় এবং অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম উৎপন্ন হয়।

৪২. (১) আলম্বন-প্রত্যয়ের কারণে কুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্মকে অবলম্বন করে কুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের কারণে অকুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্মকে অবলম্বন করে অকুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৪৩. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে তিন... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

[অনুলোম সমাপ্ত]

---

[১]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম।

[৩]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম।

প্রত্যয় : প্রতিলোম—না-হেতু-প্রত্যয় (২)

৪৪. (১) না-হেতু-প্রত্যয়ের কারণে অকুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্মকে অবলম্বন করে অকুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম উৎপন্ন হয়।

(২) না-হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৪৫. (প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে দুই, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে নয়... না-বিগতে পাঁচ (সংক্ষিপ্ত। সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

হেতু-প্রত্যয় (৭)

৪৬. (১-৩) হেতু-প্রত্যয়ের কারণে কুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম কুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম অকুশল কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম অব্যাকৃত কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্মের প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

৪৭. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে নয়... অবিগতে তের (সংক্ষিপ্ত। কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় বিস্তৃত হয়েছে এস্থলে তদ্রূপ বিস্তৃত করতে হবে)।

৪৮. (১) হেতু-প্রত্যয়ের কারণে কুশল কোনো প্রকারে না-বিজ্ঞেয় এমন[১] ধর্মকে অবলম্বন করে কুশল কোনো প্রকারে না-বিজ্ঞেয় এমন ধর্ম উৎপন্ন হয়।

(কোনো প্রকারে বিজ্ঞেয় সদৃশ পড়তে হবে)।

[কুশলত্রিক-ক্ষুদ্রান্তরদ্বিক সমাপ্ত]

১-১৪. কুশলত্রিক-আসবদ্বিক

১-৭. প্রতীত্যবারাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয়

১. (১) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল আসব এমন[২] ধর্মকে অবলম্বন করে অকুশল আসব এমন ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

---

[১]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল কোনো প্রকারে না-বিজ্ঞেয় ধর্ম। অপরদিকে ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল কোনো প্রকারে না-বিজ্ঞেয় ধর্ম। অপরদিকে ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত কোনো প্রকারে না-বিজ্ঞেয় ধর্ম।

[২]। লোভ, মিথ্যাদৃষ্টি ও মোহ অকুশল আসব এমন ধর্ম।

(অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)।

(সহজাতবার... সম্প্রযুক্তবার ও প্রশ্ন অধ্যায়ে সর্বত্রই এক)।

২. (১-৩) হেতু-প্রত্যয়ের কারণে কুশল না-আসব এমন[১] ধর্মকে অবলম্বন করে কুশল না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের কারণে কুশল না-আসব এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের কারণে কুশল না-আসব এমন ধর্মকে অবলম্বন করে কুশল না-আসব এমন এবং অব্যাকৃত না-আসব এমন ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৪-৬) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল না-আসব এমন ধর্মকে অবলম্বন করে অকুশল না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত না-আসব এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে কুশল না-আসব এমন এবং অব্যাকৃত না-আসব এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল না-আসব এমন এবং অব্যাকৃত না-আসব এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (৩)

৩. (১) আলম্বন-প্রত্যয়ের কারণে কুশল না-আসব এমন ধর্মকে অবলম্বন করে কুশল না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের কারণে অকুশল না-আসব ধর্মকে অবলম্বন করে অকুশল না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের কারণে অব্যাকৃত না-আসব এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৪. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে এক, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে নয়... না-বিগতে পাঁচ (সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

---

[১]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল না-আসব এমন ধর্ম।

[১]। ১২ অকুশল চিত্ত ও আসবের তিনটি বিষয় ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৪ চৈতসিক অকুশল না-আসব এমন ধর্ম।

[১]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত না-আসব এমন ধর্ম।

হেতু-প্রত্যয় (৭), আলম্বন-প্রত্যয় (৯)

৫. (১-৩) কুশল না-আসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল না-আসব এমন ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল না-আসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল না-আসব এমন ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭) অব্যাকৃত না-আসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত না-আসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(১-৯) কুশল না-আসব এমন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল না-আসব এমন ধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

৬. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে নয়, অধিপতিতে দশ... অবিগতে তের (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় যেভাবে বিস্তৃত হয়েছে এস্থলে তদ্রূপভাবে বিস্তৃত করতে হবে)।

১-১৫. কুশলত্রিক-সাসবদ্বিক

১-৭. প্রতীত্যবারাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয়

৭. (১-৩) হেতু-প্রত্যয়ের কারণে কুশল সাসব (আসবের বিষয় বা আলম্বন) এমন[১] ধর্মকে অবলম্বন করে কুশল সাসব এমন ধর্ম উৎপন্ন হয়... তিন।

(৪-৬) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল সাসব এমন[২] ধর্মকে অবলম্বন করে অকুশল সাসব এমন ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত সাসব এমন[৩] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সাসব এমন ধর্ম উৎপন্ন হয়।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে কুশল সাসব এমন এবং অব্যাকৃত সাসব এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সাসব এমন ধর্ম উৎপন্ন হয়।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল সাসব এমন এবং অব্যাকৃত সাসব এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সাসব এমন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৮. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে তিন... অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে দুই, না-আলম্বনে পাঁচ, না-

---

[১]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল সাসব এমন ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল সাসব এমন ধর্ম।

[৩]। ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত সাসব এমন ধর্ম।

অধিপতিতে নয় (সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

৯. (১-৩) কুশল সাসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল সাসব এমন ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল সাসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল সাসব এমন ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭) অব্যাকৃত সাসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত সাসব এমন ধর্মের প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে নয়... অবিগতে তের (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় যেভাবে বিস্তৃত হয়েছে এস্থলে তদ্রূপভাবে বিস্তৃত করতে হবে)।

অনাসবপদ—১-৭. প্রতীত্যবারাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (২)

১০. (১) হেতু-প্রত্যয়ের কারণে কুশল অনাসব এমন[১] ধর্মকে অবলম্বন করে কুশল অনাসব এমন ধর্ম উৎপন্ন হয়।

(২) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত অনাসব এমন[২] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত অনাসব এমন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১১. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)।

(সহজাতবার... সম্প্রযুক্তবার পর্যন্ত প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

হেতু-আলম্বন-প্রত্যয়াদি

১২. (১) কুশল অনাসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(২) অব্যাকৃত অনাসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(১-২) অব্যাকৃত অনাসব এমন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়। অব্যাকৃত অনাসব এমন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(১) কুশল অনাসব এমন ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা কুশল অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(২-৩) অব্যাকৃত অনাসব এমন ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত

---

[১]। ৪ লোকোত্তর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক কুশল অনাসব ধর্ম।

[২]। ৪ লোকোত্তর বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ অব্যাকৃত অনাসব ধর্ম।

অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়। অব্যাকৃত অনাসব এমন ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(১) কুশল অনাসব এমন ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(২) অব্যাকৃত অনাসব এমন ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অনাসব এমন ধর্মের প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

১৩. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে দুই, আলম্বনে দুই, অধিপতিতে তিন, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে চার... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন অধ্যায়ের ন্যায় এস্থলে বিস্তৃত করা উচিত)।

১-১৬. কুশলত্রিক-আসব-সম্প্রযুক্তদ্বিক

১-৭. প্রতীত্যবারাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয়

১৪. (১) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল আসব-সম্প্রযুক্ত[১] ধর্মকে অবলম্বন করে অকুশল আসব-সম্প্রযুক্ত এমন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে এক, আলম্বনে এক (সংক্ষিপ্ত)।

(সহজাতবার... সম্প্রযুক্তবার ও প্রশ্নবার পর্যন্ত সর্বত্রই এক)।

১৫. (১-৩) হেতু-প্রত্যয়ের কারণে কুশল আসব-বিপ্রযুক্ত[২] ধর্মকে অবলম্বন করে কুশল আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের কারণে কুশল আসব-বিপ্রযুক্ত ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয়ের কারণে কুশল আসব-বিপ্রযুক্ত ধর্মকে অবলম্বন করে কুশল আসব-বিপ্রযুক্ত এবং অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৪) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল আসব-বিপ্রযুক্ত[৩] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

(৫) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত[৪] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

(৬) হেতু-প্রত্যয়ের কারণে কুশল আসব-বিপ্রযুক্ত এবং অব্যাকৃত আসব-

---

[১]। ১২ অকুশল চিত্ত ও দুই দ্বেষমূলক চিত্তে এবং দুই মোহমূলক চিত্তে মোহ ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল আসব-সম্প্রযুক্ত ধর্ম।

[২]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল আসব-বিপ্রযুক্ত ধর্ম।

[৩]। দুই দ্বেষমূলক চিত্তে এবং দুই মোহমূলক চিত্তে মোহ অকুশল আসব-বিপ্রযুক্ত ধর্ম।

[৪]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত ধর্ম।

বিপ্রযুক্ত ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

(৭) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল আসব-বিপ্রযুক্ত এবং অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

১৬. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে দুই, অধিপতিতে সাত... অবিগতে সাত (সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

১৭. (১-৩) কুশল আসব-বিপ্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল আসব-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪) অকুশল আসব-বিপ্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

(৫) অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

১৮. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে পাঁচ, আলম্বনে নয়, অধিপতিতে পাঁচ... অবিগতে দশ (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় যেভাবে বিস্তৃত হয়েছে অনুরূপভাবে এস্থলে বিস্তৃত করা উচিত)।

১-১৭. কুশলত্রিক-আসব অথচ সাসবদ্বিক

১-৭. প্রতীত্যাদি বার

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (১)

১৯. (১) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল আসব অথচ সাসব এমন[১] ধর্মকে অবলম্বন করে অকুশল আসব অথচ সাসব এমন ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবার ও প্রশ্নবার পর্যন্ত সর্বত্রই এক)।

২০. (১-৩) হেতু-প্রত্যয়ের কারণে কুশল সাসব অথচ না-আসব এমন[২] ধর্মকে অবলম্বন করে কুশল সাসব অথচ না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল সাসব অথচ না-আসব এমন[৩] ধর্মকে

---

[১]। আসবের তিন অবস্থা লোভ, মিথ্যাদৃষ্টি ও মোহ অকুশল আসব অথচ সাসব এমন ধর্ম।

[২]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল সাসব অথচ না-আসব এমন ধর্ম।

[৩]। ১২ অকুশল চিত্ত ও ৩ আসব ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৪ চৈতসিক অকুশল সাসব অথচ না-আসব এমন ধর্ম।

অবলম্বন করে অকুশল সাসব অথচ না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত সাসব অথচ না-আসব এমন[১] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সাসব অথচ না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে কুশল সাসব অথচ না-আসব এমন এবং অব্যাকৃত সাসব অথচ না-আসব এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সাসব অথচ না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল সাসব অথচ না-আসব এমন এবং অব্যাকৃত সাসব অথচ না-আসব এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সাসব অথচ না-আসব এমন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২১. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়... অবিগতে নয় (সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

২২. (১-৩) কুশল সাসব অথচ না-আসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল সাসব অথচ না-আসব এমন ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল সাসব অথচ না-আসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল সাসব অথচ না-আসব এমন ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৭) অব্যাকৃত সাসব অথচ না-আসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত সাসব অথচ না-আসব এমন ধর্মের প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

২৩. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে নয়, অধিপতিতে নয়... অবিগতে তের (সংক্ষিপ্ত)। (যথা কুশলত্রিকে প্রশ্ন অধ্যায়ে যেভাবে গণনা করা হয়েছে এস্থলে তদ্রূপভাবে গণনা করণীয়)।

১-১৮. কুশলত্রিক-আসব কিন্তু আসব-সম্প্রযুক্তদ্বিক

১-৭. প্রতীত্যবারাদি—প্রত্যয়-চতুষ্ক

২৪. (১) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল আসব কিন্তু আসব-সম্প্রযুক্ত এমন[২] ধর্মকে অবলম্বন করে অকুশল আসব কিন্তু আসব-সম্প্রযুক্ত এমন ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক

---

[১]। ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত সাসব অথচ না-আসব এমন ধর্ম।

[২]। ৮ লোভমূলক চিত্তে আসবের তিন অবস্থা লোভ, মিথ্যাদৃষ্টি ও মোহ অকুশল আসব কিন্তু আসব-সম্প্রযুক্ত এমন ধর্ম।

(সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবার ও প্রশ্নবার পর্যন্ত সর্বত্রই এক)।

২৫. (১) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল আসব-সম্প্রযুক্ত কিন্তু না-আসব এমন[১] ধর্মকে অবলম্বন করে অকুশল আসব-সম্প্রযুক্ত কিন্তু না-আসব এমন ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবার ও প্রশ্নবার পর্যন্ত সর্বত্রই এক)।

২৬. (১-৩) হেতু-প্রত্যয়ের কারণে কুশল আসব-বিপ্রযুক্ত এমন সাসব[২] ধর্মকে অবলম্বন করে কুশল আসব-বিপ্রযুক্ত এমন সাসব ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল আসব-বিপ্রযুক্ত সাসব এমন[৩] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্ম উৎপন্ন হয়।

(৫) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত সাসব এমন[৪] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্ম উৎপন্ন হয়।

(৬) হেতু-প্রত্যয়ের কারণে কুশল আসব-বিপ্রযুক্ত সাসব এমন এবং অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত সাসব ধর্ম উৎপন্ন হয়।

(৭) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল আসব-বিপ্রযুক্ত সাসব এমন এবং অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২৭. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে দুই... অবিগতে সাত (সংক্ষিপ্ত। সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

২৮. (১-৩) কুশল আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪) অকুশল আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

---

[১]। ১২ অকুশল চিত্তে আসবের তিন অবস্থা লোভ, মিথ্যাদৃষ্টি ও মোহ ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৪ চৈতসিক অকুশল আসব-সম্প্রযুক্ত কিন্তু না-আসব এমন ধর্ম।

[২]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্ম।

[৩]। ১২ অকুশল চিত্ত ও ৩ আসব ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৪ চৈতসিক অকুশল আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্ম।

[৪]। ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্ম।

(৫) অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত সাসব এমন ধর্মের প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

২৯. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে পাঁচ, আলম্বনে নয়, অধিপতিতে চার... অবিগতে দশ (সংক্ষিপ্ত। যাদৃশ কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় এস্থলে তাদৃশ বিস্তৃত করণীয়)।

১-১৯. কুশলত্রিক-আসব-বিপ্রযুক্ত-সাসবদ্বিক

১-৭. প্রতীত্যবারাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয়

৩০. (১) হেতু-প্রত্যয়ের কারণে কুশল আসব-বিপ্রযুক্ত এমন অনাসব[১] ধর্মকে অবলম্বন করে কুশল আসব-বিপ্রযুক্ত এমন অনাসব ধর্ম উৎপন্ন হয়।

(২) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত এমন অনাসব[২] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত এমন অনাসব ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

৩১. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

হেতু-প্রত্যয় (২), আলম্বন-প্রত্যয় (২)

৩২. (১) কুশল আসব-বিপ্রযুক্ত এমন অনাসব ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল আসব-বিপ্রযুক্ত এমন অনাসব ধর্মের প্রত্যয় হয়।

(২) অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(১) অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(২) অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(১) কুশল আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা কুশল আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(২) অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা

---

[১]। ৪ লোকোত্তর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক কুশল আসব-বিপ্রযুক্ত এমন অনাসব ধর্ম।

[২]। ৪ লোকোত্তর বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত এমন অনাসব ধর্ম।

অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(১) কুশল আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়।

(২) অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত আসব-বিপ্রযুক্ত অনাসব এমন ধর্মের প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

৩৩. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে দুই, আলম্বনে দুই, অধিপতিতে তিন, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে চার... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (যাদৃশ কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় এস্থলে তাদৃশ গণনা করণীয়)।

[কুশলত্রিক-আসবগুচ্ছ সমাপ্ত]

১-২০-৫৪. কুশলত্রিক-সংযোজনাদিদ্বিক

৩৪. অকুশল সংযোজন (সংসারচক্রের বন্ধন বা সংলগ্নতা) এমন[১] ধর্মকে অবলম্বন করে... অকুশল গ্রন্থি (সংসারাবর্তে বন্ধনের গিরা বা গাঁট) এমন[২]... অকুশল ওঘ (তৃষ্ণাস্রোত বা প্রবাহ) এমন[৩]... অকুশল যোগ (পুনর্জন্মের সংযোগ বা সংযুক্ততা) এমন[৪]... অকুশল নীবরণ (চিত্তশুদ্ধির আবরণ বা ঢাকনা) এমন[৫]...।

কুশল না-পরামাস (বিকৃতমত বা মিথ্যাদৃষ্টি নহে) এমন[৬] ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল না-পরামাস এমন ধর্ম উৎপন্ন হয়।

(আসবগুচ্ছ সদৃশ পঠিতব্য। দৃষ্টিকে অবলম্বন করে দৃষ্টি উৎপন্ন হয় না)।

[কুশলত্রিকে-ছয়গুচ্ছ সমাপ্ত]

---

[১]। ৮ প্রকার সংযোজন; যথাঃ লোভ, দ্বেষ, মান, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঈর্ষা, মাৎসর্য ও মোহ অকুশল সংযোজন ধর্ম।

[২]। তিন প্রকার গ্রন্থি; যথাঃ লোভ, দ্বেষ ও মিথ্যাদৃষ্টি অকুশল গ্রন্থি ধর্ম।

[৩]। তিন প্রকার ওঘ; যথাঃ লোভ, দ্বেষ ও মিথ্যাদৃষ্টি অকুশল ওঘ ধর্ম।

[৪]। তিন প্রকার যোগ; যথাঃ লোভ, দ্বেষ ও মিথ্যাদৃষ্টি অকুশল যোগ ধর্ম।

[৫]। ৮ প্রকার নীবরণ; যথাঃ লোভ, দ্বেষ, স্ত্যান, মিদ্ধ, ঔদ্ধত্য, কৌকৃত্য, বিচিকিৎসা ও মোহ অকুশল নীবরণ ধর্ম।

[৬]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল না-পরামাস এমন ধর্ম। অপরদিকে ১২ অকুশল চিত্ত ও আসবের তিনটি বিষয় ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৪ চৈতসিক অকুশল না-পরামাস এমন ধর্ম। অপরদিকে ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত না-পরামাস এমন ধর্ম।

১-৫৫. কুশলত্রিক-সালম্বনদ্বিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয় চতুষ্ক

১. (১) হেতু-প্রত্যয়ের কারণে কুশল সালম্বন (আরম্মণ বা আলম্বন গ্রহণ করে তাদৃশ) এমন[১] ধর্মকে অবলম্বন করে কুশল সালম্বন এমন ধর্ম উৎপন্ন হয়।

(২) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল সালম্বন এমন[২] ধর্মকে অবলম্বন করে অকুশল সালম্বন এমন ধর্ম উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত সালম্বন এমন[৩] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত সালম্বন এমন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে তিন, আলম্বনে তিন... অবিগতে তিন (সংক্ষিপ্ত। সহজাতবার... সম্প্রযুক্তবার পর্যন্ত প্রতীত্যবার সদৃশ পঠিতব্য)।

হেতু-প্রত্যয় (৩), আলম্বন-প্রত্যয় (৩)

৩. (১) কুশল সালম্বন এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল সালম্বন এমন ধর্মের প্রত্যয় হয়।

(২) অকুশল সালম্বন এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল সালম্বন এমন ধর্মের প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত সালম্বন এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত সালম্বন এমন ধর্মের প্রত্যয় হয়।

(১-৩) কুশল সালম্বন এমন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল সালম্বন এমন ধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

৪. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে তিন, আলম্বনে তিন, অধিপতিতে সাত... বিগতে তিন (সংক্ষিপ্ত)। (যাদৃশ কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় তাদৃশ বিস্তারিত গণনা করণীয়)।

হেতু-সহজাত-প্রত্যয় প্রভৃতি

৫. (১) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত অনালম্বন (আলম্বন গ্রহণ করে না তাদৃশ) এমন[৪] ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত অনালম্বন এমন ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

---

[১]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল সালম্বন এমন ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত ও আসবের তিনটি বিষয় ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৪ চৈতসিক অকুশল সালম্বন এমন ধর্ম।

[৩]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত সালম্বন এমন ধর্ম।

[৪]। ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত অনালম্বন ধর্ম।

(অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে এক... অবিগতে এক (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে এক... (সংক্ষিপ্ত)।

(সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পাঠ করতে হবে)।

৬. (১) অনালম্বন এমন অব্যাকৃত ধর্ম সহজাত-প্রত্যয়ের দ্বারা, অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা, নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা, আহার-প্রত্যয়ের দ্বারা, ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা, অস্তি-প্রত্যয়ের দ্বারা, অবিগত-প্রত্যয়ের দ্বারা অনালম্বন এমন অব্যাকৃত ধর্মের প্রত্যয় হয়। (সর্বত্রই এক। সংক্ষিপ্ত)।

১-৫৫. কুশলত্রিক-চিত্তদ্বিক

১-৭ প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

৭. (১-৯) কুশল চিত্ত[১] (মন বা বিজ্ঞান) ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল চিত্ত ধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা অধ্যায়)—আলম্বনে নয়, অধিপতিতে সাত (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সংক্ষিপ্ত)।

(যাদৃশ কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় বিস্তৃত করার ন্যায় বিস্তৃত করণীয়)।

৮. (১-৩) হেতু-প্রত্যয়ের কারণে কুশল না-চিত্ত[২] (চিত্ত নহে এমন) এমন ধর্মকে অবলম্বন করে কুশল না-চিত্ত এমন ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল না-চিত্ত[৩] এমন ধর্মকে অবলম্বন করে অকুশল না-চিত্ত এমন ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত না-চিত্ত[৪] এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত না-চিত্ত এমন ধর্ম উৎপন্ন হয়।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে কুশল না-চিত্ত এবং অব্যাকৃত না-চিত্ত এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল না-চিত্ত এবং অব্যাকৃত না-চিত্ত এমন ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত না-চিত্ত এমন ধর্ম উৎপন্ন হয়।

(১-৩) আলম্বন-প্রত্যয়ের কারণে কুশল না-চিত্ত এমন ধর্মকে অবলম্বন করে কুশল না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

৯. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়... অবিগতে নয় (সংক্ষিপ্ত। সহজাতবার... সম্প্রযুক্তবারকে প্রতীত্যবার সদৃশ

---

[১]। ২১ প্রকার অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল চিত্ত ধর্ম।

[২]। ২৫ প্রকার কুশল চৈতসিক কুশল না-চিত্ত ধর্ম।

[৩]। ১৪ প্রকার অকুশল চৈতসিক অকুশল না-চিত্ত ধর্ম।

[৪]। অব্যাকৃত চৈতসিকসমূহ, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত না-চিত্ত ধর্ম।

জানতে হবে)।

১০. (১-৭) কুশল না-চিত্ত এমন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল না-চিত্ত এমন ধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে নয়, অধিপতিতে দশ... অবিগতে তের (সংক্ষিপ্ত)।

১-৫৭. কুশলত্রিক-চৈতসিকদ্বিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

১১. (১) হেতু-প্রত্যয়ের কারণে কুশল চৈতসিক[১] (চিত্তবৃত্তি বা চিত্তের উপকরণ) ধর্মকে অবলম্বন করে কুশল চৈতসিক ধর্ম উৎপন্ন হয়।

(২) হেতু-প্রত্যয়ের কারণে অকুশল চৈতসিক[২] ধর্মকে অবলম্বন করে অকুশল চৈতসিক ধর্ম উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয়ের কারণে অব্যাকৃত[৩] (কুশলও নহে, অকুশলও নহে) চৈতসিক ধর্মকে অবলম্বন করে অব্যাকৃত চৈতসিক ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১২. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে তিন, আলম্বনে তিন... (সংক্ষিপ্ত। সহজাতবার... সম্প্রযুক্তবারকে প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

হেতু-প্রত্যয় (৫), আলম্বন-প্রত্যয় (৯)

১৩. (১) কুশল চৈতসিক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল চৈতসিক ধর্মের প্রত্যয় হয়।

